📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۱ /۲۴۴- ۲۴۵ : جواز تیمم کے لئے استعمال آب سے عاجز ہونا شرط ہے خواہ وہ اس وجہ سے ہو کہ پانی مفقود ہے یا اس وجہ سے کہ پانی کے استعمال سے مرض کی زیادتی وامتداد کا خوف ہے یا سردی کی وجہ سے ہلاکی یا بیماری کا اندیشہ ہو اور پانی گرم نہیں مل سکتا پس اگر ان امور میں کوئی امر پایا جاوے تو تیمم جائز ہے ورنہ جائز نہیں صورت مسئولہ میں اگر سرد پانی سے مرض کا اندیشہ ہو تو گرم پانی سے غسل کرنا چاہئے اگر گرم پانی سے بغلبہ ظن یا قول طبیب حاذق مسلم مرض کا اندیشہ ہے تو تیمم جائز ہے ورنہ نہیں۔

অ্যাজমা রোগীর জন্য তায়াম্মুম

প্রশ্ন : আমি ৩-৪ বছর ধরে অ্যাজমা/হাঁপানি রোগে ভুগছি। আমার এ রোগটা শীতকালে, অর্থাৎ ঠাণ্ডা লাগলে বেড়ে যায়। ছোটবেলা থেকে ওজু-গোসল ও পায়খানা-প্রস্রাবে আমার কিছুটা বেশি পানি ব্যবহার করার অভ্যাস হয়ে গেছে। আমি লক্ষ করেছি, এই রোগটা দেখা দিলে বিশেষ করে শীতকালে বারবার গরম পানি দিয়ে ওজু করলেও বেশি পানি খরচ করার কারণে আমার এই রোগটা বেড়ে যায়। সে সময় ওজুর পরিবর্তে তায়াম্মুম করলে আমার এই রোগের প্রকোপ কিছুটা কম থাকে। এ কারণে চলতি বছর

Scanned by CamScanner

শীতকালে একাধারে প্রায় দুই মাস আমি জোহর ছাড়া বাকি চার ওয়াক্ত নামায তায়াম্মুম করে আদায় করেছি এবং শুধু জোহর নামাযটা ওজু করে আদায় করেছি। এর ফলে রোগের প্রকোপ কিছুটা কমেছিল বলে আমার মনে হয়। এমতাবস্থায় তায়াম্মুম করে পড়া আমার উক্ত দুই মাসের নামায শুদ্ধ হয়েছিল কি না? এ ছাড়া উল্লিখিত কারণে শীতকাল ছাড়াও অন্যান্য সময় ওজুর পরিবর্তে তায়াম্মুম করে নামায পড়লে নামায শুদ্ধ হবে কি না?

উত্তর : ওজু শুদ্ধ হওয়ার জন্য একবার করে প্রতিটি অঙ্গকে ন্যূনতম পানি দিয়ে ধুয়ে নেওয়াই যথেষ্ট। তাই ঠাণ্ডা থেকে বাঁচার জন্য গরম পানি দিয়ে প্রতিটি অঙ্গ ধোয়ার সাথে সাথে তা মুছে ফেললে রোগ বৃদ্ধির সম্ভাবনা থাকে না। বাস্তবে যদি তা সম্ভব হয় তাহলে এ ক্ষেত্রে তায়াম্মুম করার অনুমতি নেই। আর এমতাবস্থায় তায়াম্মুম দ্বারা আদায়কৃত অতীতের নামাযগুলোও পুনরায় পড়তে হবে। পক্ষান্তরে উপরোক্ত পদ্ধতি অবলম্বন করা সত্ত্বেও যদি অভিজ্ঞ ডাক্তারের মত অনুযায়ী বাস্তবে রোগ বৃদ্ধির আশঙ্কা থাকে তাহলে ওজুর পরিবর্তে তায়াম্মুম করার অনুমতি থাকবে। এ ক্ষেত্রে তায়াম্মুম দ্বারা আদায়কৃত নামায পুনরায় পড়ার প্রয়োজন হবে না। (১০/৬০৬/৩২৭৬)

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٢٨ : ويجوز التيمم إذا خاف الجنب إذا اغتسل بالماء أن يقتله البرد أو يمرضه هذا إذا كان خارج المصر إجماعا فإن كان في المصر فكذا عند أبي حنيفة خلافا لهما، والخلاف فيما إذا لم يجد ما يدخل به الحمام فإن وجد لم يجز إجماعا وفيما إذا لم يقدر على تسخين الماء فإن قدر لم يجز هكذا في السراج الوهاج -

📖 الجوهرة النيرة (المطبعة الخيرية) ١/ ٢٢ : إذا كان يستضر باستعمال الماء كمن به جدري أو حمى أو جراحة يضره الاستعمال فهذا يجوز له التيمم إجماعا -

📖 احسن الفتاوی (سعید) ٢ /٥٦ : اگر گرم پانی میسر نہ ہو یا اس سے بھی ضرر کا ظن غالب ہو تو تیمم جائز ہے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٢/ ٦٥ : محض وہم کا اعتبار نہیں، اگر کسی شخص کی واقعی حالت ایسی ہو کہ وہ گرم پانی سے بھی غسل کرلے تو بیماری بڑھ جانے یا بیمار پڑ جانے کا غالب گمان ہو تو اس کو غسل کی جگہ تیمم کی اجازت ہے۔

Scanned by CamScanner

সামর্থ্য থাকা সত্ত্বেও যেসব বিষয়ে তায়াম্মুম বৈধ

প্রশ্ন : আমাদের মসজিদের খতীব সাহেব বলেন যে যে সমস্ত বিষয়ে ওজু করা মুস্তাহাব, ওই সমস্ত বিষয়ের জন্য পানি ব্যবহারে সামর্থ্য থাকা সত্ত্বেও তায়াম্মুম করা জায়েয এবং সে পবিত্রতার সাওয়াবও পাবে। প্রশ্ন হলো, ওই খতীব সাহেবের বক্তব্য কি সঠিক? এবং কোন কোন বিষয়ে পানি ব্যবহারের সামর্থ্য থাকা সত্ত্বেও তায়াম্মুম করা বৈধ?

উত্তর : যে সমস্ত বিষয়ে ওজু করা মুস্তাহাব, ওই সমস্ত বিষয়ের জন্য পানি ব্যবহারে সামর্থ্য থাকা সত্ত্বেও তায়াম্মুম করা যাবে এবং সে পবিত্রতার সাওয়াবও পাবে, বক্তব্যটি সঠিক। যেমন–ঘুমের আগে ও পরে, মজলিস ত্যাগ করার পর, মৃত ব্যক্তিকে গোসল করানো ও বহনের পূর্বে, খাওয়া পান করার পরে, স্ত্রী সহবাসের পূর্বে, ফরয গোসলের পূর্বে, ক্রোধ নিবারণের জন্য, কোরআন তেলাওয়াতের পূর্বে, হাদীস বর্ণনার পূর্বে, খুতবা দেওয়ার পূর্বে, রওজা শরীফ জিয়ারতের পূর্বে, উকূফ ও সায়ী করার পূর্বে, দ্বীনি কিতাব স্পর্শ করার পূর্বে, জিকির, দু'আ-দরূদ পড়ার পূর্বে, কোনো নারীর প্রতি দৃষ্টিপাতের পর, মিথ্যা গীবত-শেকায়েতের পর ইত্যাদি। (১৫/৪৫/৫৭৭৭)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٨٨ : وسنة للنوم، ومندوب في نيف وثلاثين موضعا ذكرتها في الخزائن: منها بعد كذب وغيبة وقهقهة وشعر وأكل جزور وبعد كل خطيئة -

📖 رد المحتار (سعيد) ١/ ٨٨ : ولمداومة عليه، وللوضوء على الوضوء إذا تبدل المجلس، وغسل ميت وحمله، ولوقت كل صلاة، وقبل غسل جنابة، ولجنب عند أكل وشرب ونوم ووطء، ولغضب وقراءة وحديث وروايته، ودراسة علم، وأذان وإقامة، ولخطبة ولو نكاحا، وزيارة النبي - صلى الله عليه وسلم - ووقوف وسعي شرنبلالي، ومس كتب شرعية تعظيما لها إمداد وسيجيء، ونظر لمحاسن امرأة نهر، ولمطلق الذكر كما يأتي قبيل المياه، وفي ابتداء الغسل كما يأتي في محله ولكل صلاة لو متوضئا؛ لأنه ربما اغتاب أوكذب، فإن لم يمكنه تيمم ونوى به رفع الإثم.

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ٢/ ٥٥١ : تلاوت کے لئے طہارت شرط نہیں ہر وہ عبادت جس کے لئے طہارت شرط نہ ہو تو اس کی ادائیگی بلا وضو بھی جائز ہے تاہم اس کے لئے تیمم کرنا مستحب ہے رسول اللہ ﷺ نے ایک دفعہ صرف سلام کے جواب کے لئے تیمم فرمایا تھا۔

Scanned by CamScanner

কত ডিগ্রি জ্বর হলে তায়াম্মুম বৈধ

প্রশ্ন : (ক) জ্বর কত ডিগ্রি হলে তায়াম্মুম করা যাবে, এটা শরীয়তের নির্দেশ না অনুমতি? (খ) জ্বর না থাকলেও পানি ব্যবহারে অসুস্থতার কারণে জ্বর আসাটা প্রায় নিশ্চিত, এমতাবস্থায় সে ওজু করে নামায পড়বে, না পরবর্তীতে জ্বর আসার আশঙ্কায় তায়াম্মুম করবে?

(গ) বর্তমানে জ্বর থাকলেও একটু পরে জ্বরের ওষুধ সেবন করলে কিংবা এমনিতেই সেরে যাওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে, এমতাবস্থায় সে ওয়াক্ত চলে যাওয়ার কিংবা জ্বর চলে যাওয়া পর্যন্ত অপেক্ষা করে পরে ওজু করে নামায পড়বে, নাকি এখনই তায়াম্মুম করে জামাআতে শরীক হবে? জামাআতে বর্তমান অবস্থায় না দাঁড়ালেই বা হুকুম কী?

উত্তর : (ক) তায়াম্মুমের বৈধতার বিষয়টি ডিগ্রিনির্ভর নয়। পানি ব্যবহারে রোগের মারাত্মক রূপ ধারণ বা দীর্ঘায়িত হওয়ার অথবা ক্ষতিকারক রোগ সৃষ্টির প্রবল আশঙ্কা হলে ওই অবস্থায় তায়াম্মুম করে নামায পড়ার অনুমতি আছে।

(খ) অবস্থার পরিবর্তনের দ্বারা হুকুমের পরিবর্তন হয়ে যায়। তায়াম্মুমের বৈধতা কিংবা ব্যবহারের জন্য নিছক ধারণা যথেষ্ট নয় বরং পূর্ব অভিজ্ঞতা বা অভিজ্ঞ মুসলিম ডাক্তারের মত যাচাই জরুরি।

(গ) রোগ চলে যাওয়ার সম্ভাবনা থাকা সত্ত্বেও জামাআত ছেড়ে দেওয়া অথবা মাকরূহ ওয়াক্ত পর্যন্ত বিলম্ব করে নামায পড়া অনুচিত। বরং মূল ওয়াক্তের ভেতরেই তায়াম্মুম করে নামায আদায় করে নিতে হবে। এমতাবস্থায় নামায কাযা হয়ে গেলে মারাত্মক গোনাহ হবে। (৮/১৮১/২০৪৯)

📖 رد المحتار (سعيد) ١/ ٢٣٣ : (قوله يشتد) أي يزيد في ذاته، وقوله أو يمتد: أي يطول زمنه، وكذا لو كان صحيحا خاف حدوث مرض كما في القهستاني، وهو معلوم من قول المصنف أو برد (قوله بغلبة ظن) أي عن أمارة أو تجربة شرح المنية (قوله أو قول حاذق مسلم) أي إخبار طبيب حاذق مسلم غير ظاهر الفسق.

📖 الدر المختار مع الرد (سعيد) ١ /٢٤٩ : (وندب لراجيه) رجاء قويا (آخر الوقت) المستحب، ولو لم يؤخر وتيمم وصلى جاز إن كان بينه وبين الماء ميل وإلا لا.

Scanned by CamScanner

📖 مجمع الأنهر (مكتبة المنار) ١ /٦٦ : (ويستحب لراجي الماء تأخير الصلاة إلى آخر الوقت) في ظاهر الرواية ليقع الأداء بأكمل الطهارتين لكن لا يبالغ في التأخير لئلا تقع الصلاة في وقت الكراهة. وعن الشيخين في غير رواية الأصول أن التأخير حتم؛ لأن غالب الرأي كالمتحقق وجه الظاهر أن العجز ثابت حقيقة فلا يزول حكمه إلا بيقين مثله، وفيه إشارة إلى أنه بدون الرجاء لا يؤخر هذا هو الصحيح كما في المحيط -

বাচ্চাকে ঠাণ্ডামুক্ত রাখতে মায়ের তায়াম্মুম

প্রশ্ন : শীতের মৌসুমে মহিলা ছোট শিশুকে ঠাণ্ডা থেকে বাঁচানোর জন্য জানাবাতের গোসলের পরিবর্তে তায়াম্মুম করতে পারবে কি না? জনৈক মুফতি সাহেব বলেছেন, উক্ত মহিলা তায়াম্মুম করবে।

উত্তর : ছোট শিশুর মা শীতের মৌসুমে গরম পানির দ্বারা জানাবাতের গোসল করে নেবে। আর যদি গরম পানির ব্যবস্থা না থাকে বা থাকা সত্ত্বেও তার বাস্তব অভিজ্ঞতা বা কোনো মুসলমান অভিজ্ঞ ডাক্তারের মত অনুযায়ী শিশুর সার্বিক ক্ষতির আশঙ্কা থাকে এবং আশঙ্কামুক্ত হওয়ার জন্য অন্য কোনো উপায়ও না থাকে, তাহলে শুধুমাত্র তখনই ছোট শিশুর মা জানাবাতের গোসলের পরিবর্তে তায়াম্মুম করতে পারবে। (৫/৪৩৬/১০০৯)

📖 رد المحتار (سعيد) ١/ ٢٣٣ : (قوله يشتد) أي يزيد في ذاته، وقوله أو يمتد: أي يطول زمنه، وكذا لو كان صحيحا خاف حدوث مرض كما في القهستاني، وهو معلوم من قول المصنف أو برد (قوله بغلبة ظن) أي عن أمارة أو تجربة شرح المنية (قوله أو قول حاذق مسلم) أي إخبار طبيب حاذق مسلم غير ظاهر الفسق -

📖 رد المحتار (سعيد) ١/ ٢٣٤ : قال فى البحر : فصار الاصل انه متى قدر على الاغتسال بوجه من الوجوه لا يباح له التيمم اجماعا -

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٢٩ : ويجوز التيمم إذا خاف الجنب إذا اغتسل بالماء أن يقتله البرد أو يمرضه هذا إذا كان خارج المصر

Scanned by CamScanner

إجماعا فإن كان في المصر فكذا عند أبي حنيفة خلافا لهما،
والخلاف فيما إذا لم يجد ما يدخل به الحمام فإن وجد لم يجز
إجماعا وفيما إذا لم يقدر على تسخين الماء فإن قدر لم يجز هكذا
في السراج الوهاج-

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۱/ ۲۴۵ : جواز تیمم کیلئے استعمال آب سے عاجز ہونا شرط ہے خواہ وہ اس وجہ سے کہ پانی مفقود ہے یا اس وجہ سے ہو کہ پانی کے استعمال سے مرض کی زیادتی وامتداد کا خوف ہے یا سردی کی وجہ سے ہلاکی یا بیماری کا اندیشہ ہو اور پانی گرم نہیں مل سکتا، پس اگر ان امور میں سے کوئی امر پایا جاوے تو تیمم جائز ہے ورنہ جائز نہیں، صورت مسئولہ میں اگر سرد پانی سے مرض کا اندیشہ ہو تو گرم پانی سے غسل کرنا چاہئے اگر گرم پانی سے بغلبہ ظن یا قول طبیب حاذق مسلم مرض کا اندیشہ ہے تو تیمم جائز ہے ورنہ جائز نہیں۔

তায়াম্মুমে নাকফুলের ছিদ্রে মাটি পৌঁছানো

প্রশ্ন : ওজুতে তো ওজুর সমস্ত অঙ্গ পরিপূর্ণভাবে ধুতে হয়, এমনকি মহিলাগণ তাদের নাকফুলের ছিদ্রে পানি পৌঁছাতে হয়, ফরয গোসলেও তাই। প্রশ্ন হলো, তায়াম্মুমের মধ্যে নাকের ছিদ্র ও গহনার ছিদ্রের মধ্যে মাটি পৌঁছানো জরুরি কি না? অনেক মহিলা বলেন যে ছিদ্রের মধ্যে মাটি পৌঁছানো জরুরি বা ফরয। এ ব্যাপারে সঠিক সমাধান কী?

উত্তর : ওজু-গোসলের মতো তায়াম্মুমের মধ্যেও আংটি, নাকফুল ইত্যাদি নাড়া দিয়ে বাহ্যিক ত্বকের ওপর হাত দ্বারা মাসাহ করতে হবে, ছিদ্রের অভ্যন্তরে মাটি পৌঁছানোর কথা কোনো কিতাবে পাওয়া যায় না। বাস্তবে তো তায়াম্মুমে হাতে মাটি মিশ্রিত করাটাই জরুরি নয়, বরং হাত ফেরানো জরুরি। ৫/৩৪৮/৯৭৪

📖 البحر الرائق (دار الكتب العلمية) ١/ ٢٥٢ : فيلزمه تخليل الأصابع ونزع الخاتم أو تحريكه ولو ترك لم يجز-

📖 رد المحتار (سعيد) ١/ ٣٩٤ : ويخلل لحيته واصابعه ويحرك الخاتم والقرط كالوضوء والغسل-

Scanned by CamScanner

📖 فيه أيضا ١/ ٢٣٧ : قال في الخانية: ولو لم يحرك الخاتم، إن كان ضيقا، وكذا المرأة السوار لم يجز. ومثله في الولوالجية. ووجهه أن التحريك مسح لما تحته، إذ الشرط المسح لا وصول التراب فافهم -

সহবাসের পর তায়াম্মুম

প্রশ্ন : সহবাসের পর তায়াম্মুম করা জরুরি কি না?

উত্তর : সহবাসের পর তায়াম্মুম করা জরুরি নয়। তবে যদি সহবাসের পর গোসল না করে ঘুমাতে চায় তখন ওজু করে ঘুমাবে। আর যদি কষ্টকর হয় তাহলে তায়াম্মুম করে ঘুমানো ভালো। (১৪/৫৬৪/৫৬৪৩)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٢٣٢ : ولنوم وسلام ورده وإن لم تجز الصلاة به. قال في البحر: وكذا لكل ما لا تشترط له الطهارة؛ لما في المبتغى.

📖 رد المحتار (سعيد) ١/ ٢٣٢ : (قوله ولنوم إلخ) أي عند وجود الماء؛ لأن الكلام فيه، ولما قرره في البحر من أن التيمم عند وجود الماء يجوز لكل عبادة تحل بدون الطهارة ولكل عبادة تفوت لا إلى خلف-

পানি থাকতে তায়াম্মুম

প্রশ্ন : আমার ম্যাডাম গাড়িতে চলাকালীন নামাযের ওয়াক্ত হলে ছোট একটি মাটির টুকরা দিয়ে তায়াম্মুম করে নামায আদায় করে। অথচ আশপাশে দেখলে পানি পাওয়া যাবে। এমতাবস্থায় তায়াম্মুমের সঠিক মাস'আলা কী?

উত্তর : আপনার ম্যাডাম নামাযের মতো একটি গুরুত্বপূর্ণ ইবাদত নিয়ে তামাশা করছে। এ ধরনের সব নামায ওজু করে কাযা করতে হবে, সাথে সাথে তাওবাও করতে হবে। কেননা তায়াম্মুম কেবল পানি না পেলে বা ব্যবহারে ক্ষতির প্রবল আশঙ্কা হলেই করা যায়। (১৪/৯৭১/৫৯০২)

Scanned by CamScanner

📖 المختار على صدر الاختيار (مطبعة الحلبي) ١/ ٢٠ : من لم يقدر على استعمال الماء لبعده ميلا أو لمرض (ف) أو برد (ف) أو خوف عدو أو عطش أو عدم آلة، يتيمم بما كان من أجزاء الأرض كالتراب والرمل والجص.

📖 ملتقى الأبحر (دارالكتب العلمية) ١/ ٥٨ : يتيمم المسافر ومن هو خارج المصر لبعده عن الماء ميلا أو لمرض خاف زيادته أو بطؤ برئه أو لخوف عدو أو سبع أو عطش أو لفقد آلة.

ফরয গোসল বিলম্বে করলে তায়াম্মুম করা

প্রশ্ন : শুনেছি, স্বামী-স্ত্রীর মিলনের পর গোসলের আগ মুহূর্ত পর্যন্ত সময়টাতে তায়াম্মুম করতে হবে কথাটা কতটুকু সঠিক? কেউ যদি জরুরি না ভেবে তায়াম্মুম করে, তাহলে কোনো সমস্যা আছে কি?

উত্তর : গোসল ফরয হলে যথাসম্ভব তাড়াতাড়ি গোসল করে নেওয়া উত্তম, তবে কোনো কারণে বিলম্ব হলে ওজু করে নেওয়া মুস্তাহাব। তবে ওজু কষ্টকর হলে তায়াম্মুমও করা যেতে পারে। (১৯/৫০৪/৮২৮২)

📖 رد المحتار (سعيد) ١ / ٢٤٢ : وإن احتلم في المسجد تيمم للخروج إذا لم يخف، وإن خاف يجلس مع التيمم ولا يصلي ولا يقرأ.

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٢٣٢ : ولنوم وسلام ورده وإن لم تجز الصلاة به. قال في البحر: وكذا لكل ما لا تشترط له الطهارة؛ لما في المبتغى.

📖 احسن الفتاوى (سعيد) ٢ / ٣٥ : حالت جنابت مین وضو کرنے سے طہارت تو حاصل نہیں ہوتی مگر حدث میں کچھ تخفیف ہو جاتی ہے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٢/ ٥٥ : جنابت کی حالت میں کھانا پینا اور دوسرے ایسے تصرفات جن میں طہارت شرط نہیں جائز ہیں مگر کھانے پینے سے پہلے استنجاء اور وضو کر لینا اچھا ہے۔

Scanned by CamScanner

শহরে চলা অবস্থায় তায়াম্মুম

প্রশ্ন : এক আলেম বলেন, শহরে কোনো ব্যক্তি যদি তার প্রাইভেট কারে চলা অবস্থায় নামাযের ওয়াক্ত হয়ে যায়, তখন সে যদি সহজে পানি না পায় তাহলে তায়াম্মুম করেই নামায পড়বে। কথাটি ঠিক কি না?

উত্তর : এক মাইলের ভেতর পানি পাওয়ার সম্ভাবনা থাকলে তায়াম্মুম জায়েয হবে না। এমতাবস্থায় নামায কাযা হয়ে যাওয়ার আশঙ্কা হলে তায়াম্মুম করে পড়ে নেওয়া উত্তম এবং পরে ওজু করে তা কাযা করা জরুরি। (১৯/৬২৬/৮৩৫৮)

📖 المبسوط للسرخسي (دار المعرفة) ١/ ١٤١ : قال إذا كان بينه وبين الماء دون ميل لا يجزئه التيمم وإن كان ميلا أو أكثر أجزأه التيمم.

📖 رد المحتار (سعيد) ١/ ٢٣٢ : (قوله لبعده) الضمير يرجع إلى من ط، وقيد بالبعد لأنه عند عدمه لا يتيمم وإن خاف خروج الوقت في صلاة لها خلف خلافا لزفر، وسيذكر الشارح أن الأحوط أن يتيمم ويصلي ثم يعيد -

📖 امداد الفتاوی (زکریا) ١/ ٧٣ : اگر پانی ایک میل شرعی کے اندر ہو جو کہ میل انگریزی سے کچھ زیادہ ہوتا ہے تو تیمم جائز نہیں اگرچہ نماز قضاء ہو جائے پانی تلاش کر کے وضو کرے اور نماز قضاء پڑھے۔

পানি ও তায়াম্মুম করার উপকরণ না পেলে করণীয়

প্রশ্ন : বর্তমানে নিজ পরিবারসহ বিরতিহীন ট্রেনে ভ্রমণের সুব্যবস্থা রয়েছে। এমতাবস্থায় তাদের ওপর যদি গোসল ফরয হয়ে যায়। পানি, তায়াম্মুম দ্বারা পবিত্রতা অর্জন করারও ব্যবস্থা হচ্ছে না। অথচ তখনই তাদের ওপর পবিত্রতা অর্জন করা জরুরি হয়ে পড়েছে। যেমন–নামাযের সময় চলে যাচ্ছে। তাহলে ওই অবস্থায় তাদের হুকুম কী?

উত্তর : নামাযের সময় শেষ হওয়া পর্যন্ত পানি পাওয়া না গেলে এবং তায়াম্মুম করারও কোনো ব্যবস্থা করতে না পারলে নামাযের নিয়্যাত ছাড়াই নামাযীর মতো রুকু-সিজদা

Scanned by CamScanner

ইত্যাদি কাজগুলো করে নেবে। অর্থাৎ নামাযের বাহ্যিক সাদৃশ্য অবলম্বন করবে। অতঃপর পানি পাওয়া গেলে ওই নামাযের কাযা করে নেবে। (৭/৪০৫)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٢٥٢ : والمحصور فاقد الطهورين يؤخرها عنده وقالا يتشبه بالمصلى به يفتى واليه صح رجوعه أى الإمام۔

📖 رد المحتار (سعيد) ١/ ٢٥٣ : سواء كان حدثه اصغر او اكبر ۔

📖 خیر الفتاوی (زکریا) ۲/ ۶۷ : سوال- حالیہ دردناک واقعہ میں جب ہائی جیکر نے پاکستان کا جہاز اغواء کر لیا تھا توان پندرہ دنوں میں نمازیں کیسی ادا کی جاسکتی تھی؟
الجواب- اگر وضوءاور تیمم دونوں ممکن نہیں اور کھڑے ہو کر رکوع اور سجدہ کر سکتا ہے تواس وقت ایسے ہی نماز پڑھ لے اور اگر قیام کی بھی اجازت نہ ہو تو اشارہ سے نماز پڑھ لے، بعد میں ان نمازوں کی قضاء کی جائے۔

পানি ও মাটি না পেলে করণীয়

প্রশ্ন : 'ফাকেদুত তাহুরাইন' অর্থাৎ পানি ও মাটি না পাওয়া অবস্থায় একজন মুসল্লির জন্য করণীয় কী? হানাফী মাযহাব অনুসারে দলিলসহ জানালে বড়ই উপকৃত হতাম।

উত্তর : ওজুর জন্য পানি অথবা তায়াম্মুমের জন্য পবিত্র মাটি পাওয়া না গেলে ওই মুসল্লি হানাফী মাযহাব অনুযায়ী নামাযের সময় নামাযের নিয়্যাত ও কিরাত ব্যতীত শুধুমাত্র রুকু-সিজদা করে নামাযের সাদৃশ্য গ্রহণ করবে। পরবর্তীতে পানি বা মাটি পাওয়া গেলে পুনরায় নামায পড়ে নেবে। (৪/১৬৬/৬১৩)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٢٥٢ : (والمحصور فاقد الماء والتراب (الطهورين) بأن حبس في مكان نجس ولا يمكنه إخراج تراب مطهر، وكذا العاجز عنهما لمرض (يؤخرها عنده: وقالا: يتشبه) بالمصلين وجوبا، فيركع ويسجد إن وجد مكانا يابسا وإلا يومئ قائما ثم يعيد كالصوم (به يفتى وإليه صح رجوعه) أي الإمام كما في الفيض.

Scanned by CamScanner

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١ / ٢٥٢ : (قوله وقالا يتشبه بالمصلين) أي احتراما للوقت. قال ط: ولا يقرأ كما في أبي السعود، سواء كان حدثه أصغر أو أكبر. قلت: وظاهره أنه لا ينوي أيضا؛ لأنه تشبه لا صلاة حقيقية.

তায়াম্মুমকারীর ইমামত

প্রশ্ন : আমি একটি বেসরকারি কলেজের ইসলামের ইতিহাস বিভাগের প্রভাষক। আমি যে এলাকায় লজিং থাকি যতদূর সম্ভব পাঁচ ওয়াক্ত নামায ওখানের মসজিদে গিয়ে আদায় করার চেষ্টা করি, অধিকাংশ সময় ইমাম সাহেব না থাকলে ইমামতি তথা নামায পড়ানোর দায়িত্ব আমাকেই পালন করতে হয়। কিন্তু শীত মৌসুম এলে আমার শারীরিক অবস্থা এতই খারাপ হয়ে পড়ে যে অনেক দিন গোসল ফরয হলেও তায়াম্মুম করে মসজিদে না গিয়ে বাসায় নামায আদায় করি। খোদা নাখাস্তা এমন হওয়া সত্ত্বেও যদি কোনো দিন মসজিদে চলে যাই আর যদি ইমাম সাহেব না থাকেন, তাহলে আমাকে নামায পড়ানোর জন্য অনেক পীড়াপীড়ি করে ইমামতি দেওয়া হয়। তখন বর্ণিত ওই তায়াম্মুম অবস্থায় নামায পড়লে নামায সহীহ হবে কি না? এবং ইমামতি করা বৈধ হবে কি না?

উত্তর : পানি দ্বারা গোসল করলে যদি অসুস্থ হওয়ার বা অসুস্থতা বাড়ার কিংবা জীবন বা অঙ্গনাশের প্রবল আশঙ্কা হয় তবে গোসলের পরিবর্তে তায়াম্মুম করে একাকী নামায পড়া এবং ইমামতি করা শরীয়তের দৃষ্টিতে জায়েয আছে। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থায় যদি ঠাণ্ডা পানি দ্বারা গোসল করা আপনার জন্য সত্যিই আশঙ্কাজনক হয়ে থাকে এবং গরম পানির কোনো ব্যবস্থা না থাকে তবে তায়াম্মুম করে একাকী নামায এবং প্রয়োজন হলে ইমামতি করা আপনার জন্য জায়েয হবে। তবে গরম পানির ব্যবস্থা করা সম্ভব হলে এবং তা ব্যবহারে ক্ষতি না হলে তায়াম্মুম করা জায়েয হবে না। আর তায়াম্মুমকারী ব্যক্তির জন্য জামাতে শরিক হওয়া জরুরী, একাকী নামায পড়া উচিত নয়। (১৩/৮৮৪/৫৪৭৫)

📖 الفتاوى الهندية (دارالكتب العلمية) ١/ ٣١ : ويجوز التيمم إذا خاف الجنب إذا اغتسل بالماء أن يقتله البرد أو يمرضه هذا إذا كان خارج المصر إجماعا فإن كان في المصر فكذا عند أبي حنيفة خلافا لهما.

Scanned by CamScanner

📖 فيه أيضا ١/ ٩٣ : ويجوز أن يؤم المتيمم المتوضئين عند أبي حنيفة وأبي يوسف - رحمهما الله تعالى -. هكذا في الهداية .

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۴/ ۲۶۵ : الجواب—اس صورت میں تیمم کر کے نماز ادا کرے قضاء نہ ہونے دے لیکن جب عذر جاتا رہے تو غسل کر لیوے، اعادہ نماز کی حاجت نہیں۔

📖 امداد الاحکام (مکتبہ دارالعلوم کراچی) ۱ /۵۴۱ :الجواب-اگر امام نے کسی عذر سے تیمم کیا ہے تو شیخین کے نزدیک اس کی امامت صحیح ہے اور امام محمد کے نزدیک صحیح نہیں، اس لئے بہتر ہے کہ کسی اور شخص متوضی کو امام بنایا جاوے، البتہ اگر اور کوئی شخص امامت کے قابل موجود نہ ہو تو خود ہی پڑھاوے۔

Scanned by CamScanner

باب تطهير الأنجاس

পরিচ্ছেদ : পাক-নাপাক

নিরুপায় হয়ে নাপাক কাপড়ে নামায পড়া

প্রশ্ন : বাজার থেকে ঘরে ফেরার পথে প্রস্রাব দ্বারা আমার কাপড় নষ্ট হয়ে যায়, পথে পানির কোনো ব্যবস্থা নেই এবং ঘরে পৌছতে নামাযের ওয়াক্ত শেষ হয়ে যাবে। এখন আমার করণীয় কী?

উত্তর : যে কাপড়ে প্রস্রাব লেগেছে যদি ওই কাপড়ের চতুর্থাংশ বা তার বেশি অংশ পবিত্র হয় এবং আপনার কাছে কাপড় ধোয়ার কোনো ব্যবস্থা না থাকে এবং ওই কাপড় ছাড়া সঙ্গে অন্য কোনো কাপড়ও না থাকে এবং ব্যবস্থা করাও সম্ভব না হয়। অন্যদিকে নামাযের সময়ও শেষ হয়ে যাওয়ার আশঙ্কা থাকে তাহলে এমতাবস্থায় ওই কাপড় দিয়েই ওয়াক্তের ভেতরে নামায আদায় করে নেবে। পরে পুনরায় নামায পড়ার প্রয়োজন হবে না। (৪/৪৫১/৭৭৬)

📖 تبيين الحقائق (امداديه) ١/ ٩٧ : (ولو وجد ثوبا ربعه طاهر وصلى عريانا لم يجز) لأن ربع الشيء يقوم مقام كله فصار كما لو كان كله طاهرا قال - رحمه الله - (وخير إن طهر أقل من ربعه) أي إذا كان الطاهر أقل من الربع يخير بين أن يصلي فيه وهو الأفضل -

📖 امداد الفتاوى (زكريا) ١/ ٩٨ : اگر اس کے پاس اور کوئی کپڑا طاہر نہیں ہے تو اسی میں نماز پڑھے اور اعادہ نہ کرے فی الدر المختار باب شروط الصلاة: (ولو كان (ربعه طاهرا صلى فيه حتما) إذ الربع كالكل -

মাটি ভেদ করে পাক পানির সাথে নাপাক পানির সংমিশ্রণ

প্রশ্ন : আমাদের মসজিদে একটি রিজার্ভ পানির ট্যাংকি তৈরি করা হয়েছে। যা 'দাহদরদাহ' নয়, কিন্তু ট্যাংকির চতুর্পার্শ্বে ঢালাই থাকা সত্ত্বেও নিচে ও পাশ দিয়ে বাহির থেকে কিছু কিছু পানি প্রবেশ করে। আর মসজিদের ট্যাংকির দুই পাশে ৫ ও ২০ হাত দূরে দুটি সেপটিক ট্যাংক রয়েছে। এ ক্ষেত্রে মসজিদে ও ট্যাংকিতে নাপাক পানি প্রবেশ করে কি না তা সন্দেহজনক, তবে পানিতে কোনো প্রকারের পরিবর্তন দেখা যায় না।

Scanned by CamScanner

অনেক আলেম বলেন, যদি জমিনের ভেতর দিয়ে নাপাক পানি মাটি অতিক্রম করে ট্যাংকিতে প্রবেশ করে তবে ট্যাংকির পানি নাপাক হবে না, জমিন অতিক্রম করার কারণে। আর অন্য একজন আলেম বলেন, নাপাক ও পাক পানি মিশ্রিত হওয়ার কারণে সমস্ত পানিই নাপাক হয়ে যাবে জমিন অতিক্রম হওয়া সত্ত্বেও। এ পানির হুকুম কী? দয়া করে জানাবেন।

উত্তর : উক্ত ট্যাংকির পানির সাথে নাপাক পানির সংমিশ্রণের কারণে যদি পানির গুণ-মান নষ্ট হয়ে যায় তাহলে পানি নাপাক হয়ে যাবে। যদিও মাটির ভেতর দিয়ে যাক না কেন, অন্যথায় ওই পানিকে পাক বলা হবে। প্রশ্নের বর্ণনা মতে, উক্ত ট্যাংকির পানিকে নিঃসন্দেহে পাক বলা হবে। (৫/২০১/৮৭০)

📖 المبسوط للسرخسي (دار المعرفة) ١/ ٦١ : قال (وأدنى ما ينبغي أن يكون بين البئر، والبالوعة خمسة أذرع في رواية أبي سليمان، والنوادر، والأمالي)، وفي رواية أبي حفص سبعة أذرع، والحاصل أنه ليس فيه تقدير لازم بشيء إنما الشرط أن لا يخلص من البالوعة، والبئر شيء، وذلك يختلف باختلاف الأراضي في الصلابة، والرخاوة ألا ترى أنه قال فإن كان بينهما خمسة أذرع فوجد في الماء ريح البول، أو طعمه فلا خير فيه، وإن لم يوجد شيء من ذلك فلا بأس به، وإن كان بينهما أقل من خمسة أذرع فعرفنا أن المعتبر هو الخلوص.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۱/ ۱۲۷ : فقہاے کرام نے کنویں اور پاخانے کے درمیان پانچ گز سات گز وغیرہ فاصلہ اپنے یہاں کی زمین کے اعتبار سے لکھا ہے اصلی مدار اس پر ہے کہ فاصلہ اتنا ہو کہ پیشاب پاخانہ وغیرہ کی ناپاکی کی اثر یعنی رنگ یا بو یا مزہ کنویں کے پانی تک نہ پہونچے ... ... اس کے لئے کوئی خاص اندازہ اور فاصلہ متعین نہیں ہے ہر جگہ کی زمین کی سختی نرمی اور تاثیر کے تفاوت سے فاصلے میں بھی تفاوت ہوگا۔

Scanned by CamScanner

পানি দ্বারা ইস্তিঞ্জা জরুরি হওয়া সত্ত্বেও না করলে তার বিধান

প্রশ্ন : প্রস্রাব-পায়খানার পর এসব নাপাকি নির্গত হওয়ার স্থান থেকে এক দিরহাম পরিমাণের কম বা বেশি ছড়াল। কিন্তু পানির অভাবে বা কোনো কারণে কেউ পানি ব্যবহার করল না, তার শরীর ঘামল এবং এসব স্থান ভিজে গেল এতে কাপড় নাপাক হবে কি? আর পুরুষাঙ্গের অগ্রভাগ সাধারণত জাংগিয়া পরা অবস্থায় অণ্ডকোষের সাথে লেগে থাকে, এতেও শরীর বা কাপড় নাপাক হবে কি না?

উত্তর : নাপাকি নির্গত হওয়ার স্থান থেকে এক দিরহাম বা এর চেয়ে কম ছড়িয়ে পড়লে ঢিলা করার পর ওই স্থান ধৌত করবে, না ধুয়ে নামায পড়া মাকরূহ। আর এক দিরহাম থেকে বেশি হলে তা না ধুয়ে রেখে দেওয়া নাজায়েয। সর্বাবস্থায় ওই স্থান ভিজে কাপড়ে এক দিরহামের চেয়ে বেশি পরিমাণ লেগে থাকলে কাপড়ও নাপাক হয়ে যাবে। (৫/৩৬৩/৯১৬)

📖 رد المحتار (سعيد) ١/ ٣٢٦ : لو استنجى بغير الماء ثم ابتل ذلك الموضع ثم أصاب من ذلك ثوبه أو بدنه فالمختار أنه يتنجس إن كان أكثر من قدر الدرهم. ثم ذكر في الحلية عن الكفاية ما يفيد أن الكلام فيما يرى أثره، ثم قال: وهو المتجه. ويدل عليه ما قدمناه من اختيار أكثر المشايخ عدم اعتبار رءوس الإبر من الجانبين خلافا للهندواني. وقول الخلاصة المار: المختار أنه ينجس إن كان أكثر من قدر الدرهم غير ظاهر؛ لأن الماء ينجسه ما قل وكثر، فإذا لم ينجس بأقل من الدرهم لا ينجس بالأكثر منه.

📖 امدادالفتاوی (زکریا) ١/ ١٣٩ : الجواب-اگر نجاست مخرج سے متجاوز نہیں ہوئی، تو استنجاء پانی سے سنت ہے، اور اگر متجاوز ہوگئی تو اگر قدر درہم سے زائد نہیں ہوئی، تو دھونا واجب ہے، اور اگر زائد ہوگئی تو دھونا فرض ہے۔

নাপাক জুতা যে স্থানে পড়বে তার বিধান

প্রশ্ন : মানুষ জুতা পায়ে চলাফেরায় প্রায়ই প্রস্রাবের ওপর পা পড়ে বা অন্য নাপাকি জুতার তলায় লাগে। জুতার তলার এসব নাপাকি না ধুয়ে কোনো ভেজা কাপড় বা

Scanned by CamScanner

ফ্লোরে পা ফেললে বা ভেজা জুতা নিয়ে কোনো শুকনো জিনিসে পা ফেললে তা কি নাপাক হবে?

উত্তর : উপরোক্ত অবস্থায় ভেজা কাপড় বা ফ্লোরে নাপাকির গন্ধ বা রং স্পষ্ট না হওয়া পর্যন্ত ফ্লোর বা ভেজা কাপড় নাপাক হয়েছে বলা যাবে না। তবে প্রস্রাবের দ্বারা ভেজা-নাপাক জুতা নিয়ে শুকনো কাপড়ের ওপর চলার কারণে যদি কাপড় ভিজে যায় তাহলে কাপড় নাপাক হয়ে যাবে, অন্যথায় নাপাক হবে না। (৫/৪৪০/১০০৮)

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٧٣٣ : (لف ثوب نجس رطب في ثوب طاهر يابس فظهرت رطوبته على ثوب طاهر) كذا النسخ. وعبارة الكنز: على الثوب الطاهر (لكن لا يسيل لو عصر لايتنجس) قدمناه قبيل كتاب الصلاة (كما لو نشر الثوب المبلول على حبل نجس يابس) أو غسل رجله ومشى على أرض نجسة أو قام على فراش نجس فعرق ولم يظهر أثره لا يتنجس. خانية.

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٣٣ :وكذا إذا غسل رجله فمشى على أرض نجسة بغير مكعب فابتل الأرض من بلل رجله واسود وجه الأرض لكن لم يظهر أثر بلل الأرض في رجله فصلى جازت صلاته، وإن كان بلل الماء في رجله كثيرا حتى ابتل وجه الأرض وصار طينا ثم أصاب الطين رجله لا تجوز صلاته. ولو مشى على أرض نجسة رطبة ورجله يابسة تتنجس اه (قوله على أرض نجسة) بأن كانت مطينة بنحو الزبل، أما لو أصابتها نجاسة وجفت لم تبق ولم تعد النجاسة بإصابة الماء على المعتمد.

রাস্তার কাদা ও ময়লা পানির বিধান

প্রশ্ন : রাস্তাঘাট থেকে যে কাদা বা ময়লা পানি গায়ে লাগে তা শরীয়তের দৃষ্টিতে নাপাক নয়। কিন্তু আজকাল বিভিন্ন রাস্তাঘাট ও বাজার এলাকাতে দেখা যায় আশপাশের বাড়িঘর, দোকান, কারখানা ইত্যাদি হতে গোসলখানার পানি কাপড় ধোয়ার পানি–এমনকি অবিশ্বাস্য হলেও সত্য অনেকেই গোয়ালঘরের আবর্জনা, অর্থাৎ গরু-ছাগলের মলমূত্র ইত্যাদিও ড্রেন কেটে বাজার ও রাস্তায় বের করে দেয়। শুকনা রাস্তায়

Scanned by CamScanner

এসব থেকে বাঁচা সহজ হলেও বৃষ্টি পড়লে বা বর্ষাকালে এ থেকে বাঁচা যায় না। এতে শরীয়তের কী হুকুম? এ অবস্থায় যদি উক্ত কাদা বা রাস্তার পানিতে নাপাকির রং বা দুর্গন্ধ অনুভূত না হয়, তাহলে কি তা পাক বলে গণ্য হবে?

উত্তর : বর্ণিত অবস্থায়ও রাস্তাঘাটের আবর্জনাযুক্ত পানি ও কাদায় নাপাকির আলামত পরিলক্ষিত না হলে তা নাপাক বলে গণ্য হবে না এবং উক্ত পানির ছিটা শরীর বা কাপড়ে লাগলে শরীর ও কাপড় কিছুই নাপাক হবে না। (৬/২২৭/১১৬০)

📖 رد المحتار (سعيد) ١/ ٣٢٤ : (قوله: وطين شارع) مبتدأ خبره قوله: عفو والشارع الطريق ط. وفي الفيض: طين الشوارع عفو وإن ملأ الثوب للضرورة ولو مختلطا بالعذرات وتجوز الصلاة معه. وقدمنا أن هذا قاسه المشايخ على قول محمد آخرا بطهارة الروث والخثي، ومقتضاه أنه طاهر لكن لم يقبله الإمام الحلواني كما في الخلاصة. قال في الحلية: أي: لا يقبل كونه طاهرا وهو متجه، بل الأشبه المنع بالقدر الفاحش منه إلا لمن ابتلي به بحيث يجيء ويذهب في أيام الأوحال في بلادنا الشامية لعدم انفكاك طرقها من النجاسة غالبا مع عسر الاحتراز، بخلاف من لا يمر بها أصلا في هذه الحالة فلا يعفى في حقه حتى إن هذا لا يصلي في ثوب ذاك.

أقول: والعفو مقيد بما إذا لم يظهر فيه أثر النجاسة كما نقله في الفتح عن التجنيس. وقال القهستاني: إنه الصحيح، لكن حكى في القنية قولين وارتضاهما؛ فحكى عن أبي نصر الدبوسي أنه طاهر إلا إذا رأى عين النجاسة،وقال: وهو صحيح من حيث الرواية وقريب من حيث المنصوص.

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ١٧ : المطر إذا أصاب السقف وفي السقف نجاسة فوكف وأصاب الماء ثوبا فالصحيح أنه إذا كان المطر لم ينقطع بعد فما سال من السقف طاهر. هكذا في المحيط وفي العتابية إذا لم يكن متغيرا. كذا في التتارخانية وأما إذا انقطع المطر وسال من السقف شيء فما سال فهو نجس. كذا في المحيط وفي النوازل قال مشايخنا المتأخرون: هو المختار. كذا في التتارخانية.

Scanned by CamScanner

বাজারের কাদাযুক্ত রাস্তা ও কুকুরের পায়ের মাটি

প্রশ্ন : বাজারের রাস্তা যদি ভেজা থাকে (যেখানে নাপাকি থাকার সম্ভাবনা বেশি) তার ওপর নামায এবং জানাযা পড়া যাবে কি না? আর কুকুর যদি পাক স্থানে চলে এবং পায়ের কাদাযুক্ত দাগ দেখা যায় তা পাক, সন্দেহযুক্ত, নাকি নাপাক?

উত্তর : শরীয়তের বিধানানুসারে কোনো স্থানকে কেবলমাত্র সন্দেহবশত নাপাকির হুকুম দেওয়া যাবে না। নাপাকির ব্যাপারে নিশ্চিত না হওয়া পর্যন্ত ওই স্থান পাক হিসেবে বিবেচিত হবে। সুতরাং প্রশ্নোল্লিখিত স্থানে শুধু ভেজা থাকার কারণে নাপাকির সন্দেহ করা ঠিক হবে না। অতএব সেখানে নামায ও জানাযা পড়তে অসুবিধা নেই। কুকুরের পায়ের ভেজা কাদামাটি নির্ভরযোগ্য মতানুযায়ী নাপাক নয়। (৭/৯৩৯/১৯৪৫)

📖 رد المحتار (سعيد) ١/ ٣٢٤ : مطلب في العفو عن طين الشارع

(قوله: وطين شارع) مبتدأ خبره قوله: عفو والشارع الطريق ط. وفي الفيض: طين الشوارع عفو وإن ملأ الثوب للضرورة ولو مختلطا بالعذرات وتجوز الصلاة معه. وقدمنا أن هذا قاسه المشايخ على قول محمد آخرا بطهارة الروث والخثي، ومقتضاه أنه طاهر لكن لم يقبله الإمام الحلواني كما في الخلاصة. قال في الحلية: أي: لا يقبل كونه طاهرا وهو متجه، بل الأشبه المنع بالقدر الفاحش منه إلا لمن ابتلي به بحيث يجيء ويذهب في أيام الأوحال في بلادنا الشامية لعدم انفكاك طرقها من النجاسة غالبا مع عسر الاحتراز، بخلاف من لا يمر بها أصلا في هذه الحالة فلا يعفى في حقه حتى إن هذا لا يصلي في ثوب ذاك.

أقول: والعفو مقيد بما إذا لم يظهر فيه أثر النجاسة كما نقله في الفتح عن التجنيس. وقال القهستاني: إنه الصحيح، لكن حكى في القنية قولين وارتضاهما؛ فحكى عن أبي نصر الدبوسي أنه طاهر إلا إذا رأى عين النجاسة، وقال: وهو صحيح من حيث الرواية وقريب من حيث المنصوص؛ ثم نقل عن غيره فقال: إن غلبت النجاسة لم يجز، وإن غلب الطين فطاهر. ثم قال: وإنه حسن عند المنصف دون المعاند.

Scanned by CamScanner

والقول الثاني مبني على القول بأنه إذا اختلط ماء وتراب وأحدهما نجس فالعبرة للغالب، وفيه أقوال ستأتي في الفروع.

والحاصل أن الذي ينبغي أنه حيث كان العفو للضرورة، وعدم إمكان الاحتراز أن يقال بالعفو وإن غلبت.

📖 فتاوى قاضيخان بهامش الهندية (زكريا) ١/ ٢٠ : فكذا الكلب إذا مشى فى طين او ردغة يتنجس الطين والردغة.

রাস্তার কাদাপানির বিধান

প্রশ্ন : রাস্তার কাদাপানি পাক-নাপাক বোঝার উপায় নেই। এখন ওই কাদাপানির ছিটা কাপড়ে লাগলে কাপড় নাপাক হবে কি না?

উত্তর : রাস্তার কাদাপানিকে সাধারণত নাপাক বলা যায় না, তাই তার ছিটা কাপড়ে বা শরীরে লাগলে তা নাপাক হবে না। তবে নাপাকির রং বা ঘ্রাণ অনুভূত হলে নাপাক বলা হবে। (১৭/৯৬২/৭৪১১)

📖 رد المحتار (سعيد) ١ /٣٢٤ : (قوله: وطين شارع) مبتدأ خبره قوله: عفو والشارع الطري وفي الفيض: طين الشوارع عفو وإن ملأ الثوب للضرورة ولو مختلطا بالعذرات وتجوز الصلاة معه. وقدمنا أن هذا قاسه المشايخ على قول محمد آخرا بطهارة الروث والخثي، ومقتضاه أنه طاهر لكن لم يقبله الإمام الحلواني كما في الخلاصة.

অল্প পানিতে সামান্য নাপাকি পড়লেও তা নাপাক

প্রশ্ন : সামান্য 'নাজাসাতে গলীযা' অল্প পানিতে পড়লে ওই পানি নাজাসাতে গলীযা হয়ে যায়, আবার অল্প পরিমাণ নাজাসাতে খফীফা অল্প পানিতে পড়লে ওই পানিও নাজাসাতে খফীফা হয়ে যায়। এই মিশ্রণের ব্যাপারে কি শরীয়তে আনুপাতিক হার নির্দিষ্ট করা আছে? যেমন–এক ড্রাম পানিতে যদি এক-আধ ফোঁটা বা এক ফোঁটার চার ভাগের এক ভাগ পরিমাণ প্রস্রাব পতিত হয়, তাহলে ওই পানিও কি নাপাক হয়ে যায়?

Scanned by CamScanner

উত্তর : যে পাত্রের মুখ ২২৫ স্কয়ার ফুট থেকে পরিমাণে কম তাতে এক-আধ ফোঁটা বা আরো কম পরিমাণ নাপাকি পড়লেও ওই পাত্রের পানি নাপাক হয়ে যাবে। প্রশ্নে বর্ণিত ড্রামের পানিও নাপাক হয়ে যাবে। (৬/২৯০/১২০২)

📖 رد المحتار (سعيد) ١/ ٣٢٣ : وظهر أيضا أن ما لا يدركه الطرف ما كان مثل رءوس الإبر وأرجل الذباب فإنه لا يدركه الطرف المعتدل ما لم يقرب إليه جدا أي: مع مغايرة لون الرشاش للون الثوب، وإلا فقد لا يرى أصلا. وينبغي أنه لو شك أنه يدركه بالطرف أم لا أنه يعفى عنه اتفاقا؛ لأن الأصل طهارة الثوب وشك فيما ينجسه، هذا ما ظهر لي في هذا المحل - والله أعلم -.

📖 الهداية (مكتبة البشرى) ١/ ٥٣ : وكل ماء وقعت النجاسة فيه لم يجز الوضوء به قليلا كانت النجاسة او كثيرا۔

ভিজা পায়ে শুকনো নাপাক জায়গা অতিক্রম করা

প্রশ্ন: পাকা জায়গায় প্রস্রাব বা তরল নাপাকি লাগলে তা শুকিয়ে চিহ্ন দূর হয়ে গেলে পাক হয়ে যায়। প্রশ্ন হলো, ওজু করে ভিজা পায়ে ওই জায়গা দিয়ে হেঁটে গেলে পা নাপাক হবে কি না?

উত্তর : নাপাক হবে না। (১৬/৯০৩/৬৮৫৬)

📖 البحر الرائق(دارالكتب العلمية) ١/ ٣٩٤-٣٩٣ : ثم اعلم أن ما حكم بطهارته بمطهر غير المائعات إذا أصابه ماء هل يعود نجسا فذكر الشارح الزيلعي أن فيها روايتين وأن أظهرهما أن النجاسة تعود بناء على أن النجاسة قلت ولم تزل ... ... فالحاصل أن التصحيح والاختيار قد اختلف في كل مسألة منها كما ترى فالأولى اعتبار الطهارة في الكل كما يفيده أصحاب المتون حيث صرحوا بالطهارة في كل وملاقاة الماء الطاهر للطاهر لا توجب

Scanned by CamScanner

التنجس، وقد اختاره في فتح القدير فإن من قال بالعود بناه على أن النجاسة لم تزل وإنما قلت -

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣١٤ : ثم هل يعود نجسا ببله بعد فركه؟ المعتمد لا، وكذا كل ما حكم بطهارته بغير مائع.

📖 رد المحتار (سعيد) ١/ ٣١٤ : (قوله: بغير مائع) أي: كالدلك في الخف، والجفاف في الأرض، والدباغة الحكمية في الجلد، وغوران الماء في البئر، والمسح في الصقيل. قال في البحر بعد سوق عباراتهم فيها: فالحاصل أن التصحيح والاختيار قد اختلف في كل مسألة منها كما ترى فالأولى اعتبار الطهارة في الكل كما يفيده أصحاب المتون حيث صرحوا بالطهارة في كل واختاره في الفتح.

📖 فيه أيضا ٦/ ٧٣٣ : (قوله على أرض نجسة) بأن كانت مطينة بنحو الزبل، أما لو أصابتها نجاسة وجفت لم تبق ولم تعد النجاسة بإصابة الماء على المعتمد-

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ١٨٩ : وفي «الجامع الأصغر» عن أبي جعفر الكبير: أن الطين إذا جعل فيه السرقين وطُين به شيء ويبس، لا بأس بأن يوضع عليه منديل مبلول.

গোবর দ্বারা লেপা উঠানে ধান শুকানো

প্রশ্ন : আমাদের এলাকায় ধান সিদ্ধ করার প্রচলন আছে এবং গোবর দ্বারা লেপা উঠান বা আঙিনায় সিদ্ধ করা ধান শুকানোর জন্য রোদে দেওয়া হয়। প্রশ্ন হলো, এভাবে গোবর দ্বারা লেপা উঠানে সিদ্ধ ধান শুকালে শরীয়তের দৃষ্টিতে কোনো অসুবিধা আছে কি না? কারণ সিদ্ধ ধানে গোবর প্রবেশ করা স্বাভাবিক। প্রমাণসহ জানতে চাই।

উত্তর : লেপার কাজে গোবর ব্যবহার না করাই শ্রেয়। তবে গোবর নাপাক হওয়া সত্ত্বেও গোবর দ্বারা লেপা নাজায়েয নয়। আর গোবর দ্বারা লেপা উঠানটি শুকানোর পর পাক হয়ে যায় বিধায় গোবর দ্বারা লেপা শুষ্ক উঠানে সিদ্ধ ধান শুকানোর মধ্যে শরীয়তের দৃষ্টিতে কোনো অসুবিধা নেই। (১৫/৪২২/৬১১১)

Scanned by CamScanner

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ١٨٩ : وفي «الجامع الأصغر» عن أبي جعفر الكبير: أن الطين إذا جعل فيه السرقين وطُين به شيء وييبس، لا بأس بأن يوضع عليه منديل مبلول.

📖 البحرالرائق (دار الكتب العلمية) ١/ ٢١٤ : وفي التجنيس إذا نزح الماء النجس من البئر يكره أن يبل به الطين ولا يطين به المسجد أو أرضه لنجاسته بخلاف السرقين إذا جعله في الطين؛ لأن في ذلك ضرورة؛ لأنه لا يتهيأ إلا بذلك.

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٣٣ : وكذا إذا غسل رجله فمشى على أرض نجسة بغير مكعب فابتل الأرض من بلل رجله واسود وجه الأرض لكن لم يظهر أثر بلل الأرض في رجله فصلى جازت صلاته، وإن كان بلل الماء في رجله كثيرا حتى ابتل وجه الأرض وصار طينا ثم أصاب الطين رجله لا تجوز صلاته. ولو مشى على أرض نجسة رطبة ورجله يابسة تتنجس اهـ(قوله على أرض نجسة) بأن كانت مطينة بنحو الزبل، أما لو أصابتها نجاسة وجفت لم تبق ولم تعد النجاسة بإصابة الماء على المعتمد -

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ١/ ٥٩ : واذاجعل السرقين فى الطين فطين به السقف فيبس فوضع عليه منديل مبلول لا يتنجس -

📖 فتاوی محمودیہ (زکریا) ۹/ ۴۱۰ : گوبر ناپاک ہے گوبر مٹی کے گارے میں ملا کر لیپنا درست ہے جو خشک ہو جانے کے بعد پاک ہو جائے گا۔

ড্রেসিং মেশিনে মুরগি পরিষ্কার করা

প্রশ্ন : আমাদের দেশে ব্রয়লার মুরগির গোশত বিক্রি হয়ে থাকে। প্রশ্ন হচ্ছে, এই ব্রয়লার মুরগি জবাই করার পর মেশিনের সাহায্যে পশম ছিলানোর পূর্বে গরম পানিতে চার-পাঁচ মিনিট চুবিয়ে রেখে তারপর মেশিনের সাহায্যে পশম ছিলে পেটের নাড়ি-ভুঁড়ি ফেলানো হয়। এ পদ্ধতিতে মুরগি পরিষ্কার করলে তা হালাল হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নে ব্রয়লার মুরগির পশম ছাড়ানোর যে বর্ণনা দেওয়া হয়েছে এবং মেশিনে পশম ছিলানোর যে নিয়ম বর্তমানে চালু আছে, তা সাধারণত সঠিক নয়। সঠিক পদ্ধতি হলো, মুরগি জবাই করার পর নাড়ি-ভুঁড়ি বের করে ভালোভাবে ধুয়ে গরম পাক পানিতে চুবিয়ে রাখবে। যাতে সহজে পশম ছাড়ানোর কাজ সম্ভব হয়। এভাবে করলে নিশ্চিতভাবে মুরগি হালাল বলা যাবে। (৬/৭৬৭/১৪১৪)

📖 فتاوی نظامیہ ص ۴۸۳ : مرغہ کو ذبح کرنے کے بعد پیٹ چاک کر کے اس کی آلائش صاف کرنے کے بعد گرم پانی میں ڈالا جائے، ورنہ مرغہ کے مبرز اور گردن کے راستہ سے پیٹ کی ساری گندگی نکل کر سارے پانی کو ناپاک کر دے گی اور گوشت بھی ناپاک ہو جائے گا، پھر اگر گرم اور کھولتے ہوئے پانی میں رہنے کے بعد مرغہ اس میں سے نکالا جائے گا، تو نجاست وغلاظت کا اثر گوشت میں سرایت کر جائے گا کہ دھونے سے بھی گوشت پاک نہ ہوگا۔

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۹۷ : اگر کھولتے ہوئے پانی میں مرغی ڈالی، اور اتنی دیر اس کے اندر رکھی کہ اس کے پیٹ کی نجاست گوشت میں سرایت کر جانے کا ظن غالب ہو تو یہ نجس ہو گئی اور اس کے پاک کرنے کا بھی کوئی طریقہ نہیں، البتہ اگر پانی گرم ہو مگر کھول نہ رہا ہو اور مرغی اس میں بہت دیر تک نہیں رکھی، یا کھولتے پانی میں ڈال کر فوراً نکال لی، تو اس کا گوشت ناپاک نہ ہوگا۔

হাতি পাক এবং তাতে আরোহণ বৈধ

প্রশ্ন : হাতি নাজাসুল আইন কি না এবং তার ওপর আরোহণ করা বৈধ কি না?

উত্তর : নির্ভরযোগ্য মতানুযায়ী হাতি নাজাসুল আইন নয় এবং হাতির ওপর আরোহণ করাও জায়েয। (৭/৯৭৫/১৯০৬)

📖 مجمع الانهر (مكتبة المنار) ٣/ ٨٦ : (وكذا) يباع (عظم الفيل) عند الشيخين فان الفيل عندهما بمنزلة السباع حتى يباع عظمه وينتفع به، قالوا هذا اذا لم يكن عن العظم واشباهه دسومة اما اذا كانت فهو نجس (خلافا لمحمد) فإنه نجس العين عنده كالخنزير حرمة وصورة، والمختار قولهما۔

Scanned by CamScanner

নাপাকি লাগা লুঙ্গি কতটুকু এবং কোন অংশ ধৌত করতে হবে

প্রশ্ন : লুঙ্গি বা কাপড়ে মজি লাগলে ওই কাপড় পরিধান করে নামায পড়া যাবে, নাকি ধৌত করতে হবে? এবং কতটুকু ধৌত করতে হবে? যদি কেউ মজি লাগার স্থান চিহ্নিত করতে না পারে, তখন কোনো এক কোণ ধৌত করার দ্বারা তা পাক হয়ে যাবে কি না? জানালে উপকৃত হব।

উত্তর : লুঙ্গি বা কাপড়ের মজি এক দিরহাম তথা হাতের তালুর গর্ত হতে বেশি পরিমাণ হলে ওই কাপড় বা লুঙ্গি পরিধান করে নামায পড়তে হলে তা ধুয়ে নিতে হবে, অন্যথায় নামায সহীহ হবে না। আর ওই পরিমাণ থেকে কম হলেও তা ধুয়ে নেবে, তবে না ধুয়ে ওই কাপড় পরিধান করে নামায পড়লে সহীহ হয়ে যাবে। যদি মজি লাগার স্থান জানা না থাকে সতর্কতামূলক পুরো কাপড় ধুয়ে নেওয়া উত্তম। অন্যথায় চিন্তা ও অনুমান করে কোনো এক অংশ ধুয়ে ফেললে হয়ে যাবে। তবে পরবর্তীতে যদি ওই স্থান নিশ্চিতভাবে জানা যায়, আর তা ধোয়া না হয়ে থাকে তাহলে পুনরায় নামায পড়ে নিতে হবে। (১৪/৪৩৪/৫৬৬২)

📖 الفتاوى الهندية (دارالكتب العلمية) ١/ ٥١ : [الفصل الثاني في الأعيان النجسة] وهي نوعان (الأول) المغلظة وعفي منها قدر الدرهم واختلفت الروايات فيه والصحيح أن يعتبر بالوزن في النجاسة المتجسدة وهو أن يكون وزنه قدر الدرهم الكبير المثقال وبالمساحة في غيرها وهو قدر عرض الكف .

📖 مراقى الفلاح (المكتبة العصرية) صـ ٦٨ : وإذا نسي محل النجاسة فغسل طرفا من الثوب بدون تحر حكم بطهارته على المختار ولكن إذا ظهرت في محل آخر أعاد الصلاة -

📖 فتاوی رحیمیہ (زکریا) ۴/ ۵۴ : جواب- مذی ایسی نجاست غلیظہ ہے جو بہنے والی ہے اور نجاست غلیظہ جو بہنے والی ہو، وہ مساحت کف یعنی ہتھیلی کے گڑھے کے برابر (ایک روپیہ کے سکہ کے برابر) معاف ہے لہٰذا مذی مساحت کف کے بقدر یا اس سے کم ہو تو اسے کم مقدار کہا جائے گا اور اگر مساحت کف سے زیادہ ہو تو اسے کثیر مقدار کہا جائے گا اس لئے کہ مذی اگر کپڑے پر لگی ہو اور پھیلاؤ میں مساحت کف سے کم ہے اور کسی وجہ

Scanned by CamScanner

سے اس کے ساتھ نماز پڑھ لی تو نماز ہو جائیگی دہرانے کی ضرورت نہیں،... ... اور معافی کا مطلب یہ ہے کہ اس کے ساتھ نماز پڑھ لی اور بعد میں اس قلیل نجاست کا علم ہوا تو نماز کے اعادہ کی ضرورت نہیں یا جماعت کے ساتھ نماز پڑھ رہا ہے اور نماز کے دوران اسی نجاست کا علم ہو اور نماز توڑنے میں جماعت فوت ہونے کا خوف ہو تو نماز نہ توڑے، اور اگر جماعت فوت ہونے کا خوف نہ ہو یا تنہا نماز پڑھ رہا ہو اور قضاء ہونے کا اندیشہ نہ ہو تو افضل یہ کہ نماز توڑدے اور نجاست زائل کر کے نماز پڑھے، قضاء ہونے کا اندیشہ ہو تو نماز نہ توڑے، معافی کا مطلب یہ نہیں ہے کہ دھونے کو ضروری نہ سمجھے بلکہ اولین فرصت میں اسے دھولینا چاہئے۔

📖 خیر الفتاوی (زکریا) ۲/ ۱۶۹ : سوال- سڑک سے گزرتے ہوئے نالی کی کچھ چھینٹیں کپڑوں میں پڑ گئی تھیں،... ... توکیا پورے کپڑے کو دھونا ضروری تھا یا کچھ حصہ کو؟
الجواب- بہتر تو یہ ہے کہ سارے کپڑے کو دھولیں، اگر سارے کو نہ دھو سکیں تو سوچ کر کسی ایک حصہ کو دھولیں کپڑا پاک ہو جائے گا۔

নাপাক শুকনা হাতে কোনো কিছু ধরা

প্রশ্ন : হাতে নাপাকি লাগার পর তা শুকিয়ে গেলে ওই হাত দিয়ে কাপড় ধরলে কাপড় নাপাক হবে কি না?

উত্তর : হাতে নাপাকি লাগার পর শুকিয়ে গেলে ওই হাতে শুকনা কাপড় ধরলে তা নাপাক হবে না। (১৭/৯৬২/৭৪১১)

📖 الفتاوي الهندية(زكريا) ١/ ٤٧ : إذا نام الرجل على فراش فأصابه مني ويبس فعرق الرجل وابتل الفراش من عرقه إن لم يظهر أثر البلل في بدنه لا يتنجس وإن كان العرق كثيرا حتى ابتل الفراش ثم أصاب بلل الفراش جسده فظهر أثره في جسده يتنجس بدنه كذا في فتاوى قاضي خان.

Scanned by CamScanner

ঘুমন্ত ব্যক্তির হাত পাক, নাকি নাপাক

প্রশ্ন : রাতে ঘুমানোর পর ভোররাতে বা ফজরের সময় উঠলে তখন হাত নাপাক থাকে কি না? এবং হাত না ধুয়ে কাপড় ধরলে তা নাপাক হবে কি না?

উত্তর : ঘুমানোর পর হাতে কোনো নাপাকি না লাগলে ওই হাত পাক বলে বিবেচিত হবে। ফলে ওই হাতে কাপড় বা অন্য কিছু ধরলে তা নাপাক হবে না। (১৭/৯৬২/৭৪১১)

📖 البناية(دارالفكر) ۱/ ۱۲۹ : وقيل: إنه مستحب للتأكيد في طهارة يده مروي عن مالك، وقوله: إنه واجب على المنتبه من النوم بالليل دون النهار، قاله أحمد لحديث الترمذي وابن ماجه بقوله من الليل، ونحن نقول إن قيد الليل باعتبار الغالب.

النوع الثاني: إن هذا النهي نهي تنزيه لا تحريم حتى لو غمس يده لم يفسد الماء ولم يأثم الغاسل.

যেসব জিনিস নিংড়ানো যায় না তা পাক করার পদ্ধতি

প্রশ্ন: ফিকহের কিতাবগুলোতে আছে, যে সমস্ত জিনিস থেকে চিপে পানি বের করা যায় না যেমন তোশক, পাটি, চাটাই ইত্যাদি এগুলোকে 'নাজাসাতে গাইরে মারঈ' থেকে পাক করার নিয়ম হলো, একবার ধুয়ে এমনভাবে রেখে দেবে, যেন সমস্ত পানি ঝরে যায়। তারপর আবার ধুয়ে রেখে দেবে, এভাবে তিনবার ধুতে হবে। প্রশ্ন হলো, বেশি পানি যেমন নদী বা পুকুরে ধুলে পাক হবে কি না?

উত্তর : প্রশ্নোল্লিখিত জিনিসগুলো ছোট পুকুরে বা অপ্রবাহমান পানিতে তিনবার নড়াচাড়া করলে অথবা বড় পুকুর বা নদীতে তথা পানিতে একবার কিছুক্ষণ ডুবিয়ে রাখলে পাক হয়ে যাবে। পানি ঝরার জন্য রাখতে হবে না। (১০/৬৭৯/৩২৯৫)

📖 الدر المختار مع الرد (سعيد) ۱/ ۳۳۱ : و هذا كله اذا غسل فى اجانة، اما لو غسل فى غدير او صب عليه ماء كثير او جرى عليه طهر بلا شرط عصر وتجفيف و تكرار غمس هو المختار-

Scanned by CamScanner

মাটিতে হাঁটার দ্বারা জুতা পাক হয়ে যায়

প্রশ্ন : জুতা-স্যান্ডেল পরে জমিনের ওপর চলাচলের দ্বারা জুতা 'নাজাসাতে গাইরে মারঈ' থেকে পাক হবে কি না?

উত্তর : জুতা-স্যান্ডেলের নিচে নাপাকি থাকলে তা মাটি বা বালুতে হাঁটার দ্বারা পরিষ্কার হয়ে গেলে পাক হয়ে যায়। (১০/৬৭৯/৩২৯৫)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٢٠٢ : إذا أصابت النجاسة خُفاً أو نعلاً لم يكن لها جرم كالبول والخمر فلا بُدّ من الغسل رطباً كان أو يابساً. وكان القاضي الإمام أبو علي النسفي يحكي عن الشيخ الإمام الجليل أبي بكر محمد بن الفضل رحمه الله إذا أصاب نعله بول أو خمر ثم مشى على التراب أو الرمل ولزق به بعض التراب وجف ومسحه بالأرض يطهر عند أبي حنيفة رحمه الله وهكذا ذكر الفقيه أبو جعفر عن أبي حنيفة رحمه الله. وعن أبي يوسف رحمه الله مثل ذلك إلا أنه لم يشترط الجفاف.

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣١٠ : (وإلا) جرم لها كبول (فيغسل و) يطهر (صقيل) لا مسام له (كمرآة) وظفر وعظم وزجاج وآنية مدهونة أو خراطي وصفائح فضة غير منقوشة بمسح يزول به أثرها مطلقا به يفتى.

📖 رد المحتار (سعيد) ١/ ٣١٠ : بأن ابتل الخف بخمر فمشى به على رمل أو رماد فاستجسد فمسحه بالأرض حتى تناثر طهر، وهو الصحيح بحر عن الزيلعي.

أقول: ومفاده أن الخمر والبول ليس بذي جرم مع أنه قد يرى أثره بعد الجفاف، فالمراد بذي الجرم ما تكون ذاته مشاهدة بحس البصر، وبغيره ما لا تكون كذلك -

Scanned by CamScanner

অল্প নাপাক ছড়িয়ে পড়লে...

প্রশ্ন : যদি কোনো ব্যক্তির কাপড়ে এ পরিমাণ সামান্য নাপাকি লাগে, যে পরিমাণ লাগলে নামায পড়া যায়। উক্ত নাপাক স্থানে যদি পানি লাগার দ্বারা আরো ছড়িয়ে পড়ে তাহলে ওই কাপড় নিয়ে নামায পড়া যাবে কি না?

উত্তর : পানি লাগার কারণে নাপাকি যদি এক দিরহাম তথা হাতের তালুর গর্তের পরিমাণের চেয়ে বেশি বিস্তৃত হয়ে যায়, এমতাবস্থায় ওই কাপড়ে নামায পড়া যাবে না। (১৮/৪১১/৭৬৫০)

📖 رد المحتار (سعيد) ١/ ٣٢٤ : (قوله لو اتصل و انبسط) اى ما يصيب الثوب مثل رؤوس الابر كما هو عبارة القينة و نقلها فى البحر فافهم (قوله ينبغى ان يكون كالدهن الخ) اى فيكون مانعا للصلاة۔

📖 الفتاوى الهندية (دارالكتب العلمية) ١/ ٥٢ : ولو اصاب الثوب دهن نجس اقل من قدر الدرهم ثم انبسط فصار اكثر من قدر الدرهم قال بعضهم: يمنع جواز الصلاة، وبه اخذ الأكثرون هكذا فى السراج الوهاج وبه يؤخذ۔

নাপাকি ধোয়া পানি কাপড়ে লাগার বিধান

প্রশ্ন : যদি কোনো ব্যক্তি পাক পাত্রে নাপাক কাপড় ধৌত করে এবং ধৌত করার সময় বালতি থেকে ব্যবহৃত পানির ছিটা উক্ত কাপড়ে লাগে তাহলে ওই কাপড় নাপাক হবে কি না?

উত্তর : নাপাক কাপড় তিনবার ধৌত করার পর পাক হয়ে যাবে। ধৌত করার সময় ব্যবহৃত পানির ছিটা উক্ত কাপড়ে লাগলে কোনো অসুবিধা নেই। (১৮/৪১২/৭৬৫০)

📖 المحيط البرهانى (دارالكتب العلمية) ١/ ٢٢٣ : والمسألة في «الجامع»، وصورتها: إذا غسل الثوب النجس في إجانة ماء وعصر، ثم غسل في إجانة أخرى وعصر، ثم غسل في إجانة أخرى، وعصر فقد طهر الثوب والمياه كلها نجسة.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٤٢ : ثوب نجس غسل في ثلاث جفان أو في واحدة ثلاثا وعصر في كل مرة طهر لجريان العادة بالغسل. هكذا فلو لم يطهر لضاق على الناس.

মশার রক্ত পাক

প্রশ্ন : আমি একবার নামায অবস্থায় দেখি যে পাঞ্জাবিতে কয়েক জায়গায় মশার রক্ত, সব মিলালে এক দিরহাম থেকে বেশি হবে। এমতাবস্থায় নামায হবে কি না? যদি না হয় তাহলে সে নামাযের হুকুম কী?

উত্তর : মশার রক্ত পাক। তাই আপনার পাঞ্জাবিতে কয়েক জায়গায় লাগা রক্ত মিলে এক দিরহাম পরিমাণ বা এর চেয়ে বেশি হলেও আপনার নামায সহীহ হয়ে গেছে। (১৮/৬৫৬/৭৮০২)

📖 بدائع الصنائع (دارالكتب العلمية) ١/ ٣٦٤ : ودم البق والبراغيث ليس بنجس عندنا، حتى لو وقع في الماء القليل لا ينجسه، ولو أصاب الثوب أكثر من قدر الدرهم لا يمنع جواز الصلاة. وقال الشافعي: هو نجس لكنه معفو عنه في الثوب للضرورة -

📖 فتاوى قاضيخان (أشرفيه) ١/ ١٠ : ودم البق والبعوض و البرغوث لا يفسد عندنا -

📖 بہشتی زیور ٢/ ١٠٣ : (مسئلہ ١٠)... ... اسی طرح مکھی کھٹمل مچھر کا خون بھی نجس نہیں ہے-

বালতিতে রয়ে যাওয়া কয়েক ফোঁটা নাপাক পানির সাথে নতুন পানির মিশ্রণ

প্রশ্ন : আমি জানি যে এক বালতি পানিতে এক ফোঁটা নাপাকি পড়লে ওই পানি নাপাক হয়ে যায়। প্রশ্ন হলো, আমি নাপাক কাপড় এক বালতি পানিতে ডুবিয়ে ধৌত করার পর ওই পানি ফেলে দিয়ে দ্বিতীয়বার বালতি ভরে পানি নিই। এরপর আবার তাতে কাপড় ডুবাই; কিন্তু প্রথমে যে পানি ফেলে দিয়েছি ওই পানি থেকে দু-এক ফোঁটা রয়ে গিয়েছিল। তাহলে দ্বিতীয়বারের পানি নাপাক হবে কি না? এভাবে তিনবার ওই কাপড় ধৌত করলে তা পাক হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : নাপাক কাপড় তিনবার ধৌত করা হলে এবং প্রতিবার খুব ভালো করে নিংড়ানো হলে কাপড় পাক হয়ে যায়। এভাবে কাপড় ধৌত করার সময় বালতিতে লেগে থাকা পানির সাথে নতুন পানি মেশার দ্বারা কোনো অসুবিধা নেই। শরীয়তে এ বিষয়ে কিছুটা শিথিলতা রয়েছে। (১৮/৬৬৫/৭৮১৮)

📖 الفتاوى الهندية (دارالكتب العلمية) ١/ ٤٧ : ثوب نجس غسل في ثلاث جفان أو في واحدة ثلاثا وعصر في كل مرة طهر لجريان العادة بالغسل. هكذا فلو لم يطهر لضاق على الناس.

মজি নাজাসাতে গলীযা

প্রশ্ন : মজি নাজাসাতে গলীযা না খফীফা?

উত্তর : মজি নাজাসাতে গলীযা। (১৮/৭৬৬/৭৮৫৬)

📖 البحر الرائق (دارالكتب العلمية) ١/ ٣٩٩ : أن كل ما يخرج من بدن الإنسان مما يوجب خروجه الوضوء أو الغسل فهو مغلظ كالغائط والبول والمني والمذي -

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣١٨ : (وعرض مقعر الكف) وهو داخل مفاصل أصابع اليد (في رقيق من مغلظة كعذرة) آدمي، وكذا كل ما خرج منه موجبا لوضوء أو غسل مغلظ-
(وبول غير مأكول ولو من صغير لم يطعم) إلا بول الخفاش وخرأه-

মজি লেগে থাকা কাপড়ে নামায

প্রশ্ন : মজি কাপড়ে লাগার পর ওই কাপড় দিয়ে নামায পড়া যাবে কি না? বিস্তারিত জানালে উপকৃত হব?

উত্তর : কাপড়ে লাগা মজি এক দিরহাম তথা হাতের তালুর গর্ত পরিমাণ বা এর চেয়ে কম হলে ওই কাপড় দ্বারা নামায পড়া জায়েয হলেও তা মাকরূহ। পক্ষান্তরে এক দিরহামের

Scanned by CamScanner

চেয়ে বেশি হলে নাপাকি ধৌত করার পূর্বে ওই কাপড় দ্বারা নামায সহীহ হবে না। (১৮/৭৬৬/৭৮৫৬)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣١٦ : (وعفا) الشارع (عن قدر درهم) وإن كره تحريما، فيجب غسله، وما دونه تنزيها فيسن، وفوقه مبطل فيفرض، والعبرة لوقت الصلاة لا الإصابة على الأكثر نهر (وهو مثقال) عشرون قيراطا (في) نجس (كثيف) له جرم (وعرض مقعر الكف) وهو داخل مفاصل أصابع اليد (في رقيق من مغلظة كعذرة) آدمي-

📖 كنز الدقائق (المطبع المجتبائى) ص ١٥ : وعفي قدرالدرهم كعرض الكف من نجس مغلظ كالدم والبول-

📖 البحرالرائق (دارالكتب العلمية) ١/ ٣٩٩ : وأشار بالبول إلى أن كل ما يخرج من بدن الإنسان مما يوجب خروجه الوضوء أو الغسل فهو مغلظ كالغائط والبول والمني والمذي والودي -

📖 فتاوى رحيميه (دارالاشاعت) ۴/ ۲۶۳ : سوال- ... ... مذی لگے ہوئے جسم یا کپڑے میں نماز جائز ہو سکتی ہے یا نہیں؟

الجواب- مذی ناپاک ہے کپڑے اور بدن پر لگنے سے کپڑا اور بدن ناپاک ہو جاتا ہے اس کی مقدار کم ہو تو دھونا واجب نہیں بہتر ہے، مقدار زیادہ ہو تو دھونا ضروری ہو جاتا ہے غسل فرض نہیں ہوتا، البتہ وضو ٹوٹ جاتا ہے۔

পাকা মেঝে ভেজা কাপড় দ্বারা মুছলেও পাক হয়

প্রশ্ন : পাকা ঘরের মেঝেতে বাচ্চারা প্রস্রাব করলে ভেজা কাপড় দ্বারা ফ্লোর মুছলে তা পাক হবে কি না? এবং ওই মেঝেতে নামায পড়া বৈধ হবে? নাকি তাতে পানি ঢেলে পবিত্র করতে হবে?

উত্তর : পাকা ঘরের মেঝেতে বাচ্চারা প্রস্রাব করলে উক্ত জায়গা ভেজা কাপড় দিয়ে মুছে ফেলার দ্বারা প্রস্রাবের চিহ্ন ও দুর্গন্ধ দূর হয়ে গেলে তা পাক হয়ে যাবে, পানি ঢেলে ধৌত করার প্রয়োজন নেই। এতে নামায পড়া বৈধ হবে। (১৫/৫৯৭)

Scanned by CamScanner

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣١١ : (و) تطهر (أرض) بخلاف نحو بساط (بيبسها) أي: جفافها ولو بريح (وذهاب أثرها كلون) وريح (ل) أجل (صلاة) عليها (لا لتيمم) بها؛ لأن المشروط لها الطهارة وله الطهورية. (و) حكم (آجر) ونحوه كلبن (مفروش وخص) بالخاء تحجيرة سطح.

📖 احسن الفتاوی (سعید) ۲/۸۸ : جب فرش خشک ہو جائے اور اس پر نجاست کا اثر اور بدبو نہ رہے تو اس پر نماز درست ہے لیکن تیمم صحیح نہیں۔

গোসলের ছিটা নাপাক নয়

প্রশ্ন : গোসল করার সময় নাপাক শরীর ও কাপড়ের পানি ছিটে পবিত্র কাপড়ে পড়লে পবিত্র কাপড় নাপাক হবে কি না? গোসলখানায় গোসল করলে অনেক সময় এমন অবস্থা হয়ে যায়, পানির ছিটা থেকে বাঁচাও কষ্টসাধ্য হয়ে যায়। উক্ত মাস'আলার সমাধান দেওয়ার অনুরোধ রইল।

উত্তর : গোসল করার সময় নাপাক শরীর ও কাপড়ের সামান্য পানি ছিটে পাক কাপড়ে পড়লে পাক কাপড় নাপাক হবে না। (১৫/৫৯৭)

📖 تبيين الحقائق (امداديه) ١ /٧٥ : وأما البول المنتضح قدر رءوس الإبر فمعفو للضرورة وإن امتلأ الثوب وعن أبي يوسف وجوب غسله؛ لأنه نجس حقيقة قلنا: لا يستطاع الامتناع عنه فسقط حكمه وقوله قدر رءوس الإبر يشير إلى أنه إذا كان قدر جانبها الآخر يعتبر والحكم أنه لا يعتبر للضرورة.

পানির ট্যাংকিতে কাক পড়ে মরে গেলে করণীয়

প্রশ্ন : মসজিদে মুসল্লিদের ওজু-গোসলের সুবিধার জন্য দুটি ট্যাংকির ব্যবস্থা আছে। একটি ট্যাংকি ৫+৩+৩ হাত, যার অবস্থান পাঁচতলার ওপর। অপর ট্যাংকি ৮+৭+৩ হাত, যার অবস্থান তিনতলার ওপর। নিচের হাউজ থেকে মেশিনের সাহায্যে পানি উঠিয়ে ট্যাংকিগুলো ভর্তি করে তা ব্যবহারের জন্য সাপ্লাই দেওয়া হয়। একটি ট্যাংকির

Scanned by CamScanner

সাথে অপর ট্যাংকির এমনভাবে সংযোগ রয়েছে যে নিচের ট্যাংকির পানি কমে গেলে ওপরের ট্যাংকি হতে পানি এসে তাতে পড়ে। উক্ত ট্যাংকিদ্বয়ের ওপরের ট্যাংকিতে সবার অজান্তে একটি কাক পড়ে মারা যায় এবং কাকটির শরীর হতে কিছু অংশ গলে পানির সাথে আসতে থাকলে বিষয়টি জানা যায়। অতঃপর কাকটি বের করে ট্যাংকি ধুয়ে পরিষ্কার করা হয়। উল্লেখ্য, অধিকাংশ সময় ট্যাংকিতে পানি সরবরাহ এবং প্রায় সর্ব সময়ই পানির ব্যবহার চালু থাকে।

এখন প্রশ্ন : (ক) ট্যাংকিগুলোর পানি দ্বারা ওজু-গোসল করে যেসব ইবাদত-বন্দেগি করা হয়েছে, তা সহীহ হয়েছে কি না?

(খ) কাকটি পড়ার দরুন পানি নাপাক হয়ে থাকলে উভয় ট্যাংকির পানি নাপাক হয়েছে কি না?

(গ) উল্লিখিত তরীকায় পরিষ্কার করার দ্বারা ট্যাংকি পাক হয়েছে কি না?

উত্তর : মেশিনের সাহায্যে ট্যাংকিতে পানি সরবরাহ ও ব্যবহারের সময় কোনো নাপাক বস্তু দ্বারা পানি নাপাক হবে না। যদিও ট্যাংকি ১০০ বর্গহাত থেকে ছোট হয়। আর সরবরাহ বা ব্যবহার বন্ধ থাকাবস্থায় নাপাক বস্তু দ্বারা পানি নাপাক হওয়া নিয়ে ফিকাহবিদগণের মাঝে যদিও মতবিরোধ আছে। তথাপি সমস্যা জটিল হয়ে পড়লে পানি পাক বলে ধরে নেওয়ার অবকাশ আছে। তাই ট্যাংকির পানি উভয় অবস্থায় পাক বলে ধরে নেওয়া যাবে, যদি পানির রং, ঘ্রাণ ও স্বাদ কোনো একটির পরিবর্তন না হয়ে থাকে। ওই পানি দ্বারা অর্জিত সব ধরনের পবিত্রতা ও তদ্বারা কৃত ইবাদত-বন্দেগী সহীহ হয়েছে। এরপরও কারো মনে খটকা লাগলে পূর্ববর্তী তিন দিনের ফরয ও ওয়াজিব নামায পুনরায় পড়ে নেবে। (৪/৪২৮/৭৮৮)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ١٩٥ : ثم المختار طهارة المتنجس بمجرد جريانه وكذا البئر وحوض الحمام. (قوله: بمجرد جريانه) أي بأن يدخل من جانب ويخرج من آخر حال دخوله وإن قل الخارج بحر. قال ابن الشحنة: لأنه صار جاريا حقيقة، وبخروج بعضه رفع الشك في بقاء النجاسة فلا تبقى مع الشك.

📖 رد المحتار (سعيد) ١ / ١٨٩ : قد اعتيد في بلادنا إلقاء زبل الدواب في مجاري الماء إلى البيوت لسد خلل تلك المجاري المسماة بالقساطل فيرسب فيها الزبل ويجري الماء فوقها فهو مثل مسألة الجيفة، وفي ذلك حرج عظيم إذا قلنا بالنجاسة، والحرج مدفوع بالنص وبالقاعدة المشهورة من أن المشقة تجلب التيسير، وبما

Scanned by CamScanner

فرعوا عليها فإذا منعوا من الانتفاع بتلك الحياض لما فيها من الزبل يلزمهم الحرج الشديد كما هو مشاهد، فاحتياجهم إلى التوسعة أشد من احتياج أرباب الدواب.

وقد قال في شرح المنية: المعلوم من قواعد أئمتنا التسهيل في مواضع الضرورة والبلوى العامة كما في مسألة آبار الفلوات ونحوها.

মজি ক্ষয়রোগে আক্রান্তের পবিত্রতার বিধান

প্রশ্ন : আমি এমবিবিএস ডাক্তারি পড়ি। আমার বয়স ২৩ বছর। চার মাস ধরে আমার অত্যধিক মজি নির্গত হচ্ছে। দিনেরবেলা অনেক সময় তিন- চারবারও নির্গত হয়। প্রায় প্রতিবারই প্রস্রাব করতে গেলে পুরুষাঙ্গের অগ্রভাগে শুকনা মজি দেখা যায়। তবে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে, কাপড়ে লাগার ব্যাপারটি। কাপড়ে কোথায় লেগেছে তা বের করতে খুব খোঁজাখুঁজি করতে হয়, শুকিয়ে গেলে কাপড়ের কোথাও কোনো দাগ পাওয়া যায় না। কখনো পুরুষাঙ্গের মাথায় শুকনা মজি আছে; কিন্তু জাংগিয়ায় দাগ বোঝা যায় না। লুঙ্গিতে ভেজা মজি থাকলেও খুঁজে পাওয়া খুবই কষ্টকর। আবার একটি ছোট বইতে আবু দাউদ শরীফ তিরমিযী শরীফ এসব হাদীসগ্রন্থের উদ্ধৃতি দিয়ে লেখা আছে যে কাপড়ে মজি লাগলে তা নাকি ধুতে হয় না, শুধু উক্ত স্থানে পানি ছিটিয়ে দিলেই চলে। আর আমি ব্যক্তিগতভাবে যতটুকু সম্ভব পবিত্র ও সৎ থাকি। এমতাবস্থায় আমাকে বারবার কাপড় ধুয়ে পবিত্রতা হাসিল করা খুব কষ্টকর হচ্ছে। এ ক্ষেত্রে কী করণীয়?

উত্তর : মজি শরয়ী বিধানের দিক থেকে প্রস্রাবেরই মতো। কাপড়ের যেখানে লাগে শুধুমাত্র ওই জায়গা ভালোভাবে ধুলেই পাক হয়ে যাবে। যদি কোথায় লেগেছে তা নির্দিষ্ট করে বলা না যায় তখন সম্ভব হলে পুরা কাপড়টি ধুয়ে ফেলা ভালো। আর তা কষ্টকর হলে ভালোভাবে সন্ধান করে যেকোনো একটি কোণ ধুলেও চলবে। এ ছাড়া নাপাকির পরিমাণ হিসেবে মাস'আলার কিছু তারতম্য হয়। নাপাকির পরিমাণ হাতের তালুর গহ্বরের চেয়ে বেশি হলে ধুয়ে পরিষ্কার করা জরুরি। কম বা সমান হলে প্রয়োজনে না ধুয়েও নামায পড়ার অনুমতি আছে। বিনা প্রয়োজনে এ রকম কাপড় দ্বারা নামায মাকরূহ হবে। (৫/৩৫৩/৯৫)

৩. সব সময় ফজরের আযান সূর্যোদয়ের ১৫° পূর্বে দেওয়া কতটুকু শরীয়তসম্মত? দলিলসহ জানালে খুশি হব।

বি: দ্র:. ফজরের আযান ফজরের ওয়াক্তের পূর্বে দেওয়া জায়েয হওয়ার ব্যাপারে 'বাদায়েউস সানায়ে'সহ কয়েকটি ফতওয়ার কিতাবে ইমাম আবু ইউসুফ ও ইমাম শাফেয়ী (রহ.)-এর মত থাকলেও 'তাবঈনুল হাক্বায়েক্ব'সহ বেশ কয়েকটি ফতওয়ার

Scanned by CamScanner

নির্ভরযোগ্য কিতাব থেকে বোঝা যায় উক্ত মতটি غیر مفتی بہ ফতওয়াযোগ্য নয়। বরং
জায়েয না হওয়াই مفتی بہ তথা ফতওয়াযোগ্য মত।

উত্তর : ১. মহাকাশ বিশেষজ্ঞদের অধিকাংশের মতে, সুবহে সাদিক ১৮°-এর ওপর হয়।
তাই এ উক্তি মতে ১৫°-এর সময়, অর্থাৎ ১৮°-এর পর ফজরের নামায আদায় করলে
অবশ্যই সহীহ হবে এবং সাহরী ১৮°-এর পরে খেলে রোজা নষ্ট হয়ে যাবে। কিন্তু কারো
কারো মতে ১৫°-এর ওপর সুবহে সাদিক হয়। এ দৃষ্টিকোণে ১৫°-এর পূর্বে ফজরের
নামায সহীহ হবে না, সাহরীও ১৫° পর্যন্ত খাওয়া যাবে। উভয় মতের দিকে লক্ষ রেখে
সতর্কতামূলক ১৮° পর সাহরী খাওয়া নিষেধ এবং ১৫° পূর্বে ফজর নামায আদায় না
করা উচিত বলে আমরা ফতওয়া দিয়ে থাকি এবং এখান থেকে প্রকাশিত ক্যালেন্ডারেও
তাই বলা হয়েছে।

২. পশ্চিমাকাশের সূর্য ১৫° নিচে নেমে গেলে شفق احمر শেষ হয়ে যায়। ইমাম আবু
ইউসুফ ও মুহাম্মদ (রহ.)-এর নিকট তখন এশার নামাযের সময় শুরু হয়। পক্ষান্তরে
ইমাম আবু হানীফা (রহ.)-এর নিকট شفق ابیض তথা ১৮° শেষ হলে এশার সময় শুরু
হয়। সুতরাং সূর্য ১৮° নিচে নামার পূর্বে এশার নামায আদায় করা মোটেই সমীচীন
নয়। এ ক্ষেত্রে সতর্কতা হলো ১৫°-১৮° পর্যন্ত না মাগরিব পড়া উচিত না এশা পড়া।

৩. রমাজান মাস ছাড়া অন্য মাসে মতানৈক্য থেকে বাঁচার জন্য ১৫°-এর সময় ফজরের
আযান দেওয়াই উত্তম। তবে ১৮°-এর সময় আযান দিলে হয়ে যাবে, কেননা মহাকাশ
বিশেষজ্ঞদের অধিকাংশই বলেছেন যে সূর্য ১৮° তে এলে সুবহে সাদিক হয়ে যায়।
(১৬/৪৩০/৬৫৫৫)

📖 احسن الفتاوی (سعید) ۲ /۱۲۵ : إن انحطاط الشمس تحت الافق متى
كان ثمانية عشر جزءًا كان ذلك وقت طلوع الفجر فى المشرق
ووقت مغيب الشفق فى المغرب، ولما لم يكن شيئا معينا بل
بالأول مختلطا اختلف فى هذا القانون فرآه بعضهم سبعة عشر
جزءا- (القانون المسعودى لابى ريحان البيرونى ۲ /۹۴۹)

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۱ /۴۰۱ : صبح صادق طلوع آفتاب سے ۱۸°
درجہ پہلے ہوتی ہے، جس کی مقدار گھنٹوں کے حساب سے ایک گھنٹہ ۱۵ منٹ ہوتی ہے،
اور صبح کاذب وصادق میں تین درجہ کا تفاوت ہے، یعنی صبح کاذب صبح صادق سے ۱۲ منٹ

Scanned by CamScanner

پہلے ہوتی ہے، لیکن احتیاط یہ ہے کہ سحری طلوع آفتاب سے ڈیڑھ گھنٹہ پہلے ترک کردی جائے۔

📖 نوادر الفقہ (مکتبۂ دار العلوم کراچی) ۱/ ۲۲۰ : موسم گرما کے وہ ایام جن میں شفق ابیض بہت تاخیر سے غائب ہوتی ہے اور آفتاب کے اٹھارہ درجے زیر افق پہنچنے تک اسکے انتظار کرنے سے واقعۃ حرج لازم ہوتا ہے تو ان ایام میں حضرات صاحبین اور ائمہ ثلاثہؒ کے قول پر عمل کرنے کی گنجائش ہے، کیونکہ صاحبین اور ائمہ ثلاثہ کے نزدیک عشاء کا وقت غروب شفق احمر سے شروع ہوجاتا ہے اور اہل ریاضی کے قول سے معلوم ہوتا ہے کہ شفق احمر کا غروب اس وقت ہوتا ہے جب آفتاب پندرہ درجہ زیر افق پہنچ جائے۔

📖 فتاوی عثمانی (مکتبۂ معارف القرآن) ۱/ ۳۵۲

সূর্যোদয়ের সময় আদায়কৃত নামায কাযা করতে হবে

প্রশ্ন : জনৈক ব্যক্তি ফজরের নামায আদায় করার সময় মনে করেছিল ওয়াক্ত আছে। নামায আদায় করার পর ঘড়ি ও ক্যালেন্ডারের সাথে মিলিয়ে দেখে যে যখন সে নামায আদায় করেছে তখন সূর্য উদিত অবস্থা, শরীয়তে তখন নামায পড়া নিষেধ। যেমন কেউ ১২ জুলাই পটুয়াখালীতে ৫টা ২৫ মিনিটে ফজরের নামায আদায় করেছে। এখন উক্ত নামায পুনরায় কাযা আদায় করতে হবে কি না? যদি কাযা আদায় করতে হয় তবে সুন্নাতের কাযাও আদায় করতে হবে কি না?

উত্তর : সূর্যোদয়ের সূচনা থেকে ১০ মিনিট পর্যন্ত নামায পড়া নিষিদ্ধ। ভুলবশত ফজরের ফরয বা সুন্নাত ওই সময়ের কোনো অংশে পড়লে তা পুনরায় কাযা করতে হয়। সুন্নাত সূর্যোদয়ের পূর্বে পড়া হলে শুধু ফরয কাযা করতে হবে। আর সুন্নাত ওই নিষিদ্ধ সময়ের ভেতরে পড়া হলে যাওয়ালের পূর্ব পর্যন্ত সুন্নাতসহ কাযা করবে। উল্লেখ্য, সঠিক হিসাব মতে, ১২ জুলাই পটুয়াখালী সূর্যোদয়ের সূচনা ৫টা ২৩ মিনিট থেকে হয়। (৮/২৮৬/২১২৩)

📖 البحر الرائق (سعيد) ١/ ٢٥١ : وأشار إلى أن فجر يومه يبطل بالطلوع والفرق بينهما أن السبب في العصر آخر الوقت وهو وقت التغير وهو ناقص فإذا أداها فيه أداها كما وجبت ووقت الفجر كله كامل فوجبت كاملة فتبطل بطرو الطلوع الذي هو وقت فساد لعدم الملاءمة بينهما .

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ / ٣٧٣ : (قوله: بخلاف الفجر إلخ) أي فإنه لا يؤدي فجر يومه وقت الطلوع؛ لأن وقت الفجر كله كامل فوجبت كاملة، فتبطل بطرو الطلوع الذي هو وقت فساد.

📖 فتح القدير (مكتبه حبيبيه) ١ / ٤٧٢ : (قوله وإنما تقضى) أي سنة الفجر تبعا له: أي الفجر: أي صلاة الصبح إذا كانت معها وهو يصلي: أي يقضي صلاة الصبح بجماعة أو وحده على الخلاف إلى وقت الزوال فلو لم يقضها حتى زالت الشمس ففي قضائها اختلاف المشايخ .

সূর্যোদয় ও সূর্যাস্ত কখন থেকে গণ্য হবে

প্রশ্ন : সূর্যোদয় ও সূর্যাস্ত কখন থেকে ধরা হবে–সূর্য পুরোপুরি উঠে গেলে বা পুরো ডুবে গেলে, নাকি সূর্য ওঠা এবং ডোবা শুরু হলে?

উত্তর : সূর্য ওঠা এবং ডোবা শুরু হলেই সূর্যের উদয় হয়েছে বা সূর্য অস্ত গেছে গণ্য করা হবে। (১৪/৯১৫/৫৭৯১)

📖 رد المحتار (سعيد) ١ / ٣٧١ : وما دامت العين لا تحار فيها في حكم الشروق كما تقدم في الغروب أنه لا يصح كما في البحر. أقول: ينبغي تصحيح ما نقلوه عن الأصل للإمام محمد من أنه ما لم ترتفع الشمس قدر رمح فهي في حكم الطلوع.

ইশরাক সূর্যোদয়ের ২৩ মিনিট পর নাকি ১০ মিনিট পর

প্রশ্ন : ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত এবং বিভিন্ন প্রকাশনালয় থেকে প্রচারিত নামায-রোজার চিরস্থায়ী ক্যালেন্ডারে ফজরের নামাযের পর সূর্য ওঠার ২৩ মিনিট পর ইশরাকের নামায পড়তে বলা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় দারুল ইফতা বসুন্ধরা থেকে নামাযের যে চিরস্থায়ী ক্যালেন্ডার প্রকাশ করা হয়েছে তাতে ইশরাকের নামায ১০ মিনিট পর আদায় করার কথা উল্লেখ রয়েছে। তাই জানার বিষয় হলো, ২৩ মিনিট এবং ১০

Scanned by CamScanner

মিনিটের মাঝে ব্যবধান কী? তার মাঝে কোনটি বেশি শুদ্ধ এবং আপনাদের ১০ মিনিট বলার ব্যাপারে শরীয়তের দিকনির্দেশনা কী? বিস্তারিত জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : সূর্যোদয়ের কত সময় পর ইশরাক নামাযের সময় আরম্ভ হয় এ বিষয়ে ফিকাহবিদগণের মধ্যে দ্বিমত রয়েছে। কিছু ফকীহর মতে, সূর্য দুই বর্শা সমপরিমাণ ওপরে উঠলে ইশরাক নামাযের সময় আরম্ভ হবে, তবে অধিকাংশ ফকীহগণ এক বর্শা পরিমাণ বলেছেন। এ ব্যাপারে আসল মাসআলা হলো, আকাশ পরিষ্কার থাকাবস্থায় সূর্যোদয়ের পর যতক্ষণ পর্যন্ত সূর্যের দিকে খোলা চোখে স্বাভাবিকভাবে তাকানো যায় ততক্ষণ পর্যন্ত নামায পড়া নিষেধ। আর সূর্য কিরণ ছড়ানোর সাথে সাথে যখন তার প্রতি স্বাভাবিকভাবে তাকানো সম্ভব হয় না তখন থেকে ইশরাকের সময় শুরু হয়। উল্লেখ্য, সূর্যোদয়ের সময়কে উপমহাদেশের মুফতীয়ানে কেরাম বিভিন্ন স্থানে বারবার প্রত্যক্ষ ও পর্যবেক্ষণ করার পর এ কথায় একমত হয়েছেন যে সূর্যোদয়ের ১০ মিনিট পর হতে তার দিকে তাকালে তেজ/কিরণ পরিলক্ষিত হয়, যাকে কিতাবের ভাষায় এক বর্শার সমপরিমাণ ওপরে ওঠার পর বলা হয়েছে। যার পরিমাণ ১০ মিনিট ধরা হয়েছে। তাই ওই সময় হতে ইশরাকের সময় আরম্ভ হয়ে যাবে। তবে কেউ ২০-২৩ মিনিট অপেক্ষা করে ইশরাক নামায পড়লেও কোনো আপত্তি নেই। (১২/৬৬১)

📖 مصنف ابن أبي شيبة (إدارة القرآن) ٥/ ٦٢ (٧٨٨٦) : عن علي: أنه رآهم يصلون الضحى عند طلوع الشمس، فقال: «هلا تركوها حتى إذا كانت الشمس قدر رمح أو رمحين صلوها، فتلك صلاة الأوابين» -

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٢٧٧ : بقي الكلام في الوقت الذي تباح فيه الصلاة: إذا طلعت الشمس، والمذكور في «الأصل» : إذا طلعت حتى ارتفعت قدر رمحين أو قدر رمح تباح الصلاة، وكان الشيخ الإمام الجليل أبو بكر محمد بن الفضل رحمه الله يقول: ما دام الإنسان يقدر على النظر إلى قرص الشمس، فالشمس في الطلوع لا تباح فيه الصلاة، فإذا عجز عن النظر تباح فيه الصلاة، وقال الشيخ الإمام أبو محمد عبد الله بن الفضل ما دامت الشمس محمرة أو مصفرة على رؤوس الحيطان والجبال

Scanned by CamScanner

والأشجار فهي في الطلوع، فلا تحل الصلاة. فإذا ابيضت فقد طلعت وحلّت الصلاة.

📖 رد المحتار (سعيد) ١ /٣٧١ : (قوله: مع شروق) وما دامت العين لا تحار فيها في حكم الشروق كما تقدم في الغروب أنه لا يصح كما في البحر ح. أقول: ينبغي تصحيح ما نقلوه عن الأصل للإمام محمد من أنه ما لم ترتفع الشمس قدر رمح فهي في حكم الطلوع؛ لأن أصحاب المتون مشوا عليه في صلاة العيد حيث جعلوا أول أوقاتها من الارتفاع ولذا جزم به هنا في الفيض ونور الإيضاح.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ١/ ٤٠٧ : طلوع آفتاب سے دس منٹ کے بعد وقت شروع ہو جاتا ہے۔

📖 احسن الفتاوی (سعید) ٢/ ١٤٣ : چنانچہ حسب ہدایت مشاہدات سے ثابت ہوا کہ طلوع سے نو منٹ بعد آفتاب میں معہود تمازت آگئی اور غروب سے تیرہ منٹ قبل مکروہ وقت شروع ہوا، یہ فیصلہ بہت احتیاط سے کیا گیا ہے، ورنہ حقیقت یہ ہے کہ مکروہ وقت دونوں جانب اس سے بھی کچھ کم تھا۔

সূর্যোদয়ের পর নিষিদ্ধ সময়ের পরিমাণ

প্রশ্ন : ফজরের পর সূর্য ওঠা আরম্ভ হওয়ার পর কত মিনিট পর্যন্ত নামায পড়া নিষেধ? প্রচলিত ক্যালেন্ডারে ২৩ মিনিট বিলম্ব করার কথা আছে, বসুন্ধরার ক্যালেন্ডারে ১০ মিনিটের কথা আছে, কোনটি সঠিক?

মুফতী মানসুরুল হক সাহেব তাঁর ফতওয়ায়ে রাহমানিয়ায় বলেছেন, "ফজরের পরে সূর্য ওঠা আরম্ভ হওয়ার পর থেকে এক তীর পরিমাণ (যার পরিমাণ নির্ভরযোগ্য মত অনুযায়ী ৯ মিনিট) নামায পড়া নিষেধ। তবে প্রচলিত ক্যালেন্ডারে সতর্কতার জন্য কিছু বেশি বিলম্বের কথা লেখা হয়েছে। হযরত মাওলানা আবরারুল হক সাহেব হারদূয়ী দাঃ বাঃ ১৫ মিনিট বিলম্বের কথা বলে থাকেন। আমলের জন্য এটাই উত্তম।"

প্রশ্ন হলো, যদি এক তীর পরিমাণ ৯ মিনিট হয় তাহলে বসুন্ধরা ক্যালেন্ডারে ১০ মিনিট বলা হয়েছে কেন? অথচ হারদূয়ী (রহ.) ১৫ মিনিট বিলম্বের কথা আমলের জন্য উত্তম বলেছেন এর কারণ কী?

Scanned by CamScanner

প্রচলিত ক্যালেন্ডার যা মুফতী আমীমুল ইহসান মুজাদ্দেদী সাহেব (রহ.) কর্তৃক প্রণীত, তাতে ২৩ মিনিটের কথা আছে। এখন প্রশ্ন, যদি হারদূয়ী হযরতের কথামতো সতর্কতামূলক আমরা ১৫ মিনিট বিলম্ব করতে পারি তাহলে সতর্কতামূলক ২৩ মিনিট বিলম্ব করলে অসুবিধা কোথায়?

সূর্যোদয়ের পর যে ১০ মিনিট বিলম্বের কথা আছে তা কি বিশ্বের অন্যান্য মুসলিম দেশে (যেমন–আরব, মিসর) পালিত হয়?

উত্তর : সূর্যোদয়ের সূচনা থেকে কতক্ষণ পর্যন্ত নামায পড়া নিষিদ্ধ, এটা ঘড়িনির্ভর নয়। বরং এর সম্পর্ক সম্পূর্ণভাবে মুশাহাদা ও স্বচক্ষে সূর্য দেখার সাথে। সূর্য যখন এমন আলোকিত হয়, যার দরুন তার প্রতি সাধারণত স্বাভাবিকভাবে দৃষ্টি নিবদ্ধ করা কষ্ট হয়, তখন নামায পড়া সহীহ হয়; এর পূর্বে নয়। মৌসুম এবং পরিবেশের কারণে সব সময় ওই স্তরটা বোঝা কষ্টসাধ্য। তাই ফুকাহায়ে কেরাম আরো একটি সহজ পদ্ধতি বর্ণনা করেছেন। তা হলো সূর্য দিগন্ত থেকে এক বর্শা (প্রায় ৯ ফুট) পরিমাণ উঁচু হয়ে যাওয়ার পর নামায পড়া সহীহ হবে। প্রতিদিন ওই উচ্চতা দেখাও সম্ভব নয় বিধায় উলামায়ে কেরাম অনেক তাহকীক ও বারবার স্বচক্ষে দেখার পর সূর্য এক বর্শা উঁচু হওয়ার পরিমাণ মিনিটের হিসাবে বর্ণনা করেছেন। এখন মিনিটের হিসাব বর্ণনায় যেসব মতামত পাওয়া যাচ্ছে, তার মধ্যে কোনটা সঠিক তা নির্ণয় করার সহজ উপায় হলো স্বচক্ষে বারবার সূর্যের উচ্চতা পর্যবেক্ষণ করা এবং কত মিনিটে সূর্য দিগন্ত থেকে এক বর্শা পরিমাণ উঁচু হয় তা যাচাই করা। যদি ৯-১০ মিনিটে হয়ে যায় তাহলে এরপর নামায নিষিদ্ধ বলার অবকাশ থাকে না। সুতরাং আপনি দেখে এ বিষয়ের সত্যতা যাচাই করতে পারেন। (৯/৮০২/২৮৩০)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٢٧٧ : بقي الكلام في الوقت الذي تباح فيه الصلاة: إذا طلعت الشمس، والمذكور في «الأصل» : إذا طلعت حتى ارتفعت قدر رمحين أو قدر رمح تباح الصلاة، وكان الشيخ الإمام الجليل أبو بكر محمد بن الفضل رحمه الله يقول: ما دام الإنسان يقدر على النظر إلى قرص الشمس، فالشمس في الطلوع لا تباح فيه الصلاة، فإذا عجز عن النظر تباح فيه الصلاة، وقال الشيخ الإمام أبو محمد عبد الله بن الفضل ما دامت الشمس محمرة أو مصفرة على رؤوس الحيطان والجبال والأشجار فهي في الطلوع، فلا تحل الصلاة. فإذا ابيضت فقد طلعت وحلّت الصلاة -

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ /٣٧١ : (قوله: مع شروق) وما دامت العين لا تحار فيها في حكم الشروق كما تقدم في الغروب أنه لا يصح كما في البحر ح. أقول: ينبغي تصحيح ما نقلوه عن الأصل للإمام محمد من أنه ما لم ترتفع الشمس قدر رمح فهي في حكم الطلوع؛ لأن أصحاب المتون مشوا عليه في صلاة العيد حيث جعلوا أول أوقاتها من الارتفاع ولذا جزم به هنا في الفيض ونور الإيضاح .

📖 امدادالاحکام (دارالعلوم کراچی) ۱/ ۴۰۷ : طلوع آفتاب سے دس منٹ کے بعد وقت شروع ہو جاتا ہے۔

📖 احسن الفتاوی (سعید) ۲ / ۱۴۱ : طلوع آفتاب سے کتنی دیر بعد اور غروب آفتاب سے کتنی دیر پہلے نماز پڑھنا جائز ہے اور کیا وقت کی کوئی ایسی مقدار مقرر ہے؟

الجواب-اس بارہ میں اصل ضابطہ جو پوری دنیا کیلئے کارآمد ہے وہ یہ ہے کہ جب تک آفتاب طلوع کے بعد اس کیفیت پر رہے کہ اس کو دیر تک دیکھنے میں آنکھوں کو دشواری اور خیرگی نہ ہو اسوقت تک نماز پڑھنا جائز نہیں، اسی طرح عصر میں جب یہ کیفیت ہو جائے تو نماز مکروہ ہے الا عصر یومہ، ایک دوسرا معیار بھی فقہاء نے تحریر فرمایا ہے وہ یہ ہے کہ جب آفتاب طلوع کے بعد افق سے ایک رمح کی مقدار بلند ہو جائے تو نماز پڑھنا درست ہے، اسی طرح عصر کے بعد جب آفتاب کی بلندی افق سے ایک رمح کی مقدار سے کم ہونے لگے تو نماز درست نہیں الا عصر یومہ، رمح کی مقدار بارہ بالشت ہے۔

📖 فیہ ایضا ۲/ ۱۴۳ : چنانچہ حسب ہدایت مشاہدات سے ثابت ہوا کہ طلوع سے نو منٹ بعد آفتاب میں معہود تمازت آگئی اور غروب سے تیرہ منٹ قبل مکروہ وقت شروع ہوا، یہ فیصلہ بہت احتیاط سے کیا گیا ہے، ورنہ حقیقت یہ ہے کہ مکروہ وقت دونوں جانب اس سے بھی کچھ کم تھا۔

মধ্যাহ্ন ও সূর্যাস্তের পূর্বে মাকরূহ ওয়াক্তের পরিমাণ

প্রশ্ন : সিলেট ও তার পার্শ্ববর্তী এলাকায় নামাযের সময়সূচি নির্ধারণ দীর্ঘদিন থেকে প্রচলিত একটি ক্যালেন্ডারের অনুপাতে করা হয়, ক্যালেন্ডারের প্রণেতা হলেন প্রখ্যাত আলেমে দ্বীন সিলেট আলিয়ার সাবেক মুদাররিস মাওলানা মুছাদ্দির আলী কাসেমী (রহ.)। উক্ত ক্যালেন্ডারের নিম্নাংশে লিখিত রয়েছে যে তিনটি সময়ে নামায পড়া

Scanned by CamScanner

মাকরূহ। ১. সূর্যোদয়ের সময় হতে ২৩ মিনিট পর্যন্ত, ২. সূর্য বরাবর মাথার ওপর হওয়ার সময় হতে পরবর্তী ২৩ মিনিট পর্যন্ত। কিন্তু জনৈক মাওলানা সাহেবের সংক্ষিপ্ত আলোচনা দ্বারা বুঝতে পারলাম যে উক্ত ক্যালেন্ডারে লিখিত মাকরূহ ওয়াক্তের সীমা নির্ধারণ ঠিক নয়। বরং সূর্যোদয় ও সূর্যাস্তের সময় ১০ মিনিটের মধ্যেই কারাহাত দূর হয়ে যায় এবং দ্বিপ্রহরের সময় মাত্র ৫ মিনিটের প্রয়োজন হয়। বিস্তারিত প্রমাণাদি সহকারে জানার ইচ্ছা পোষণ করলে মাওলানা সাহেব ঐতিহ্যবাহী মারকাযুল ফিকরিল ইসলামীর তাহক্বীকাতে আলিয়ার দিকে প্রত্যাবর্তন করার পরামর্শ দেন।

উত্তর : প্রত্যক্ষ দেখাই নামাযের সময় জানার মূল ভিত্তি; কিন্তু দেখে সময় ঠিক করা সকলের জন্য এবং সব সময় সম্ভব হয় না বিধায় সঠিক হিসাবের ভিত্তিতে প্রস্তুতকৃত সময়সূচির ওপর আমলের সুযোগ রয়েছে, তবে এর জন্য জরুরি শর্ত হলো হিসাবের ফর্মুলা এবং অংক সহীহ হয়েছে কি না, তা নির্ভরযোগ্য অভিজ্ঞ আলেমের মাধ্যমে যাচাই করে সঠিক প্রমাণিত করা। এরূপ সঠিক প্রমাণিত সময়সূচিতে প্রদত্ত সূর্যোদয়ের সময় থেকে ১০ মিনিট পর্যন্ত, দ্বিপ্রহরের সময় ৬ মিনিট পর্যন্ত এবং সূর্যাস্তের পূর্বে ১০ মিনিট নামায মাকরূহ তথা নিষিদ্ধ। দ্বিপ্রহরের সময় মূলত মাকরূহ ওয়াক্ত হলো মধ্য আকাশে সূর্য স্থির থাকাকালীন মাত্র, কিন্তু সতর্কতামূলক মূল সময়ের পূর্বে ও পরে ৩ মিনিট করে ৬ মিনিট নামায পড়তে নিষেধ করা হয়। (৮/৪৪৬/২১৪৫)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٢٧٧ : بقي الكلام في الوقت الذي تباح فيه الصلاة: إذا طلعت الشمس، والمذكور في «الأصل» : إذا طلعت حتى ارتفعت قدر رمحين أو قدر رمح تباح الصلاة، وكان الشيخ الإمام الجليل أبو بكر محمد بن الفضل رحمه الله يقول: ما دام الإنسان يقدر على النظر إلى قرص الشمس، فالشمس في الطلوع لا تباح فيه الصلاة، فإذا عجز عن النظر تباح فيه الصلاة، وقال الشيخ الإمام أبو محمد عبد الله بن الفضل ما دامت الشمس محمرة أو مصفرة على رؤوس الحيطان والجبال والأشجار فهي في الطلوع، فلا تحل الصلاة. فإذا ابيضت فقد طلعت وحلّت الصلاة-

📖 رد المحتار (سعيد) ١ /٣٧١ : (قوله: مع شروق) وما دامت العين لا تحار فيها في حكم الشروق كما تقدم في الغروب أنه لا يصح كما في البحر ح. أقول: ينبغي تصحيح ما نقلوه عن الأصل للإمام

Scanned by CamScanner

محمد من أنه ما لم ترتفع الشمس قدر رمح فهي في حكم الطلوع؛ لأن أصحاب المتون مشوا عليه في صلاة العيد حيث جعلوا أول أوقاتها من الارتفاع ولذا جزم به هنا في الفيض ونور الإيضاح .

📖 وفيه أيضا ١ /٣٧١ : (قوله: واستواء) التعبير به أولى من التعبير بوقت الزوال؛ لأن وقت الزوال لا تكره فيه الصلاة إجماعا بحر عن الحلية: أي لأنه يدخل به وقت الظهر كما مر. وفي شرح النقاية للبرجندي: وقد وقع في عبارات الفقهاء أن الوقت المكروه هو عند انتصاف النهار إلى أن تزول الشمس ولا يخفى أن زوال الشمس إنما هو عقيب انتصاف النهار بلا فصل، وفي هذا القدر من الزمان لا يمكن أداء صلاة فيه، فلعل أنه لا تجوز الصلاة بحيث يقع جزء منها في هذا الزمان، أو المراد بالنهار هو النهار الشرعي وهو من أول طلوع الصبح إلى غروب الشمس، وعلى هذا يكون نصف النهار قبل الزوال بزمان يعتد به. اهـ إسماعيل ونوح وحموي.

وفي القنية: واختلف في وقت الكراهة عند الزوال، فقيل من نصف النهار إلى الزوال لرواية أبي سعيد عن النبي - صلى الله عليه وسلم - «أنه نهى عن الصلاة نصف النهار حتى تزول الشمس») قال ركن الدين الصباغي: وما أحسن هذا؛ لأن النهي عن الصلاة فيه يعتمد تصورها فيه اهـوعزا في القهستاني القول بأن المراد انتصاف النهار العرفي إلى أئمة ما رواه النهر، وبأن المراد انتصاف النهار الشرعي وهو الضحوة الكبرى إلى الزوال إلى أئمة خوارزم .

Scanned by CamScanner

হারামাইনে মিছলে আউয়্যালে আসর পড়া

প্রশ্ন : হারামাইনে আসরের নামায যে সময় হয় তা হানাফী মাযহাব মতে সময়ের অনেক আগে হয়ে থাকে। এ জামাআতে হানাফীদের নামায আদায় সহীহ হয় কি না? যদি কেউ হজের মৌসুমে নামায আদায় করে থাকে, তার নামায দোহরাতে হবে কি না?

উত্তর : হানাফীদের জন্য হারামাইনের আসরের জামাআতে শরীক হওয়া সহীহ হবে ওই নামায দোহরানের প্রয়োজন নেই। (৯/৭৮৬/২৮৫৫)

📖 بدائع الصنائع (سعيد) ١/ ١٢٢ : وأما آخره فلم يذكر في ظاهر الرواية نصا، واختلفت الرواية عن أبي حنيفة، روى محمد عنه إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال، والمذكور في الأصل ولا يدخل وقت العصر حتى يصير الظل قامتين ولم يتعرض لآخر وقت الظهر، وروى الحسن عن أبي حنيفة أن آخر وقتها إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال، وهو قول أبي يوسف ومحمد وزفر والحسن والشافعي، وروى أسد بن عمرو وعنه إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال خرج وقت الظهر، ولا يدخل وقت العصر ما لم يصر ظل كل شيء مثليه، فعلى هذه الرواية يكون بين وقت الظهر والعصر وقت مهمل كما بين الفجر والظهر، والصحيح رواية محمد عنه، فإنه روي في خبر أبي هريرة، وآخر وقت الظهر حين يدخل وقت العصر وهذا ينفي الوقت المهمل -

📖 فتاوى دار العلوم (مكتبه دار العلوم) ٢/ ٥٤ : سوال- فى بلدة كثير الأحناف ودونهم الشوافع وإمام أهل المذهبين حنفى، ففى هذه الصورة هل يعين وقت الظهر وإنتهائه وشروع وقت العصر على مذهب الحنفى أو على مذهب الشافعى وكيف الفتوى ؟

الجواب – ينبغى أن يراعى الإمام فى أوقات الصلاة مذهب الإمام الأعظم رضى الله عنه فإن الاحتياط فى صلاة الظهر والعصر فى مذهبه رضى الله عنه كما فى رد المحتار، والأحسن ما فى السراج

Scanned by CamScanner

من شيخ الإسلام أن الاحتياط أن لا يؤخر الظهر إلى المثل وأن لايصلي العصر حتى يبلغ المثلين ليكون مؤديا للصلاتين في وقتهما بالإجماع -

হানাফী ব্যক্তি মিছলে আউয়ালে আসরের ইমামতি করা

প্রশ্ন : আমি মালয়েশিয়ায় থাকি, সেখানে বেশির ভাগ মানুষ শাফেয়ী, হানাফীর সংখ্যা খুব কম, ফলে নামায তাদের নিয়মে পড়তে হয়। কিন্তু আসরের নামাযের সময় নিয়ে সমস্যা হয়। কারণ মালয়েশিয়ায় হানাফী মাযহাব অনুযায়ী আসরের সময় হয় ৫টা ৩০ মিনিটে, আর শাফেয়ী মাযহাব অনুযায়ী সময় হয় ৪টা ৪৫ মিনিটে, আযান হয় ৫টায়, নামায শুরু হয় ৫টা ১৫ মিনিটে। এখন আমার প্রশ্ন হলো, যদি কোনো হানাফী ব্যক্তি শাফেয়ী মাযহাব মতে সময় হওয়ার পর আযান দিয়ে নামাযের ইমামতি করে তাহলে তার ইমামতি সহীহ হবে কি না? বা কোনো হানাফী ব্যক্তি যদি শাফেয়ী ইমামের পেছনে এক্তেদা করে, তাহলে তার নামায হবে কি না?

উত্তর : সাধারণ অবস্থায় হানাফী মাযহাবের অনুসারীরা আসরের আযান ও নামায হানাফী মতে ওয়াক্ত শুরু হওয়ার পর আদায় করবে। অপারগতাবশত কোনো সময় হানাফী হয়ে শাফেয়ী মাযহাব অনুযায়ী আসরের সময়ে আসরের নামায পড়ে নিলে নামায শুদ্ধ হয়ে যাবে, পুনরায় পড়ার প্রয়োজন নেই। কিন্তু অপারগতা ছাড়া সব সময় হানাফীদের জন্য শাফেয়ী মতানুযায়ী আসরের ওয়াক্তে আসরের নামায পড়ার অনুমতি নেই। বরং হানাফী মতানুসারে ওয়াক্ত শুরু হলে আযান দিয়ে নামায আদায় করতে হবে। (১৪/২০৪/৫৫৯০)

📖 بدائع الصنائع (سعيد) ١/ ١٢٢ : وأما آخره فلم يذكر في ظاهر الرواية نصا، واختلفت الرواية عن أبي حنيفة، روى محمد عنه إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال، والمذكور في الأصل ولا يدخل وقت العصر حتى يصير الظل قامتين ولم يتعرض لآخر وقت الظهر، وروى الحسن عن أبي حنيفة أن آخر وقتها إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال، وهو قول أبي يوسف ومحمد وزفر والحسن والشافعي، وروى أسد بن عمرو وعنه إذا صار ظل كل شيء مثله سوى فيء الزوال خرج وقت الظهر، ولا يدخل

Scanned by CamScanner

وقت العصر ما لم يصر ظل كل شيء مثليه، فعلى هذه الرواية يكون بين وقت الظهر والعصر وقت مهمل كما بين الفجر والظهر، والصحيح رواية محمد عنه، فإنه روي في خبر أبي هريرة، وآخر وقت الظهر حين يدخل وقت العصر وهذا ينفي الوقت المهمل -

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲ /۳۲۹ : مستقلا ہمیشہ مثل واحد پر نماز عصر ادا کرنا گویا امام ابو حنیفہ کے مذہب کو ترک کرنا ہے اس لئے ایسا نہ کیا جائے کبھی اتفاقیہ ایسی نوبت آجائے تو امر آخر ہے اگر مثلین پر نماز ادا کی جائے تو امام ابو حنیفہ وامام شافعی دونوں حضرات کے نزدیک بالاتفاق نماز ہو جائے گی اگر مصالح سمجھ کر یہ صورت اختیار کرلی جائے کہ مثلین پر سب آمادہ ہو جائے تو اعلی بات ہے، لیکن اس کی خاطر مجبور نہ کیا جائے نہ خلفشار، اگر یہ صورت نہ ہو سکے تو حنفی حضرات دوسری مسجد میں جاکر مثلین پر جما عت کر لیا کریں، یہ بھی نہ ہو سکے تو مدرسہ کے ایک کمرہ میں مثلین پر جماعت کر لیا کریں، اذان زیادہ بلند آواز سے کہنے کی ضرورت نہیں اتنی آواز کافی ہے کہ مدرسہ کے مدرسین و طلباء سن لیں جن کو نماز مثلین پر پڑھنی ہے جہاں تک ہو سکے خلفشار اور فتنہ سے پورا پرہیز کیا جائے۔

আওয়াবীনের সময়

প্রশ্ন : আওয়াবীন নামাযের সময় মাগরিবের সুন্নাতের পর, নাকি মাগরিবের দুই রাক'আত নফল নামাযের পর? এতে কি কোনো বিশেষ সূরা আছে?

উত্তর : কিছু উলামার মতে, ফরযের পরই আওয়াবীনের সময় শুরু হয়। অতএব, দুই রাক'আত সুন্নাতসহ সর্বমোট ছয় রাক'আত পড়ার দ্বারা আওয়াবীন পড়ার সাওয়াব অবশ্যই পেয়ে যাবে। কিন্তু দুই রাক'আত সুন্নাত পড়ার পর ছয় রাক'আত আওয়াবীন পড়াই শ্রেয়। উল্লেখ্য, হাদীস শরীফে আওয়াবীনের নামায ঊর্ধ্বে ২০ রাক'আত পর্যন্ত পড়ার প্রমাণ পাওয়া যায়। এতে বিশেষ কোনো সূরা নেই। (৬/৪০/১০৬৫)

📖 مجمع الأنهر (مكتبة المنار) ١ / ١٩٥ : (والست بعد المغرب) تسمى صلاة الأوابين قال - عليه الصلاة والسلام - «من صلى بعد

Scanned by CamScanner

المغرب ست ركعات لم يتكلم بينهن بشيء عدلن له بعبادة ثنتي عشرة سنة» هذا يدل على أن ركعتي المغرب محسوبة من الست لكن في الأشباه خلافه تتبع .

📖 سنن الترمذى (دار الحديث) ٢/ ٢٣٠ (٤٣٥) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من صلى بعد المغرب ست ركعات لم يتكلم فيما بينهن بسوء عدلن له بعبادة ثنتي عشرة سنة».

📖 الزهد والرقائق لابن المبارك (دارالكتب العلمية) ص ٤٤٥ : عن عبد الله بن عمرو بن العاص قال: «صلاة الأوابين الخلوة التي بين المغرب والعشاء، حتى يثوب الناس إلى الصلاة» -

📖 مرقاة المفاتيح (أنور بكڈپو) ٣/ ٢٤٩ : المفهوم أن الركعتين الراتبتين داخلتانِ فى الست، وكذا في العشرين المذكورة فى الحديث الآتي .

📖 مصباح الزجاجة (قديمي كتب خانه) ص ١/ ٨١ : ست ركعات المفهوم ان الركعتين الراتبتين داخلتان في الست قاله الطيبي فيصلي المؤكدتين بتسليمة وفي الباقي الخيار-

তাহাজ্জুদ কখন ফজরের সুন্নাত গণ্য হবে

প্রশ্ন : জনৈক ব্যক্তি তাহাজ্জুদের সময় আছে মনে করে তাহাজ্জুদের নিয়্যাত করে নামায শুরু করে, দ্বিতীয় রাক'আতের সিজদায় থাকাবস্থায় ফজরের আযান শুরু হয়ে গেল। এমতাবস্থায় তার নামায তাহাজ্জুদ গণ্য হবে কি না? এবং ফজরের সুন্নাত পুনরায় পড়তে হবে, নাকি উক্ত নামাযই সুন্নাত হিসেবে বিবেচিত হবে?

উত্তর : সুবহে সাদিক হয়ে যাওয়ার পর যেকোনো নফলের নিয়্যাতেই নামায পড়া হোক না কেন, তাতে ফজরের সুন্নাত আদায় হয়ে যাবে। তবে সুবহে সাদিকের পূর্বে তাহাজ্জুদের নিয়্যাতে নামায শুরু করলে পরক্ষণে নামাযরত অবস্থায় সুবহে সাদিক হয়ে

Scanned by CamScanner

গেলে তা তাহাজ্জুদের-নামায হিসেবে গণ্য হবে, ফজরের সুন্নাত পুনরায় পড়তে হবে। (৬/৫৬২/১৩৪১)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٤٤٧ : ولو صلى ركعتين بنية التطوع وهو يظن أن الليل باقٍ، فإذا تبين أن الفجر قد كان طلع ذكر القاضي الإمام علاء الدين محمود المفتي في «شرح المخلفات» أنه لا رواية في هذه المسألة، وقال المتأخرون تجزئه عن ركعتي الفجر، وذكر الشيخ الإمام شمس الأئمة الحلواني في «شرح كتاب الصلاة» : ظاهر الجواب أنه يجزئه عن ركعتي الفجر؛ لأن الأداء أصل في الوقت، وروى الحسن عن أبي حنيفة أنه يجوز وقال شمس الأئمة الحلواني رحمه الله بهذا، وهذه الرواية تشهد أن السنة تحتاج إلى النية، وفي بعض الروايات أن على قول أبي حنيفة: لا يجزئه عن ركعتي الفجر، وعلى قولهما تجزئة.

📖 البحر الرائق (ايچ ايم سعيد) ١ / ٢٥٣ : ولو شرع في التطوع قبل طلوع الفجر فلما صلى ركعة طلع الفجر قيل يقطع الصلاة وقيل يتمها والأصح أنه يتمها ولا تنوب عن سنة الفجر على الأصح -

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٣٧٥ : لو صلى تطوعا في آخر الليل فلما صلى ركعة طلع الفجر فإن الأفضل إتمامها؛ لأن وقوعه في التطوع بعد الفجر لا عن قصد ولا ينوبان عن سنة الفجر على الأصح -

📖 فيه ايضا ٢/ ٨٨ : أنه لو صلى ركعتين من التهجد فظهر وقوعهما بعد طلوع الفجر أجزأتاه عن سنة الفجر في الصحيح -

📖 فتاوى رحيميه (دار الاشاعت) ١ /١٨٧ : سوال- مجھے تہجد کا شوق ہے ایک دن تہجد کی دو رکعت کی نیت کی اسی اثناء میں اذان ہوئی میں نے دو رکعت پوری کی، تحقیق کرنے پر پتہ چلا کہ اذان بر وقت ہوئی ہے اور دو رکعت جو پڑھی گئی ہے وہ صبح صادق کے بعد ادا ہوئی ہے، اب سنت فجر پڑھی جائے یا نہیں؟ اس سوچ میں جماعت کھڑی ہو گئی اور سنت پڑھے بغیر جماعت میں شامل ہو گیا تو اب کیا کروں؟ سنت فجر کی قضا ہے یا نہیں؟

جواب- صورت مسئولہ میں جب یقین ہے کہ دو رکعت صبح صادق کے بعد ادا کی گئی ہے تو یہ دو رکعات سنت فجر کے قائم مقام ہو گئی یعنی سنت فجر پڑھنے کی ضرورت نہیں.

Scanned by CamScanner

ছোট দিনে মাগরিবের সময়ের পরিমাণ

প্রশ্ন : ছোট দিনে মাগরিবের নামাযের ওয়াক্ত কতক্ষণ থাকে?

উত্তর : মাগরিবের ওয়াক্ত সূর্যাস্ত থেকে পশ্চিম আকাশের সাদা রেখা শেষ হওয়া পর্যন্ত। তার আনুমানিক সময় বড় দিনে সর্বোচ্চ ১ ঘণ্টা ২৭ মিনিট আর ছোট দিনে ১ ঘণ্টা ১৫ মিনিট। কিন্তু বিনা ওজরে মাগরিবের নামায দেরি করে আদায় করা মাকরূহ। (১১/৪৩৬/৩৫৯১)

📖 البحر الرائق (دار الكتاب الإسلامي) ١/ ٢٥٨ : (قوله: والمغرب منه إلى غروب الشفق) أي وقت المغرب من غروب الشمس إلى غروب الشفق لرواية مسلم «وقت صلاة المغرب ما لم يسقط نور الشفق» وضبطه الشمني بالثاء المثلثة المفتوحة وهو ثوران حمرته. (قوله: وهو البياض) أي الشفق هو البياض عند الإمام وهو مذهب أبي بكر الصديق وعمر ومعاذ وعائشة - رضي الله عنهم -

📖 فتاوی دار العلوم دیوبند (مکتبہ دار العلوم) ٢/ ٤٧ : الجواب- غروب سے شفق ابیض کے غائب ہونے تک امام ابو حنیفہ رح کے نزدیک وقت مغرب کا رہتا ہے جس کی مقدار تقریبا سوا گھنٹہ یا کچھ منٹ زیادہ ہے اور صاحبین کے نزدیک شفق احمر کے غائب ہونے تک وقت مغرب کا رہتا ہے جو پہلی مقدار سے کم ہے۔

মাগরিবের আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ে বয়ান করা

প্রশ্ন : মাগরিবের আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ে মুসল্লিদের সমাগমের জন্য কিছু সময় উপস্থিত মুসল্লিদের উদ্দেশে দ্বীনি আলোচনা বা মাস'আলা-মাসায়েল বয়ান করা শরীয়তের দৃষ্টিতে কেমন?

উত্তর : মাগরিবের নামাযের সময় হলে আযান দিয়ে বিলম্ব না করে নামায আদায় করা শরীয়তের বিধান। তবে আযানের পর দরূদ শরীফ, দু'আ এবং ইমামের যথাস্থানে উপস্থিতি, কাতার সোজাকরণ ইত্যাদির সুবিধার্থে তিন আয়াত পড়া পরিমাণ সময় বিলম্ব করা মুস্তাহাব। এ সময় ওয়াজ-নসীহত করে অতিরিক্ত বিলম্ব করা ঠিক নয়। তাই

Scanned by CamScanner

মাগরিবের নামায বেশি বিলম্ব না করে যথা সময়ে আদায় করে নেওয়াই শরীয়তের নির্দেশ। (১৫/৫২৫/৬১৩৮)

📖 الفتاوي الهندية (دار الكتب العلمية) ١ /٦٣ : وأما إذا كان في المغرب فالمستحب يفصل بينهما بسكتة يسكت قائما مقدار ما يتمكن من قراءة ثلاث آيات قصار. هكذا في النهاية فقد اتفقوا على أن الفصل لا بد منه فيه أيضا. كذا في العتابية. واختلفوا في مقدار الفصل فعند أبي حنيفة - رحمه الله - المستحب أن يفصل بينهما بسكتة يسكت قائما ساعة ثم يقيم، ومقدار السكتة عنده قدر ما يمكن فيه من قراءة ثلاث آيات قصار أو آية طويلة وعندهما يفصل بينهما بجلسة خفيفة مقدار الجلسة بين الخطبتين وذكر الإمام الحلواني الخلاف في الأفضلية حتى إن عند أبي حنيفة - رحمه الله - إن جلس جاز والأفضل أن لا يجلس وعندهما على العكس. كذا في النهاية.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۷ /۵۳ : اتنا وقفہ کرلینا چاہیے کہ مؤذن اذان سے فارغ ہو کر صف میں پہونچ جائے اور اذان کے بعد دعا بھی پوری ہو جائے جب مؤذن موجود ہو تو بہتر ہے کہ وہی تکبیر کہے یا دوسرے کو اجازت دیدے۔

নিয়মিত কয়েক মিনিট দেরি করে মাগরিব শুরু করা

প্রশ্ন : আমাদের মসজিদের ইমাম সাহেব মাগরিবের আযান হওয়ার ২-৩ মিনিট পর নামায শুরু করেন এবং যদি নামাযের পর কোনো দিন দ্বীনি আলোচনা থাকে তবে ইমাম সাহেব ওই ২-৩ মিনিট সময়ে নামাযের পর মুসল্লিগণকে বসার জন্য কিছু উৎসাহমূলক কথা বলেন। জানার বিষয় হলো, ওই সময় উৎসাহমূলক কথা বলা যাবে কি না?

Scanned by CamScanner

উত্তর : মাগরিবের আযানের পর ২-৩ মিনিট নিয়মিত প্রতিদিন দেরি করা অনুচিত। প্রয়োজনে কখনো কোনো কথা বলতে হলে ২-৩ মিনিট পরিমাণ বলতে পারেন। (১১/৪০২/৩৫৮০)

📖 رد المحتار (سعيد) ١ / ٣٦٩ : (قوله: يكره تنزيها) أفاد أن المراد بالتعجيل أن لا يفصل بين الأذان والإقامة بغير جلسة أو سكتة على الخلاف. وأن ما في القنية من استثناء التأخير القليل محمول على ما دون الركعتين، وأن الزائد على القليل إلى اشتباك النجوم مكروه تنزيها.

নিয়মিত ১৫-২০ মিনিট দেরি করে মাগরিব শুরু করা

প্রশ্ন : আমাদের এলাকায় এক মসজিদে নিয়মিত মাগরিবের আযানের পর চাঁদা উঠায়, যার দরুন নামায ১৫-২০ মিনিট দেরিতে শুরু হয়। প্রশ্ন হলো, এভাবে চাঁদা তোলা এবং দেরি করে নামায পড়ার শরয়ী বিধান কী? দলিল-প্রমাণের ভিত্তিতে জানালে খুশি হব।

উত্তর : মসজিদের প্রয়োজনে মসজিদের ভেতরে চাঁদা উঠানো জায়েয থাকলেও এভাবে মাগরিবের নামায দেরি করে চাঁদা উঠানো ঠিক নয়। যেহেতু মাগরিবের নামায ওয়াক্ত হওয়ার সাথে সাথে দেরি না করে পড়া সুন্নাত, বিশেষ কোনো কারণ ছাড়া দেরি করা মাকরূহ। তাই ওয়াক্ত হয়ে যাওয়ার পর চাঁদা তোলার বাহানায় ১৫-২০ মিনিট দেরি করে মাগরিবের নামায আদায় করার দ্বারা নামায হয়ে গেলেও মাকরূহ হবে। (১৭/৫৬৮/৭১৯৭)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣٦٨ : (و) أخر (المغرب إلى اشتباك النجوم) أي كثرتها (كره) أي التأخير لا الفعل لأنه مأمور به (تحريما) إلا بعذر كسفر، وكونه على أكل.

📖 رد المحتار (سعيد) ١/ ٣٦٨ : (قوله: إلى اشتباك النجوم) هو الأصح. وفي رواية لا يكره ما لم يغب الشفق بحر أي الشفق الأحمر؛ لأنه وقت مختلف فيه فيقع الشك. وفي الحلية بعد كلام: والظاهر أن السنة فعل المغرب فورا وبعده مباح إلى اشتباك النجوم فيكره بلا

Scanned by CamScanner

عذر اهـ قلت أي يكره تحريما، والظاهر أنه أراد المباح ما لا يمنع

فلا ينافي كراهة التنزيه -

📖 فيه أيضا ١ / ٣٦٩ : (قوله: يكره تنزيها) أفاد أن المراد بالتعجيل أن لا يفصل بين الأذان والإقامة بغير جلسة أو سكتة على الخلاف. وأن ما في القنية من استثناء التأخير القليل محمول على ما دون الركعتين، وأن الزائد على القليل إلى اشتباك النجوم مكروه تنزيها.

রমাজান ছাড়া মাগরিব দেরিতে শুরু করা মাকরূহ

প্রশ্ন : রমাজান ব্যতীত মাগরিবের আযানের পর ৫-৭ মিনিট মুসল্লিদের জন্য অপেক্ষা করা শরীয়তসম্মত কি না?

উত্তর : রমাজান ব্যতীত মাগরিবের আযানের পর নামায বেশি বিলম্ব শুরু করা মাকরূহ। তবে দুই রাক'আত নফল নামাযের সমপরিমাণ বা তার কম বিলম্ব করা মাকরূহ হবে না। (১০/৯৭৭/৩৩৭৮)

📖 البحر الرائق (سعيد) ١/ ٢٥٣ : أما ثبوت الكراهة فلا إلا أن يدل دليل آخر وما ذكر من استلزام تأخير المغرب فقد قدمنا عن القنية استثناء القليل والركعتان لا تزيد على القليل إذ تجوز فيهما

.

📖 رد المحتار (سعيد) ١ /٣٦٩ : (قوله: يكره تنزيها) أفاد أن المراد بالتعجيل أن لا يفصل بين الأذان والإقامة بغير جلسة أو سكتة على الخلاف. وأن ما في القنية من استثناء التأخير القليل محمول على ما دون الركعتين، وأن الزائد على القليل إلى اشتباك النجوم مكروه تنزيها، وما بعده تحريما إلا بعذر كما مر-

Scanned by CamScanner

সূর্য ওঠে না বা ডোবে না, এমন স্থানে নামায-রোজার বিধান

প্রশ্ন : যেসব দেশে সূর্য ছয় মাস দেখা যায় এবং ছয় মাস দেখা যায় না অথবা ১২ মাস দেখা যায় বা ১২ মাসই দেখা যায় না, সেসব দেশের মুসলমানদের নামায-রোজার হুকুম কী? তারা যদি মক্কা শরীফের সময় অনুযায়ী নামায-রোজা আদায় করে তাহলে কি আদায় হবে?

উত্তর : আল্লাহ তা'আলা মুসলমান বান্দার ওপর ২৪ ঘণ্টায় পাঁচ ওয়াক্ত নামায ফরয করেছেন। তাই যেসব এলাকার ছয় মাস বা তার চেয়ে বেশি সময় সূর্য দেখা যায় না ওই সব এলাকায় পার্শ্ববর্তী নিকটতম দেশের নামাযের ওয়াক্ত অনুযায়ী আঞ্চলিক সময় ভাগ করে অনুমান করে নামায আদায় করতে হবে। অনুরূপভাবে হিসাব করে রমাজান মাসে রোজা রাখবে। মক্কা শরীফের সময়কে অনুকরণ করার শরয়ী কোনো দলিল পাওয়া যায় না। (১৭/২২৭/৬৯৯৯)

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) صـ ١٧٨ : قوله: "في أقصر ليالي السنة" وهو أربعون ليلة في أول الصيف عند حلول الشمس رأس السرطان فإن الشمس تمكث عندهم على وجه الأرض ثلاثا وعشرين ساعة وتغرب ساعة واحدة على حسب عرض البلد قوله: "وليس مثل اليوم الخ" روى مسلم عن النواس بن سمعان قال ذكر رسول الله صلى الله عليه وسلم: "الدجال ولبثه في الأرض أربعين يوما يوم كسنة ويوم كشهر ويوم كجمعة وسائر أيامه كأيامكم" قلنا فذلك اليوم الذي كسنة يكفينا فيه صلاة يوم قال: "لا قدروا له قدره". قال الأسنوي ويقاس عليه اليومان التاليان واستظهر الكمال وجوب القضاء استدلالا بحديث الدجال وتبعه ابن الشحنة فصححه في ألغازه وذكر في المنح أنه المذهب ولا ينوي القضاء لفقد وقت الأداء وفرق في النهر بأن الوقت موجود حقيقة في يوم الدجال والمفقود. العلامة فقط بخلاف ما نحن فيه فإن الوقت لا وجود له أصلا ورد بأن الوقت موجود قطعا والمفقود هو العلامة فقط فإذن لا فرق وتمامه فى تحفة الأخيار .

Scanned by CamScanner

📖 امداد الفتاوی (زکریا) ۱/ ۱۷۳ : جس موسم میں دن یارات بہت ہی بڑی ہو جاوے، اس وقت یہ حکم ہے کہ اس علاقہ سے قریب ترین علاقہ جس میں معمولی طور پر غروب ہوتا ہو، اس کے اوقات معلوم کئے جاویں اور نماز روزہ سب اسی حساب سے رکھیں۔ ..... یہ قول ہے بعض علماء کا، اور میرے نزدیک اس میں سخت دشواری ہے، اس لئے دوسرے بعض علماء کے قول کو ترجیح دیتا ہوں، یعنی جس موسم میں جتنا بڑا دن اور رات ہو اس دن رات کے مجموعہ میں پانچ ہی نمازیں فرض ہیں، یعنی صبح صادق اور طلوع شمس کے درمیان فجر کی نماز، پھر دن ڈھلے ظہر، وعلی ھذا البقیہ نمازیں۔

যেখানে ২৪ ঘণ্টাই সূর্য দেখা যায় সেখানে নামাযের বিধান

প্রশ্ন : পৃথিবীর যে সমস্ত স্থানে ছয় মাস দিন এবং ছয় মাস রাত এবং ২৪ ঘণ্টা দিন ২৪ ঘণ্টা রাত, সে সমস্ত স্থানে পাঁচ ওয়াক্ত নামায কিভাবে আদায় করবে? তার সঠিক বিবরণ জানতে চাই।

উত্তর : প্রশ্নে উল্লিখিত স্থানসমূহে প্রতি চব্বিশ ঘণ্টায় হিসাব করে সময় ভাগ করে পাঁচ ওয়াক্ত নামায আদায় করতে হবে, অথবা এ ক্ষেত্রে নিকটবর্তী দেশ যেখানে নিয়মিত সূর্য উদয়-অস্ত হয়, সেখানের নামাযের সময় হিসাবে পাঁচ ওয়াক্ত নামায পড়তে হবে। (১৫/৮৯৯/৬৩১৬)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣٦٢ : وفاقد وقتهما) كبلغار، فإن فيها يطلع الفجر قبل غروب الشفق في أربعينية الشتاء (مكلف بهما فيقدر لهما).

📖 رد المحتار (سعيد) ١/ ٣٦٢ : ولم أر من سبقه إليه سوى صاحب الفيض، حيث قال: ولو كانوا في بلدة يطلع فيها الفجر قبل غيبوبة الشفق لا يجب عليهم صلاة العشاء لعدم السبب، وقيل يجب ويقدر الوقت. بقي الكلام في معنى التقدير، والذي يظهر من عبارة الفيض أن المراد أنه يجب قضاء العشاء، بأن يقدر أن الوقت أعني سبب الوجوب قد وجد كما يقدر وجوده في أيام الدجال على ما

Scanned by CamScanner

يأتي؛ لأنه لا يجب بدون السبب، فيكون قوله ويقدر الوقت جوابا عن قوله في الأول لعدم السبب.

وحاصله أنا لا نسلم لزوم وجود السبب حقيقة بل يكفي تقديره كما في أيام الدجال. ويحتمل أن المراد بالتقدير المذكور هو ما قاله الشافعية من أنه يكون وقت العشاء في حقهم بقدر ما يغيب فيه الشفق في أقرب البلاد إليهم، والمعنى الأول أظهر، كما يظهر لك من كلام الفتح الآتي۔

📖 امداد الفتاوی (زکریا) ۱/ ۱۷۳ : جس موسم میں دن یا رات بہت ہی بڑی ہو جاوے، اس وقت یہ حکم ہے کہ اس علاقہ سے قریب ترین علاقہ جس میں معمولی طور پر غروب ہوتا ہو، اس کے اوقات معلوم کئے جاویں اور نماز روزہ سب اسی حساب سے رکھیں... ... یہ قول ہے بعض علماء کا، اور میرے نزدیک اس میں سخت دشواری ہے، اس لئے دوسرے بعض علماء کے قول کو ترجیح دیتا ہوں، یعنی جس موسم میں جتنا بڑا دن اور رات ہو اس دن رات کے مجموعہ میں پانچ ہی نمازیں فرض ہیں، یعنی صبح صادق اور طلوع شمس کے درمیان فجر کی نماز، پھر دن ڈھلے ظہر، وعلی ھذا البقیہ نمازیں۔

আহলে হাদীস এলাকায় হানাফীদের আসর

প্রশ্ন : কখনো আমাদের সফর এমন এলাকায় হয়, যেখানে অধিকাংশ মানুষ আহলে হাদীস, তারা আসরের নামায পড়ে.এমন সময় যখন আমাদের হানাফী মাযহাব অনুযায়ী ওয়াক্তই আরম্ভ হয় না। এমতাবস্থায় আমাদের করণীয় কী? আর নামায তাদের সাথে পড়ে নিলে তার হুকুম কী?

উত্তর : পারতপক্ষে দুই মিছিলের পূর্বে আসর পড়বে না। বিশেষ কারণে পড়তে হলে নামায শুদ্ধ হয়ে যাবে। (১৪/৯০২)

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۲/ ۳۶ : قال فی الدر المختار : ووقت الظهر من زواله الی بلوغ الظل مثليه وعنه مثله وهو قولهما الخ ... ... فالحاصل أن وقت الظهر يبقى الى المثلين والإمام ابو

Scanned by CamScanner

حنيفة ما رجع فى هذا إلى قول الصاحبين بل يروى عنه كقولهما
ولكن ظاهرالرواية خلافه فما يؤدى بعد المثل فهو أداء والأحسن
الأحوط ما فى السراج عن شيخ الإسلام أن الاحتياط أن لايؤخر
الظهر إلى المثل وان لايصلى العصر حتى يبلغ المثلين ليكون مؤديا
للصلاتين فى وقتهما بالإجماع الخ، وفى اقتداء غيرالمقلد قيل وقال
وتفصيل وإجمال، فالأحوط تركه إلا بضرورة داعية -

📖 امداد الفتاوی (زکریا) ۱/ ۲۵۳ : نماز حسب قواعد فقہیہ صحیح ہوگئی مگر احتیاط اعادہ میں

যেখানে সূর্য ডোবে না সেখানে নামাযের সময় নির্ধারণের পদ্ধতি

প্রশ্ন : আমাদের এক বন্ধু কিছুদিন আগে কানাডাতে বাংলাদেশের রাষ্ট্রদূত ছিলেন। কানাডার সরকার তাঁকে মেহমান বানিয়ে ১০ দিনের জন্য উত্তর মেরুর খুব কাছে বেড়াতে নিয়ে যায়। রাষ্ট্রদূত বন্ধু বলেন, ওই ১০ দিনে সেখানে একবারও সূর্যাস্ত হয়নি। তিনি আমাকে প্রশ্ন করেন, কিভাবে সেখানে পাঁচ ওয়াক্ত নামায পড়তে হবে? আমি জানি না বলে উত্তর দিতে পারিনি। নিজেকে বাঁচানোর জন্য ওই রাষ্ট্রদূত বন্ধুকে পাল্টা প্রশ্ন করি, ওই ১০ দিনে নৈশ ভোজ বা ডিনার কবার খেয়েছেন এবং কোন সময় খেয়েছেন? ৬৫° উত্তর অক্ষাংশ থেকে উত্তরে গেলে অবস্থানভেদে ভিন্ন ভিন্ন সময়ের জন্য এক নাগাড়ে সূর্যোদয় হয় না। এ সময় ওই অঞ্চলের জন্য শরীয়তে নামায পড়ার কী বিধান রেখেছে?

উত্তর : যেসব দেশে সূর্যোদয় ও অস্ত অস্বাভাবিক সে সব দেশে বসবাসকারী লোকেরা পার্শ্ববর্তী স্বাভাবিক দেশের সময়ের অনুসরণে পাঁচ ওয়াক্ত নামায আদায় করবে। অথবা প্রতি চব্বিশ ঘণ্টা সময়কে এক দিন এক রাত ধরে সময়হারে ভাগ করে দিন ও রাতের নামায পাঁচবারে আদায় করবে। (৯/৩৩৯/২৬৪০)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١ / ٣٦٢ : (وفاقد وقتهما) كبلغار،
فإن فيها يطلع الفجر قبل غروب الشفق في أربعينية الشتاء
(مكلف بهما فيقدر لهما) ولا ينوي القضاء لفقد وقت الأداء به

Scanned by CamScanner

أفتى البرهان الكبير واختاره الكمال، وتبعه ابن الشحنة في ألغازه فصححه.

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٣٦٤ : وما روي «أنه - صلى الله عليه وسلم - ذكر الدجال، قلنا: ما لبثه في الأرض؟ قال أربعون يوما، يوم كسنة، ويوم كشهر، ويوم كجمعة، وسائر أيامه كأيامكم، قلنا يا رسول الله فذلك اليوم الذي كسنة أتكفينا فيه صلاة يوم؟ قال: لا، اقدروا له» رواه مسلم.

📖 خير الفتاوى (زكريا) ٢ / ١٨٢ : ایسے مقامات پر جہاں چھ چھ مہینوں کے دن اور رات ہوتے ہیں اندازہ کر کے چوبیس گھنٹوں میں پانچ نمازیں پڑھی جائینگی..... قریبی علاقہ جہاں طلوع وغروب ہوتا ہے اس علاقے کے دنوں اور راتوں کو معیار بنایا جائے.

বিমানে যাত্রাকালে সূর্যাস্ত না হলে করণীয়

প্রশ্ন : কোনো ব্যক্তি আসরের পর বিমানে আরোহণ করল, বিমান যতই সামনে অগ্রসর হচ্ছে ততই সূর্য দেখা যাচ্ছে, এমতাবস্থায় ওই ব্যক্তি নামায-রোজা কিভাবে আদায় করবে? অথবা ইফতার ও নামায পড়ে বিমানে আরোহণ করল অতঃপর উপরোল্লিখিত অবস্থায় কিভাবে নামায-রোজা আদায় করবে?

উত্তর : ইফতার ও মাগরিবের নামাযের সময় নির্ভর করে সূর্যাস্তের ওপর, তাই প্রশ্নে বর্ণিত অবস্থায় যতক্ষণ পর্যন্ত সূর্যাস্ত না হবে ততক্ষণ পর্যন্ত ইফতার ও নামায পড়া যাবে না। এমনিভাবে ইফতার ও নামায পড়ে বিমানে আরোহণ করার পর পুনরায় সূর্য দেখা গেলে দ্বিতীয়বার নামায পড়তে হবে না এবং রোজাও সহীহ হয়ে যাবে। তবে দ্বিতীয়বার সূর্যাস্ত পর্যন্ত পানাহার থেকে বিরত থাকবে। (১৭/২২৭/৬৯৯৯)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٥٠ (١٩٥٤) : عن عمر بن الخطاب ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إذا أقبل الليل من ها هنا، وأدبر النهار من ها هنا، وغربت الشمس فقد أفطر الصائم» .

Scanned by CamScanner

📖 فيض الباري (دار الكتب العلمية) ٣ / ٣٥٥ : قوله: (إذا أقبل الليل من ههنا إلى قوله: فقد أفطر الصائم)، وفي كتب الفقه: أن رجلين كان أحدهما عل رأس المنارة يرى الشمس، والآخر على سطح الأرض، وقد غابت عن نظره أنه يصح الإفطار للثاني، دون الأول. وظاهر اللفظ أنه أفطر بعد غروب الشمس أكل شيئا أو لا، فيكون حكما من قبل الشارع. فإن أمسك بعده، لا شيء ولا أجر فيه.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۴/ ۱۵۵ : جواب — قاعدہ یہ ہے کہ روزہ اور نماز میں اس مقام کا وقت معتبر ہوگا جہاں پر آدمی ہو.

সূর্যোদয়ের পাঁচ মিনিট পর জানাযা পড়া যাবে কি না

প্রশ্ন : মহল্লার মসজিদে জানাযার নামায সূর্য ওঠার পাঁচ মিনিট পর আসলে সাথে সাথে পড়া ঠিক হবে নাকি দেরি করে পড়বে? কোনটা সঠিক?

উত্তর : হাদীস শরীফে জানাযা উপস্থিত হওয়া মাত্রই নামায আদায় করে নেওয়ার হুকুম এসেছে। তাই যদি মাকরূহ ওয়াক্তেও জানাযা উপস্থিত হয় বিলম্ব না করে নামায পড়ে নেওয়া উত্তম। (২/১৩০)

📖 سنن الترمذى (دار الحديث) ١ /٣٣٥ (١٧١) : عن علي بن أبي طالب، أن النبي صلى الله عليه وسلم قال له : " يا علي، ثلاث لا تؤخرها: الصلاة إذا آنت، والجنازة إذا حضرت، والأيم إذا وجدت لها كفئا ".

📖 البحرالرائق (سعيد) ٢ /٢٥٠ : أما إذا تلاها فيها أو حضرت الجنازة فيها فأداها فإنه يصبح من غير كراهة إذ الوجوب بالتلاوة والحضور لكن الأفضل التأخير فيهما وفي التحفة الأفضل أن يصلي على الجنازة إذا حضرت في الأوقات الثلاثة ولا يؤخرها -

Scanned by CamScanner

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣٧٤ : (قوله: وفي التحفة إلخ) هو كالاستدراك على مفهوم قوله أي تحريما، فإنه إذا كان الأفضل عدم التأخير في الجنازة فلا كراهة أصلا، وما في التحفة أقره في البحر والنهر والفتح والمعراج حضرت " وقال في شرح المنية: والفرق بينها وبين سجدة التلاوة ظاهر؛ لأن تعجيل فيها مطلوب مطلقا إلا لمانع، وحضورها في وقت مباح مانع من الصلاة عليها في وقت مكروه، بخلاف حضورها في وقت مكروه وبخلاف سجدة التلاوة؛ لأن التعجيل لا يستحب فيها مطلقا اهأي بل يستحب في وقت مباح فقط فثبتت كراهة التنزيه في سجدة التلاوة دون صلاة الجنازة -

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ١/ ٥٨ : أما لو وجبتا في هذا الوقت وأديتا فيه جاز؛ لأنها أديت ناقصة كما وجبت. كذا في السراج الوهاج وهكذا في الكافي والتبيين لكن الأفضل في سجدة التلاوة تأخيرها وفي صلاة الجنازة التأخيرمكروه.

📖 وكذا فى فتاوى رحيميه ١/ ٣٧٠

আসরের পর জানাযা পড়ার বিধান

প্রশ্ন : আসরের নামাযের পর সূর্যাস্তের পূর্বে জানাযার নামায পড়া এবং ফজরের ফরয নামাযের পর সূর্যোদয়ের পূর্বে জানাযার নামায পড়া জায়েয আছে কি না? বুখারীসহ সহীহ হাদীসের কিতাবে এ সময়গুলোতে নামায পড়া নিষিদ্ধ ঘোষিত হয়েছে لا صلاة بعد صلاة العصر حتى تغرب الشمس، ولا صلاة بعد صلاة الصبح حتى تطلع الشمس বিষয়টি সম্পর্কে সুস্পষ্ট বিবরণ দলিল-প্রমাণ ও নিষিদ্ধ ঘোষিত দলিলের জবাবসহ জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : শরীয়তের বিধানানুযায়ী আসরের নামাযের পর মাকরূহ ওয়াক্ত শুরু (অর্থাৎ সূর্যের আলো হলুদ বর্ণ) হওয়ার পূর্বে এবং ফজরের নামাযের পর সূর্যোদয়ের পূর্বে জানাযার নামায পড়া জায়েয ও বৈধ। সূর্যের কিরণ হলুদ বর্ণ ধারণ করার পর যদি

Scanned by CamScanner

জানাযা উপস্থিত হয়, এ অবস্থায়ও বিলম্ব না করে নামায পড়ে নেওয়া নিঃসন্দেহে জায়েয। হ্যাঁ, যদি জানাযা মাকরূহ ওয়াক্তের পূর্বে উপস্থিত হয় কিন্তু নামায বিলম্ব করে মাকরূহ ওয়াক্তে নিয়ে পড়া হয় তাহলে ফিকাহবিদগণ এই জানাযার নামায মাকরূহ বলে ফতওয়া দিয়েছেন।

প্রশ্নোল্লিখিত হাদীসটিকে হাদীস বিশারদগণ সুন্নাত ও নফল নামাযের বেলায় প্রযোজ্য বলে মত প্রকাশ করেছেন। কাযা ও জানাযার নামায এ হাদীসের আওতাভুক্ত নয়। কারণ এ ব্যাপারে অন্য হাদীসে বর্ণিত আছে : يا علي، ثلاث لا تؤخرها: الصلاة إذا آنت، والجنازة إذا حضرت তাই জানাযা তাৎক্ষণিক সময়ে উপস্থিত হলে বিলম্ব করা ঠিক নয়। আর পূর্ব থেকে আসা জানাযাকে বিলম্ব করে মাকরূহ ওয়াক্তে জানাযার নামায আদায় করাও সঠিক নয়। আরো অনেক ব্যাখ্যা হাদীসের গ্রন্থে পাওয়া যায়, বিস্তারিত জানার জন্য হাদীসের ব্যাখ্যা গ্রন্থসমূহ দেখতে পারেন। (৬/৯২৭/১৫০০)

📖 سنن الترمذي (دار الحديث) ١ /٣٣٥ (١٧١) : عن علي بن أبي طالب، أن النبي صلى الله عليه وسلم قال له: " يا علي، ثلاث لا تؤخرها: الصلاة إذا آنت، والجنازة إذا حضرت، والأيم إذا وجدت لها كفئا " .

📖 عمدة القاری (دار إحياء التراث) ٥/ ٨١ : ذكر معناه: قوله: (لا صلاة) ، كلمة: لا، لنفي الجنس أي: لا صلاة حاصلة بعد الصبح، أي: بعد صلاة الصبح، ويقال: هذا نفي بمعنى النهي، والتقدير: لا تصلوا. ثم قيل: إن النهي للتحريم، والأصح أنه للكراهة. وبالنظر إلى صورة نفي الجنس قال أبو طلحة: المراد بذلك كل صلاة، ولا يثبت ذلك عنه. وقال أصحابنا: ولا بأس أن يصلي في هذين الوقتين الفائتة، ويسجد للتلاوة، ويصلي على الجنازة.

📖 فيض الباری (دار الكتب العلمية) ٢/ ١٧٩ : واعلم أن الأوقات المكروهة عندنا خمسة:

الطلوع، والغروب، والاستواء. وهذه الثلاثة لا تجوز فيها الصلاة مطلقا، لا صلاة جنازة، ولا سجدة تلاوة إلا عصر يومه، وأما بعد الفجر حتى تطلع الشمس، وبعد العصر حتى تغرب الشمس، فيكره فيهما التنفل، ولا بأس بأن يصلى في هذين الفوائت وسجدة

Scanned by CamScanner

التلاوة، والصلاة على الجنازة. وإنما فرقنا بين حكمها لوضوح معنى الكراهة، فإنها في الثلاثة الأول لمعنى في الوقت وهو مقارنة الشيطان، فاستوى فيها الفرائض وغيرها، وأما في الأخيرين فقد ظهر أن لا كراهة في الوقت.

📖 بدائع الصنائع (سعيد) ١/ ٣١٧ : ولا تكره الصلاة على الجنازة بعد صلاة الفجر، وبعد صلاة العصر قبل تغير الشمس؛ لأن الكراهة في هذه الأوقات ليست لمعنى في الوقت فلا يظهر في حق الفرائض لما بينا فيما تقدم.

📖 الهداية (مكتبة البشرى) ١/ ١٥٥ : " ويكره أن يتنفل بعد الفجر حتى تطلع الشمس وبعد العصر حتى تغرب " لما روي أنه عليه الصلاة والسلام نهى عن ذلك " ولا بأس بأن يصلي في هذين الوقتين الفوائت ويسجد للتلاوة ويصلي على الجنازة " لأن الكراهة كانت لحق الفرض ليصير الوقت كالمشغول به لا لمعنى في الوقت فلم تظهر في حق الفرائض وفيما وجب لعينه كسجدة التلاوة.

আরাফায় যোহর-আসর একসাথে পড়ার শর্ত

প্রশ্ন : মাসিক আল কাউসার পত্রিকার নভেম্বর ২০০৮ ইং সংখ্যায় বলা হয়েছে, আরাফায় যোহর ও আসর একত্রে যোহরের সময় পড়ার জন্য শর্ত হলো আমীরে হজ্জের ইমামতিতে নামায আদায় করা। অথচ হযরত মাওলানা মুফতী আব্দুর রহমান সাহেবের (বসুন্ধরা) সভাপতিত্বে বাংলাদেশ ইফতা বোর্ড কর্তৃক প্রকাশিত লিফলেটে বলা হয়েছে, মুকীম ইমাম যদি আরাফাতে যোহর ও আসরের নামাযে কসর করেন তখন তাঁর পেছনে আমাদের নামায হবে না। এমতাবস্থায় যোহর ও আসরের নামায স্ব স্ব ওয়াক্তে নিজের তাঁবুতে পড়তে হবে। এ ব্যাপারে অন্যত্র 'ফাতাওয়ায়ে শামী' ২/৫০৫-এর উদ্ধৃতি দিয়ে একই কথা বলা হয়েছে। সহীহ মাস'আলা জানতে ইচ্ছুক।

উত্তর : আল কাউসার ও বাংলাদেশ ইফতা বোর্ড কর্তৃক প্রকাশিত দুটি ফতওয়ার মধ্যে মূলত কোনো বিরোধ নেই। কারণ আল কাউসারে বলা হয়েছে, আরাফায় যোহর ও আসর একত্রে পড়ার জন্য শর্ত হলো আমীরে হজ্জের ইমামতি। আমীরে হজ্জ মুকিম না

Scanned by CamScanner

মুসাফির এ বিষয়ে আলোচনা করা হয়নি। পক্ষান্তরে বাংলাদেশ ইফতা বোর্ড কর্তৃক প্রকাশিত ফতওয়ায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। (১৮/৩৬৩/৭৬২৫)

📖 مبسوط السرخسي (دار المعرفة) ٤/ ١٥ : (قال) وإن لم يدرك الجمع مع الإمام، وأراد أن يصلي وحده صلى كل صلاة لوقتها في قول أبي حنيفة رحمه الله تعالى -

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ٣/ ١٣١ : ثم إن كان الإمام مقيما من أهل مكة يتم كل واحدة من الصلاتين أربعا أربعا، والقوم يتمون معه، وإن كانوا مسافرين؛ لأن المسافر إذا اقتدى بالمقيم في الوقت يلزمه الإتمام؛ لأنه بالاقتداء بالإمام صار تابعا له في هذه الصلاة، وإن كان الإمام مسافرا يصلي كل واحدة من الصلاتين ركعتين ركعتين، فإذا سلم يقول لهم: أتموا صلاتكم يا أهل مكة فإنا قوم سفر.

📖 فيه أيضا ٣/ ١٣٣ : ومنها أن يكون أداء الصلاتين بإمام، وهو الخليفة أو نائبه في قول أبي حنيفة، حتى لو صلى الظهر بجماعة لكن لا مع الإمام، والعصر مع الإمام لم تجز العصر عنده -

মাকরূহ সময়ের পরিমাণ

প্রশ্ন : সূর্যোদয়ের পর ও দুপুরে এবং সূর্যাস্তের পূর্বে প্রকৃত মাকরূহ ওয়াক্ত কতক্ষণ? দুপুরের মাকরূহ ওয়াক্ত ঠিক দুপুরের পূর্বে, না অর্ধেক পূর্বে ও অর্ধেক পরে? প্রকৃত সময় জানতে ইচ্ছুক।

উত্তর : নির্ভরযোগ্য মতানুযায়ী সূর্যোদয় এবং তারপর ১০ মিনিট, দ্বিপ্রহর এবং তার আগে-পরে ৬ মিনিট এবং সূর্যাস্ত ও তার পূর্বে ১০ মিনিট মাকরূহ ওয়াক্ত বলে গণ্য হবে। এ সময়গুলোতে নামায পড়া থেকে বিরত থাকবে, তবে ওই দিনের আসরের নামায মাকরূহ সময়ের পূর্বে পড়তে না পারলে উক্ত সময়ে তা আদায় করে নিলে আদায় হয়ে যাবে। (১৮/৩৬৩/৭৬২৫)

📖 رد المحتار (سعيد) ٢ / ٣٨ : (قوله: مع شروق) وما دامت العين لا تحار فيها في حكم الشروق كما تقدم في الغروب أنه لا يصح كما في البحر ح. أقول: ينبغي تصحيح ما نقلوه عن الأصل للإمام محمد من أنه ما لم ترتفع الشمس قدر رمح فهي في حكم الطلوع؛ لأن أصحاب المتون مشوا عليه في صلاة العيد حيث

Scanned by CamScanner

جعلوا أول أوقاتها من الارتفاع ولذا جزم به هنا في الفيض ونور الإيضاح.

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) ص ١٨٦ : وفي الإيضاح حد الأول والثالث أن لا تحار العين في العين هو الصحيح والمراد بالثالث وقت الغروب قوله: "والثاني عند استوائها" وعلامته أن يمتنع الظل عن القصر ولا يأخذ في الطول فإذا صادف أنه شرع في ذلك الوقت بفرض قضاء أو قبله وقارن هذا الجزء اللطيف شيئا من الصلاة قبل القعود قدر التشهد فسدت قوله: "وان نقبر موتانا" أي فيها قوله: "وعند زوالها" أي قرب زوالها وهو وقت الاستواء فالمعنى عند استوائها حتى تزول قوله: "وحين تضيف للغروب" معنى تضيف تميل.

📖 احسن الفتاوی (سعید) ۲ / ۱۴۱ : طلوع آفتاب سے کتنی دیر بعد اور غروب آفتاب سے کتنی دیر پہلے نماز پڑھنا جائز ہے اور کیا وقت کی کوئی ایسی مقدار مقرر ہے؟

الجواب- اس بارہ میں اصل ضابطہ جو پوری دنیا کیلئے کارآمد ہے وہ یہ ہے کہ جب تک آفتاب طلوع کے بعد اس کیفیت پر رہے کہ اس کو دیر تک دیکھنے میں آنکھوں کو دشواری اور خیرگی نہ ہو اس وقت تک نماز پڑھنا جائز نہیں، اسی طرح عصر میں جب یہ کیفیت ہو جائے تو نماز مکروہ ہے الا عصر یومہ، ایک دوسرا معیار بھی فقہاء نے تحریر فرمایا ہے وہ یہ کہ جب آفتاب طلوع کے بعد افق سے ایک رمح کی مقدار بلند ہو جائے تو نماز پڑھنا درست ہے، اسی طرح عصر کے بعد جب آفتاب کی بلندی افق سے ایک رمح (نیزہ) کی مقدار سے کم ہونے لگے تو نماز درست نہیں الا عصر یومہ، رمح کی مقدار بارہ بالشت ہے۔

📖 فیہ ایضا ۲/ ۱۴۳ : چنانچہ حسب ہدایت مشاہدات سے ثابت ہوا کہ طلوع سے نو منٹ بعد آفتاب میں معہود تمازت آگئی اور غروب سے تیرہ منٹ قبل مکروہ وقت شروع ہوا، یہ فیصلہ بہت احتیاط سے کیا گیا ہے، ورنہ حقیقت یہ ہے کہ مکروہ وقت دونوں جانب اس سے بھی کچھ کم تھا۔

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۳ / ۴۰ : نصف النہار سے چند منٹ قبل اور چند منٹ بعد نماز پڑھنے سے توقف کرنا چاہئے۔

Scanned by CamScanner

باب الأذان والإقامة

পরিচ্ছেদ : আযান-ইকামত

আযানের আগে দরূদ ও ইস্তেগফার

প্রশ্ন : একটি দল আযান দেওয়ার পূর্বে দরূদ শরীফ ও ইস্তেগফার পড়ে, অতঃপর আযান দেয় এবং বলে, এ কাজটি সুন্নাত। আমার জানার বিষয় হলো, এটি শরয়ী বিধান অনুযায়ী কতটুকু বৈধ বা এর বাস্তবতা কোনো হাদীসে উল্লেখ আছে কি না?

উত্তর : দরূদ ও ইস্তেগফার পাঠ করা অনেক গুরুত্বপূর্ণ ইবাদত। তবে আযানের পূর্বে দরূদ ইস্তেগফার পড়া ও তাকে সুন্নাত মনে করা কোনোটাই সঠিক নয়। বরং ইসলামী শরীয়তে তার কোনো প্রমাণ না থাকায় তা বর্জনীয়। তবে আযানের পর দরূদ পাঠ হাদীস দ্বারা প্রমাণিত। ১৭/২৭৮/৭০২৮

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٤ / ٧٣ (٣٨٤) : عن عبد الله بن عمرو بن العاص، أنه سمع النبي صلى الله عليه وسلم يقول: «إذا سمعتم المؤذن، فقولوا مثل ما يقول ثم صلوا علي، فإنه من صلى علي صلاة صلى الله عليه بها عشرا، ثم سلوا الله لي الوسيلة، فإنها منزلة في الجنة، لا تنبغي إلا لعبد من عباد الله، وأرجو أن أكون أنا هو، فمن سأل لي الوسيلة حلت له الشفاعة».

📖 سنن الترمذي (دار الحديث) ٤ / ٥٠٠ (٢٧٣٨) : عن نافع، أن رجلا عطس إلى جنب ابن عمر، فقال: الحمد لله، والسلام على رسول الله قال ابن عمر: وأنا أقول: الحمد لله والسلام على رسول الله، وليس هكذا علمنا رسول الله صلى الله عليه وسلم، علمنا أن نقول: «الحمد لله على كل حال».

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۱ / ۳۶۹ : الجواب- درود شریف کا موقع شریعت مطہرہ نے اذان کے بعد بتایا ہے نہ کہ اذان سے پہلے لہذا اذان سے پہلے درود شریف پڑھنا خواہ بلند آواز سے یا آہستہ بہر کیف ناجائز اور بدعت ہے اور دین میں اپنی طرف سے زیادتی

Scanned by CamScanner

ہے اس کی مثال ایسی ہے جیسے کوئی نماز کے آخر کی بجائے نماز شروع کرتے ہی سبحانك اللهم الخ کی بجائے درود پڑھنے لگے اور روکنے والے کو درود شریف کا منکر بتائے۔

আযানের পূর্বে সালাত ও সালাম

প্রশ্ন : বর্তমানে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিশেষ করে চট্টগ্রাম বিভাগে আযানের আগে 'সালাত-সালাম' পড়ার রেওয়াজ হতে চলছে, এটা কতটুকু শরীয়তসম্মত? এক শ্রেণীর আলেম সম্প্রদায় এটাকে দলিল দ্বারা প্রমাণ করে থাকে। তাদের সাথে আমাদের তর্ক-বিতর্ক পর্যন্ত হয়। তারা দলিলের মধ্যে كتاب الفقه على المذاهب الاربعة এর একটা ইবারতও উপস্থাপন করে থাকে। ইবারতটা হচ্ছে এই :

الصلاة على النبي قبل الاذان، الصلاة على النبي عقبه مشروعة بلاخلاف سواء كانت من المؤذن او من غيره لما رواه مسلم، من ان النبي صلى الله عليه وسلم قال إذا سمعتم المؤذن فقولوا مثل ما يقول ثم صلوا على فقوله ثم صلوا على عام يشمل المؤذن وغيره من السامعين ولم ينص الحديث على ان تكون الصلوٰة سرا فاذا رفع المؤذن صوته بالصلاة بتذكير الناس بهذا الحديث ليصلوا على النبي صلى الله عليه وسلم كان حسنا إنما الذى يجب الالتفات اليه هوالخروج بالصلاة والسلام على معنى التعبد الى التغنى والاتيان بأناشيد تقتضى الانسلاخ من التعبد الى التطريب كما يفعله بعض المؤذنين فى زماننا فإن ذلك من أسوء البدع التى ينبغى تركها وقد صرح الشافعية والحنابلة بانها سنة ولعلهم أرادوا المعنى الذى ذكرناه.

উল্লিখিত ইবারতটির অনুবাদ ও মর্মার্থ লিখে দিলে কৃতজ্ঞ হব।

উত্তর : আযান দেওয়ার বিষয়টি ইসলামে নতুন কোনো বিষয় নয়। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে আযান দেওয়ার বিধান প্রবর্তিত হয়ে যুগ যুগ ধরে তা চলে আসছে। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), সাহাবায়ে কেরাম, তাবেঈন ও তাবেতাবেঈনের আযানের রূপ ও পদ্ধতি কী ছিল তার স্পষ্ট বর্ণনা হাদীস শরীফ ও বিভিন্ন প্রামাণ্য কিতাবে রয়েছে। ওই নিয়ম ও পদ্ধতিতে আযানের পূর্বে দরূদ শরীফ পড়ার কোনো প্রমাণ পাওয়া যায় না। অবশ্য আযানের পর আযানের দু'আর পূর্বে দরূদ শরীফ পড়ার হুকুম হাদীস শরীফে থাকায় কিতাবসমূহে মুস্তাহাব বলা হয়েছে। প্রশ্নোল্লিখিত কিতাবكتاب الفقه على المذاهب الاربعة এর প্রথম খণ্ডের ৩২৬ নং পৃষ্ঠায়

Scanned by CamScanner

লেখকالصلاة على النبى قبل الاذان শিরোনাম (অর্থাৎ আযানের পূর্বে দরূদ পাঠ) দ্বারা বোঝাতে চেয়েছেন যে আযানের পূর্বে দরূদ পাঠের কোনো প্রমাণ বা ভিত্তি আছে কি না? এরপর বিস্তারিত আলোচনা করতে গিয়ে বলেন, الصلاة على النبى عقبه مشروعة بلاخلاف (অর্থাৎ আযানের পর দরূদ পাঠের বিষয়টি মুয়াজ্জিন ও অন্যদের জন্য সর্বজনগ্রাহ্য)। তারপর এ প্রসঙ্গে মুসলিম শরীফের হাদীসের বরাত দিয়ে তিনি আযানের অন্যান্য আদাব ও সুন্নাত সম্পর্কে আলোচনা করে এ অধ্যায়ের সমাপ্তি টানেন। এই বিস্তারিত আলোচনায় আযানের পূর্বে দরূদ শরীফ পাঠ করার ব্যাপারে কোনো আলোচনা না করে শিরোনাম দ্বারা যে প্রশ্ন জন্মেছিল তার উত্তর দিলেন যে আযানের পূর্বে দরূদ শরীফ পাঠ করার কোনো ভিত্তি নেই। এটি একটি নব আবিষ্কৃত বিদ'আত। (৬/১১২/১০৯৩)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٤/ ٧٤ (٣٨٤) : عن عبد الله بن عمروبن العاص ﷺ أنه سمع النبى صلى الله عليه وسلم يقول: إذا سمعتم المؤذن فقولوا مثل مايقول ثم صلوا على، فإنه من صلى على صلاة صلى الله عليه بها عشرا ثم سلواالله لى الوسيلة فإنها منزلة فى الجنة لا تنبغى الا لعبد من عباد الله وأرجو أن أكون انا هو فمن سأل لى الوسيلة حلت له الشفاعة -

📖 بدائع الصنائع (سعيد) ١/ ١٤٧ : واما بيان كيفية الأذان فهو على الكيفية المعروفة المتواترة من غير زيادة ولا نقصان عند عامة العلماء -

জুমু'আর দ্বিতীয় আযানের জবাব প্রদান

প্রশ্ন : জুমু'আর দ্বিতীয় আযানের জবাব দেওয়া শরীয়তের দৃষ্টিতে কেমন?

উত্তর : জুমু'আর দ্বিতীয় আযানের জবাব মৌখিক দেওয়া না দেওয়ার ব্যাপারে ফিকাহবিদদের মতানৈক্য থাকলেও নির্ভরযোগ্য মতানুযায়ী মৌখিক না দেওয়াটাই সঠিক। তা সত্ত্বেও কেউ দিতে চাইলে মনে মনে উত্তর দিতে পারে। (১৮/৪০৫/৭৬৩৮)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٢٩٩ : وينبغي أن لا يجيب بلسانه اتفاقا في الأذان بين يدي الخطيب -

📖 فتاوی محمودیہ (زکریا) ٢/ ٥٨ : سوال-جمعہ میں جو خطبہ کی اذان ہوتی ہے اس کا جواب دینا کیسا ہے اور اذان خطبہ کے بعد دعا پڑھنا کیسا ہے؟
الجواب-دل میں جواب دے اور دل میں ہی دعا پڑھ لے۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ٣/ ٢٦٦ : الجواب-اذان ثانیہ کے بعد دعائے اذان نہیں پڑھنی چاہئے لیکن اگر کوئی شخص دل ہی دل میں بغیر ہاتھ اٹھائے امام کے خطبہ شروع کرنے سے پہلے پڑھ لے تو اس پر کوئی گناہ نہیں اگرچہ نہ پڑھنا ہی بہتر ہے۔

জুমু'আর সানী আযানের মৌখিক জবাব প্রদান নিষিদ্ধ

প্রশ্ন : জুমু'আর সানী আযানের জবাব দেওয়া হয় না কেন?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে জুমু'আর দিন ইমাম সাহেব খুতবা দেওয়ার জন্য মিম্বরে ওঠার সাথে সাথে নামায পড়া, কথা বলা ইত্যাদি সম্পূর্ণ নিষেধ। তাই আযানের মৌখিক জবাব দেওয়াও নিষেধ। (১৯/৫০৪/৮২৮২)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ١/ ٣٥٢ (١١١١) : عن أبي بن كعب، أن رسول الله صلى الله عليه وسلم «قرأ يوم الجمعة تبارك، وهو قائم، فذكرنا بأيام الله» ، وأبو الدرداء أو أبو ذر يغمزني، فقال: متى أنزلت هذه السورة؟ إني لم أسمعها إلا الآن، فأشار إليه، أن اسكت، فلما انصرفوا، قال: سألتك متى أنزلت هذه السورة فلم تخبرني؟ فقال أبي: ليس لك من صلاتك اليوم إلا ما لغوت،

Scanned by CamScanner

فذهب إلى رسول الله صلى الله عليه وسلم فذكر ذلك له، وأخبره بالذي قال أبي، فقال رسول الله صلى الله عليه وسلم: «صدق أبي» -

📖 مصنف ابن أبي شيبة (إدارة القرآن) ٤/ ١٠٣ (٥٣٤٠) : عن ابن عباس، وابن عمر «أنهما كانا يكرهان الصلاة والكلام يوم الجمعة بعد خروج الإمام» -

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) صـ ٢٠٢ : وينبغى ان لايقال : لايجيب يعنى بالقول بالاجماع للاذان بين يدى الخطيب -

📖 فتاوی رشیدیہ (زکریا) ص ۳۰۴ : سوال- جو اذان کہ خطبۂ جمعہ کے واسطے کہی جاتی ہے اس کا جواب دینا اور ہاتھ اٹھا کر اللھم رب ھذہ الدعوۃ پڑھنا چاہئے یا نہیں؟
جواب- جائز نہیں اور جب امام اپنے جگہ سے اٹھے اسی وقت سے سکوت واجب ہے۔

📖 احسن الفتاوی (سعید) ۴/ ۱۳۵ : خطبہ کی اذان کا جواب زبان سے دینا جائز نہیں ہاں دل ہی دل میں جواب دیا جاسکتا ہے لقوله صلى الله عليه وسلم إذا خرج الإمام فلا صلاة ولا كلام -

জুমু'আর সানী আযান সুন্নাত

প্রশ্ন : জুমু'আর দ্বিতীয় আযান দেওয়া কি সুন্নাত না মুস্তাহাব এবং কোথায় দাঁড়িয়ে দেবে?

উত্তর : যে সমস্ত স্থানে বা সময়ে আযান দেওয়া সুন্নাত তন্মধ্যে জুমু'আর দ্বিতীয় আযানও অন্তর্ভুক্ত। ওই আযান খতীব সাহেবের বরাবর যেকোনো কাতারে দেওয়া যাবে। (২/৭২)

📖 رد المحتار (سعيد) ٢/ ١٦١ : (قوله: ويؤذن ثانيا بين يديه) أي على سبيل السنية كما يظهر من كلامهم رملي -

📖 الهداية (مكتبة البشرى) ١/ ٢٨٣ : وإذا صعد الإمام المنبر جلس وأذن المؤذنون بين يدي المنبر بذلك جرى التوارث -

Scanned by CamScanner

ঝড়-তুফানের সময় আযান

প্রশ্ন : আমাদের এলাকায় ঝড়-তুফানের সময় আযান দেওয়া হয়–এর হুকুম কী? আর এই আযানের মধ্যে حیّ علی الصلاۃ ، حیّ علی الفلاح বলা হবে কি না?

উত্তর : ঝড়-তুফানের সময় একাকী নামায পড়ার কথা কিতাবে আছে। আযান দেওয়ার কথা নেই। (৮/২০৮/২০৭০)

📖 الدر المختار مع الرد (سعيد) ٢/ ١٨٣ : وإن لم يحضر الإمام) للجمعة (صلى الناس فرادى) في منازلهم تحرزا عن الفتنة (كالخسوف) للقمر (والريح) الشديدة (والظلمة) القوية نهارا والضوء القوي ليلا (والفزع) الغالب ونحو ذلك من الآيات المخوفة كالزلازل والصواعق والثلج والمطر الدائمين وعموم الأمراض، ومنه الدعاء برفع الطاعون .

📖 رد المحتار (سعيد) ٢/ ١٨٣ : (قوله: والفزع) أي الخوف الغالب من العدو بحر ودرر (قوله: ومنه الدعاء برفع الطاعون) أي من عموم الأمراض وأراد بالدعاء الصلاة لأجل الدعاء قال في النهر: فإذا اجتمعوا صلى كل واحد ركعتين ينوي بهما رفعه، وهذه المسألة من حوادث الفتوى .

'আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ' শুনে দরূদ পাঠ করা

প্রশ্ন : 'আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ' বাক্য বলার পর মুক্তাদীগণ দরূদ শরীফ পড়বে কি না?

উত্তর : আযান ও ইকামতের সময় 'আশহাদুআন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ' বলার পর মুক্তাদীদের জন্য দরূদ শরীফ পড়ার নির্দেশ শরিয়তে নেই। বরং ওই বাক্যই মুক্তাদীরাও দোহরাবে। (৪/৪৬৪/৭৮৯)

📖 البحر الرائق (دار الكتب العلمية) ١/ ٢٧٣ : وفي فتح القدير إن إجابة الإقامة مستحبة وفي غيره أنه يقول إذا سمع قد قامت الصلاة أقامها الله وأدامها -

Scanned by CamScanner

📖 احسن الفتاوی(سعید) ۲/ ۲۷۸ : الجواب-اذان واقامت میں حضور اکرم صلی اللہ علیہ وسلم کے نام مبارک کے ساتھ درود شریف نہ منقول ہے اور نہ معمول۔

জুমু'আর সানী আযানের উত্তর না দেওয়া উত্তম

প্রশ্ন : জুমু'আর দ্বিতীয় আযানের উত্তর দেওয়া বৈধ কি না?

উত্তর : জুমু'আর সানী আযানের জবাব মুখে দেওয়ার পরিবর্তে মনে মনে দেওয়ার অবকাশ আছে। (১৭/১২৬)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣٩٩ : وينبغي أن لا يجيب بلسانه اتفاقا في الأذان بين يدي الخطيب.

📖 فتاوی محمودیہ (زکریا) ۲/ ۵۸ : سوال-جمعہ میں جو خطبہ کی اذان ہوتی ہے اس کا جواب دینا کیسا ہے اور اذان خطبہ کے بعد دعا پڑھنا کیسا ہے؟

الجواب-دل میں جواب دے اور دل میں ہی دعا پڑھ لے۔

দাড়ি কাটা বা ছাঁটা ব্যক্তির আযান-ইকামত

প্রশ্ন : দাড়ি কর্তনকৃত বা মুণ্ডানো ব্যক্তির আযান-ইকামতের হুকুম কী?

উত্তর : এক মুষ্টির ভেতর দাড়ি কর্তন করে বা মুণ্ডায়—এমন ব্যক্তি শরীয়তের দৃষ্টিতে ফাসেকের অন্তর্ভুক্ত, যার আযান ও ইকামত মাকরূহে তাহরীমি। তাই দাড়ি কাটা ব্যক্তি আযান দিলে তা দোহরানো মুস্তাহাব। কিন্তু ইকামত দোহরানোর প্রয়োজন নেই। (১৭/৫২১/৭১৪৬)

📖 البحر الرائق (دار الكتب العلمية) ١/ ٤٦٠ : وصرحوا بكراهة أذان الفاسق من غير تقييد بكونه عالما أو غيره.

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٣٩٢ : (ويكره أذان جنب وإقامته وإقامة محدث لا أذانه) على المذهب (و) أذان (امرأة) وخنثى (وفاسق) ولو عالما، لكنه أولى بإمامة وأذان من جاهل تقي.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۲ /۲۸۷ :الجواب-ڈاڑھی منڈانے یا کترانے والا اور انگریزی بال رکھنے والا فاسق ہے اس لئے اس کی اذان واقامت مکروہ تحریمی ہے اس کی اذان کا اعادہ مستحب ہے اقامت کا نہیں۔

জুতা পায়ে আযান দেওয়া

প্রশ্ন : জুতা, স্যান্ডেল ইত্যাদি পায়ে দিয়ে বা এসবের ওপর পা রেখে আযান দিলে আযান শুদ্ধ হবে কি?

উত্তর : জুতা, স্যান্ডেল ইত্যাদি পায়ে দিয়ে কিংবা এগুলোর ওপরে পা রেখে আযান দেওয়া জায়েয। তবে জুতায় নাপাকি লেগে থাকলে জুতা খুলে আযান দেওয়া উত্তম। (৬/২৬১/১১৭১)

📖 فتاوی دارالعلوم دیوبند (مکتبۂ دارالعلوم) ۲/ ۱۲۱: سوال-اذان جوتے سمیت جائز ہے یا نہیں؟
الجواب- جائز ہے۔

মসজিদের কোথায় দাঁড়িয়ে আযান দেবে?

প্রশ্ন : আযান মসজিদের কোন পাশে দাঁড়িয়ে দিতে হয়?

উত্তর : আযান মসজিদের যেকোনো পাশ থেকে দেওয়া যায়। নির্দিষ্ট কোনো দিকের বাধ্যবাধকতা শরীয়তে নেই।৬/২৬১/১১৭১

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۲۸۲ : اسی طرح اذان کیلئے بھی کوئی خاص جگہ متعین نہیں، مسجد سے باہر خواہ دائیں طرف ہو یا بائیں طرف۔

Scanned by CamScanner

হেঁটে হেঁটে ইকামত দেওয়া

প্রশ্ন : জনৈক ব্যক্তি ইকামত প্রদানকালে দ্বিতীয় কাতার থেকে প্রথম কাতারে চলে আসেন তথা হেঁটে হেঁটে ইকামত দেন। এমতাবস্থায় তাঁর ইকামত সহীহ হলো কি না? না হলে পুনরায় ইকামত দেওয়ার প্রয়োজন আছে কি না?

উত্তর : ইকামত দেওয়া অবস্থায় চলাচল করা অনুচিত। এতদসত্ত্বেও ইকামত সহীহ হয়ে যায়–তাই দ্বিতীয়বার দিতে হবে না। (৬/২৬১/১১৭১)

📖 المحيط البرهاني (دارالكتب العلمية) ١/ ٣٤٥ : ولا تعاد إقامته؛ لأن تكرار الأذان مشروع في الجملة كما في صلاة الجمعة، فأما تكرار الإقامة، فغير مشروع أصلاً.

📖 فتاوى قاضيخان (مكتبه اشرفيه) ١/ ٣٨ : ولا ينبغى للمؤذن أن يتكلم فى الاذان أو فى الإقامة أو يمشي؛ لأنه شبيه بالصلاة -

📖 البحرالرائق (سعيد) ١/ ٢٥٧ : وفى روضة الناطفى أكره للمؤذن أن يمشي فى إقامته -

ইকামতের জবাবের বিধান ও পদ্ধতি

প্রশ্ন : ইকামতের জবাব দেওয়ার বিধান কী? এবং 'ক্বাদক্বামাতিস সলাহ'-এর উত্তর কিভাবে দিতে হবে?

উত্তর : আযানের মতো ইকামতের জবাব দেওয়াও মুস্তাহাব। قد قامت الصلاة জবাবে ইমাম, মুক্তাদী সকলেই أقامها الله وأدامها বলবে। (৮/৪৮৫/২২২২)

📖 سنن أبي داود (دارالحديث) ١/ ٢٠٩ (٥٢٨) : عن أبي أمامة، أو عن بعض أصحاب النبي صلى الله عليه وسلم، أن بلالا أخذ في الإقامة، فلما أن قال: قد قامت الصلاة، قال: النبي صلى الله عليه وسلم: «أقامها الله وأدامها» وقال: في سائر الإقامة كنحو حديث عمر رضي الله عنه في الأذان-

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٥٧ : واجابة الإقامة مستحبة هكذا في فتح القدير-

📖 الدر المختار مع الرد (سعيد) ١ /٤٠٠ : (ويجيب الإقامة) ندبا إجماعا (كالأذان) ويقول عند: قد قامت الصلاة: أقامها الله وأدامها -

মাইকে আযান

প্রশ্ন : মাইকে আযান সম্পর্কে শরীয়তের বিধান কী? জানিয়ে বাধিত করবেন।

উত্তর : আযানের উদ্দেশ্য হলো মুসলমানদের নামাযের সময় সম্পর্কে অবগত করা। মাইক ব্যবহারে এ উদ্দেশ্যে সহায়তা হওয়ায় মাইকে আযান দেওয়ার মধ্যে কোনো আপত্তি নেই। (৫/১৮৪/৮৬৫)

📖 جدید فقہی مسائل ١/ ٦٥ : اذان کا مقصد نماز کا اعلان اور زیادہ سے زیادہ لوگوں کو اس سے اطلاع دینا... لاؤڈ اسپیکر چونکہ اس مقصد کیلئے بہت مفید اور کارآمد ہے، اور کسی شرعی ممانعت کے بغیر نہایت آسانی اور سہولت کے ساتھ دور تک اس کے ذریعہ آواز پہنچائی جاسکتی ہے اس لئے اس کا استعمال بہتر اور مستحسن ہوگا۔

ইকামতে حيعلتين এর সময় ডানে-বামে মুখ ফেরানো

প্রশ্ন : আমি একটি সমস্যায় পড়েছি। সমস্যাটি হলো, ইকামতের মধ্যে حي على الصلاة، حي على الفلاح বলার সময় ডানে-বামে মুখ ফেরানো সম্পর্কে বিভিন্ন কিতাবে বিভিন্ন রকমের বিধান পাওয়া যাচ্ছে। ফলে সঠিক সিদ্ধান্তে পৌঁছতে পারছি না। অতএব এ ব্যাপারে আপনার সুচিন্তিত সিদ্ধান্ত দলিলসহ দেওয়ার জন্য একান্ত অনুরোধ জানাচ্ছি।

বিঃ দ্রঃ নিম্নে বিভিন্ন কিতাবের উদ্ধৃতি পেশ করা হলো :

○ بدائع الصنائع ١/ ١٤٩ : (ومنها) أن يأتي بالأذان والإقامة مستقبل القبلة؛ لأن النازل من السماء هكذا فعل، وعليه إجماع الأمة، ولو ترك الاستقبال يجزيه لحصول المقصود وهو الإعلام، لكنه يكره لتركه السنة المتواترة، إلا أنه إذا انتهى إلى الصلاة والفلاح حول وجهه يمينا وشمالا، كذا

Scanned by CamScanner

فعل النازل من السماء، ولأن هذا خطاب للقوم فيقبل بوجهه إليهم إعلاما لهم، كالسلام في الصلاة.

٥ الجوهرة النيرة ١/ ٥٨ : وهل يحول في الإقامة قيل لا؛ لأنها إعلام للحاضرين بخلاف الأذان فإنه إعلام للغائبين، وقيل يحول إذا كان الموضع متسعا.

٥ البحر الرائق ١/ ٢٧٢ : (قوله: ويلتفت يمينا وشمالا بالصلاة والفلاح) ... ... وأطلق في الالتفات ولم يقيده بالأذان وقدمنا عن الغنية أنه يحول في الإقامة أيضا وفي السراج الوهاج لا يحول فيها؛ لأنها لإعلام الحاضرين بخلاف الأذان فإنه إعلام للغائبين، وقيل يحول إذا كان الموضع متسعا.

٥ منحة الخالق ١ / ٢٥٨ : (قوله: وفي السراج الوهاج لا يحول إلخ) قال في النهر الثاني أعدل الأقوال.

٥ حاشية الطحطاوى على المراقى ١ / ١٩٧ : ويحول في الإقامة إذا كان المكان متسعا وهو أعدل الأقوال كما في النهر

٥ حاشية الطحطاوى على الدر ١ / ١٨٩ : (قوله وكذا فيها) اى فى الاقامة (قولة مطلقا) كان المحل متسعا اولا بدليل مابعد.

٥ الدر المختار (ايچ ايم سعيد) ١/ ٣٨٥ : (ويلتفت فيه) وكذا فيها مطلقا، وقيل إن المحل متسعا.

٥ رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٣٨٧ : (قوله: وكذا فيها مطلقا) أي في الإقامة سواء كان المحل متسعا أو لا.

٥ امداد الفتاوی ۱/ ۱۶۶ : التفات یمین ویسار جیسا اذان میں مسنون ہے، ویسا ہی اقامت میں۔

٥ کفایت المفتی (امدادیہ) ۳/ ۷ : ہاں اقامت میں بھی مثل اذان حی علی الصلاۃ اور حی علی الفلاح کے وقت منہ پھیرنا چاہئے کیونکہ تحول وجہ سنت ہے ویتحول فيه وكذا فيها مطلقا.

٥ حلبی کبیر ص ۳۷۴

٥ الدر المنتقی فی شرح الملتقی ۱ /۷۶

٥ نفع المفتی والسائل ص ۱۷

٥ امداد الفتاوی ۱/ ۱۶۶

٥ فتاوی دار العلوم دیوبند ۲/ ۸۹

٥ فتاوی محمودیہ ۱۲ / ۲۱۰

٥ فتاوی محمودیہ ۱۶ / ۲۱۴

٥ احسن الفتاوی ۲ / ۲۹۳

Scanned by CamScanner

উত্তর : ইকামতের মধ্যে حى على الصلاة এবং حى على الفلاح এর উচ্চারণকালে মুখ ফেরানোর ব্যাপারে বিভিন্ন কিতাবে ফিকাহবিদদের বিভিন্ন ধরনের মতামত রয়েছে। কোনো কোনো কিতাবে ফেরানোর মতকে প্রাধান্য দেওয়া হয়েছে। আর কোনো কোনো কিতাবে না ফেরানোর মতকে প্রাধান্য দেওয়া হয়েছে। কিন্তু অধিকাংশ ফিকাহবিদগণ ফেরানোকে সুন্নাত বলে উল্লেখ করেছেন। যে সমস্ত উলামায়ে কেরাম না ফেরানোর মতকে প্রাধান্য দিয়েছেন, তাঁরাও ফেরানোকে মাকরূহ বা অপছন্দনীয় বলেননি। আর اثبات এবং نفى এর মধ্যে সংঘর্ষ হলে اثبات-এর দিক প্রাধান্য পায়।

ইকামতের মধ্যে যেমন উপস্থিত মুসল্লিদের সম্বোধন করা হয়, তেমনিভাবে সালামের মধ্যেও উপস্থিত মুসল্লিদের সম্বোধন করা হয়। তাই সালামের মধ্যে যেমন মুখ ফেরানো সুন্নাত, তেমনি ইকামতের মধ্যেও সুন্নাত হবে।

তদুপরি আমাদের আকাবিরীনে দেওবন্দের মধ্যে হাদীস এবং ফিকাহের দক্ষ হযরত থানভী (রহ.), হযরত মুফতিয়ে আজম আযীযুর রহমান (রহ.) ও মুফতী কিফায়েতুল্লাহ (রহ.)সহ অনেকেই ফেরানোকে সুন্নাত বলেছেন। তা সত্ত্বেও এটি এমন সুন্নাত নয়, যাকে মুআক্কাদা বলা যায়। (৭/৩১০/১৬৩১)

আযান মিনারের ওপরে হবে নাকি নিচে

প্রশ্ন : মসজিদে যে মিনার তৈরি করা হয় তা কেন করা হয়? আমরা জানি, মিনার বানানো হয় উঁচু জায়গায় দাঁড়িয়ে আযান দেওয়ার জন্য–তা কি সঠিক? যদি না হয় তাহলে বিদ্যুৎ না থাকাবস্থায় আযান মিনারে দেবে নাকি নিচে?

উত্তর : আযান এমন স্থানে দাঁড়িয়ে দেওয়া উচিত, যেখান থেকে আশপাশের মুসল্লিরা ভালোভাবে শুনতে পায়। তাই উঁচু স্থানে দাঁড়িয়ে আযান দেওয়া সুন্নাত। মিনার যেহেতু সাধারণত অন্যান্য স্থান থেকে উঁচু থাকে। তাই আযান মিনারে দেওয়াই উত্তম। তেমনিভাবে বিদ্যুৎ না থাকা অবস্থায় যদি কোনো ব্যক্তি এর ব্যতিক্রম করে তবে কোনো গোনাহ হবে না, আযান হয়ে যাবে। (১৪/৬০/৫৫২৪)

📖 الدر المختار (سعيد) ١ / ٣٨٤ : وهو سنة) للرجال في مكان عال.

📖 رد المحتار (سعيد) ١ / ٣٨٤ : ويسن الأذان في موضع عال والإقامة على الأرض، وفي أذان المغرب اختلاف المشايخ، والظاهر أنه يسن المكان العالي في المغرب أيضا كما سيأتي. وفي السراج: وينبغي

Scanned by CamScanner

للمؤذن أن يؤذن في موضع يكون أسمع للجيران، ويرفع صوته، ولا يجهد نفسه؛ لأنه يتضرر.

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٥٥ : ومن السنة أن يأتي بالأذان والإقامة جهرا رافعا بهما صوته إلا أن الإقامة أخفض منه. هكذا في النهاية والبدائع. وينبغي أن يؤذن على المئذنة أو خارج المسجد ولا يؤذن في المسجد كذا في فتاوى قاضيخان. والسنة أن يؤذن في موضع عال يكون أسمع لجيرانه ويرفع صوته ولا يجهد نفسه.

📖 امداد الاحکام (مکتبہ دار العلوم کراچی) ۱/ ۴۱۸ : بہر حال اس میں شک نہیں کہ اذان کا بلند جگہ میں ہونا مسنون ہے، مگر بلند جگہ میں ہونا سنت موکدہ نہیں بلکہ سنن زوائد سے ہے، جس کا کرنا موجب ثواب ہے اور ترک سے گناہ نہیں۔

আযান চলাকালে তেলাওয়াত, যিকির ও বাথরুমে গমন

প্রশ্ন : আযানের সময় তেলাওয়াত, যিকির কি বন্ধ রাখতে হবে? এবং আযানের সময় বাথরুমে যাওয়া কি ঠিক হবে?

উত্তর : আযানের সময় যদি কোরআন তেলাওয়াত বা অন্যান্য যিকিরে থাকে, তবে মুস্তাহাব হলো তেলাওয়াত ও যিকির বন্ধ করে আযানের উত্তর দেওয়া। যদি কেউ বন্ধ না করে তবে তার কোনো গোনাহ না হলেও অনুত্তম। আযানের সময় বাথরুমে যাওয়ার ব্যাপারে কোনো বাধা নেই। কিন্তু বাথরুমে গিয়ে আযানের উত্তর দেওয়া নিষেধ। তাই যদি নামাযের সময় বেশি থাকে এবং বাথরুমে যাওয়ার বেশি প্রয়োজন না হয় তখন আযানের উত্তর দিয়ে বাথরুমে যাওয়া উত্তম হবে। (১৪/৬০/৫৫২৪)

📖 بدائع الصنائع (سعيد) ١ / ١٥٥ : ولا ينبغي أن يتكلم السامع في حال الأذان والإقامة، ولا يشتغل بقراءة القرآن، ولا بشيء من الأعمال سوى الإجابة، ولو كان في القراءة ينبغي أن يقطع ويشتغل بالاستماع والإجابة.

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ١/ ٦١١ : ويستحب لمن كان يقرأ ولو قرآنا أن يقطع القراءة، ليقول مثلما يقول المؤذن أو المقيم، لأنه

Scanned by CamScanner

يفوت، والقراءة لا تفوت، لكن إن سمعه في الصلاة، لم يقل مثل قوله، لئلا يشتغل عن الصلاة بما ليس منها، وقد روي «إن في الصلاة لشغلا» وعلى هذا ينبغي عند الحنفية ألا يتكلم ولا يشتغل بشيء حال الأذان أو الإقامة.

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۲/ ۹۳ : الجواب-اذان کا جواب دینا مستحب ہے اگر قرآن شریف کو بند کر کے جواب اذان کا دے تو اچھا ہے اور اگر قرآن شریف ہی پڑھتا رہے اور جواب نہ دے تو کچھ گناہ نہیں ہے۔

মেহরাবে দাঁড়িয়ে জুমু'আর সানী আযান

প্রশ্ন : আমরা জানি, জুমু'আর দ্বিতীয় খুতবার আযান ইমামের সামনে দাঁড়িয়ে দিতে হয়। কিন্তু আমাদের এলাকার কিছু মসজিদে দেখা যায় ইমাম সাহেব খুতবা দেওয়ার জন্য মিম্বরে বসেন আর মুয়াজ্জিন সাহেব সরাসরি মেহরাবের ওই স্থানে দাঁড়িয়ে আযান দেন, যেখানে দাঁড়িয়ে ইমাম সাহেব নামায পড়ান। যদি তাঁদেরকে বলা হয় এটা তো সঠিক নয়, তাহলে বলে এভাবেও জায়েয আছে। এখন প্রশ্ন হলো, তাঁদের এই কথাটি কি সঠিক? যদি সঠিক না হয় তাহলে সঠিক পদ্ধতি কী? দলিলসহ জানানোর আবেদন রইল।

উত্তর : ইমাম সাহেব খুতবা প্রদানের জন্য মিম্বরে বসার পর তাঁর সামনে দাঁড়িয়ে চাই ইমাম সাহেবের একেবারে সন্নিকটে হোক বা একটু দূরে হোক এবং নাক বরাবর সামনে হোক অথবা একটু ডানে বা বামে হোক মুয়াজ্জিন সাহেবের দ্বিতীয় আযান দেওয়া সুন্নাত। পক্ষান্তরে উপরোক্ত পন্থায় না দাঁড়িয়ে মেহরাবে ইমামের নামাযের স্থানে দাঁড়িয়ে আযান দেওয়ার প্রথা যেমন প্রশ্নে উল্লিখিত হয়েছে সুন্নাতবহির্ভূত হওয়ায় তা বর্জনীয়।
(১৪/৫৭৬/৫৭২৫)

📖 الدر المختار مع الرد (سعيد) ۲/ ۱٦۱ : (ويؤذن) ثانيا (بين يديه) أي الخطيب.

📖 رد المحتار (سعيد) ۲/ ۱٦۱ : (قوله: ويؤذن ثانيا بين يديه) أي على سبيل السنية كما يظهر من كلامهم.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ١ / ١٦٤ : وإذا جلس على المنبر أذن بين يديه وأقيم بعد تمام الخطبة بذلك جرى التوارث.

📖 خير الفتاوى (زكريا) ٣ / ٤٩ : الجواب — مؤذن كو صف اول ميں خطيب كے آگے اذان كہنا سنت ہے در مختار ميں ہے ويؤذن ثانيا بين يديه أى الخطيب، أى على سبيل السنية.

একই জামাআতের জন্য ভিন্ন ভিন্ন স্থানে সম্মিলিত আযান

প্রশ্ন : এক জামাআতের জন্য একাধিক ব্যক্তির সম্মিলিত আযান খায়রুলকুরূনে ছিল কি না? যদি না থাকে তবে তার হুকুম কী? যদি নাজায়েয হয়ে থাকে তবে ইজতেমার মাঠে এক জামাআতের জন্য একাধিক আযান দেওয়া হয় তার হুকুম কী হবে?

উত্তর : এক জামাআতের জন্য একাধিক ব্যক্তির সম্মিলিত আযান খায়রুলকুরূনেও ছিল। প্রয়োজনের সময় এভাবে আযান দেওয়া শরীয়তের দৃষ্টিতে জায়েয আছে। সুতরাং ইজতেমার ময়দানের সম্মিলিত আযান শরীয়তসম্মত। (১৩/৮০৩/৫৪২১)

📖 رد المحتار (سعيد) ١ / ٣٩٠ : ذكر السيوطي أن أول من أحدث أذان اثنين معا بنو أمية. قال الرملي في حاشية البحر: ولم أر نصا صريحا في جماعة الأذان المسمى في ديارنا بأذان الجوق هل هو بدعة حسنة أو سيئة؟ وذكره الشافعية بين يدي الخطيب: واختلفوا في استحبابه وكراهته. وأما الأذان الأول فقد صرح في النهاية بأنه المتوارث حيث قال في شرح قوله وإذا أذن المؤذنون الأذان الأول ترك الناس البيع، ذكر المؤذنين بلفظ الجمع إخراجا للكلام مخرج العادة، فإن المتوارث فيه اجتماعهم لتبلغ أصواتهم إلى أطراف المصر الجامع. ففيه دليل على أنه غير مكروه؛ لأن المتوارث لا يكون مكروها، وكذلك نقول في الأذان بين يدي الخطيب فيكون بدعة حسنة إذ ما رآه المؤمنون حسنا فهو حسن -

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ١/ ٥٩٩ : أما اجتماع جماعة على الأذان، بحيث يأتي كل واحد بأذان كامل، فهو صحيح. وأضاف

المالكية: أنه يكره اجتماع مؤذنين بحيث يبني بعضهم على ما يقول الآخر. ويكره تعدد الأذان لصلاة واحدة. ويلاحظ أن أول من أحدث أذانين اثنين معا هم بنو أمية، والأذان الجماعي غير مكروه كما حقق ابن عابدين .

📖 بہشتی زیور ۱۱/ ۲۸ : مسئلہ—کئی مؤذنوں کا ایک ساتھ اذان کہنا جائز ہے۔

মাহফিলের আযান মসজিদের জন্য যথেষ্ট কিনা

প্রশ্ন : যদি মসজিদসংলগ্ন কোথাও ধর্মীয় মাহফিল হয় তাহলে মসজিদে আযান না দিয়ে মাহফিলে আযান দিলে মসজিদের আযানের জন্য যথেষ্ট হবে কি না? এবং কতটুকু দূরত্ব হলে মসজিদেও আযান দিতে হবে। দলিলসহ জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : মসজিদসংলগ্ন মাঠে মাহফিল হলে মসজিদের আযান মাঠের জন্য যথেষ্ট হবে। প্রথমে মসজিদে পরে মাঠে জামাআত করা যাবে। তবে মাঠের জামাআতে শুধু ইকামত দিলেই চলবে, আযানের প্রয়োজন নেই। পক্ষান্তরে মাহফিলের মাঠ মসজিদসংলগ্ন না হলে উভয় জায়গায় আযান-ইকামত দিয়ে জামাআত করবে। (১২/৭০৮/৫০৭০)

📖 رد المحتار (سعيد) ١ / ٣٩١ : أي فيما يتعلق بالبلد من الدار والكرم وغيرهما قهستاني. وفي التفاريق: وإن كان في كرم أو ضيعة يكتفي بأذان القرية أو البلدة إن كان قريبا وإلا فلا. وحد القرب أن يبلغ الأذان إليه منها .

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۴۴۶ : الجواب—مسجد کی بجلی مسجد ہی کے لئے خاص ہے کسی ایسی کام کے لئے اس کا استعمال جائز نہیں جو مصالح مسجد میں داخل نہیں گو کہ وہ کام اپنی جگہ کتنی ہی نیکی کا ہو جب مسجد کی اشیاء کا استعمال دوسرے مسجد میں بھی جائز نہیں تو عام جگہوں کے لئے کیوں کر روا ہوگا، منتظمہ کی ایسی بے موقع بلکہ خلاف شرع اجازت کا کچھ اعتبار نہیں۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۲/ ۶۱ : دونوں مسجدوں میں علیحدہ علیحدہ اذان مسنون ہے صرف ایک پر اکتفاء کرنا خلاف مسنون ہے جو لوگ ایسا کریں گے وہ تارک سنت ہونگے۔

Scanned by CamScanner

আযানের কোনো বাক্য ছুটে গেলে করণীয়

প্রশ্ন : যদি ভুলবশত আযানের কোনো বাক্য ছুটে যায় ও আযান শেষ হওয়ার পর স্মরণ হয় তাহলে এর হুকুম কী? আযান দোহরাতে হবে কি না? এবং حى على الصلاة، حى على الفلاح বা الصلاة خير من النوم ইত্যাদি বাক্য ভুলবশত বা ইচ্ছাকৃত বাদ পড়লে বিধানগত কোনো পার্থক্য হবে কি না?

উত্তর : আযানের প্রতিটি বাক্য উচ্চারণ করা সুন্নাত। এর কোনো একটি বাক্য ইচ্ছাকৃত না বলা মাকরূহ। ভুলবশত কোনো একটি বাদ পড়ে গেলে আযান শেষ হওয়ার পূর্বে বা শেষ হওয়ার সাথে সাথে স্মরণ আসা অবস্থায় বাদ পড়া বাক্যগুলো পুনরায় উচ্চারণ করে নেবে। অল্প সময় পার হলে পুনরায় আযান দেবে, দীর্ঘ সময় চলে গেলে পুনরায় আযান দেওয়ার প্রয়োজন নেই। ফজরের আযানে الصلاة خير من النوم বাক্যটি মুস্তাহাবের পর্যায়ভুক্ত, তাই তা বাদ পড়লে আযান মাকরূহ হয় না। এতদসত্ত্বেও সাথে সাথে স্মরণ আসলে তা থেকে শেষ পর্যন্ত বাক্যগুলো উচ্চারণ করে দেওয়া ভালো। (৭/৫৪৩/১৭৫১)

📖 تحفة الفقهاء (دار الكتب العلمية) ١/ ١١١ : ومنها أين يرتب بين كلمات الأذان والإقامة كما شرع حتى إذا قدم البعض وأخر البعض فالأفضل أن يعيد مراعاة للترتيب ومنها أن يوالي ويتابع بين كلمات الأذان والإقامة كما يوالي في الوضوء حتى لو ترك الموالاة فالسنة أن يعيد الأذان -

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٥٦ : ويرتب بين كلمات الأذان والإقامة كما شرع. كذا في محيط السرخسي. وإذا قدم في أذانه أو في إقامته بعض الكلمات على بعض نحو أن يقول: أشهد أن محمدا رسول الله قبل قوله: أشهد أن لا إله إلا الله فالأفضل في هذا أن ما سبق على أوانه لا يعتد به حتى يعيده في أوانه وموضعه وإن مضى على ذلك جازت صلاته كذا في المحيط.

📖 رد المحتار (سعيد) ١/ ٦٣٩ : المكروه تنزيها، ومرجعه إلى ما تركه أولى، وكثيرا ما يطلقونه كما ذكره في الحلية، فحينئذ إذا ذكروا

Scanned by CamScanner

مكروها فلا بد من النظر في دليله، فإن كان نهيا ظنيا يحكم
بكراهة التحريم إلا لصارف للنهي عن التحريم إلى الندب، وإن
لم يكن الدليل نهيا بل كان مفيدا للترك الغير الجازم فهي تنزيهية

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۲۸۵ : اگر اذان واقامت کے فورا بعد یاد آگیا تو جو کلمہ
چھوٹ گیا تھا وہاں سے اعادہ کرے اور اگر کچھ دیر کے بعد یاد آئے تو شروع سے لوٹائے.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۴/ ۲۹۷

ভুলে 'ক্বাদক্বামাতিস সলাহ' না বলা

প্রশ্ন : ইকামতের মধ্যে ভুলে 'ক্বাদক্বামাতিস সলাহ' না বললে নামায সঠিক হবে কি না?

উত্তর : ইকামতের মধ্যে ভুলে قد قامت الصلاة না বললে ইকামতের শেষে সাথে সাথে স্মরণ হলে قد قامت الصلاة হতে পুনরায় দোহরিয়ে নেবে। তবে না দোহরিয়ে নামায পড়ে নিলে নামায আদায় হয়ে যাবে। (১১/৭৯০/৩৭২৮)

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۲۸۵ : اگر اذان واقامت کے فورا بعد یاد آگیا تو جو کلمہ
چھوٹ گیا تھا وہاں سے اعادہ کرے اور اگر کچھ دیر کے بعد یاد آیا تو شروع سے لوٹائے۔
قال فی العلائية : ... ... ان عبارات میں نقص صفت سے حکم اعادہ مذکور ہے
پس نقص ذات سے بطریق اولی اعادہ ہوگا۔

ইকামতের সময় حی علی الفلاح বলা পর্যন্ত বসে থাকার বিধান

প্রশ্ন : ইকামতের সময় 'হাইয়্যা আলাস সালাহ' বলার পূর্ব পর্যন্ত বসে থাকা কি সুন্নাত না মুস্তাহাব? ইমাম যদি ওই সময় বসা কিংবা দাঁড়ানো অবস্থায় থাকেন তার বিধান কী?

উত্তর : মুয়াজ্জিন حی علی الفلاح বলার সময় নামাযীরা দাঁড়াবে মর্মে কিতাবে যা উল্লেখ রয়েছে, তা বাধ্যতামূলক বিষয় নয়। নামাযীদের সুবিধার্থে এরূপ করতে বলা হয়েছে।

Scanned by CamScanner

এর পূর্বে দাঁড়ালে কোনো প্রকারের আপত্তি নেই এবং নিষেধও করা হয়নি। বরং কাতার সোজাকরণের উদ্দেশ্যে ইকামতের শুরুতে দাঁড়ানো উত্তম। ৮/৩০১

📖 الدر المختار مع الرد (سعيد) ١٠ / ٤٧٨ : (ولها آداب) تركه لا يوجب إساءة ولا عتابا كترك سنة الزوائد، لكن فعله أفضل ... ... (والقيام) لإمام ومؤتم (حين قيل حي على الفلاح) خلافا لزفر؛ فعنده عند حي على الصلاة ابن كمال (إن كان الإمام بقرب المحراب وإلا فيقوم كل صف ينتهي إليه الإمام على الأظهر وإن) دخل من قدام حين يقع بصرهم عليه إلا إذا أقام الإمام بنفسه في مسجد فلا يقفوا حتى يتم إقامته ظهيرية، وإن خارجه قام كل صف ينتهي إليه بحر (وشروع الإمام) في الصلاة (مذ قيل قد قامت الصلاة) ولو أخر حتى أتمها لا بأس به إجماعا، وهو قول الثاني والثلاثة؛ وهو أعدل المذاهب كما في شرح المجمع لمصنفه. وفي القهستاني معزيا للخلاصة أنه الأصح.

📖 امداد الفتاوی (زکریا) ١/ ١٨٦ : منجملہ آداب کے قد قامت الصلوٰۃ کے کہنے کے وقت امام کا نماز شروع کردینا ہے، مگر باوجود اس کے ایک عارض سے تاخیر کو اعدل واصح کہا ہے جو مستلزم ہے افضل ہونے کو اور وہ عارض شروع مع الامام پر مؤذن کی اعانت ہے ایسے ہی اس میں بھی ایک عارض ہے کہ وہ عامۂ ناس کے اعتبار کی وجہ سے مثل لازم کے ہوگیا ہے گنجائش ہے کہ قبل اقامت کے قیام کو افضل کہا جاوے اور عارض تسویہ ہے صفوف کا جو نہایت مؤکد ہے اس لئے کہ عامۂ ناس کے عدم اہتمام و قلت مبالات کی وجہ سے مشاہد ہے کہ حی علی الصلوٰۃ پر کھڑے ہونے سے امام کی تحریمہ کی وقت تک صفوف کا تسویہ نہیں ہوسکتا بلکہ اکثر دیکھا جاتا ہے کہ پہلے سے کھڑے ہوجانے پر بھی اگر تسویۂ صفوف کا انتظار کیا جاوے تو اقامت اور تحریمۂ امام میں فصل کی ضرورت ہوتی ہے۔

Scanned by CamScanner

حي على الفلاح বলা পর্যন্ত বসে থাকা

প্রশ্ন : একটি প্রশ্ন, প্রশ্নটি সংগ্রহ করা হয়েছে 'তাবলীগ' নামক পত্রিকা থেকে। এটা ছাপা হয় ছারছিনা থেকে ৪১ বর্ষ ১৭০০ সংখ্যা : ১৫ শ্রাবণ ১৩৯৭ বাং ৩ জুলাই ১৯৯০ ইং। প্রশ্ন হচ্ছে, "আমাদের দেশের কোনো কোনো মসজিদে দেখা যায় যে ইকামত আরম্ভ হওয়ার পূর্বক্ষণে কাতার সোজা করার জন্য ইমাম বা মুয়াজ্জিন বা অন্য কোনো মুসল্লি উঠে দাঁড়ায় এবং উপস্থিত সকল মুসল্লিকে ইকামতের শুরুতে দাঁড়িয়ে কাতার সোজার করার জন্য নির্দেশ দিয়ে থাকে। আবার কোনো কোনো মসজিদে দেখা যায় সকলেই 'হাইয়া আলাস সালাহ' বলার সময় দাঁড়ায়। প্রকৃতপক্ষে এ ব্যাপারে শরীয়তের হুকুম কী?"

এ প্রশ্নের উত্তরে লেখেন, "ইমাম ও মুক্তাদী সকলেই ইকামতের 'হাইয়া আলাল ফালাহ' বলার সময় দাঁড়াবেন (মুস্তাহাব)।

অতএব কোনো মুসল্লি মসজিদে প্রবেশ করে যথারীতি কাতারে গিয়ে বসে পড়বে, ইকামতের অপেক্ষায় দাঁড়িয়ে থাকবে না (মাকরূহ)। অথবা যদি সে মনে করে ইকামত আরম্ভ হওয়ার পূর্বে দু-চার রাক'আত নফল নামায পড়তে পারবে, তাহলে সে তাই করতে পারে।"

এরপর কিছুদূর গিয়ে লেখেন, "যদি নফল নামায পড়তে ইচ্ছা না হয় অথবা ইকামতের সময় ঘনিয়ে আসে তাহলে যথারীতি কাতারে গিয়ে বসে থাকবে। এমনকি 'হাইয়া আলাল ফালাহ' বলার পূর্বেও যদি মসজিদে প্রবেশ করে তাহলে কাতারে গিয়ে দাঁড়িয়ে থাকবে না, বরং বসে পড়বে এবং 'হাইয়া আলাল ফালাহ'-এর সময় সোজা হয়ে দাঁড়িয়ে যাবে (মুস্তাহাব)। এ নিয়মের বিপরীত করা মাকরূহ তথা সাওয়াবে কম হবে।"

আরো কিছু পরে লেখেন, "এ সময় ইকামতের জবাব দেওয়া হলো মুস্তাহাব, আর মুস্তাহাব তরক করা নিঃসন্দেহে মাকরূহ। (দূররে মুখতার ১/৩৫০, শরহে বেকায়া ১/১৩৬, কান্‌য ১২, তরীকুল ইসলাম)"

এখন আরজ হলো, প্রশ্নের সঠিক উত্তর দেবেন এবং শরহে বেকায়া এবং কান্‌যের এ ইবারতের সঠিক অর্থ জানাবেন। "ইমাম এবং মুসল্লিগণ 'হাইয়া আলাল ফালাহ'-এর সময় দাঁড়াবে। আমাদের এখানে একটি মসজিদের ইমাম সাহেব ও তাঁর মুসল্লিরা 'হাইয়া আলাল ফালাহ'-এর সময় দাঁড়ায় অথচ কাতার সোজা করারও কোনো তাগিদ নেই এবং ইকামতের আগে মুসল্লি যেমন বিক্ষিপ্তভাবে বসে থাকে ইকামত শুরু হলেও এভাবেই বসে থাকে। 'হাইয়া আলাল ফালাহ'-এর সময় দাঁড়িয়ে কেউ লুঙ্গি ঠিক করে, হয়তো কাতার ঠিক হলো না, অমনি নিয়্যাত করে বসল। এমন করতে করতে অনেকেরই তাকবীরে ঊলা যেটা সুন্নাত বাদ পড়ে যায়। এর সঠিক সমাধান দিয়ে কৃতার্থ করবেন এবং মাকরূহ দ্বারা কোন মাকরূহ উদ্দেশ্য? দয়া করে জানাবেন।

Scanned by CamScanner

উত্তর : বিভিন্ন ফিকহের কিতাবে উল্লিখিত 'হাইয়া আলাল ফালাহ' বলার সময় দাঁড়াবে কথাটির মর্ম নির্ধারণে উলামায়ে কেরাম বলেন যে এর অর্থ হলো, 'হাইয়া আলাল ফালাহ' বলে যেহেতু নামাযের প্রতি আহ্বান করা হয় এ জন্য এ বাক্য বলার পর আর বসে না থেকে তাড়াতাড়ি দাঁড়িয়ে যাবে। এ অর্থ মোটেই নয় যে 'হাইয়া আলাল ফালাহ' বলার পূর্বে দাঁড়ানো মাকরূহ। বরং উদ্দেশ্য হলো, ইমাম সাহেব মসজিদের বাইরে থাকলে কিংবা মসজিদের ভেতরে ইমামতির জায়গা ছেড়ে অন্য জায়গায় বসে থাকলে তখন দাঁড়িয়ে তাঁর অপেক্ষা করতে থাকা মাকরূহে তানযীহি (তাহরীমি নয়)। (৫/৪৭/৮০০)

📖 البحر الرائق (سعيد) ١ / ٣٠٤ : (قوله والقيام حين قيل حي على الفلاح)؛ لأنه أمر به فيستحب المسارعة إليه.

📖 مراسيل أبي داود (مؤسسة الرسالة) ص ١١٩ (٩٠) : عن ابن جريج، أن ابن شهاب، أخبره أن الناس، " كانوا ساعة يقول المؤذن: الله أكبر يقيم الصلاة، ويقوم الناس للصلاة، ولا يأتي رسول الله صلى الله عليه وسلم مقامه حتى تعتدل الصفوف ".

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٢/ ٤٧ (٢٤٣٩) : عن ابن عمر قال: «كان عمر لا يكبر حتى تعتدل الصفوف، يوكل بذلك رجالا» -

📖 جواہر الفقہ (مکتبۂ تفسیر القرآن) ۱/ ۳۲۰ : (والقيام حين قيل حى على الفلاح لأنه أمر يستحب المسارعة إليه)... ... اس سے معلوم ہوتا ہے کہ جن حضرات نے حی علی الفلاح یا قد قامت الصلاۃ پر کھڑے ہونے کو مستحب فرمایا ہے ان کے نزدیک استحباب کا مطلب یہ ہے کہ اس امر کے بعد بیٹھے رہنا خلاف ادب ہے نہ یہ کہ اس سے پہلے کھڑا ہونا خلاف ادب ہے کیونکہ پہلے کھڑے ہونے میں تو اور بھی زیادہ مسارعت پائی جاتی ہے۔

ফরয নামায দোহরালে পুনরায় ইকামত

প্রশ্ন : কোনো নামায নষ্ট হওয়ার পর পুনরায় পড়ার সময় ইকামত দিতে হবে কি না?

উত্তর : প্রথম নামায নষ্ট হওয়ার পর পর জামাআতের সহিত পুনরায় পড়লে ইকামত দিতে হবে না। (৭/২০৫/১৫৯৬)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ / ٣٩٠ : (قوله: لا لفاسدة) أي إذا أعيدت في الوقت، وإلا كانت فائتة ط. وفي المجتبى: قوم ذكروا فساد صلاة صلوها في المسجد في الوقت قضوها بجماعة فيه ولا يعيدون الأذان والإقامة، وإن قضوها بعد الوقت قضوها في غير ذلك المسجد بأذان وإقامة. اهـ لكن سيأتي أن الإقامة تعاد لو طال الفصل.

নবজাতকের কানে আযান, ইকামতের হুকুম ও পদ্ধতি

প্রশ্ন : (১) ছেলে বা মেয়ে জন্ম নেওয়ার পর আযান ও ইকামত দেওয়ার হুকুম কী? ফরয, ওয়াজিব না সুন্নাত? সুন্নাত হলে তা সুন্নাতে মুআক্কাদা নাকি গাইরে মুআক্কাদা?
(২) জন্মের পর কত দিনের মধ্যে আযান-ইকামত দিতে হবে?
(৩) ছেলে বা মেয়ে উভয়ের কানে আযান-ইকামত দিতে হবে? নাকি শুধু ছেলের জন্যই এই বিধান?
(৪) উক্ত আযান ও ইকামত দেওয়ার সঠিক নিয়ম কী?

উত্তর : হাদীস শরীফ ও ফিকাহবিদগণের বর্ণনা মতে, ছেলেমেয়ে ভূমিষ্ঠ হওয়ার পর উভয়েরই ডান কানে নামাযের আযানের ন্যায় আযান ও বাম কানে নামাযের ইকামতের ন্যায় ইকামত দেওয়া সুন্নাতে গাইরে মুআক্কাদা তথা মুস্তাহাব। সন্তান ভূমিষ্ঠ হওয়ার পরপরই আযান ও ইকামত দেওয়া উত্তম। কোনো কারণবশত বিলম্ব হয়ে গেলে পরে দিলেও কোনো অসুবিধা নেই। (৬/৬২৩/১৩৬৭)

📖 سنن الترمذي (دارالحديث) ٣/ ٥٠٧ (١٥١٤) : عن عبيد الله بن أبي رافع، عن أبيه قال: «رأيت رسول الله صلى الله عليه وسلم أذن في أذن الحسن بن علي حين ولدته فاطمة بالصلاة» -

📖 مرقاة المفاتيح (أنور بكڈپو) ٧/ ٧٥٠ : (حين ولدته فاطمة) : يحتمل السابع وقبله (بالصلاة) . أي بأذانها وهو متعلق بأذن، والمعنى أذن بمثل أذان الصلاة وهذا يدل على سنية الأذان في أذن المولود-

Scanned by CamScanner

📖 شرح السنة (المكتب الإسلامي) ١١/ ٢٧٣ : روي أن عمر بن عبد العزيز كان يؤذن في اليمنى ويقيم في اليسرى إذا ولد الصبي.

📖 التحرير المختار للرافعي (سعيد كمپنى) ١/ ٤٥ : قال السندى ؒ: فيرفع المولود عند الولادة على يديه مستقبل القبلة ويؤذن فى أذنه اليمنى ويقيم فى اليسرى ويلتفت فيهما بالصلاة لجهة اليمين وبالفلاح لجهة اليسار، وفائدة الأذان فى أذنه أنه يدفع أم الصبيان عنه -

📖 احسن الفتاوی (سعید) ٢/ ٢٧٦ : بچے کے دائیں کان میں اذان اور بائیں میں اقامت کہنا مسنون ہے۔

📖 فیہ ایضا ٢/ ٢٧٦ : اس کے لئے وقت اور دن کی کوئی قید نہیں، حتی الامکان جلد کہنا چاہئے، اگر غفلت میں کئی روز گزر گئے تو بھی تنبہ کے بعد اذان کہی جائے۔

মাইকে আযান দেওয়া বৈধ

প্রশ্ন : একজন ইমাম সাহেব বলেন, মাইকে আযান দেওয়া সুন্নাতের খেলাফ তাই মাইকের দ্বারা আযান দেওয়া দুরস্ত নয়। এমনকি ইমামের কেরাতের আওয়াজ ও খতীবের খুতবার আওয়াজ শোনার জন্য মাইক ব্যবহার করা দুরস্ত নেই। ইমাম সাহেব এ ধরনের মাস'আলা দেওয়ার কারণে মুসল্লিদের মধ্যে দলাদলি সৃষ্টি হয় এবং একপর্যায়ে তাদের মধ্যে মারামারি হয়ে একজন গুরুতর আহত হয়। ইমাম সাহেব মাইক ব্যবহার না করার জন্য বাড়াবাড়ি করে মুয়াজ্জিনকে মাইকে আযান দিতে নিষেধ করেন। এ ব্যাপারে শরীয়তের বিধান কী?

উত্তর : বিজ্ঞানীদের বিশ্লেষণ মতে, মাইক বক্তার মুখ হতে নির্গত ক্ষীণ আওয়াজকে প্রতিধ্বনি হিসেবে রূপ নেওয়ার পূর্বেই হুবহু উক্ত আওয়াজ উঁচু করে শোনানোর একটা মাধ্যমমাত্র। যার ফলে এ নিয়ে শুরুতে ফিকাহবিদদের মাঝে কিছুটা মতানৈক্য থাকলেও পরবর্তীতে মুফতীয়ানে কেরামের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী আযান, খুতবা ও কেরাতে মাইক ব্যবহার করা নাজায়েয নয়। এমনকি সুন্নাতের খেলাফও নয়, তবে বিনা প্রয়োজনে নামাযে মাইক ব্যবহার না করা উত্তম। আর আযানে যেহেতু আওয়াজ দূর-দূরান্তে পৌঁছানো প্রয়োজন, তাই আযানে মাইক ব্যবহার করা অনুত্তম বলা যাবে না। আযান, নামায ও খুতবাতে মাইক ব্যবহার করাকে নাজায়েয বলে ফতওয়া দিয়ে

Scanned by CamScanner

মুসল্লিদের মাঝে দলাদলি, মারামারি হয়–এমন পরিবেশ সৃষ্টি করা ও মুয়াজ্জিনকে মাইক ব্যবহার থেকে বিরত রাখা সম্পূর্ণ শরীয়তবহির্ভূত ও বর্জনীয় কাজ।

উল্লেখ্য, নামাযে মাইক ব্যবহার অনুত্তম বলার কারণ হচ্ছে যে মাইক একটি মেশিন। অনেক সময় মেশিনারি সমস্যার কারণে জামাআতে মুক্তাদীদের নামাযে ভুল ধারণা সৃষ্টি হয়ে নামায নষ্ট হওয়ার উপক্রম হয়। বিনা প্রয়োজনে তা করা ঠিক নয়। (১৩/৩৭২/৫৪৬৪)

📖 فتح القدير (مكتبه حبيبيه) ١ / ٢١٣ : قوله بأن كانت الصومعة) اتساعها لا ينفي استطاعة تحويل الوجه الذي يعطيه ظاهر اللفظ، لكن المراد عدم استطاعة التبليغ مع التحويل لأنه يصير في جوفها فيضعف بلوغ الصوت خصوصا لمن خلفه فيستدبر ويخرج رأسه ليتم الإعلام-

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٥٥ : والسنة أن يؤذن في موضع عال يكون أسمع لجيرانه ويرفع صوته ولا يجهد نفسه. كذا في البحر الرائق.

📖 رد المحتار (سعيد) ١/ ٣٨٨ : ويجعل اصبعيه فى اذنيه لقوله صلى الله عليه وسلم لبلال اجعل اصبعيك فى اذنيك فانه ارفع لصوتك -

📖 کفایت المفتی (دار الاشاعت) ۹/ ۲۱۴ : جواب- لاؤڈ اسپیکر کا خطبۂ جمعہ وعیدین اور ہر قسم کے وعظ وتذکیر کے جلسہ میں استعمال جائز ہے صرف نماز میں امام کی قراءت کو اونچا کرنے کے لئے لاؤڈ اسپیکر کی اجازت نہیں دی سکتی اس کی وجہ یہ نہیں کہ لاؤڈ اسپیکر کوئی نئی آواز پیدا کرتا ہے بلکہ اس کی وجہ یہ ہے کہ بسا اوقات کرنٹ کے غائب ہو جانے سے یا آواز پھینکنے والے آلہ کی خرابی سے آواز غائب یا بد نما ہو جاتی ہے اور ان صورتوں میں قاری اور سامع دونوں کو کراہت اور تنفر پیدا ہو جاتا ہے اس لئے احتراما للقرآن وصیانۃ للصلاۃ قراءت امام کو اس خطرہ سے محفوظ رکھنا ضروری ہے۔

📖 امداد الفتاوی (زکریا) ۱/ ۸۲۰- ۸۴۷

📖 آلات مکبر الصوت کے شرعی احکام ص ۳۴- ۱۲۰

Scanned by CamScanner

ইজতেমার মাঠে মাইক ব্যবহার না করার কারণ

প্রশ্ন : টঙ্গী বিশ্ব ইজতেমায় এত লোকের সমাগম হওয়া সত্ত্বেও মাইকে আযান দেওয়া হয় না কেন? মাইকে নামায না পড়ার কারণে একসঙ্গে রুকু, সিজদা ও সালাম ফেরাতে ব্যাঘাত সৃষ্টি হতে দেখা যায়।

উত্তর : নামাযে মাইক ব্যবহার জায়েয হলেও যান্ত্রিক ত্রুটি বা বৈদ্যুতিক গোলযোগের কারণে এতে নামাযে অনেক অসুবিধা দেখা দেয়। এ জন্য মুফতীয়ানে কেরাম বিনা প্রয়োজনে নামাযে মাইক ব্যবহার না করার পক্ষে ফতওয়া দিয়ে থাকেন। জামাআত বড় হওয়ার ক্ষেত্রে মুসল্লিদের কাছে ইমামের তাকবীর পৌছানোর জন্য মুকাবিবরের ব্যবস্থা রাখা খুবই জরুরি। আযান মাইকে দেওয়ার অনুমতি থাকলেও মাইক ব্যবহার না করে সালাফে সালেহীনের অনুসরণ করা হলে এর ওপর কোনো প্রকারের আপত্তি করা যায় না। (৬/২৩৯/১১৭৭)

ওজু অবস্থায় আযানের দু'আ

প্রশ্ন :
ক. এক ব্যক্তি ওজু করা অবস্থায় আযান শুনছে। এখন ওই ব্যক্তি ওজুর মাসনূন দু'আ পড়বে নাকি আযানের উত্তর দেবে?
খ. এক ব্যক্তির ওজুও করা শেষ এমতাবস্থায় মুয়াজ্জিনের আযানও শেষ হয়, এখন ওই ব্যক্তি ওজুর শেষের দু'আ পড়বে নাকি আযানের দু'আ পড়বে? শরীয়তের দৃষ্টিতে সমাধান দিতে মর্জি হয়।

উত্তর :
ক. ওজু অবস্থায়ও আযানের জবাব দেওয়া মুস্তাহাব।
খ. উভয় দু'আ পড়লে ভালো। (৭/৯৩৩/১৯৪৯)

📖 فتاوی محمودیہ (زکریا) ۲/ ۲۴ : وضو کی حالت میں اذان کا جواب بھی دیتا رہے وضو بھی کرتا رہے فقط. واللہ اعلم

Scanned by CamScanner

باب شروط الصلاة وأركانها

পরিচ্ছেদ : নামাযের শর্ত ও রুকনসমূহ

বিনা ওজুতে ইমামতি করা

প্রশ্ন : কোনো ইমাম সাহেব নামায শুরু করার পর স্মরণ হয় যে সে বিনা ওজুতে নামাযে দাঁড়িয়েছে, তবে লজ্জায় ও মুসল্লিদের সমালোচনার ভয়ে ওজু ছাড়াই নামায শেষ করে। ওই ব্যক্তি কি কাফের হয়ে যাবে? তার স্ত্রী কি তালাক হবে? এ ক্ষেত্রে তার করণীয় কী?

উত্তর : লজ্জা বা মানুষের সমালোচনার ভয়ে ওজু ছাড়া নামায পড়া বা পড়ানো মারাত্মক গোনাহ। আল্লাহকে ভয় না করে মানুষকে ভয় করা ঈমানের দুর্বলতার পরিচায়ক। তবে যেহেতু সে শরীয়তকে হেয় করে উক্ত কাজ করেনি, তাই সে কাফের হবে না, তার স্ত্রীও তালাক হবে না। উক্ত ইমাম সাহেব আল্লাহ তাআলার নিকট তাওবা করে নামায দোহরিয়ে নেবে এবং সাধ্যমতো মুসল্লিদের নামায দোহরানোর জন্য জানিয়ে দেবে। (১৪/৮৬৯/৫৮৪৯)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٥٩١ : (وإذا ظهر حدث إمامه) وكذا كل مفسد في رأي مقتد (بطلت فيلزم إعادتها) لتضمنها صلاة المؤتم صحة وفسادا (كما يلزم الإمام إخبار القوم إذا أمهم وهو محدث أو جنب) أو فاقد شرط أو ركن. وهل عليهم إعادتها إن عدلا، نعم وإلا ندبت، وقيل لا لفسقه باعترافه؛ ولو زعم أنه كافر لم يقبل منه لأن الصلاة دليل الإسلام وأجبر عليه (بالقدر الممكن) بلسانه أو (بكتاب أو رسول على الأصح) لو معينين وإلا لا يلزمه بحر عن المعراج وصحح في مجمع الفتاوى عدمه مطلقا لكونه عن خطأ معفو عنه، لكن الشروح مرجحة على الفتاوى.

📖 رد المحتار (سعيد) ١/ ٨١ : ثانيهما أن الجواز بعذر لا يؤثر في عدم الإكفار بلا عذر؛ لأن الموجب للإكفار في هذه المسائل هو الاستهانة، فحيث ثبتت الاستهانة في الكل تساوى الكل في الإكفار،

Scanned by CamScanner

وحيث انتفت منها تساوت في عدمه، وذلك لأنه ليس حكم الفرض لزوم الكفر بتركه، وإلا كان كل تارك لفرض كافرا، وإنما حكمه لزوم الكفر بجحده بلا شبهة دارئة اهملخصا: أي والاستخفاف في حكم الجحود.

(قوله: كما في الخانية) حيث قال بعد ذكره الخلاف في مسألة الصلاة بلا طهارة وأن الإكفار رواية النوادر. وفي ظاهر الرواية لا يكون كفرا، وإنما اختلفوا إذا صلى لا على وجه الاستخفاف بالدين، فإن كان وجه الاستخفاف ينبغي أن يكون كفرا عند الكل.

أقول: وهذا مؤيد لما بحثه في الحلية لكن بعد اعتبار كونه مستخفا ومستهينا بالدين كما علمت من كلام الخانية، وهو بمعنى الاستهزاء والسخرية به، أما لو كان بمعنى عد ذلك الفعل خفيفا وهينا من غير استهزاء ولا سخرية، بل لمجرد الكسل أو الجهل فينبغي أن لا يكون كفرا عند الكل تأمل.

কেরোসিন লেগে থাকা কাপড়ে নামায

প্রশ্ন : যদি কাপড়ে বা শরীরে কেরোসিন তেল লাগে এবং ওই অবস্থায় নামায পড়ি তাহলে আমার নামায আদায় হবে কি?

উত্তর : কেরোসিন তেল পাক, তবে কাপড়ে বা শরীরে লেগে গেলে তা সহকারে নামায আদায় করা শুদ্ধ হলেও দুর্গন্ধময় জিনিসসহ নামায আদায় করা অনুচিত, তা নিয়ে মসজিদে যাওয়া মাকরূহ। (১১/৪৫৫/৩৬০৩)

📖 رد المحتار (سعيد) ١ /٦٦١ : (قوله وأكل نحو ثوم) أي كبصل ونحوه مما له رائحة كريهة للحديث الصحيح في النهي عن قربان آكل الثوم والبصل المسجد. قال الإمام العيني في شرحه على صحيح البخاري قلت: علة النهي أذى الملائكة وأذى المسلمين-

Scanned by CamScanner

নামাযের জন্য গাড়ি না থামালে করণীয়

প্রশ্ন : কোনো ব্যক্তি গাড়িতে সফরকালে নামাযের সময় হয়ে গেল; কিন্তু ড্রাইভারকে বলেও নামাযের কোনো সুযোগ না পেয়ে সে অপেক্ষা করতে লাগল। এভাবে নামাযের ওয়াক্ত প্রায় শেষ হয়ে গেল। এখন ওজু না থাকলে কী করবে? আর ওজু থাকলে গাড়িতে বসে বসে নামায পড়তে পারবে কি না? উল্লেখ্য, গাড়ি থেকে নেমে গেলে গন্তব্যে পৌঁছা তার জন্য অনেক কষ্টকর হবে।

উত্তর : গাড়িতে সফরকালে নামাযের সময় হয়ে গেলে এবং গাড়ি থামার পূর্বে নামাযের সময় শেষ হয়ে যাওয়ার প্রবল আশঙ্কা দেখা দিলে ওজু করে আর ওজুর ব্যবস্থা না হলে, অর্থাৎ এক মাইলের ভেতরে পানির ব্যবস্থা না হলে তায়াম্মুম করে ফরয নামায দাঁড়িয়ে কিবলামুখী হয়ে রুকু-সিজদাসহ আদায় করে নেবে। দাঁড়ানোর ব্যবস্থা না থাকলে বসে বসে হলেও নামায আদায় করে নেবে; কিন্তু এ ক্ষেত্রে পরবর্তীতে নামায পুনরায় পড়ে নিতে হবে। পক্ষান্তরে ওজু/তায়াম্মুমের কোনো ব্যবস্থা না থাকলে নামাযের সময় শেষ হওয়ার আগে আগে নামাযীদের সাদৃশ্য অবলম্বন করে নিয়্যাত, কেরাত ইত্যাদি ব্যতীত শুধুমাত্র রুকু-সিজদা ইত্যাদি করে নেবে। পরবর্তীতে উক্ত নামায পুনরায় পড়ে নেবে। (৯/৯৭১)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ۱/ ۸۰ : وأما فاقد الطهورين، ففي الفيض وغيره أنه يتشبه عندهما، وإليه صح رجوع الإمام وعليه الفتوى.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ۲/ ۱۰۰ : وكذا الطهارة من الحدث لأن فاقد الطهورين يؤخر عند الإمام ويتشبه عندهما.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۳/ ۷۹ : الجواب— نماز میں قیام فرض ہے بغیر شرعی عذر کے اس کا ترک کرنا درست نہیں۔

ওজু ছাড়া আদায়কৃত নামায ফের পড়তে হবে

প্রশ্ন : কোনো ব্যক্তির নামাযের পর স্মরণ হয় যে সে বিনা ওজুতে নামায পড়েছে, তার করণীয় কী?

উত্তর : ভুলক্রমে বিনা ওজুতে নামায পড়ার পর স্মরণ হওয়ামাত্রই ওজু করে নামায আদায় করা ফরয। (১৪/৮৬৯/৫৮৪৯)

Scanned by CamScanner

📖 مصنف ا بن أبي شيبة (إدارة القرآن) ا/ ٣٩٧ (٤٠٦٨) : عن سعيد بن المسيب، «أن النبي صلى الله عليه وسلم صلى بالناس وهو جنب فأعاد وأعادوا».

📖 البحر الرائق (سعيد) ا/ ٢٦٨ : مراهقة صلت بغير وضوء أو عريانة تؤمر بالإعادة.

আমেরিকায় কিবলার দিক নির্ণয়

প্রশ্ন : আমি গত মার্চ মাসে ২৫ দিনের জন্য ব্যক্তিগত কাজে মার্কিন যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে গিয়েছিলাম। সেখানে খুবই দুঃখের সহিত লক্ষ করেছিলাম যে সেখানকার মুসলমানরা উত্তর-পূর্ব দিকে (৩০°–৩৫°) নামায পড়ে। মসজিদের মেহরাবগুলোও সেভাবে নির্মিত। আমার হিসাব মতে, কিবলা সেখান থেকে পূর্ব দিকে (১০০°–১০৫°)। প্রতিটি মসজিদেরই একই অবস্থা। ফেতনা হওয়ার আশঙ্কায় আমি কোনো উচ্চবাক্য করিনি। তবে তাদের জিজ্ঞেস করে জানতে পারলাম আমেরিকার একটি সংস্থা isna (islamic society of north america) পরোক্ষভাবে মসজিদগুলোকে কন্ট্রোল করে এবং তাদের আদেশেই বিভিন্ন মসজিদে কিবলার দিক পরিবর্তন করেছে। (এককালে তারা পূর্ব দিকেই নামায পড়ত) হয়তো বা (isna) কর্তৃপক্ষ ম্যাপ থেকে দিক না মেপে (Globe) থেকে দিক মেপেছে, এ জন্যই এই বিভ্রান্তি। আমেরিকায় থাকাকালীন আমি এ ব্যাপারে খুব পেরেশান ছিলাম এবং ঠিক করলাম দেশে ফিরে আমি যথাযথ কর্তৃপক্ষ হতে কিবলার দিক জেনে উপযুক্ত মুফতী হতে মাস'আলা জেনে নেব। সে মতে আমি বিমানবাহিনীর অপারেশন বিভাগে চিঠি লিখি। তারা আমাকে জানায় যে-

১. আমেরিকার বড় বড় শহর হতে কিবলা ৯৫°–১০২°। (চিঠির জবাবের ফটোকপি সংযুক্তি হিসেবে দেওয়া হলো।)

২. (Globe) হতে দিক মাপা ঠিক হবে না।

৩. (isna)-কে মোকাবিলা করার জন্য উপরোক্ত দুটি তথ্যই মার্কিন বিমানবাহিনী অথবা ব্রিটিশ বিমানবাহিনী হতে তারা জোগাড় করে দেবে।

জনাব, এমতাবস্থায় আমার প্রশ্ন : (ক) আমি পরিবেশ রক্ষার খাতিরে ২০-২২ দিন উত্তর-পূর্ব দিকে নামায পড়লাম, তার কী হবে?

(খ) আমেরিকাতে আমাদের মুসলমান ভাইয়েরা যে ভুল দিকে নামায পড়ছে তারই বা কী হবে? এমতাবস্থায় কী করা উচিত?

Scanned by CamScanner

উত্তর : নামাযে কিবলামুখী হওয়ার বিষয়টি নিকটবর্তী (যে চোখে কা'বাঘর দেখে) আর দূরবর্তী (কা'বাঘর যার চোখের অন্তরালে) উভয়ের বেলায় এক ধরনের নয়। দ্বিতীয়োক্ত লোকদের বেলায় জিহাতে কা'বা কিবলা হিসেবে নির্ধারিত। যা স্পষ্ট কোরআনের আয়াত দ্বারা প্রমাণিত। জিহাতে কা'বার ব্যাখ্যা ফিকাহবিশারদগণ এভাবে দিয়ে থাকেন যে কা'বার ওপর দিয়ে যে রেখাটি উত্তর-দক্ষিণ মেরু প্রান্তে পৌঁছে সে রেখাকে মুসল্লির চেহারা থেকে সোজাভাবে নির্গত রেখাটি ছেদ করলে উভয় রেখার মিলনস্থলে সমকোণ তৈরি হয়। এরূপ সমকোণ তৈরি হলেই মুসল্লি প্রকৃত কিবলামুখী হয়েছে বলে ফিকাহবিদগণ সিদ্ধান্ত দেন। উপরোক্ত মূলনীতি অনুযায়ী লস অ্যাঞ্জেলেসের সঠিক কিবলা উত্তর-পূর্ব দিকে হওয়াই শরীয়ত ও জ্যামিতিক মূলনীতিসম্মত; এর বিপরীত দিক নয়। সুতরাং সন্দেহ থাকা সত্ত্বেও আপনার নামায শুদ্ধ হয়েছে। সকল মুসলমানের আমল ও মসজিদ থাকতে সেখানে কিবলার ব্যাপারে সন্দেহ পোষণ করা উচিত নয়। (৫/৪০/৮০৩)

📖 بدائع الصنائع (سعيد) ١/ ١١٨ : وإن كان نائيا عن الكعبة غائبا عنها يجب عليه التوجه إلى جهتها، وهي المحاريب المنصوبة بالإمارات الدالة عليها لا إلى عينها، وتعتبر الجهة دون العين. كذا ذكر الكرخي والرازي، وهو قول عامة مشايخنا بما وراء النهر.

📖 رد المحتار (سعيد) ١/ ٤٢٨ : فلو فرضنا خطا من تلقاء وجه مستقبل الكعبة على التحقيق في هذه البلاد ثم فرضنا خطا آخر يقطعه على زاويتين قائمتين من جانب يمين المستقبل وشماله لا تزول تلك المقابلة والتوجه بالانتقال إلى اليمين والشمال على ذلك الخط بفراسخ كثيرة، فلذا وضع العلماء القبلة في بلاد قريبة على سمت واحد، ونقله في الفتح والبحر وغيرهما وشروح المنية وغيرها، وذكره ابن الهمام في زاد الفقير. وعبارة الدرر هكذا: وجهتها أن يصل الخط الخارج من جبين المصلي إلى الخط المار بالكعبة على استقامة بحيث يحصل قائمتان. أو نقول: هو أن تقع الكعبة فيما بين خطين يلتقيان في الدماغ فيخرجان إلى العينين كساقي مثلث، كذا قال النحرير التفتازاني في شرح الكشاف، فيعلم منه أنه لو انحرف عن العين انحرافا لا تزول منه المقابلة بالكلية جاز.

Scanned by CamScanner

পাবনা জেলার কিবলা কত ডিগ্রিতে

প্রশ্ন : পশ্চিম বা 'মাগরিব' তো সম্পূর্ণকে বোঝায়, আর কিবলা তো অল্প স্থান এবং ফুকাহায়ে কেরাম কা'বা শরীফ থেকে ৯০° পর্যন্ত এদিক-ওদিক ব্যবধান হলেও নামায সহীহ বলে ফতওয়া দিয়েছেন। এখন প্রশ্ন, পাবনা থেকে সঠিক কিবলা ঠিক কোন জায়গায় অবস্থিত, যেমন এখানকার অবস্থান হলো ৮৭° দক্ষিণ দ্রাঘিমাংশে। তাহলে আমাদের কিবলা কত ডিগ্রিতে অবস্থিত, অর্থাৎ مائل الى الجنوب নাকি مائل الى الشمال? কিন্তু কোনো কোনো কিতাবে দেখা যায় ৭.১২ ডিগ্রি مائل الى الجنوب, ৭.১২ কি সরলরেখা থেকে নাকি সাইড থেকে? জানালে উপকৃত হব।

উত্তর : কিবলা নির্ধারণে ডিগ্রির সূক্ষ্মাতিসূক্ষ্ম পার্থক্যের অনুসরণ জরুরি নয়, প্রবল ধারণাই যথেষ্ট। এ জন্যই মুফতী শফী (রহ.) বলেন, প্রতিটি এলাকার মসজিদসমূহকে কিবলার মাপকাঠি মানা হলে কোনো অসুবিধা নেই, চাই তা যন্ত্রের সাথে নিখুঁত মিল হোক বা না হোক। কেননা যেকোনো দিক থেকেই কা'বা শরীফের ৪৫ ডিগ্রির ভেতরে পড়লেই কিবলা সহীহ হয়ে যায়। আজ পর্যন্ত কোনো এলাকার মসজিদের কিবলা ৪৫° বাইরে হওয়া প্রমাণিত হয়নি। তাই আপনার কথা অনুযায়ী কোনো কোনো কিতাবের বর্ণনা মতে পাবনা জেলা থেকে কা'বা শরীফ ৭.১২ ডিগ্রির ব্যবধানে হলেও কোনো অসুবিধা নেই। (৭/৮৪৬/১৭৮৯)

পানির যানবাহনে নামাযীর কিবলার দিক পরিবর্তন

প্রশ্ন : লঞ্চের ভেতর কম্পাস দ্বারা কিবলা ঠিক করে নামায শুরু করা হয়েছে। কিন্তু নামায শেষে জানা গেল যে কিবলা সম্পূর্ণ ঘুরে গেছে। নামাযের ভেতরে মোটেই জানা যায়নি যে কিবলা ঘুরছে। এখন নামায পুনরায় পড়ার প্রয়োজন আছে কি না?

উত্তর : যেকোনো উপায়ে কিবলা ঠিক করে নামায শুরু করার পর শেষ হওয়ার পূর্বে যদি কিবলা পরিবর্তন হয়ে যায় তখন না জানা অবস্থায় নামায হয়ে যাবে। নামাযের ভেতর জানা হলে কিবলার দিকে ওই অবস্থাতেই ঘুরে যাবে, নতুবা দোহরাতে হবে। অতএব প্রশ্নে উল্লিখিত অবস্থায় নামায হয়ে গেছে, দোহরানোর প্রয়োজন নেই। (৭/৩১৮)

📖 بدائع الصنائع (سعيد) ١/ ١١٩ : ولأن الصلاة المؤداة إلى جهة التحري مؤداة إلى القبلة؛ لأنها هي القبلة حال الاشتباه، فلا معنى

Scanned by CamScanner

لوجوب الاستقبال؛ ولأن تبدل الرأي في معنى انتساخ النص، وذا لا يوجب بطلان العمل بالمنسوخ في زمان ما قبل النسخ، كذا هذا وإن كان بعد الفراغ من الصلاة فإن ظهر أنه صلى يمنة أو يسرة يجزيه ولا يلزمه الإعادة بلا خلاف، وإن ظهر أنه صلى مستدبر الكعبة يجزيه عندنا-

📖 ردالمحتار (سعيد) ١/ ٤٣٣ : (قوله وإن علم به) أي بخطئه فافهم (قوله أو تحول رأيه) أي بأن غلب على ظنه أن الصواب في جهة أخرى فلا بد أن يكون اجتهاده الثاني أرجح، إذ الأضعف كالعدم، وكذا المساوي فيما يظهر ترجيحا للأول بالعمل عليه تأمل (قوله استدار وبنى) أي على ما بقي من صلاته، لما روي «أن أهل قباء كانوا متوجهين إلى بيت المقدس في صلاة الفجر فأخبروا بتحويل القبلة فاستداروا إلى القبلة، وأقرهم النبي – صلى الله عليه وسلم – على ذلك» -

📖 احسن الفتاوی ٢/ ٣٢٠ ، ٢/ ٣١٨

কোনা ঘরে কিবলা নির্ণয়

প্রশ্ন : অনেক বাড়ি বা ভবনই উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিম দিক অনুসরণ না করে এমনভাবে নির্মিত হয় যে এগুলোর দেয়ালগুলো কোনো দিক বরাবর না থেকে বিভিন্ন কোন বরাবর থাকে। নামাযের সময় ওই সব গৃহে কিবলার অবস্থান কম্পাস যন্ত্রের সাহায্যে নির্ণয় করা জরুরি, নাকি শুধুমাত্র চোখ বা আন্দাজে নির্ণয় করে নিলেই চলে। চোখ বা আন্দাজের দ্বারা নির্ণয় করা দিকটি যদি কিবলার সহিত পুরোপুরি না মেলে তাহলে নামায দোহরানো জরুরি কি না?

উত্তর : ঘর-বাড়িতে কিবলার দিক নির্ণয় করতে না পারলে স্থানীয় মসজিদ দেখে বা কোনো লোক থেকে জেনে নেবে। এভাবে নির্ণয় করা সম্ভব না হলে নিজে গভীরভাবে চিন্তা করে যে দিকের ব্যাপারে প্রবল ধারণা হয়, সেদিকে ফিরে নামায আদায় করবে। এরূপ আদায়কৃত নামায কোনো অবস্থায় দোহরাতে হবে না। জিজ্ঞাসা করার লোক বা মেহরাব দ্বারা নির্ণয় সম্ভব হওয়াবস্থায় তা না করে মনগড়া দিকে নামায পড়া হলে

Scanned by CamScanner

পরবর্তীতে তা ভুল প্রমাণিত হলে নামায দোহরাতে হবে, অন্যথায় নামায দোহরাতে হবে না। (৬/২৯০/১২০২)

📖 رد المحتار (سعيد) ١/ ٤٣٣ : والذي مر هو الاستدلال بالمحاريب والنجوم والسؤال من العالم بها، فأفاد أنه لا يتحرى مع القدرة على أحد هذه، حتى لو كان بحضرته من يسأله فتحرى ولم يسأله إن أصاب القبلة جاز لحصول المقصود وإلا فلا لأن قبلة التحري مبنية على مجرد شهادة القلب من غير أمارة وأهل البلد لهم علم بجهة القبلة المبنية على الأمارات الدالة عليها من النجوم وغيرها فكان فوق الثابت بالتحري، وكذا إذا وجد المحاريب المنصوبة في البلدة أو كان في المفازة والسماء مصحية وله علم بالاستدلال بالنجوم لا يجوز له التحري لأن ذلك فوقه، وتمامه في الحلية وغيرها.

📖 احسن الفتاوى (سعيد) ٢/ ٣١٨ : الجواب- اگر قبلہ معلوم کرنے کا کوئی ذریعہ نہ ہو، مثلا کسی مسجد کے رخ سے یا ستاروں سے یا قطب نما وغیرہ سے، اور نہ ہی وہاں کوئی ایسا آدمی ہو جو قبلہ کی رہنمائی کر سکے تو تحری فرض ہے، یعنی حسب قدرت غور و خوض کرنے پر جس طرف قلب شہادت دے اس طرف نماز پڑھ لے، نماز سے فراغت کے بعد اگر اس جہت کا غلط ہونا ثابت ہو جائے تو نماز کا اعادہ واجب نہیں۔

নৌপথে কিবলা নির্ণয়ে কম্পাস ব্যবহার

প্রশ্ন : লঞ্চের মধ্যে কম্পাস সামনে রেখে নামায আদায় করা যাবে কি না?

উত্তর : আধুনিক যন্ত্রপাতির ওপর শরীয়তের কোনো বিষয় নির্ভর করে না। সাধারণ ও স্বাভাবিক উপায়ে শরয়ী বিধান পালন করা উত্তম। তবে এগুলো আল্লাহর দেওয়া নেয়ামত। তাই এগুলোর সহযোগিতা নেওয়া বৈধ ক্ষেত্রে বৈধ। তাই কম্পাস দ্বারা কিবলা ঠিক করে নামায পড়া ও সামনে রাখা বৈধ হবে, তবে জরুরি নয়। (৭/৩১৮)

📖 المحيط البرهاني (دارالكتب العلمية) ١/ ٣٩١ : وإذا كان المكتوب على المحراب غير القرآن بأن كان المكتوب عليه كن في صلاتك

Scanned by CamScanner

خاشعاً، فنظر المصلي في ذلك وتأمل حتى فهم. قال بعض مشايخنا على قياس قول أبي يوسف: لا تفسد -

📖 البناية (دارالفكر) ٢/ ٤٢٢ : (ولو نظر إلى مكتوب) ش: أي ولو نظر المصلي إلى مكتوب من الفقه وغيره، وليس المراد منه المكتوب من القرآن؛ لأنه لو نظر إلى مكتوب وهو قرآن وفهمه لا خلاف لأحد فيه أنه يجوز م: (وفهمه فالصحيح أنه لا تفسد صلاته بالإجماع) -

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ١٠١ : وفي الجامع الصغير الحسامي لو نظر في كتاب من الفقه في صلاته وفهم لا تفسد صلاته بالإجماع. كذا في التتارخانية -

📖 خیر الفتاوی (زکریا) ۲/ ۴۲۴ : قصداً نماز میں گھڑی سے وقت دیکھنا مکروہ ہے، لیکن مفسد نماز نہیں۔

📖 آلات جدیدہ کے شرعی احکام (مکتبہ سیرۃ النبی) ص ۱۵ : شریعت اسلام ان ایجادات ومصنوعات میں صرف یہ چاہتی ہے کہ خدا کی ان نعمتوں سے اس کی دی ہوئی عقل کے ذریعے نئی نئی ایجادیں کریں، معاشی آسانیاں حاصل کریں، مگر دو شرطوں کے ساتھ، ایک یہ کہ اس کی عطا کردہ نعمتوں کو اس کی نافرمانیوں میں استعمال نہ کریں،... ... جو آلات جائز کاموں میں بھی استعمال ہوتے ہیں ناجائز میں بھی،... ... ان کی ایجاد، صنعت، تجارت جائز کاموں کی نیت سے جائز ہے، اور جائز کاموں میں ان کا استعمال بھی جائز ہے۔

চলন্ত গাড়িতে কিবলামুখী হওয়ার বিধান

প্রশ্ন : জনৈক ব্যক্তি বলেন, সফর অবস্থায় যদি কিবলামুখী হয়ে বা গাড়ি থেকে নেমে নামায পড়া সম্ভব না হয়, তাহলে শুধুমাত্র ক্বলবকে কিবলার দিকে মুতাওয়াজ্জুহ করে যেদিকে ফিরে নামায পড়া সম্ভব, পড়বে। তবুও কাযা করবে না। এ কথা কতটুকু গ্রহণযোগ্য?

Scanned by CamScanner

উত্তর : ফরয নামায আদায়ে কিবলামুখী হওয়া শর্ত, গাড়িতে আরোহিত অবস্থায় সম্ভব না হলে এবং কাযা হয়ে যাওয়ার আশঙ্কা হলে যেদিকে ফিরে সম্ভব নামায আদায় করে নেবে। তবে পরবর্তীতে ওই নামায কাযা করা জরুরি। (১৯/৬২৬/৮৩৫৮)

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٦٣ : ومن أراد أن يصلي في سفينة تطوعا أو فريضة فعليه أن يستقبل القبلة ولا يجوز له أن يصلي حيثما كان وجهه. كذا في الخلاصة.

📖 البحر الرائق (سعيد) ١/ ١٤٢ : فعلم منه أن العذر إن كان من قبل الله تعالى لا تجب الإعادة وإن كان من قبل العبد وجبت الإعادة -

আরবীতে নিয়্যাত করা

প্রশ্ন : অনেক মাওলানা বলে থাকেন যে সালাতে আরবী কোনো নিয়্যাতের দরকার নেই। বাংলা নিয়্যাতই সবচেয়ে ভালো নিয়্যাত, আরবী নিয়্যাত সহীহ কোনো কিতাবে নেই, সহীহ মতটা জানালে উপকৃত হব।

উত্তর : নিয়্যাত হলো অন্তরের কাজ। অন্তরের সংকল্পকেই নিয়্যাত বলে। আরবী কিংবা বাংলা শব্দ উচ্চারণ জরুরি নয়। (১০/৮১৫/৩৩২৮)

📖 فتح القدير (مكتبه حبيبيه) ١/ ٢٣٢ : (قوله ويحسن ذلك إلخ) قال بعض الحفاظ: لم يثبت عن رسول الله - صلى الله عليه وسلم - بطريق صحيح ولا ضعيف أنه كان يقول عند الافتتاح أصلي كذا، ولا عن أحد من الصحابة والتابعين، بل المنقول أنه كان - صلى الله عليه وسلم - إذا قام إلى الصلاة كبر وهذه بدعة.
وقد يفهم من قول المصنف لاجتماع عزيمته أنه لا يحسن لغير هذا القصد، وهذا لأن الإنسان قد يغلب عليه تفرق خاطره، فإذا ذكره بلسانه كان عونا على جمعه.

📖 العناية (دار الفكر) ١/ ٢٦٦ : ثم ذكر نفس النية بأنها هي الإرادة: أي الإرادة الجازمة القاطعة وذلك؛ لأن النية في اللغة العزم والعزم هو الإرادة الجازمة القاطعة، والإرادة صفة توجب تخصيص

Scanned by CamScanner

المفعول بوقت وحال دون غيرهما، فالنية هو أن يجزم بتخصيص الصلاة التي يدخل فيها ويميزها عن فعل العادة إن كانت نفلا، وعما يشاركها في أخص أوصافها وهو الفرضية إن كانت فرضا.
وقوله: (والشرط أن يعلم بقلبه أي صلاة يصلي) قيل: وأمارة علمه بذلك أنه لو سئل عن ذلك أمكنه أن يجيب على البديهة، فإن توقف في الجواب لم يكن عالما به ....
وقوله : (وأما الذكر باللسان فلا معتبر به) أي في حق الجواز لكنه حسن لاجتماع عزيمته.

📖 منحة الخالق على البحر (سعيد) ١/ ٢٧٧ : لأن النية في اللغة العزم والعزم هو الإرادة الجازمة القاطعة والإرادة صفة توجب تخصيص المفعول بوقت وحال دون غيرهما فالنية هي أن يجزم بتخصيص الصلاة التي يدخل فيها والشرط فيها أن يميزها عن غيرها لكن لو كانت نفلا يشترط تمييزها عن فعل العادة -

তাহরীমার সময় অন্তরে নিয়্যাতের উপস্থিতি উত্তম

প্রশ্ন : নামাযের তাকবীরে তাহরীমার পূর্বে নিয়্যাত হাজির করা, অর্থাৎ استحضار النية فى القلب بالتحريمة নামায সহীহ হওয়ার জন্য শর্ত কি না? যদি শর্ত হয়ে থাকে তাহলে ফরয, ওয়াজিব, সুন্নাত, নফল–প্রত্যেক নামাযের জন্য শর্ত কি না?

উত্তর : নামায সহীহ হওয়ার জন্য নিয়্যাত শর্ত। তবে استحضار النية فى القلب بالتحريمة তথা তাকবীরে তাহরীমার পূর্বমুহূর্তে অন্তরে নামাযের নিয়্যাত করা উত্তম। এতে ফরয, ওয়াজিব, সুন্নাত, নফল–সব নামাযের একই হুকুম। তবে ফরয ও ওয়াজিবের মধ্যে تعيين النوع অর্থাৎ প্রকার নির্ধারণ করা শর্ত, আর সুন্নাত ও নফলে শুধু নামাযের নিয়্যাতই যথেষ্ট। (১৬/৩৯২/৪০১৩)

Scanned by CamScanner

📖 مبسوط السرخسي (دار المعرفة) ١/ ١٠ : والأفضل أن تكون نيته مقارنة للتكبير، فإن نوى قبله حين توضأ ولم يشتغل بعده بعمل يقطع نيته جاز عندنا وهو محفوظ عن أبي يوسف ومحمد جميعا ولا يجوز عند الشافعي - رحمه الله - قال: الحاجة إلى النية ليكون عمله عن عزيمة وإخلاص وذلك عند الشروع فيها. ونحن هكذا نقول ولكن يجوز تقديم النية ويجعل ما قدم من النية إذا لم يقطعه بعمل كالقائم عند الشروع حكما كما في الصوم، وكان محمد بن سليمان البلخي يقول: إذا كان عند الشروع بحيث لو سئل: أي صلاة يصلي؟ أمكنه أن يجيب على البديهة من غير تفكر فهو نية كاملة تامة، والتكلم بالنية لا معتبر به، فإن فعله ليجتمع عزيمة قلبه فهو حسن.

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ١/ ٥٩١ : وذكر محمد بن شجاع البلخي في نوادره عن محمد في رجل توضأ يريد الصلاة فلم يشتغل بعمل آخر وشرع في الصلاة - جازت صلاته وإن عريته النية وقت الشروع.

وروي عن أبي يوسف فيمن خرج من منزله يريد الفرض في الجماعة فلما انتهى إلى الإمام كبر ولم تحضره النية في تلك الساعة - أنه يجوز.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٢ / ٢٨٨ : الجواب—جب وہ رکوع سے سیدھے کھڑے ہو جاتے ہیں کہ تمام اعضاء معتدل ہو جائیں تو قومہ ادا ہو جاتا ہے اس سے فساد نماز کا حکم نہ ہوگا کچھ قدر قلیل وقف کر لیا کریں جس میں مقتدی ربنالک الحمد پڑھ لیں تو بہتر ہے.

Scanned by CamScanner

কুনূতে নাযেলা পড়ার সময় হাত ছেড়ে দেবে

প্রশ্ন : কুনূতে নাযেলা পড়ার সময় হাত বেঁধে রাখবে, না ছেড়ে রাখবে?

উত্তর : কুনূতে নাযেলা পড়ার সময় হাত বাঁধা এবং ছেড়ে দেওয়া উভয় ধরনের কথা পাওয়া যায়। ইমাম আবু হানীফা (রহ.) ও ইমাম আবু ইউসুফ (রহ.)-এর মূলনীতি অনুযায়ী হাত বাঁধা এবং ইমাম মুহাম্মদ (রহ.)-এর মূলনীতি অনুযায়ী হাত ছেড়ে দেওয়ার কথা বোঝা যায়। তাই উভয় মতের ওপর আমলের অবকাশ রয়েছে। তবে হাকীমুল উম্মত আশরাফ আলী থানভী (রহ.) বিশেষ কারণে হাত ছেড়ে দেওয়াকে উত্তম বলেছেন। (১৯/৯২১)

📖 امداد الفتاوی (زکریا) ۱ / ۴۵۸ : مسئلہ مجتهد فیہ ہے دلائل سے دونوں طرف گنجائش ہے اور ممکن ہے کہ ترجیح قواعد سے وضع کو ہو کما ھو مقتضی مذهب الشیخین، لیکن عارض التباس و تشویش عوام کی وجہ سے ارسال کو ترجیح دی جاسکتی ہے کما ھو مقتضی مذهب محمد، اور ثناء، صلاۃ جنازہ و قنوت وتر میں یہ عارض نہیں ہے اس لئے وہاں راجح پر عمل کیا گیا... ...

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۷/ ۳۷۸ : اس میں دونوں قول ہیں، ایک قول یہ ہے کہ قیام کی طرح ہاتھ باندھ لے، دوسرا یہ ہے کہ قومہ کی طرح ہاتھ چھوڑے رکھے، لهذا کسی پر اعتراض نہ کیا جائے۔

সূরা বা দু'আয় আটকে গেলে দোহরিয়ে পড়া

প্রশ্ন : নামাযে কোনো সূরা বা দু'আর কিছু অংশ পড়ার পর আটকে গেলে তা আবার প্রথম থেকে পড়া যাবে কি না?

উত্তর : সূরায়ে ফাতেহা ছাড়া অন্য সূরা দোহরানো হলে সিজদায়ে সাহু দিতে হবে না। তদ্রূপ চার রাক'আতবিশিষ্ট ফরয ও সুন্নাতে মুআক্কাদার প্রথম বৈঠকে তাশাহহুদ ছাড়া অন্যান্য দু'আতে আটকে গেলে পুনরায় প্রথম থেকে পড়তে পারবে। ফরযের প্রথম দুই রাক'আত ও নফলের প্রতি রাক'আতে সূরা ফাতেহা এবং ফরয ও চার রাক'আতবিশিষ্ট সুন্নাতে মুআক্কাদার প্রথম বৈঠকে তাশাহহুদে দোহরানো অংশ ৪২ হরফ পরিমাণ হলে বা তিন তাসবীহ পরিমাণ দেরি হলে সিজদায়ে সাহু দিতে হবে। (৭/৪৭৭/১৬৭৬)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١/ ٤٦٠ : (قوله وكذا ترك تكريرها إلخ) فلو قرأها في ركعة من الأوليين مرتين وجب سجود السهو لتأخير الواجب وهو السورة كما في الذخيرة وغيرها، وكذا لو قرأ أكثرها ثم أعادها كما في الظهيرية، أما لو قرأها قبل السورة مرة وبعدها مرة فلا يجب كما في الخانية واختاره في المحيط والظهيرية والخلاصة وصححه الزاهدي لعدم لزوم التأخير لأن الركوع ليس واجبا بإثر السورة، فإنه لو جمع بين سور بعد الفاتحة لا يجب عليه شيء، كذا في البحر.

📖 حاشية الطحطاوي على المراقي (دار الكتب العلمية) ص ٤٦٠ : ولو كرر الفاتحة أو بعضها في إحدى الأوليين قبل السورة سجد للسهو-

📖 البحر الرائق (سعيد) ٢/ ٩٧ : ومنها لو كرر التشهد في القعدة الأولى فعليه السهو لتأخير القيام-

📖 احسن الفتاوی(سعید) ۴/ ۳۱ : پس اگراولیین میں سورۂ فاتحہ کااس قدر تکرار ہوا کہ حروف مکررہ تین بار سبحان ربی الاعلی کہنے کے برابر ہوگئے توسجدۂ سہو واجب ہوگا،اس کا حساب لگایاگیاتوثابت ہوا کہ سبحان ربی الاعلی میں حروف مقروءہ چودہ ہیں اور بیالیس مقروءہ حروف 'الدین' کی 'ی' تک پورے ہوتے ہیں، لہذااس حد تک تکرار موجب سجدۂ سہو ہے۔

📖 وفیہ ایضا۴/ ۲۹ : سوال-اگر قعدہ اولی میں پورا تشہد یا کچھ حصہ دوبارہ پڑھ لیاتواس کا کیا حکم ہے؟سجدۂ سہو واجب ہے یا نہیں؟

الجواب-قعدۂ اولی میں تکرار تشہد سے فرض قیام الی الثالثہ میں تاخیر لازم آتی ہے اس لئے بصورت عمد نماز واجب الاعادہ ہے اور بصورت سہو سجدۂ سہو لازم ہے، اگر تاخیر بقدر رکن ہو یعنی تین بار سبحان ربی الاعلی=۴۲ حروف مقروءہ ہو، اس سے کم تکرار پر سجدۂ سہو نہیں۔

রফয়ে ইয়াদাঈনের বিধান

প্রশ্ন : জনৈক ভদ্রলোক আমাকে বুখারী-মুসলিমসহ সিহাহ সিত্তার প্রতিটি কিতাবে রফয়ে ইয়াদাঈন করার ব্যাপারে হাদীস বর্ণিত হয়েছে তা দেখালেন। যেমন বুখারী শরীফে ৪-

Scanned by CamScanner

৫ জায়গায় উল্লেখ আছে, কিন্তু আমরা নামাযে তা কেন করছি না? এর বিপরীতে কোনো দলিল থাকলে জানিয়ে উপকৃত করবেন।

উত্তর : নামাযে রফয়ে ইয়াদাঈন করার বর্ণনা হাদীস শরীফে উল্লেখ আছে বলেই রফয়ে ইয়াদাঈন করতে হবে তা নয়, হাদীসে এ রকম অনেক কিছুই উল্লেখ আছে, যেগুলো আমরা করি না।

আসল কথা হলো, নামায ফরয হওয়ার পর শুরু যুগে অনেক বিষয় এমন ছিল, যা নামাযের মধ্যে করার প্রচলন ছিল যেগুলো ক্রমান্বয়ে বাদ দেওয়া হয়েছে। এ ব্যাপারে নবী করীম (সা.)-এর জীবনের সর্বশেষ আমল উম্মতের জন্য করণীয় আমল, রফয়ে ইয়াদাঈন শুরুতে নামাযের প্রতিটি রুকনে এক রুকন থেকে আরেক রুকনে যাওয়ার সময় করা হতো। পরে কমতে কমতে তাকবীরে তাহরীমা বলার সময় রফয়ে ইয়াদাঈন থেমে গেল, নামায শুরু হওয়ার পর মাঝখানে আর কোথাও রফয়ে ইয়াদাঈন সুন্নাত হিসেবে রইল না। আপনি যে সমস্ত হাদীস শরীফের কিতাবের কথা উল্লেখ করেছেন সেগুলোতে রফয়ে ইয়াদাঈন নামাযে ছিল বলে প্রমাণিত হয়। কিন্তু নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শেষ জীবন পর্যন্ত রফয়ে ইয়াদাঈন করেছেন তার কোনো প্রমাণ উক্ত হাদীসগুলোতে নেই বরং এর বিপরীত সিহাহ সিত্তার বিশুদ্ধ হাদীসে হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ (রা.)-এর বর্ণনা মতে, নবী করীম (সা.) জীবনের শেষ দিকের নামাযে শুধুমাত্র তাকবীরে তাহরীমার সময় রফয়ে ইয়াদাঈন করেছেন। এর পরে অন্য কোনো রফয়ে ইয়াদাঈন করেননি বলে স্পষ্ট উল্লেখ আছে বিধায় রফয়ে ইয়াদাঈন না করাটাই সুন্নাত। (১৯/৬৪৮/৮৩৭৫)

📖 جامع الترمذى (دار الحديث) ٢/ ٣٥ (٢٥٧) : عن علقمة، قال: قال عبد الله بن مسعود: «ألا أصلي بكم صلاة رسول الله صلى الله عليه وسلم؟ فصلى، فلم يرفع يديه إلا في أول مرة» -

📖 مصنف ابن ابى شيبة (إدارة القرآن) ١ / ٢١٤ (٢٤٥٢) : عن مجاهد، قال: «ما رأيت ابن عمر، يرفع يديه إلا في أول ما يفتتح» -

📖 فتاوى محموديه (زكريا) ١۴ / ٢٥٩ : الجواب- کسی حدیث شریف میں یہ نہیں کہ حضور اکرم صلی اللہ علیہ وسلم نے ہمیشہ رفع یدین کرنے کو فرمایا ہو، حضرت عبد اللہ بن مسعودؓ کی روایت میں ہے کہ حضرت رسول مقبول صلی اللہ علیہ وسلم نے جب نماز شروع فرماتے تو رفع یدین کیا کرتے تھے اور بس پھر کسی دوسرے موقع پر رفع یدین نہیں کیا کرتے تھے۔

Scanned by CamScanner

স্থানভেদে ভিন্ন পদ্ধতিতে নামায পড়া

প্রশ্ন : আমার এলাকার সবাই আহলে হাদীস এবং আমার পরিবার ও আমি কয়েক বছর যাবৎ হানাফী মাযহাবের মতো নামায পড়ছি। আমার বাসায় (গাইবান্ধায়) যখন থাকি তখন আহলে হাদীসের মতো নামায পড়ি, কিন্তু যখন ঢাকায় আসি তখন হানাফী মাযহাবের মতো পড়ি। প্রশ্ন হলো, এভাবে নামায পড়ার দ্বারা আমার নামায হবে কি না? বা আমি যদি সর্বাবস্থায় আহলে হাদীসের মতো নামায পড়ি তাহলে নামায হবে কি না?

উত্তর : বর্তমানে চার ইমামের নির্দিষ্ট যেকোনো এক ইমামের মাযহাবের অনুসরণ করা জরুরি। তাই আপনি হানাফী মাযহাবের অনুসারী হলে হানাফী মাযহাব অনুযায়ী নামায পড়া আপনার জন্য আবশ্যক। দোদুল্যমান অবস্থায় একেক সময় একেক ধরনের আমল করার অনুমতি নেই। (১৯/৯১৫/৮৫২০)

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ١ /٩٢ : وما خالف الأئمة الأربعة مخالف للإجماع، وإن كان فيه خلاف لغيرهم، فقد صرح في التحرير أن الإجماع انعقد على عدم العمل بمذهب مخالف للأربعة لانضباط مذاهبهم وانتشارها وكثرة أتباعهم.

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٧٥ : وأن الحكم الملفق باطل بالإجماع وأن الرجوع عن التقليد بعد العمل باطل اتفاقا ، وهو المختار في المذهب -

📖 آپ کے مسائل اور ان کا حل (نعیمیہ) ۱/ ۴۳۰ : جواب-ایک فقہ کی پابندی واجب ہے، ورنہ آدمی خودرائی وخود غرضی کا شکار ہو سکتا ہے۔

প্রথম বৈঠকে শাহাদাতের পর দরূদ পড়া

প্রশ্ন : চার রাক'আতবিশিষ্ট নামাযের প্রথম বৈঠকে তাশাহ্হুদ শেষে واشهد ان محمدا عبده ورسوله পড়ে সাথে সাথে দরূদ শরীফ তথা صلى الله عليه وسلم পড়া যাবে কি না? যদি কেউ প্রথম বৈঠকে তাশাহ্হুদ শেষ করে সাথে সাথেই 'সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম' পড়ে নেয়, তাহলে তার নামাযে কোনো সমস্যা হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রথম বৈঠকে তাশাহহুদ শেষে واشهد ان محمدا عبده ورسوله পড়ে সাথে সাথে صلى الله عليه وسلم না পড়া উত্তম। তবে যদি কেউ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পড়ে নেয়, তার নামাযে কোনো সমস্যা হবে না। (১৮/৯৫৫/৭৯৭২)

📖 الدر المختار مع الرد (سعيد) ٢/ ٨١ : (وتأخير قيام إلى الثالثة بزيادة على التشهد بقدر ركن) وقيل بحرف. وفي الزيلعي: الأصح وجوبه باللّٰهُمَّ صل على محمد -

📖 رد المحتار (سعيد) ٢ / ٨١ : (قوله وتأخير قيام إلخ) أشار إلى أن وجوب السجود ليس لخصوص الصلاة على النبي - صلى الله عليه وسلم - بل لترك الواجب وهو تعقيب التشهد للقيام بلا فاصل؛ حتى لو سكت يلزمه السهو كما قدمناه في فصل إذا أراد الشروع. قال المقدسي: وكما لو قرأ القرآن هنا أو في الركوع يلزمه السهو مع أنه كلام الله تعالى -

📖 مجمع الأنهر (دار إحياء التراث) ١/ ١٤٨ : (وتأخير القيام إلى الثلاثة بزيادة على التشهد) واختلفوا في قدر الزيادة فقال بعضهم بزيادة حرف وكلام المصنف يشير إلى هذا. وقال بعضهم: بقدر ركن وهو الصحيح كما في أكثر الكتب. وقال بعضهم بقوله: اللّٰهُمَّ صل على محمد وقال بعضهم: لا يجب حتى يقول وعلى آل محمد والأول أصح .

وفي الزاهدي وعندهما لا سهو عليه أصلا وبه أفتى بعض أهل زماننا. وفي المحيط واستقبح محمد السهو لأجل الصلاة عليه - صلى الله تعالى عليه وسلم -.

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) صد ٤٧٤ : ولم يبينوا قدر الركن وعلى قياس ما تقدم أن يعتبر الركن مع سنته وهو مقدر بثلاث تسبيحات -

📖 فتاوی عثمانی (مکتبۂ معارف القرآن) ١/ ٤٩١ : جتنی مقدار شوافع کے یہاں بطور جلسۂ استراحت مستحب ہے اس سے ہمارے نزدیک سجدۂ سہو واجب نہیں ہوتا۔

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۴/ ۳۰ : قعدۂ اولی میں تشہد پر زیادت موجب سجدہ میں مختلف اقوال ہیں: ایک بقدر رکن، دوسرا بقدر اللهم صل علی محمد، تیسرا وعلی آل محمد تک، چوتھا عند الصاحبینؒ حمید مجید تک، ان میں سے قول اول اصل ہے اور قول ثانی رکن بقدر اٹھارہ حروف کے مطابق ہے اور قول ثالث رکن بقدر تیس حروف کے مطابق، یہ بھی ممکن ہے کہ اداء وظیفہ کو بحکم اداء رکن قرار دیا گیا ہو، پھر قول ثانی میں نفس درود اور اس میں اصل مقصود کو ملحوظ رکھا گیا اور قول ثالث میں تابع کو بھی اور قول رابع میں تشبیہ اور دعاء برکت کو بھی یعنی کامل وظیفہ کا لحاظ کیا گیا، علامہ شامیؒ نے قول ثالث کو ترجیح دی ہے مگر قدر رکن میں قول راجح بیالیس حروف کی بناء پر صلیت علی میں علی کے لام تک تاخیر سے سجدہ واجب ہونا چاہئے، یہ قول اوسع بھی ہے اور صاحبین رحمہما اللہ تعالی کے ہاں تو اس سے بھی زیادہ وسعت ہے، البتہ قول ثالث اوسط واحوط ہے۔

বারবার রফয়ে ইয়াদাঈন : বিধান ও উদ্দেশ্য

প্রশ্ন : লা-মাযহাবীরা নামাযে বারবার হাত ওঠানামা করে, তা কেন করে এবং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো এরূপ হাত ওঠানামা করেছেন কি না? এবং হাত উঠানোর উদ্দেশ্য কী?

উত্তর : নামাযের শুরু হতে শেষ পর্যন্ত প্রতিটি ওঠানামায় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হাত উঠিয়েছিলেন। হাদীসের কিতাবসমূহে প্রথম দিকে নামাযে প্রায় আট জায়গায় হাত উঠানোর প্রমাণ পাওয়া যায়। পরবর্তীতে কেবল নামায শুরুর সময় হাত উঠানো বাকি থাকে, বাকি অন্যান্য অংশে হাত উঠানো ছেড়ে দেওয়া হয়েছে। হাদীসে এটি উল্লিখিত হয়েছে। বর্তমানে লা-মাযহাবীরা হাদীসে বর্ণিত নামাযের সব স্থানেও হাত উঠায় না, আবার তাকবীরে তাহরীমার সময় হাত উঠিয়ে বাকি জায়গায় হাত উঠানোও ছেড়ে দেয় না। তাই তারা কোনো হাদীসের ওপরই আমল করে না।

হাত উঠানোর উদ্দেশ্য হলো, আল্লাহর একত্ববাদের সাক্ষ্যের বহিঃপ্রকাশ করা, অর্থাৎ হাত উঠিয়ে এ কথা বোঝানো হয় যে সকল ক্ষমতার অধিকারী একমাত্র আল্লাহ্ তা'আলা। (১৭/১১৮/৬৯৫৭)

Scanned by CamScanner

📖 سنن الترمذي (دارالحديث) ٢/ ٣٥ (٢٥٧) : عن علقمة، قال: قال عبد الله بن مسعود: «ألا أصلي بكم صلاة رسول الله صلى الله عليه وسلم؟ فصلى، فلم يرفع يديه إلا في أول مرة».

📖 سنن أبي داود (دارالحديث) ١/ ٣٣١ (٧٢٣) : عن أبي وائل بن حجر، قال: صليت مع رسول الله صلى الله عليه وسلم فكان " إذا كبر رفع يديه، قال: ثم التحف، ثم أخذ شماله بيمينه وأدخل يديه في ثوبه قال: فإذا أراد أن يركع أخرج يديه ثم رفعهما، وإذا أراد أن يرفع رأسه من الركوع رفع يديه ثم سجد ووضع وجهه بين كفيه، وإذا رفع رأسه من السجود أيضا رفع يديه حتى فرغ من صلاته "، قال: محمد: فذكرت ذلك للحسن بن أبي الحسن، فقال: هي صلاة رسول الله صلى الله عليه وسلم فعله من فعله وتركه من تركه.

📖 سنن أبي داود (دارالحديث) ١/ ٣٣٨ (٧٤٠) : عن النضر بن كثير يعني السعدي، قال: صلى إلى جنبي عبد الله بن طاوس في مسجد الخيف «فكان إذا سجد السجدة الأولى فرفع رأسه منها رفع يديه تلقاء وجهه» فأنكرت ذلك، فقلت: لوهيب بن خالد، فقال له: وهيب بن خالد تصنع شيئا لم أر أحدا يصنعه فقال ابن طاوس: رأيت أبي يصنعه، وقال أبي: رأيت ابن عباس يصنعه ولا أعلم إلا أنه قال: «كان النبي صلى الله عليه وسلم يصنعه».

📖 صحيح البخارى (دارالحديث) ١/ ١٨٨ (٧٣٩) : عن نافع، أن ابن عمر، كان " إذا دخل في الصلاة كبر ورفع يديه، وإذا ركع رفع يديه، وإذا قال: سمع الله لمن حمده، رفع يديه، وإذا قام من الركعتين رفع يديه ".

Scanned by CamScanner

সিজদায় যাওয়ার সময় হাঁটুতে হাত রাখা

প্রশ্ন : নামাযে রুকু থেকে ওঠার পর সিজদায় যাওয়ার সময় হাঁটুতে হাত রাখবে কি না? দলিলসহ জানালে উপকৃত হব।

উত্তর : সিজদায় যাওয়ার সময় হাঁটুতে হাত রাখা মুস্তাহাব নয়। তাই মুস্তাহাব মনে করে হাত রাখবে না। তবে সিজদা থেকে ওঠার সময় হাঁটুতে হাত রাখা মুস্তাহাব। (১০/৮০৩/৩৩৫০)

📖 العناية (دار الفكر) ١/ ٣٠٨ : (ولا يعتمد بيديه على الأرض) بل على ركبتيه-

📖 احسن الفتاوی (سعید) ۳/ ۴۵ : الجواب-قیام سے سجدہ کی طرف جاتے وقت ہاتھ گھٹنوں پر رکھنا مستحب نہیں، عوام اس کو مستحب سمجھتے ہیں، لہذا اس سے احتراز کرنا چاہئے، البتہ قعدہ یا سجدہ سے قیام کی طرف آتے وقت گھٹنوں پر ہاتھ ٹیکنا مستحب ہے-

সিজদায় যাওয়া ও ওঠার সময় হাঁটুতে হাত রাখা

প্রশ্ন : সিজদায় যাওয়ার সময় ও সিজদা থেকে ওঠার সময় হাঁটুতে হাত রাখার বিধান কী? এ ক্ষেত্রে সিজদা থেকে ওঠার সময় হাঁটুতে হাত রাখা মুস্তাহাব (আহসানুল ফাতাওয়া ৩/৫১,৩২ রদ্দুল মুহতার ১/৪৬৫) কথাটি কতটুকু সঠিক? এভাবে সিজদা থেকে উঠতে গেলে রুকুর মতো হয়ে যায়, এমতাবস্থায় কি নামায মাকরূহ হবে? জানিয়ে বাধিত করবেন।

উত্তর : সিজদা থেকে ওঠার সময় হাঁটুদ্বয়ের ওপর হাত রাখা মুস্তাহাব। এ সময় হাতে ভর দিয়ে কোমর বাঁকা করে রুকুর আকৃতি সৃষ্টি করা সঠিক নিয়ম পরিপন্থী হওয়ায় তা পরিহারযোগ্য। (৮/৭২৮/২৩২৩)

📖 جامع الترمذى (دارالحديث) ٢/ ٦٤ (٢٨٨) : عن أبي هريرة، قال: «كان النبي صلى الله عليه وسلم ينهض في الصلاة على صدور قدميه»: حديث أبي هريرة عليه العمل عند أهل العلم: يختارون أن ينهض الرجل في الصلاة على صدور قدميه .

Scanned by CamScanner

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٥٠٦ : ... (قوله بلا اعتماد إلخ) أي على الأرض قال في الكفاية: أشار به إلى خلاف الشافعي في موضعين: أحدهما يعتمد بيديه على ركبتيه عندنا وعنده على الأرض. والثاني الجلسة الخفيفة. قال شمس الأئمة الحلواني: الخلاف في الأفضل حتى لو فعل كما هو مذهبنا لا بأس به عند الشافعي، ولو فعل كما هو مذهبه لا بأس به عندنا كذا في المحيط. اهـ قال في الحلية: والأشبه أنه سنة أو مستحب عند عدم العذر، فيكره فعله تنزيها لمن ليس به عذر. وتبعه في البحر وإليه يشير قولهم لا بأس فإنه يغلب فيما تركه أولى.

📖 احسن الفتاوى (سعيد) ٣ / ٤٥ : جواب - قیام سے سجدہ کی طرف جاتے وقت ہاتھ گھٹنوں پر رکھنا مستحب نہیں ہے، عوام اس کو مستحب سمجھتے ہیں لہذا اس سے احتراز کرنا چاہئے، البتہ قعدہ یا سجدہ سے قیام کی طرف آتے وقت گھٹنوں پر ہاتھ ٹیکنا مستحب ہے۔

দুই সিজদার মাঝে বিশেষ দু'আ ৮/৮৯৭/২৪২০

প্রশ্ন : দুই সিজদার মাঝে এ দু'আটি اللهم اغفرلى وارحمنى الخ পড়ার বিধান কী? প্রমাণসহ জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : সুন্নাত-নফল ও একাকী নামায পড়া অবস্থায় দুই সিজদার মাঝে দু'আটি পড়া মুস্তাহাব। আর জামাআতের সাথে ফরয নামাযের মধ্যে নির্ভরযোগ্য মতানুসারে মুস্তাহাব নয়।

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٥٠٥ : (قوله وليس بينهما ذكر مسنون) قال أبو يوسف: سألت الإمام أيقول الرجل إذا رفع رأسه من الركوع والسجود اللّٰهُمَّ اغفر لي؟ قال: يقول ربنا لك الحمد وسكت، ولقد أحسن في الجواب إذ لم ينه عن الاستغفار نهر وغيره.

Scanned by CamScanner

أقول: بل فيه إشارة إلى أنه غير مكروه إذ لو كان مكروها لنهى
عنه كما ينهى عن القراءة في الركوع والسجود وعدم كونه مسنونا
لا ينافي الجواز كالتسمية بين الفاتحة والسورة، بل ينبغي أن يندب
الدعاء بالمغفرة بين السجدتين خروجا من خلاف الإمام أحمد
لإبطاله الصلاة بتركه عامدا ولم أر من صرح بذلك عندنا، لكن
صرحوا باستحباب مراعاة الخلاف، والله أعلم ... ...

وبين السجدتين «اللَّهُمَّ اغفر لي وارحمني وعافني واهدني وارزقني»
رواه أبو داود، وحسنه النووي وصححه الحاكم، كذا في الحلية
(قوله محمول على النفل) أي تهجدا أو غيره خزائن. وكتب في
هامشه: فيه رد على الزيلعي حيث خصه بالتهجد. ثم الحمل
المذكور صرح به المشايخ في الوارد في الركوع والسجود، وصرح به
في الحلية في الوارد في القومة والجلسة وقال على أنه إن ثبت في
المكتوبة فليكن في حالة الانفراد، أو الجماعة والمأمومون
محصورون لا يتثقلون بذلك كما نص عليه الشافعية، ولا ضرر
في التزامه وإن لم يصرح به مشايخنا فإن القواعد الشرعية لا تنبو
عنه، كيف والصلاة والتسبيح والتكبير والقراءة كما ثبت في
السنة.

সিজদায় পা রাখার তরীকা ১২/৪৬৬

প্রশ্ন : সিজদায় পা রাখার সহীহ তরীকা কী?

উত্তর : সিজদায় উভয় পা খাড়া করে আঙুলগুলো কিবলামুখী করে রাখা সুন্নাত। তবে উভয় পা মিলিয়ে রাখবে না মাঝখানে চার আঙুল পরিমাণ ফাঁকা রাখবে–এ ব্যাপারে উলামায়ে কেরামের দ্বিমত থাকায় উভয়টির ওপর আমল করার অবকাশ আছে।

Scanned by CamScanner

📖 السنن الكبرى (دار الحديث) ٢/ ٢٤٤ (٢٦٩٧) : عن البراء قال: كان النبي صلى الله عليه وسلم " إذا ركع بسط ظهره، وإذا سجد وجه أصابعه قبل القبلة فتفلج ".

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٧٥ : ويضع يديه في السجود حذاء أذنيه ويوجه أصابعه نحو القبلة وكذا أصابع رجليه .

📖 رد المحتار (سعيد) ١ / ٤٩٣ : قوله ويسن أن يلصق كعبيه) قال السيد أبو السعود وكذا في السجود أيضا وسبق في السنن أيضا. والذي سبق هو قوله وإلصاق كعبيه في السجود سنة در اهولا يخفى أن هذا سبق نظر، فإن شارحنا لم يذكر ذلك لا في الدر المختار ولا في الدرر المنتقى ولم أره لغيره أيضا فافهم.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲ / ۳۳۰

শেষ বৈঠকে বসার পদ্ধতি

প্রশ্ন : বুখারী শরীফের ৭৯০ নম্বর হাদীসের শেষ অংশে আছে, যখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শেষ রাক'আতে বসতেন তখন বাঁ পা এগিয়ে দিয়ে ডান পা খাড়া করে নিতম্বের ওপর বসতেন। প্রশ্ন হলো, প্রশ্নে বর্ণিত হাদীসটি কতটুকু সহীহ এবং নামাযের শেষ রাক'আতে বসার ব্যাপারে হানাফী মাযহাবের মতামত কী?

হাদীসটি হলো :

عن محمد بن عمرو بن عطاء، أنه كان جالسا مع نفر من أصحاب العبي صلى الله عليه وسلم، فذكرنا صلاة النبي صلى الله عليه وسلم، فقال أبو حميد الساعدي: أنا كنت أحفظكم لصلاة رسول الله صلى الله عليه وسلم «رأيته إذا كبر جعل يديه حذاء منكبيه، وإذا ركع أمكن يديه من ركبتيه، ثم هصر ظهره، فإذا رفع رأسه استوى حتى يعود كل فقار مكانه، فإذا سجد وضع يديه غير مفترش ولا قابضهما، واستقبل بأطراف أصابع رجليه القبلة، فإذا جلس في الركعتين جلس على رجله اليسرى، ونصب اليمنى،

Scanned by CamScanner

«وإذا جلس في الركعة الآخرة قدم رجله اليسرى، ونصب الأخرى وقعد على مقعدته» وسمع الليث يزيد بن أبي حبيب، ويزيد من محمد بن حلحلة، وابن حلحلة من ابن عطاء، قال أبو صالح، عن الليث: كل فقار، وقال ابن المبارك: عن يحيى بن أيوب، قال: حدثني يزيد بن أبي حبيب، أن محمد بن عمرو حدثه، كل فقار.

উত্তর : প্রশ্নে বর্ণিত হাদীসটি সহীহ। কারণ ইমাম বুখারী (রহ.) স্বীয় কিতাব বুখারী শরীফ, খণ্ড ১, পৃষ্ঠা ২৪৯, হাদীস নম্বর ৮২৮-এর মধ্যে উল্লেখ করেছেন। শেষ রাক'আতে বসার ব্যাপারে হানাফী মাযহাবের মত হলো, ডান পা খাড়া রেখে বাম পা বিছিয়ে দিয়ে তার ওপর বসা। আর এর ওপর মুসলিম শরীফের হাদীসসহ আরো সহীহ হাদীস পাওয়া যায়। আর প্রশ্নোল্লিখিত হাদীস মতে ইমাম মালেক ও ইমাম শাফেয়ী (রহ.)-এর মাযহাব। তবে হানাফীগণ বলেন যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর বার্ধক্য ও দুর্বলতার অবস্থায় কখনো কখনো এ রকম বসেছেন। (১২/৫৭৩/৪০৪৯)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٤/ ١٧٩ (٤٩٨) : عن عائشة، قالت: كان رسول الله صلى الله عليه وسلم «يستفتح الصلاة بالتكبير. والقراءة، ب الحمد لله رب العالمين، وكان إذا ركع لم يشخص رأسه، ولم يصوبه ولكن بين ذلك، وكان إذا رفع رأسه من الركوع لم يسجد، حتى يستوي قائما، وكان إذا رفع رأسه من السجدة، لم يسجد حتى يستوي جالسا، وكان يقول في كل ركعتين التحية، وكان يفرش رجله اليسرى وينصب رجله اليمنى، وكان ينهى عن عقبة الشيطان. وينهى أن يفترش الرجل ذراعيه افتراش السبع، وكان يختم الصلاة بالتسليم».

📖 رد المحتار (سعيد) ١/ ٤٧٧ : (قوله وافترش رجله اليسرى) أي مع نصب اليمنى سواء كان في القعدة الأولى أو الأخرى لأنه – عليه الصلاة والسلام – فعله كذلك، وما ورد من توركه – عليه الصلاة والسلام – محمول على حال كبره وضعفه، وكذا يفترش بين السجدتين.

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (سعيد) ١/ ٢١١ : وههنا نذكر كيفية القعدة وذكر القعدة. أما كيفيتها فالسنة أن يفترش رجله اليسرى في القعدتين جميعا ويقعد عليها وينصب اليمنى نصبا وقال الشافعي: السنة في القعدة الأولى كذلك فأما في الثانية فإنه يتورك، وقال مالك: يتورك فيهما جميعا، وتفسير التورك أن يضع أليتيه على الأرض ويخرج رجليه إلى الجانب الأيمن ويجلس على وركه الأيسر احتج الشافعي بما روي عن أبي حميد الساعدي أنه قال فيما وصف صلاة رسول الله - صلى الله عليه وسلم -: كان «إذا جلس في الأولى فرش رجله اليسرى وقعد عليها ونصب اليمنى نصبا وإذا جلس في الثانية أماط رجليه وأخرجهما من تحت وركه اليمنى» ، ولنا ما روي عن عائشة - رضي الله عنها - أن «النبي - صلى الله عليه وسلم - كان إذا قعد فرش رجله اليسرى وقعد عليها ونصب اليمنى نصبا» ، وروى أنس بن مالك عن النبي - صلى الله عليه وسلم - أنه «نهى عن التورك في الصلاة» ، وحديث أبي حميد محمول على حال الكبر والضعف.

নামাযে আরবী/অনারবী ভাষায় দু'আ করা

প্রশ্ন : হাদীসে আছে, নামাযের সিজদার মধ্যে যে দু'আ করা হয় তা খুব দ্রুত কবুল হয়। প্রশ্ন হলো, এ দু'আ নামাযের মধ্যে শুধুমাত্র সিজদায় না অন্য কোনো অবস্থায়ও করা যাবে? আরবী ভাষায় না অন্য যেকোনো ভাষায়? মৌখিকভাবে না মনে মনে? ইহকালীন প্রয়োজনে না পরকালীন প্রয়োজনে? ইহকালীন প্রয়োজন যেমন–হে আল্লাহ! আমার চাকরির ব্যবস্থা করে দিন বা আমাকে রোগমুক্ত করে দিন। জানার বিষয় হলো, উল্লিখিত পন্থার কোন কোনগুলোর মাধ্যমে দু'আ করা যাবে আর কোন পন্থায় যাবে না? বিস্তারিত জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : নামাযের সিজদায় বা অন্য যেকোনো অবস্থায় নির্দিষ্ট তাসবীহ পাঠ করার পর দু'আ করার কথা হাদীস দ্বারা প্রমাণিত। তবে তা নফল নামাযে, ফরয নামাযে নয়।

Scanned by CamScanner

আর দু'আ আরবী ভাষায় কোরআন হাদীসে বর্ণিত দু'আয়ে মা'সূরাগুলো মুখে উচ্চারণ করে করতে পারবে। (১১/২১০/৩৫০৮)

📖 رد المحتار (سعيد) ١/ ٥٠٥ : فمن الوارد في الركوع والسجود ما في صحيح مسلم «أنه - صلى الله عليه وسلم - كان إذا ركع قال: اللّٰهُمَّ لك ركعت وبك آمنت ولك أسلمت خشع لك سمعي وبصري ومخي وعظمي وعصبي، وإذا سجد قال: اللّٰهُمَّ لك سجدت وبك آمنت ولك أسلمت، سجد وجهي للذي. خلقه وصوره وشق سمعه وبصره تبارك الله أحسن الخالقين» والوارد في الرفع من الركوع أنه كان يزيد «ملء السماوات والأرض وملء ما شئت من شيء بعد أهل الثناء والمجد أحق ما قال العبد وكلنا لك عبد لا مانع لما أعطيت ولا معطي لما منعت، ولا ينفع ذا الجد منك الجد» رواه مسلم وأبو داود وغيرهما.

وبين السجدتين «اللّٰهُمَّ اغفر لي وارحمني وعافني واهدني وارزقني» رواه أبو داود، وحسنه النووي وصححه الحاكم، كذا في الحلية (قوله محمول على النفل) أي تهجدا أو غيره خزائن.

📖 الدر المختار (سعيد) ١/ ٥٢١- ٥٢٣ : (ودعا) بالعربية، وحرم بغيرها نهر لنفسه وأبويه وأستاذه المؤمنين ... ... (بالأدعية المذكورة في القرآن والسنة لا بما يشبه كلام الناس) -

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۴۴ : تحقیق مذکور سے ثابت ہوا کہ حدیث میں سجدہ کی تسبیحات ہی کو دعا فرمایا گیا ہے، یا یہ مطلب ہے کہ تسبیحات کے بعد دعا کرے، احناف رحمہم اللہ کے ہاں تسبیحات کے بعد دعاء نوافل میں کرے، فرائض میں نہیں، البتہ فرائض منفرد اپڑھ رہا ہو یا جماعت میں مقتدیوں پر ثقیل نہ ہو تو فرائض میں بھی درست ہے۔

Scanned by CamScanner

সুন্নাত ও নফলের প্রথম বৈঠকে দরূদ পাঠ ৮/৮৯৭/২৪২০

প্রশ্ন : চার রাক'আতবিশিষ্ট সুন্নাতে যায়েদা নামাযের প্রথম বৈঠকে তাশাহ্হুদ পড়ার পর দরূদ শরীফ পড়া যায় কি না? যদি পড়া যায় তাহলে দরূদ শরীফ শুধু সুন্নাতে যায়েদার বৈশিষ্ট্য? নাকি অন্যান্য নামাযেও পড়া যায় (যেমন–ফরয ও নফল)?

উত্তর : চার রাক'আতবিশিষ্ট সুন্নাতে যায়েদা ও নফল নামাযের প্রথম বৈঠকে তাশাহ্হুদ পড়ার পর দরূদ শরীফ ও দু'আ মা'সূরা পড়া উত্তম। এ ছাড়া ফরয, ওয়াজিব ও অন্যান্য সুন্নাতে মুআক্কাদা নামাযে দরূদ শরীফ ও দু'আ পড়া নিষেধ। ইচ্ছাকৃত কেউ পড়লে নামায পুনরায় পড়তে হবে, ভুলে তিন তাসবীহ পরিমাণ, অর্থাৎ ৪২ হরফ পর্যন্ত পড়লে সিজদায়ে সাহু ওয়াজিব হবে। তবে জুমু'আর পর চার রাক'আত সুন্নাতে মুআক্কাদার প্রথম বৈঠকে দরূদ শরীফ পড়লে সিজদায়ে সাহু ওয়াজিব হয় না।

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ١ / ٥١٠ : (على التشهد في القعدة الأولى) إجماعا (فإن زاد عامدا كره) فتجب الإعادة (أو ساهيا وجب عليه سجود السهو .

📖 فيه ايضا ٢ / ١٦ : (ولا يصلي على النبي – صلى الله عليه وسلم – في القعدة الأولى في الأربع قبل الظهر والجمعة وبعدها) ولو صلى ناسيا فعليه السهو، وقيل لا شمني (ولا يستفتح إذا قام إلى الثالثة منها) لأنها لتأكدها أشبهت الفريضة (وفي البواقي من ذوات الأربع يصلي على النبي) - صلى الله عليه وسلم - (ويستفتح) ويتعوذ ولو نذرا لأن كل شفع صلاة (وقيل) لا يأتي وأما الأربع بعد الجمعة فغير مسلم فإنها كغيرها من السنن، فإنهم لم يثبتوا لها تلك الأحكام المذكورة .

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٥١٠ : (قوله ولا يزيد في الفرض) أي وما ألحق به كالوتر والسنن الرواتب .

📖 احسن الفتاوى (سعيد) ٣ / ٢٨ : الجواب- قومہ اور جلسہ میں دعاء ماثور پڑھنا درست ہے، فرائض اور نوافل میں کوئی فرق نہیں، البتہ جماعت میں ضعفاء کی رعایت سے نہیں پڑھنا چاہئے۔

Scanned by CamScanner

علامہ شامیؒ نے قول ثالث کو ترجیح دی ہے مگر قدر رکن میں قول راجح

📖 فیہ ایضا ۴/ ۳۰ : علامہ شامیؒ نے قول ثالث کو ترجیح دی ہے ... علی کے لام تک تاخیر سے سجدہ واجب ہونا

بیالیس حروف کی بناء پر 'اصلیت علی' میں

چاہئے، یہ قول اوسع بھی ہے۔

দু'আয়ে মা'সূরা পড়া সুন্নাতে মুআক্কাদা

প্রশ্ন : দু'আয়ে মা'সূরা নামাযের মধ্যে পড়া সুন্নাতে মুআক্কাদা নাকি সুন্নাতে যায়েদা?

উত্তর : নামাযের মধ্যে শেষ বৈঠকে দু'আয়ে মা'সূরা পড়া ফিকাহবিদগণের বর্ণনার আলোকে সুন্নাতে মুআক্কাদা বোঝা যায়। (৭/৯৫/১৫৩৯)

📖 رد المحتار (ایچ ایم سعید) ۱ / ۵۲۱ : من سنن القعدة الأخيرة الدعاء بما شاء من صلاح الدين والدنيا لنفسه ولوالديه وأستاذه وجميع المؤمنين.

📖 بدائع الصنائع (سعيد) ۱ / ۲۱۳ : وأما في القعدة الأخيرة فيدعو بعد التشهد ويسأل حاجته لقوله تعالى {فإذا فرغت فانصب} جاء في التفسير أن المراد منه الدعاء في آخر الصلاة فانصب للدعاء، وقال - صلى الله عليه وسلم - لابن مسعود: «إذا قلت هذا أو فعلت هذا فقد تمت صلاتك، ثم اختر من الدعوات ما شئت».

দু'আয়ে মা'সূরা পড়ার বিধান

প্রশ্ন : নামাযের শেষ বৈঠকে দু'আয়ে মা'সূরা পড়া সুন্নাতে মুআক্কাদা নাকি সুন্নাতে গাইরে মুআক্কাদা? আমাদের এলাকার একজন আলেম বলেছেন যে শেষ বৈঠকে দু'আয়ে মা'সূরা পড়া সুন্নাতে মুআক্কাদাহ, আর কিছু উলামায়ে কেরাম বলেন, তা সুন্নাতে গাইরে মুআক্কাদা। তাই হুজুরের নিকট বিনীত নিবেদন এই যে উক্ত সমস্যাটির দলিলভিত্তিক সমাধান দিয়ে বাধিত করবেন।

উত্তর : যে কাজ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সর্বদা ইবাদত হিসেবে করেছেন প্রয়োজনে মাঝে মাঝে ছেড়েও দিয়েছেন সে কাজকে শরীয়তের পরিভাষায় সুন্নাতে

Scanned by CamScanner

মুআক্কাদাহ বলা হয়। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও সাহাবায়ে কেরামের নামাযের শেষ বৈঠকে সর্বদা দু'আ মা'সূরা পড়ার প্রমাণ ও ফিকাহবিদগণের ভাষ্য থেকে নামাযে দু'আ মা'সূরা পড়া সুন্নাতে মুআক্কাদাহ হওয়ার মতটি অগ্রগণ্য বলে বিবেচিত হবে। (৬/৬৮৬/১৪০০)

📖 مراقي الفلاح (المكتبة العصرية) ص ١٠١ : "و" يسن "الدعاء" بعد الصلاة على النبي صلى الله عليه وسلم لقوله عليه السلام: "إذا صلى أحدكم فليبدأ بتحميد الله عز وجل والثناء عليه ثم ليصل على النبي ثم ليدع بعد ما شاء" لكن لما ورد عنه صلى الله عليه وسلم: "إن صلاتنا هذه لا يصلح فيها شيء من كلام الناس" قدم هذا المانع على إباحة الدعاء بما أعجبه في الصلاة فلا يدعو فيها إلا "بما يشبه ألفاظ القرآن" ربنا لا تزغ قلوبنا "و" بما يشبه ألفاظ "السنة" ومنها ما روي عن أبي بكر رضي الله عنه أنه قال لرسول الله صلى الله عليه وسلم علمني يا رسول الله دعاء أدعو به في صلاتي فقال: "قل اللَّهُمَّ إني ظلمت نفسي ظلما كثيرا وأنه لا يغفر الذنوب إلا أنت فاغفر لي مغفرة من عندك وارحمني إنك أنت الغفور الرحيم".

ইমাম ও মুক্তাদীর সালাম কার নিয়্যাতে হবে

প্রশ্ন : ইমাম সাহেব নামাযের সালাম ফেরানোর সময় কার কার নিয়্যাত করবেন? এবং মুক্তাদীগণ কাদের নিয়্যাত করবে? দলিলসহ জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : ইমাম ও মুক্তাদীগণের সালাম ফেরানোর অনেক আদব ও সুন্নাত বিভিন্ন ফিকাহ ও ফতওয়ার কিতাবে উল্লেখ রয়েছে। তন্মধ্যে একটি হলো নিয়্যাতসংক্রান্ত ব্যাপার। এ ব্যাপারে ইসলামী শরীয়তের সঠিক মতানুযায়ী ইমাম সাহেব ডানে-বামে সালাম ফেরানোর সময় উভয় দিকের মুক্তাদী, ফেরেশতাগণ ও নেক জিনদের নিয়্যাত করবেন। আর মুক্তাদীগণ উভয় দিকের মুসল্লিগণের, ফেরেশতাগণের ও নেক জিনদের সাথে সাথে যেদিক ইমাম সাহেব থাকেন সেদিকে ইমামের নিয়্যাত করবে। আর ইমাম ঠিক সামনে

Scanned by CamScanner

থাকলে উভয় দিকে সালাম ফেরানোর সময় অন্যান্যদের সাথে ইমামেরও নিয়্যাত করবে। (৭/১৮৩/১৫৯৭)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٤/ ١٢٨ (٤٣١) : عن جابر بن سمرة، قال: كنا إذا صلينا مع رسول الله صلى الله عليه وسلم قلنا: السلام عليكم ورحمة الله السلام عليكم ورحمة الله، وأشار بيده إلى الجانبين، فقال رسول الله صلى الله عليه وسلم: «علام تومئون بأيديكم كأنها أذناب خيل شمس؟ إنما يكفي أحدكم أن يضع يده على فخذه ثم يسلم على أخيه من على يمينه، وشماله».

📖 شرح النووي على مسلم (دار الغد الجديد) ٤/ ١٢٨ : المراد بالأخ الجنس أي إخوانه الحاضرين عن اليمين والشمال .

📖 بدائع الصنائع (سعيد) ١ / ٢١٤ : ومنها أن ينوي من يخاطبه بالتسليم؛ لأن خطاب من لا ينوي خطابه لغو وسفه ثم لا يخلو إما إن كان إماما أو منفردا أو مقتديا فإن كان إماما ينوي بالتسليمة الأولى من على يمينه من الحفظة والرجال والنساء وبالتسليمة الثانية من على يساره منهم، كذا ذكر في الأصل وأخر ذكر الحفظة في الجامع الصغير، فمن مشايخنا من ظن أن في المسألة روايتين في رواية كتاب الصلاة يقدم الحفظة في النية؛ لأن السلام خطاب فيبدأ بالنية الأقرب فالأقرب وهم الحفظة ثم الرجال ثم النساء، وفي رواية الجامع الصغير يقدم البشر في النية استدلالا بالسلام في التشهد وهو قوله السلام علينا وعلى عباد الله الصالحين، قدم ذكر البشر على الملائكة إذ المراد بالصالحين الملائكة فكذا في السلام في آخر الصلاة، ومنهم من قال: إن أبا حنيفة كان يرى تفضيل الملائكة على البشر ثم رجع فرأى تفضيل البشر على الملائكة وهذا كله غير سديد؛ لأن الكلام كله معطوف بعضه على بعض بحرف الواو وأنه لا يوجب الترتيب؛ ولأن النية من عمل القلب وهي تنتظم الكل جملة بلا ترتيب ألا

Scanned by CamScanner

ترى أن من يسلم على جماعة لا يمكنه أن يرتب في النية فيقدم الرجال على الصبيان؟ ثم اختلف المشايخ في كيفية نية الحفظة قال بعضهم: ينوي الكرام الكاتبين واحدا عن يمينه وواحدا عن يساره، والصحيح أنه ينوي الحفظة عن يمينه وعن يساره ولا ينوي عددا؛ لأن ذلك لا يعرف بطريق الإحاطة وكذا اختلفوا في كيفية نية الرجال والنساء قال بعضهم: ينوي من كان معه في الصلاة من المؤمنين والمؤمنات لا غير، وكان الحاكم الشهيد يقول: ينوي جميع رجال العالم ونسائهم من المؤمنين والمؤمنات، والأول أصح؛ لأن التسليم خطاب وخطاب الغائب ممن لا يبقى خطابه وليس بخير من خطاب من يبقى خطابه غير صحيح، وإن كان منفردا فعلى قول الأولين ينوي الحفظة لا غير وعلى قول الحاكم ينوي الحفظة وجميع البشر من أهل الإيمان. وأما المقتدي فينوي ما ينوي الإمام، وينوي أيضا إن كان على يمين الإمام ينويه في يساره وإن كان على يساره ينويه في يمينه وإن كان بحذائه فعند أبي يوسف ينويه في يمينه، وهكذا ذكر في بعض نسخ الجامع الصغير؛ لأن لليمين فضلا على اليسار، وروى الحسن عن أبي حنيفة أنه ينويه في الجانبين جميعا، وهكذا ذكر في بعض نسخ الجامع الصغير وهو قول محمد؛ لأن يمين الإمام عن يمين المقتدي ويساره عن يساره فكان له حظ في الجانبين فينويه في التسليمتين والله أعلم.

🕮 البحر الرائق (سعيد) ١ / ٣٣٢ : (قوله وسلم مع الإمام كالتحريمة عن يمينه ويساره ناويا القوم والحفظة والإمام في الجانب الأيمن أو الأيسر أو فيهما لو محاذيا) ... ... وزاد السروجي وأنه ينوي المؤمنين من الجن أيضا.

🕮 مراقى الفلاح (المكتبة العصرية) صـ ١٤٩ : "و" يسن "نية الإمام الرجال" والنساء والصبيان والخناثى "و" الملائكة "الحفظة" ... "و" نيته "صالح الجن" المقتدين به فينوي الإمام الجميع

Scanned by CamScanner

"و" يسن "نية المأموم
بالتسليمتين في الأصح" لأنه يخاطبهم ..." "وان
إمامه في جهته" اليمين إن كان فيها أو اليسار إن كان فيها
حاذاه نواه في التسليمتين" لأن له حظا من كل جهة وهو أحق من
الحاضرين لأنه أحسن إلى المأموم بالتزام صلاته "مع القوم
والحفظة وصالح الجن و" يسن "نية المنفرد الملائكة فقط".

ডানে-বামে সালাম ফেরানো এবং পুরো সালামের হুকুম

প্রশ্ন : ফরয ও সুন্নাত নামায শেষ করার সময় ডানে ও বামে সালাম ফেরানো ওয়াজিব নাকি সুন্নাত? এবং السلام عليكم ورحمة الله সম্পূর্ণ পড়া কী?

উত্তর : ফিকাহবিদদের বিশুদ্ধ মতানুযায়ী সকল নামাযের শেষে দুবার সালাম ফেরানো ওয়াজিব। তবে السلام عليكم ورحمة الله এর মধ্যে শুধু السلام শব্দ বলা ওয়াজিব এবং السلام عليكم ورحمة الله পুরোটা বলা সুন্নাত। (৭/৭৯০/১৮৮০)

📖الدر المختار مع الرد (ايج ايم سعيد) ١ / ٤٦٨ : (ولفظ السلام) مرتين فالثاني واجب على الأصح برهان، دون عليكم؛ وتنقضي قدوة بالأول قبل عليكم على المشهور عندنا.

📖مراقى الفلاح (المكتبة العصرية) ص ٩٥ : "و" يجب "لفظ السلام" مرتين في اليمين واليسار للمواظبة ولم يكن فرضا لحديث ابن مسعود "دون عليكم" لحصول المقصود بلفظ السلام دون متعلقه ويتجه الوجوب بالمواظبة عليه أيضا.

Scanned by CamScanner

প্রত্যেক নামাযের পর মুসল্লিদের দিকে ফিরে দু'আ পড়া

প্রশ্ন : বর্তমানে কিছু কিছু মসজিদে দেখা যাচ্ছে ইমাম সাহেবান প্রতি পাঁচ ওয়াক্ত ফরয নামাযান্তে মুসল্লিদের দিকে মুখ ফিরিয়ে বসে ফজর ও আসরের মতো কিছুক্ষণ اوراد ماثوره পড়েন তারপর নিজ নিজ সুন্নাতে লিপ্ত হয়ে যান। প্রশ্নের প্রতিউত্তরে তাঁরা বলেন, সম্মিলিত মুনাজাত তেমন গুরুত্বপূর্ণ বিষয় নয়। একাকি মুনাজাত যথেষ্ট, যার যখন ইচ্ছা যতক্ষণ ইচ্ছা মুনাজাত করে সুন্নাত পড়ে নেবে, মুনাজাতের জন্য ইমামের অপেক্ষায় বসে থাকার প্রয়োজন নেই। তবে اوراد ماثوره ফরয নামাযের পর সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। যেমন বুখারী মুসলিম শরীফের বিশুদ্ধ সূত্রে যে সমস্ত দু'আ পড়া সাব্যস্ত, ওইগুলো পড়ে সুন্নাত আরম্ভ করে দেবে। তথাপি 'হুজ্জাতুল্লাহিল বালেগাহ' নামক কিতাবে শাহ ওয়ালি উল্লাহ দেহলবী (রহ.) সুন্নাতের আগে ওই সব দু'আ পড়া উত্তম বলেছেন।

والأولى أن يأتي بهذه الأذكار قبل الرواتب فإنه جاء في بعض الأذكار ما يدل على ذلك نصا كقوله: من قال – قبل أن ينصرف، ويثني رجليه من صلاة المغرب والصبح لا إله إلا الله الخ، وكقول الراوي كان إذا سلم من صلاته يقول بصوته الأعلى: لا إله إلا الله الخ - حجة الله البالغة ٢/ ٢١

এখন আমার প্রশ্ন :

১. ফজর-আসরের ন্যায় জোহর, এশা ও মাগরিবেও কি ইমাম সাহেব মুক্তাদীদের দিকে মুখ ফিরিয়ে বসা সুন্নাতের অন্তর্ভুক্ত? যদি কেউ সুন্নাতের নিয়্যাতে সময় সময় আমল করে অথবা সুন্নাতের মোহাব্বতে সব সময় আমল জারি রাখে তাহলে সুন্নাতের সাওয়াব পাওয়া যাবে কি না?

২. আমাদের হানাফী মাযহাব মতে, যদি পাঁচ ওয়াক্ত নামাযে মুখ ফিরিয়ে বসা সুন্নাত হয় তাহলে আকাবিরগণের কাউকে এর ওপর আমল করতে দেখা যাচ্ছে না কেন? আমাদের আকাবীরগণ তো রাসূলপ্রেমিক সুন্নাতের পাগল। এতে কি কোনো রহস্য নিহিত আছে? আরব দেশে পাঁচ ওয়াক্তের ওপর আমল দেখা যায়, তা কি আমাদের জন্য দলিল?

৩. আমরা জানি, যে সমস্ত নামাযের পর সুন্নাত আছে সেখানে বেশিক্ষণ দেরি করা যাবে না اللهم انت السلام الخ এই দু'আ পড়ে সুন্নাত নামাযে লিপ্ত হয়ে যাবে। এখন ইমাম সাহেব বলেন, হাদীসে যে সমস্ত 'আওরাদ' আছে সেগুলো পড়ে সুন্নাত আরম্ভ করবে, এটা কি ঠিক? সব পড়তে না পারলেও যতটুকু সম্ভব পড়ে সুন্নাত পড়ব, না সুন্নাত পড়ে দু'আ পড়ব? কোনটি সুন্নাতসম্মত?

Scanned by CamScanner

৪. دبر كل صلاة এর অর্থ মুহাদ্দিসীনের মতে কী? حجة الله البالغة এর জবাব কী হতে পারে?

উত্তর : জোহর, মাগরিব ও এশার ফরয নামাযের পর হাদীস শরীফে বর্ণিত দু'আগুলো দুই রাক'আত সুন্নাতে মুআক্কাদার আগে পড়া হবে নাকি পরে পড়া হবে এ বিষয়টি ইমামগণের মাঝে মতবিরোধপূর্ণ। মালেকী, শাফেয়ী ও হাম্বলী মাযহাব মতে সুন্নাতের পূর্বেই পড়া সুন্নাত বা উত্তম বলা হয়েছে। পক্ষান্তরে হানাফী মাযহাব মতে আগে সুন্নাত পড়ার পর দু'আগুলো পড়া সুন্নাত। বাস্তবে হানাফী মাযহাবের মতটি যুক্তি এবং দলিলসম্মত। আর হানাফী মাযহাবের কোনো কিতাবে ভিন্নমত থাকাবস্থায় সাধারণত 'ফাতহুল ক্বাদীর' ও 'ফাতাওয়ায়ে শামী'র মতো নির্ভরযোগ্য কিতাবসমূহের কথাই চূড়ান্ত বলে বিবেচিত হয়। এ মাস'আলা সম্পর্কে বিস্তারিত আলোচনা 'ফাতহুল ক্বাদীর' ও 'ফাতাওয়ায়ে শামী'তে রয়েছে। (৭/৩৮৯/১৬৪৫)

📖 فتح القدير (حبيبيه) ١/ ٣٨٤ : لا يقتضي وصل هذه الأذكار. بل كونها عقيب السنة من غير اشتغال بما ليس هو من توابع الصلاة يصحح كونه دبرها وكونه - صلى الله عليه وسلم - إنما كان يصلي السنن في المنزل كما سنذكره، فبالضرورة يكون قوله لها قبلها غير لازم، بل يجوز كونها بعدها في المنزل، ولا يمتنع نقله فكثيرا ما نقلوا مما كان من عمله في البيت إما بواسطة نسائه أو بسماعهم صوته، وكانت حجرة - صلى الله عليه وسلم - صغيرة قريبة جدا، أو سمع منه قبلها حال قيامه منصرفا إلى منزله أو جالسا بعد صلاة لا سنة بعدها كالفجر والعصر.

وما في الصحيحين عن ابن عباس - رضي الله عنهما - «أن رفع الصوت بالذكر حين ينصرف الناس من المكتوبة كان على عهد رسول الله - صلى الله عليه وسلم -» . قال ابن عباس: «كنت أعلم إذا انصرفوا بذلك إذا سمعته وفي لفظ: ما كنا نعرف انقضاء صلاة رسول الله - صلى الله عليه وسلم - إلا بالتكبير» ، مع ما علم مما سنثبته بالصحاح من الأخبار من أنه - صلى الله عليه وسلم - إنما كان يصلي السنن في المنزل، بل وأنكر على من يصليها في المسجد على ما في أبي داود والترمذي والنسائي «أنه -

Scanned by CamScanner

صلى الله عليه وسلم - أتى مسجد عبد الأشهل فصلى فيه المغرب،
فلما قضوا صلاتهم رآهم يسبحون: أي يتنفلون، فقال: هذه صلاة
البيوت» لا يستلزم الفصل بأكثر، وما المانع من كون ذلك الذكر
هو ذلك القدر يرفعون به أصواتهم إذا فرغوا.

وأما التكبير المروي فالله أعلم به، قيل لم يعرف أحد من الفقهاء
قاله إلا ما ذكره بعضهم في البعوث والعساكر بعد الصبح والمغرب
ثلاث تكبيرات عالية؛ والحاصل أنه لم يثبت عنه - صلى الله
عليه وسلم - الفصل بالأذكار التي يواظب عليها في المساجد في
عصرنا من قراءة آية الكرسي والتسبيحات وأخواتها ثلاثا
وثلاثين وغيرها بل ندب هو إليها، والقدر المتحقق أن كلا من
السنن والأوراد له نسبة إلى الفرائض بالتبعية، والذي ثبت عنه أنه
كان يؤخر السنة عنه من الأذكار، وهو ما روى مسلم والترمذي
عن عائشة قالت «كان رسول الله - صلى الله عليه وسلم - إذا
سلم لم يقعد إلا مقدار ما يقول: اللّٰهُمَّ أنت السلام ومنك السلام
تباركت يا ذا الجلال والإكرام» فهذا نص صريح في المراد، وما
يتخايل أنه يخالفه لم يقو قوته، أو لم تلزم دلالته على ما يخالفه
فوجب اتباع هذا النص.

واعلم أن المذكور في حديث عائشة - رضي الله عنها - عنها هذا
هو قولها لم يقعد إلا مقدار ما يقول، وذلك لا يستلزم سنية أن
يقول ذلك بعينه في دبر كل صلاة إذ لم تقل إلا حتى يقول أو إلى
أن يقول، فيجوز كونه - صلى الله عليه وسلم - كان مرة يقوله
ومرة يقول غيره مما ذكرنا من قول لا إله إلا الله وحده لا شريك له
إلخ، وما ضم إليه في بعض الروايات مما ذكرنا من قوله لا إله إلا
الله ولا حول ولا قوة إلا بالله إلخ، ومقتضى العبارة حينئذ أن
السنة أن يفصل بذكر قدر ذلك وذلك يكون تقريبا، فقد يزيد

Scanned by CamScanner

قليلا وقد ينقص قليلا، وقد يدرج وقد يرتل فأما ما يكون زيادة غير مقاربة مثل العدد السابق من التسبيحات-

📖 رد المحتار (سعيد) ١/ ٥٣٠ : (قوله إلا بقدر اللّٰهُمَّ إلخ) لما رواه مسلم والترمذي عن عائشة قالت «كان رسول الله - صلى الله عليه وسلم - لا يقعد إلا بمقدار ما يقول: اللّٰهُمَّ أنت السلام ومنك السلام تباركت يا ذا الجلال والإكرام» وأما ما ورد من الأحاديث في الأذكار عقيب الصلاة فلا دلالة فيه على الإتيان بها قبل السنة، بل يحمل على الإتيان بها بعدها؛ لأن السنة من لواحق الفريضة وتوابعها ومكملاتها فلم تكن أجنبية عنها، فما يفعل بعدها يطلق عليه أنه عقيب الفريضة.

وقول عائشة بمقدار لا يفيد أنه كان يقول ذلك بعينه، بل كان يقعد بقدر ما يسعه ونحوه من القول تقريبا، فلا ينافي ما في الصحيحين من «أنه - صلى الله عليه وسلم - كان يقول في دبر كل صلاة مكتوبة: لا إله إلا الله وحده لا شريك له، له الملك وله الحمد وهو على كل شيء قدير، اللّٰهُمَّ لا مانع لما أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد» وتمامه في شرح المنية، وكذا في الفتح من باب الوتر-

১. সুতরাং ফজর ও আসরের ন্যায় জোহর, মাগরিব ও এশায় ইমাম সাহেব মুক্তাদীদের দিকে মুখ ফিরিয়ে বসা সুন্নাত বলে গণ্য হবে না।

২. হানাফী মাযহাব অনুযায়ী এরূপ করা সুন্নাত না হওয়ায় আকাবীরদের কাউকে এ ধরনের আমল করতে দেখা যায়নি ও যাচ্ছে না। অন্য মাযহাবের অনুসরণে এরূপ করা পরিহারযোগ্য।

৩. ইমাম সাহেব হানাফী মাযহাবের অনুসারী হলে তাঁর ওই কথাটি সঠিক নয়। অন্য মাযহাবের হলে সহীহ।

৪. دبر শব্দের অর্থ হলো পশ্চাৎ। সুন্নাতে মুআক্কাদা ফরযের সাথেই যুক্ত হওয়ায় সুন্নাতের পরে মা'সূর দু'আসমূহ পড়লে دبر كل صلاة مكتوبة -এর ওপর আমল হয়ে যাবে। ফতওয়ার জগতে 'ফাতাওয়ায়ে শামী' ও 'ফাতহুল ক্বাদীর' সর্বসম্মতিক্রমে অধিক গ্রহণযোগ্য।

Scanned by CamScanner

সালামান্তে মাথায় হাত রেখে দু'আ পড়া

প্রশ্ন : ফরয নামায আদায় করার পর দেখি অনেক বড় বড় আলেম-উলামাও মাথায় হাত রেখে কী একটি দু'আ পড়েন, সালাম ফিরিয়ে মাথায় হাত রেখে কী দু'আ পড়া হয় ও এর বৈধতা কতটুকু? আর যদি কেউ মাথায় হাত না রেখে ইস্তেগফার পাঠ করে, তাহলে কোনো গোনাহ হবে কি না?

উত্তর : সালাম ফেরানোর পর মাথার অগ্রভাগে হাত রেখে নির্দিষ্ট একটি দু'আ পড়া হাদীসের দ্বারা প্রমাণিত। হযরত আনাস (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) যখন নামায থেকে ফারেগ হতেন, তখন নিম্নের দু'আটি পড়তেন :

اشهد ان لااله الا الله الرحمن الرحيم اللهم اذهب عنى الهم والحزن-

উক্ত দু'আটি বিভিন্ন শব্দে অন্যান্য হাদীসেও বর্ণিত হয়েছে। আর অন্য হাদীসে সালাম ফেরানোর পর তিনবার ইস্তেগফার তথা استغفر الله পড়ার কথাও উল্লেখ আছে। তাই ফুকাহা ও মুহাদ্দিসীনগণ এসব দু'আ ও ইস্তেগফারকে মুস্তাহাব বলেছেন। তবে ইস্তেগফার পড়ার সময় মাথায় হাত রাখার কথা হাদীসে পাওয়া যায় না। (১৩/৭৪৬/৫৪৩১)

📖 عمل اليوم والليلة لابن السني صـ ١٠١ (١١٢) : عن أنس بن مالك، رضي الله عنه قال: كان رسول الله صلى الله عليه وسلم إذا قضى صلاته مسح جبهته بيده اليمنى، ثم قال: «أشهد أن لا إله إلا الله الرحمن الرحيم، اللَّهُمَّ أذهب عني الهم والحزن».

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٥/ ٨١ (٥٩١) : عن ثوبان، قال: كان رسول الله صلى الله عليه وسلم، إذا انصرف من صلاته استغفر ثلاثا وقال: «اللَّهُمَّ أنت السلام ومنك السلام، تباركت ذا الجلال والإكرام» قال الوليد: فقلت للأوزاعي: "كيف الاستغفار؟ قال: تقول: أستغفر الله، أستغفر الله" -

📖 رد المحتار (سعيد) ١ / ٥٣ : و يستحب ان يستغفر ثلاثا ويقرأ آية

Scanned by CamScanner

তাসবীহে ফাতেমী ছাড়াও দু'আ তাসবীহ আছে

প্রশ্ন : নামাযের পর সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ, আল্লাহু আকবার ছাড়া আর অন্য কোনো তাসবীহ পড়া ঠিক হবে কি না?

উত্তর : নামাযের পর প্রশ্নোল্লিখিত তাসবীহ ছাড়াও হাদীস শরীফে অন্য দু'আ, তাসবীহ ও কোরআনের সূরা যথা সূরা ফালাক, সূরা নাস, আয়াতুল কুরসি ইত্যাদি পড়ার প্রমাণ পাওয়া যায়, এগুলো পড়লে অধিক সাওয়াবের অধিকারী হবে। (৬/৪৬/১০৭২)

📖 جامع الترمذى (دارالحديث) ٥/ ٣٣٧ (٣٤٧٤) : عن أبي ذر، أن رسول الله صلى الله عليه وسلم قال: " من قال في دبر صلاة الفجر وهو ثان رجليه قبل أن يتكلم: لا إله إلا الله وحده لا شريك له، له الملك وله الحمد يحيي ويميت وهو على كل شيء قدير عشر مرات، كتبت له عشر حسنات، ومحي عنه عشر سيئات، ورفع له عشر درجات، وكان يومه ذلك كله في حرز من كل مكروه، وحرس من الشيطان، ولم ينبغ لذنب أن يدركه في ذلك اليوم إلا الشرك بالله "-

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٥/ ٨١ (٥٩٢) : عن عائشة، قالت: كان النبي صلى الله عليه وسلم إذا سلم لم يقعد إلا مقدار ما يقول: «اللَّهُمَّ أنت السلام ومنك السلام، تباركت ذا الجلال والإكرام» وفي رواية ابن نمير «يا ذا الجلال والإكرام» -

📖 سنن ابى داود (دارالحديث) ٢/ ٦٥٧ (١٥٢٢) : عن معاذ بن جبل، أن رسول صلى عليه وسلم أخذ بيده، وقال: «يا معاذ، والله إني لأحبك، والله إني لأحبك» ، فقال: " أوصيك يا معاذ لا تدعن في دبر كل صلاة تقول: اللَّهُمَّ أعني على ذكرك، وشكرك، وحسن عبادتك "، وأوصى بذلك معاذ الصنابحي، وأوصى به الصنابحي أبا عبد الرحمن -

Scanned by CamScanner

জোহর, মাগরিব ও এশার পর দীর্ঘ সময় দু'আ পড়া

প্রশ্ন : যে সমস্ত ফরয নামাযের পর সুনানে রাতেবা রয়েছে যেমন–জোহর, মাগরিব ও এশা, এ সমস্ত নামাযের পর দেরি করার হুকুম হানাফী মাযহাব অনুযায়ী কী? এবং তার সীমা কতটুকু? প্রকাশ থাকে যে ইবনে হাজার (রহ.) ফাতহুল বারীতে বলেন যে হানাফীদের নিকট এ সমস্ত নামাযের পর বসা সাব্যস্ত নয়, বরং তাড়াতাড়ি সুন্নাতের জন্য উঠে যাবে। (ফাতহুল বারী ২/৩৯০)

উত্তর : যে সমস্ত নামাযের পর সুনানে রাতেবা রয়েছে যেমন–জোহর, মাগরিব ও এশা, সে সব নামাযের পর অনর্থক দেরি না করে তাড়াতাড়ি সুন্নাত পড়ে নেওয়াই উত্তম। তবে যদি কেউ ফরযের পর আযকারে মা'সূরা পড়ে নেয় বা দু'আ করে নেয়, তারও অনুমতি আছে। কিন্তু সুন্নাতের পর আদইয়ায়ে মা'সূরা পড়া উত্তম, পক্ষান্তরে ফরয ও সুন্নাতের মধ্যে আদইয়ায়ে মা'সূরা পড়তে যে পরিমাণ সময় লাগে তার চেয়ে বেশি দেরি করা হানাফীদের নিকট মাকরূহ। (৯/৯৬০/২৯৬১)

📖 مجمع الأنهر (دار إحياء التراث) ١/ ١٣٠ : وفي الشمني أن كل صلاة بعدها سنة يكره له القعود بعدها بل يشتغل بالسنة لكن يشكل بما روي «أنه - عليه الصلاة والسلام - كان إذا سلم يمكث مقدار ما يقول اللّٰهُمَّ أنت السلام ومنك السلام وإليك يعود السلام تباركت وتعاليت يا ذا الجلال والإكرام» وبما نقل عن الحلواني أنه قال: لا بأس بأن يقرأ بين الفريضة والسنة أوراده إلا أن يقال أن ما في الشمني محمول على القعود الذي لا قراءة فيه ولا ذكر تدبر.

📖 فتاوی دار العلوم (مکتبہ دار العلوم) ۴/ ۲۰۹ : الجواب-آیۃ الکرسی وتسبیحات کا پڑھنا قبل سنن بھی جائز ہے اور معمول بہ اکابر کا ہے اور احادیث سے دونوں امر ثابت ہیں۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ۳ / ۳۲۲ : زیادہ تاخیر کو حنفیہ نے مکروہ فرمایا ہے اور زیادہ تاخیر سے مراد یہ ہے کہ اذکار ماثورہ کی مقدار سے زائد ہو۔

Scanned by CamScanner

তাশাহ্হুদের সময় শাহাদাত আঙুল উঠানোর বিধান

প্রশ্ন : নামাযে প্রথম ও শেষ বৈঠকে শাহাদাতের বাক্যে শাহাদাত আঙুল উঠাতে হয় কি না? যদি হয়, উঠানোর পর রাখার নিয়ম কী?

উত্তর : তাশাহ্হুদের মধ্যে لا اله বলার সময় শাহাদাত আঙুল উঠানো সুন্নাত। উঠানোর পরে পুরোপুরি না বিছিয়ে একটু ঝুঁকিয়ে রাখবে। (১৮/৫৩৯/৭৭১৪)

رد المحتار (سعيد) ١/١٥٠ : وأما المشهور المنقول في كتب المذهب فهو ما سمعته. والله تعالى أعلم (قوله وفي المحيط سنة) يمكن التوفيق بأنها غير مؤكدة-

امداد الفتاوی (زکریا) ۱ / ۲۰۷ : الجواب- تشہد میں 'لااله' کے وقت انگلی اٹھاوے اور الا اللہ پر جھکاوے مگر عقد اور حلقہ کی ہیئت کو آخر نماز تک باقی رکھے۔

নর-নারীর নামাযের পদ্ধতিগত পার্থক্য

প্রশ্ন : পুরুষ ও মহিলার নামাযের মধ্যে কী কী পার্থক্য আছে? পুরুষ-মহিলার নামাযের ভঙ্গিগুলো সবিস্তারে এবং চিত্র সহকারে জানালে বাধিত হব?

উত্তর : পুরুষ ও মহিলাদের নামাযের পার্থক্যসমূহ নিম্নে উল্লেখ করা হলো :

দাঁড়ানো অবস্থায় :

পুরুষরা উভয় পায়ের মাঝে কমপক্ষে চার আঙুল পরিমাণ ফাঁকা রাখবে। আর মহিলারা উভয় পা মিলিয়ে দাঁড়াবে (অর্থাৎ উভয় পায়ের মাঝে কোনো ফাঁকা রাখবে না)।

পুরুষরা সাধারণ অবস্থায় তাকবীরে তাহরীমা বলার সময় উভয় হাত চাদর ইত্যাদি হতে বের করবে। আর মহিলারা চাদর বা ওড়না ইত্যাদির ভেতর হতে হাত বের করবে না।

পুরুষরা তাকবীরে তাহরীমার সময় উভয় হাত কানের লতি পর্যন্ত উঠাবে। আর মহিলারা কাঁধ পর্যন্ত উঠাবে।

পুরুষরা তাকবীরে তাহরীমার পর নাভির নিচে হাত বাঁধবে। আর মহিলারা বুকের ওপর হাত বাঁধবে।

পুরুষরা হাত বাঁধতে ডান হাতের তালু বাম হাতের পিঠের ওপর রাখবে এবং বৃদ্ধা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা বাম হাতের কবজি শক্তভাবে ধরবে এবং অবশিষ্ট তিন আঙুল বাম

Scanned by CamScanner

হাতের নলার ওপর বিছিয়ে রাখবে। আর মহিলারা শুধু ডান হাতের তালু বাম হাতের পিঠের ওপর রাখবে।

রুকু অবস্থায় :
পুরুষরা রুকু অবস্থায় এ পরিমাণ ঝুঁকবে যেন কোমরের নিম্নাংশ সোজা হয়ে যায় এবং মাথা ও নিতম্ব বরাবর হয়ে যায়। আর মহিলারা এ পরিমাণ ঝুঁকবে যেন উভয় হাত শুধু হাঁটু পর্যন্ত পৌছে।
পুরুষরা রুকুতে হাতের আঙুল খোলা রেখে হাঁটু শক্ত করে ধরবে। আর মহিলারা শুধু আঙুল মিলিয়ে হাঁটুর ওপর রাখবে।
পুরুষরা রুকুতে বাহু বগল থেকে পৃথক রাখবে, আর মহিলারা বাহু বগলের সাথে মিলিয়ে রাখবে।

সিজদা অবস্থায় :
পুরুষরা সিজদাবস্থায় হাত জমিন থেকে, রান পেট থেকে ও বাহু বগল থেকে পৃথক রাখবে। আর মহিলারা হাত জমিনের সাথে রান পেটের সাথে এবং বাহু বগলের সাথে মিলিয়ে রাখবে।
পুরুষরা সিজদায় উভয় পা খাড়া রাখবে এবং পায়ের আঙুলগুলো কিবলার দিকে রাখবে। আর মহিলারা তাদের উভয় পা ডান দিকে বের করে দেবে।

বসা অবস্থায় :
পুরুষরা বসাবস্থায় ডান পা খাড়া রেখে বাম পা বিছিয়ে তার ওপর বসবে, আর মহিলারা উভয় পা ডান দিকে বের করে দিয়ে নিতম্ব জমিনের ওপর রেখে বসবে।
পুরুষরা বসাবস্থায় উভয় হাতের আঙুলগুলোর মাঝে স্বাভাবিক ফাঁকা রাখবে। (অর্থাৎ হাতের আঙুলগুলো একদম মিলিয়েও রাখবে না, আবার বেশি ফাঁকাও রাখবে না) আর মহিলারা একদম মিলিয়ে রাখবে।

সারকথা : মহিলারা সর্বাবস্থায় সতর ঢাকার প্রতি অধিক লক্ষ রেখে আপন শরীরকে যথাসম্ভব গুটিয়ে রেখে নামায আদায় করবে। উপরোক্ত বিষয়গুলোর চিত্র কোনো বিজ্ঞ আলেমের শরণাপন্ন হয়ে সরাসরি দেখে নিতে পারেন। (১৮/৯৮২/৭৯৭৫)

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٣/ ١٣٧ (٥٠٦٩) : عن عطاء قال: تجتمع المرأة إذا ركعت ترفع يديها إلى بطنها، وتجتمع ما استطاعت، فإذا سجدت فلتضم يديها إليها، وتضم بطنها وصدرها إلى فخذيها، وتجتمع ما استطاعت".

Scanned by CamScanner

📖البحر الرائق (دارالكتب العلمية) ۱/ ٥٦۱ : (قوله والمرأة تنخفض وتلزق بطنها بفخذيها) لأنه أستر لها فإنها عورة مستورة ويدل عليه ما رواه أبو داود في مراسيله «أنه – عليه الصلاة والسلام – مر على امرأتين تصليان فقال إذا سجدتما فضما بعض اللحم إلى الأرض فإن المرأة ليست في ذلك كالرجل» وذكر الشارح أن المرأة تخالف الرجل في عشر خصال ترفع يديها إلى منكبيها وتضع يمينها على شمالها تحت ثدييها ولا تجافي بطنها عن فخذيها وتضع يديها على فخذيها تبلغ رءوس أصابعها ركبتيها ولا تفتح إبطيها في السجود وتجلس متوركة ولا تفرج أصابعها في الركوع -

📖بدائع الصنائع (سعيد) ۱/ ۲۱۰

📖رد المحتار (سعيد) ۱/ ٥٠٤

📖الفتاوى الهندية (زكريا) ۱/ ۷۳

মহিলাদের নামায আদায়ের পদ্ধতি

প্রশ্ন : মহিলাদের নামায আদায়ের নিয়ম কি পুরুষের মতোই না ভিন্ন? জনৈক ব্যক্তি হাদীসের উদ্ধৃতি দিয়ে বলেন, “এমনভাবে নামায পড়ো, যেভাবে আমাকে পড়তে দেখেছ” সে ক্ষেত্রে নিয়ম নাকি একই, সঠিক মাস’আলা জানতে চাই?

উত্তর : প্রশ্নে বর্ণিত ব্যক্তি উক্ত হাদীস দ্বারা যে দলিল দিয়ে বলেছেন যে, মহিলা এবং পুরুষের নামায পড়ার নিয়ম একই তা সঠিক নয়। বরং রাসূল (সা.)-এর অনেক হাদীস থেকে স্পষ্টরূপে বোঝা যায় যে, তাদের নামায পড়ার নিয়মে কিছু পার্থক্য রয়েছে। (১৯/৬৪৮/৮৩৭৫)

📖مراسيل ابى داود (مؤسسة الرسالة) ص ۱۱۷ (۸۷) : عن يزيد بن أبي حبيب، أن رسول الله صلى الله عليه وسلم مر على امرأتين

Scanned by CamScanner

تصليان فقال: «إذا سجدتما فضما بعض اللحم إلى الأرض فإن المرأة ليست في ذلك كالرجل» .

📖 السنن الكبرى للبيهقي (دارالحديث) ٢ / ٢٢٣ (٣١٩٩) : عن عبد الله بن عمر قال: قال رسول الله صلى الله عليه وسلم: " إذا جلست المرأة في الصلاة وضعت فخذها على فخذها الأخرى، وإذا سجدت ألصقت بطنها في فخذيها كأستر ما يكون لها.

📖 المعجم الكبير للطبراني (مكتبة ابن تيمية) ٢٢/ ١٩ (٢٨) : عن وائل بن حجر قال: جئت النبي صلى الله عليه وسلم فقال: «هذا وائل بن حجر جاءكم، لم يجئكم رغبة ولا رهبة، جاء حبا لله ولرسوله» وبسط له رداءه، وأجلسه إلى جنبه، وضمه إليه، وأصعد به المنبر فخطب الناس فقال لأصحابه: «ارفقوا به فإنه حديث عهد بالملك» فقلت: إن أهلي قد غلبوني على الذي لي، قال: «أنا أعطيكه وأعطيك ضعفه» فقال لي رسول الله صلى الله عليه وسلم: «يا وائل بن حجر، إذا صليت فاجعل يديك حذاء أذنيك، والمرأة تجعل يديها حذاء ثدييها» .

📖 مصنف ابن ابى شيبة (ادارة القرآن) ٢/ ٥٠٤ (٢٧٩٣) : عن ابن عباس أنه سئل عن صلاة المرأة، فقال: «تجتمع وتحتفر» .

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٣/ ١٣٧ (٥٠٦٩) : عن عطاء قال: تجتمع المرأة إذا ركعت ترفع يديها إلى بطنها، وتجتمع ما استطاعت، فإذا سجدت فلتضم يديها إليها، وتضم بطنها وصدرها إلى فخذيها، وتجتمع ما استطاعت" .

পুরুষ ও মহিলার নামায আদায়ে পদ্ধতিগত পার্থক্য রয়েছে

প্রশ্ন : পুরুষ ও মহিলার নামাযের মধ্যে কোনো পার্থক্য আছে কি? দয়া করে দলিলসহ জানাবেন। বসুন্ধরা আবাসিক এলাকায় কিছু মহিলা একত্রিত হয়ে তা'লীম করে এবং বলে পুরুষ ও মহিলার নামাযের মধ্যে কোনো পার্থক্য নেই।

Scanned by CamScanner

উত্তর : শরীয়তে এমন কিছু বিধান রয়েছে, যেগুলো পুরুষ ও মহিলার ওপর সমভাবে আরোপিত হয়েছে। কিন্তু মহিলাদের সতর ও পর্দার হুকুমকে প্রাধান্য দিয়ে তাদের জন্য উক্ত হুকুম বাস্তবায়নের স্বতন্ত্র নিয়মনীতি তাদের দেওয়া হয়েছে। যেমন–পুরুষ ও মহিলা উভয়ের ওপর হজ ফরয, কিন্তু মহিলাদের জন্য পথখরচ ছাড়াও মাহরাম পুরুষের উপস্থিতি শর্ত। ইহরাম খোলার সময় পুরুষের মাথা মুণ্ডানোর বিধান রয়েছে, কিন্তু মহিলাদের জন্য মাথা মুণ্ডানো নিষেধ। আবার পর্দার হুকুমের প্রতি লক্ষ রেখে মহিলাদের ওপর জামাআতে নামায, খুতবা, ইমামতি, আযান ইত্যাদি বিধানকে ফরয করা হয়নি। তেমনিভাবে নামায আদায় করার নির্দেশ যদিও পুরুষ ও মহিলার ওপর সমভাবে আরোপিত। তথাপি পর্দার প্রতি লক্ষ রেখেই নামাযের কিছু আরকান আদায় করার পদ্ধতি বা নিয়মনীতির ব্যাপারে পুরুষ ও মহিলার মাঝে পার্থক্য করা হয়েছে। শরয়ী আহকামের উৎস শুধু কোরআন-হাদীস নয় এবং হাদীস বলতে শুধু বুখারী শরীফকেই বোঝায় না। বরং কোরআন-হাদীস স্বীকৃত আরো দুটি উৎস এবং এমন বহু হাদীস যা বুখারী শরীফ নেই তাও শরীয়তের অনেক আহকামের ভিত্তি। সুতরাং কোরআনে কারীমে ও বুখারী শরীফে নেই বলে কোনো হুকুমকে আমলযোগ্য নয় বলে দাবি তোলা মূলত কোরআন ও হাদীসকে অস্বীকার করারই নামান্তর। প্রশ্নে যে মহিলাদের নামায পুরুষ হতে ভিন্ন কি না জানতে চাওয়া হয়েছে উপরোক্ত নীতিমালার আলোকে তার জবাব হলো, বহু সহীহ হাদীস দ্বারা মহিলাদের নামাযে পদ্ধতিগত ভিন্নতা প্রমাণিত। (১৬/১৩/৬৩৭৩)

📖 مراسيل ابى داود (مؤسسة الرسالة) ص ١١٧ (٨٧) : عن يزيد بن أبي حبيب، أن رسول الله صلى الله عليه وسلم مر على امرأتين تصليان فقال: «إذا سجدتما فضما بعض اللحم إلى الأرض فإن المرأة ليست في ذلك كالرجل» .

📖 السنن الكبرى للبيهقى (دارالحديث) ٢ / ٢٢٣ (٣١٩٩) : عن عبد الله بن عمر قال: قال رسول الله صلى الله عليه وسلم: " إذا جلست المرأة في الصلاة وضعت فخذها على فخذها الأخرى، وإذا سجدت ألصقت بطنها في فخذيها كأستر ما يكون لها.

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٣/ ١٣٧ (٥٠٦٩) : عن عطاء قال: تجتمع المرأة إذا ركعت ترفع يديها إلى بطنها، وتجتمع ما استطاعت، فإذا سجدت فلتضم يديها إليها، وتضم بطنها وصدرها إلى فخذيها، وتجتمع ما استطاعت " .

Scanned by CamScanner

পুরুষ ও মহিলার নামাযের পার্থক্য হাদীস দ্বারা প্রমাণিত

প্রশ্ন : পুরুষ ও মহিলাদের নামাযের যে পার্থক্য বর্ণনা করা হয়, তা হাদীসে উল্লেখ আছে কি না?

উত্তর : পুরুষ ও মহিলাদের নামাযের যে পার্থক্য বর্ণনা করা হয় তা হাদীসের কিতাবসমূহের মধ্যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), সাহাবায়ে কেরাম (রা.) ও তাবেয়ীন (রহ.) থেকে স্পষ্ট বর্ণনা বিদ্যমান রয়েছে। (১১/৯৯২/৩৮০৩)

📖 السنن الكبرى للبيهقي (٣٢٠١) : عن يزيد بن أبي حبيب، أن رسول الله صلى الله عليه وسلم مر على امرأتين تصليان فقال: " إذا سجدتما فضما بعض اللحم إلى الأرض فإن المرأة ليست في ذلك كالرجل ".

📖 المعجم الكبير للطبراني (مكتبة ابن تيمية) ٢٢/ ١٩ (٢٨) : عن وائل بن حجر قال: جئت النبي صلى الله عليه وسلم فقال: «هذا وائل بن حجر جاءكم، لم يجئكم رغبة ولا رهبة، جاء حبا لله ولرسوله» وبسط له رداءه، وأجلسه إلى جنبه، وضمه إليه، وأصعد به المنبر فخطب الناس فقال لأصحابه: «ارفقوا به فإنه حديث عهد بالملك» فقلت: إن أهلي قد غلبوني على الذي لي، قال: «أنا أعطيكه وأعطيك ضعفه» فقال لي رسول الله صلى الله عليه وسلم: «يا وائل بن حجر، إذا صليت فاجعل يديك حذاء أذنيك، والمرأة تجعل يديها حذاء ثدييها».

নর-নারীর নামায আদায়ে পার্থক্য নেই বলা মূর্খতা

প্রশ্ন : আমাদের বাসায় একজন মহিলা আমাদের কোরআন শরীফ পড়ান, তিনি বলেন, নারী-পুরুষের নামাযের কোনো পার্থক্য নেই। মহিলা হুজুরের দলিল হলো আমাদের নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, তোমরা নামায পড়ো এবং আমাকে অনুসরণ করো। অর্থাৎ আমার মতো নামায পড়ো, এখানে নারী-পুরুষের কোনো পার্থক্য করা

Scanned by CamScanner

হয়নি। প্রশ্ন হলো, এটি কতখানি সত্য? কোরআন-হাদীস দ্বারা দলিল দিয়ে অবহিত করবেন।

উত্তর : নারী-পুরুষের নামাযের মধ্যে মৌলিক বিষয়গুলোতে কোনো পার্থক্য না থাকলেও নামায আদায়ের পদ্ধতিগত কিছু কিছু বিষয়ে পার্থক্য আছে, যা বিভিন্ন সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। তাই শুধুমাত্র একটি হাদীস সামনে রেখে অন্য হাদীস বাদ দিয়ে এ কথা বলা যে নারী-পুরুষের নামাযে কোনো পার্থক্য নেই। এটা হাদীস সম্পর্কে অজ্ঞতারই পরিচায়ক। (১৮/৬৩০/৭৭২৪)

নারী-পুরুষের নামাযের পার্থক্য

প্রশ্ন : পুরুষ এবং মহিলার নামাযে হাত বাঁধা, রুকু, সিজদা ইত্যাদিতে কোনো পার্থক্য আছে কি না?

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ١٠ / ٢٢٩ : سوال— ... ... بعض مقتدی اوپر جگہ ہوتے ہوئے نیچے صف بنا کر اقتداء کریں تو صحیح ہے یا نہیں؟ یا نیچے جگہ ہوتے ہوئے (جبکہ امام نیچے ہو) اوپر صف بنا کر اقتداء کریں تو کیا حکم ہے؟

الجواب— یہ صورت مکروہ شمار ہوگی۔

Scanned by CamScanner

কাতার সোজা করে ইকামত বলবে নাকি حى على الصلاة -এর পরে দাঁড়াবে?

প্রশ্ন : ইকামতের শুরুতে ইমাম-মুসল্লি দাঁড়িয়ে কাতার সোজা করে ইকামত শুরু করা এবং "হাইয়া আলাস সালাহ" বলার সময় ইমাম ও মুসল্লি দাঁড়ানো উভয়ের মধ্যে কোনটি সুন্নাত তরীকা?

উত্তর : ইমাম সাহেব নামায আরম্ভকালীন মসজিদে প্রবেশ করলে মুক্তাদীগণ তাঁকে দেখে দাঁড়িয়ে যাওয়া উত্তম, যা অবশ্যই ইকামতের পূর্বে হয়ে থাকে। ইমাম সাহেব পূর্ব থেকে মসজিদে অবস্থান করে থাকলে "হাইয়া আলাস সালাহ"-এর সময় মুক্তাদীগণ দাঁড়ানো যেমন সুন্নাত পরিপন্থী নয়, তেমনিভাবে ইকামতের শুরুতে দাঁড়ানোও সুন্নাত পরিপন্থী নয়, উভয় পদ্ধতির কথা কিতাবসমূহে পাওয়া যায়। তবে পদ্ধতিদ্বয়ের মধ্যে কোনটি উত্তম? এ ব্যাপারে নির্ভরযোগ্য মত হচ্ছে, কাতার সোজা করার গুরুত্বের দিকে লক্ষ করে এবং রাসূল (সা.)-এর যুগে সাহাবায়ে কেরামের নিয়মিত আমলের অনুসরণ করে ইকামতের শুরুতে দাঁড়িয়ে যাওয়াই উত্তম। অন্যথায় আদব রক্ষা করতে গিয়ে গুরুত্বপূর্ণ সুন্নাত ছুটে যাওয়ার প্রবল সম্ভাবনা থেকে যায়। সুতরাং যেসব মসজিদে দাঁড়িয়ে কাতার সোজা করার প্রয়োজন রয়েছে, সেখানে ইকামতের সাথে সাথে দাঁড়ানো উত্তম, তবে মুক্তাদীর সর্বশেষ দাঁড়ানোর সময় হচ্ছে "হাইয়া আলাস সালাহ" পর্যন্ত, এরপর বসে থাকা সুন্নাত পরিপন্থী। উল্লেখ্য, যেসব কিতাবে "হাইয়া আলাস সালাহ"-এর সময় দাঁড়ানোর উক্তি পাওয়া যায় তার অর্থ হলো এটি দাঁড়ানোর সর্বশেষ সময়, এর পূর্বে দাঁড়ানো কোথাও নিষেধ নেই। বরং কাতার সোজা করার প্রয়োজনে এর পূর্বে দাঁড়ানো উত্তম হিসেবে বিবেচিত হবে। (১৫/৩৩১/৬০৩৫)

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ١/ ٥٠٧ (١٩٤٢) : عن ابن جريج قال: أخبرني ابن شهاب: " أن الناس كانوا ساعة يقول المؤذن: الله أكبر، الله أكبر، يقيم الصلاة، يقوم الناس إلى الصلاة، فلا يأتي النبي صلى الله عليه وسلم مقامه حتى يعدل الصفوف ".

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٥٧ : فأما إذا كان الإمام خارج المسجد فإن دخل المسجد من قبل الصفوف فكلما جاوز صفا قام ذلك الصف وإليه مال شمس الأئمة الحلواني والسرخسي وشيخ

Scanned by CamScanner

الإسلام خواهرزاده وإن كان الإمام دخل المسجد من قدامهم يقومون كما رأى الإمام.

📖 جواہر الفقہ (مکتبۂ تفسیر القرآن) ۱/ ۳۲۳ : خلاصہ کلام سے یہ بات واضح ہوگئی کہ خود رسول اللہ صلی اللہ علیہ وسلم کا عمل پھر خلفاء راشدین مذکور الصدر تصریحات اور جمہور صحابہ وتابعین کا تعامل اس پر شاہد ہے کہ ان حضرات کا معمول ودستور یہی تھا کہ امام جب مسجد میں آجائے، تو اول اقامت ہی سے سب لوگ کھڑے ہوکر صفوف کی درستی کرلیں اور جس صورت میں امام پہلے سے محراب کے قریب بیٹھا ہو اس میں بھی حی علی الفلاح پر کھڑے ہونے کو مستحب کہنا بھی بایں معنی ہے کہ اس کے بعد بیٹھے رہنا خلاف ادب ہے کیونکہ مسارعت الی الطاعت کے خلاف، نہ یہ کہ اس سے پہلے کھڑا ہونا خلاف ادب ہے۔

ইকামতের শুরুতে দাঁড়ানো উত্তম

প্রশ্ন : ইকামতের সময় বুয়েটের আযাদ মসজিদের মুয়াজ্জিন সাহেব যখন "হাইয়া আলাস সালাহ" বলেন, তখন মুসল্লিগণ উঠে কাতার সোজা করে সালাতের প্রস্তুতি গ্রহণ করেন এবং গায়ে গায়ে লেগে দাঁড়ান, কোনো ফাঁক থাকে না। পক্ষান্তরে বুয়েট কেন্দ্রীয় মসজিদের মুয়াজ্জিন সাহেব ইকামতের জন্য দাঁড়ালেই মুসল্লিগণ উঠে দাঁড়ান এবং দাঁড়ানোতে একে অন্যজনের মাঝে অনেক সময় দেখা যায় এ পরিমাণ ফাঁকা থাকে, যা চোখে পড়ার মতো। প্রশ্ন হলো, আযাদ মসজিদের পদ্ধতি সঠিক, না বুয়েট মসজিদের পদ্ধতি সঠিক? হাদীসের আলোকে জবাব দিলে বাধিত হব।

উত্তর : যে সমস্ত কিতাবে 'হাইয়ালাতাইন'-এর সময় দাঁড়িয়ে কাতার সোজা করার কথা রয়েছে তার সঠিক অর্থ হলো "হাইয়া আলাস সালাহ" বলার পরে বসে থাকা নিষেধ, তবে কাতার সোজা করার তাগিদে এর পূর্বেও দাঁড়াতে পারবে বরং দাঁড়ানো উচিত। তাই জামাআতে নামায আদায় করার সময় কাতার সোজা করা এবং দুজনের মাঝখানে ফাঁকা না থাকার ব্যাপারে যেহেতু হাদীস শরীফে বিশেষভাবে তাকীদ এসেছে তাই ইকামতের সাথে সাথেই মুসল্লিগণের দাঁড়িয়ে কাতার সোজা করা উত্তম। তবে উক্ত হাদীস শরীফের অর্থে কেউ যদি "হাইয়া আলাস সালাহ" বলা পর্যন্ত বসে থাকাকে জরুরি মনে করে থাকে, তাহলে তা বর্জনীয় বলে বিবেচিত হবে। (১৪/৩৫/৫৫৩৮)

Scanned by CamScanner

📖 صحيح البخارى (دار الحديث) ١/ ١٨٤ (٧٢٣) : عن أنس بن مالك، عن النبي صلى الله عليه وسلم قال: «سووا صفوفكم، فإن تسوية الصفوف من إقامة الصلاة».

📖 جامع الترمذى (دار الحديث) ١ / ٥٣ : وروي عن عمر: " أنه كان يوكل رجالا بإقامة الصفوف، ولا يكبر حتى يخبر أن الصفوف قد استوت.

📖 البحر الرائق (سعيد) ١ / ٣٥٣ : وينبغي للقوم إذا قاموا إلى الصلاة أن يتراصوا ويسدوا الخلل ويسووا بين مناكبهم في الصفوف.

📖 امداد الفتاوى (زكريا) ١ / ١٨٦ : گنجائش ہے کہ قبل اقامت کے قیام کو افضل کہا جاوے اور وہ عارض تسویہ ہے صفوف کا جو نہایت مؤکد ہے، اس لئے کہ عامۂ ناس کے عدم اہتمام وقلت مبالات کی وجہ سے مشاہد ہے کہ حی علی الصلاۃ پر کھڑے ہونے سے امام کی تحریمہ کے وقت تک صفوف کا تسویہ نہیں ہو سکتا۔

ইকামতের আগেই বড় মসজিদে কাতার সোজা করার ঘোষণা করা

প্রশ্ন : যে মসজিদে প্রতিটি জামাআতে কমবেশি ৬০০-৭০০-এর মতো মুসল্লি নামায পড়েন। বিশেষ করে শুক্রবারে প্রায় ৩৫০০-৪০০০ মুসল্লি জমায়েত হন। সেখানে ইকামত দেওয়ার ২ মিনিট আগে কাতার সোজা করার কথা বলাটা কি অন্যায় হবে? যদি না হয় তাহলে ইমাম সাহেব কেন বলেন না? নামাযে দাঁড়ানোর পর মুসল্লিদের উচ্চস্বরে আওয়াজ শোনা যায়। 'সামনের কাতার খালি, সামনের কাতার খালি থাকলে নামায হবে না' আরো অনেক মন্তব্য করতে শুরু করেন। একপর্যায়ে মসজিদে হট্টগোল শুরু হয়। এদিকে ইমাম সাহেব হয়তো রুকুতে অথবা সিজদায় আছেন। এ ক্ষেত্রে কমিটির দায়িত্ব ও মুসল্লিদের করণীয় কী? কোরআন-সুন্নাহর আলোকে ফয়সালা কী?

উত্তর : কাতার সোজা করার ব্যাপারে হাদীস শরীফে তাগিদ এসেছে, আগের কাতারের খালি জায়গা পুরো করে নেওয়াও জরুরি। তাই ইমাম সাহেব প্রয়োজন মনে করলে ইকামতের পূর্বে কাতার সোজা করে নেওয়ার উপদেশ দিতে পারেন। প্রশ্নে বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ইমাম সাহেবের জন্য নামায শুরু করার পূর্বে কাতার সোজা করিয়ে নেওয়া অতীব জরুরি। অন্যথায় মুসল্লিদের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়ে নামাযে

Scanned by CamScanner

ব্যাঘাত ঘটতে পারে। ইমাম সাহেবকে এ ব্যাপারে উদ্বুদ্ধ করা কমিটির দায়িত্ব। (১৩/৪১২/৫২৭৮)

📖 سنن ابی داود (دار الحديث) ١/ ٣١١ (٦٦٥) : حدثنا حاتم يعني ابن أبي صغيرة، عن سماك، قال: سمعت النعمان بن بشير، قال: «كان رسول الله صلى الله عليه وسلم يسوي صفوفنا إذا قمنا للصلاة فإذا استوينا كبر».

📖 جامع الترمذی (دار الحديث) ١/ ٥٣ (٢٢٧) : وروي عن عمر: " أنه كان يوكل رجالا بإقامة الصفوف، ولا يكبر حتى يخبر أن الصفوف قد استوت. وروي عن علي، وعثمان، أنهما كانا يتعاهدان ذلك، ويقولان: «استووا».

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۴/ ۳۱۹ : اسی طرح صفوں کو درست کرنے کی تاکید اور سیدھی نہ رکھنے پر جو وعیدیں ہیں ان کے پیش نظر شروع اقامت ہی سے کھڑا ہو جانا افضل بلکہ ضروری ہوگا حی علی الفلاح کے بعد کھڑے ہونے میں صفیں درست اور سیدھی نہیں ہو سکتیں، ٹیڑھی رہیں گی، نمازی آگے پیچھے ہوں گے، درمیان میں خالی رہ جائے گی۔اور وعید شدید کے مستحق ہوں گے۔

জামাআত শেষে তৃতীয় তলায় ই'তিকাফকারীদের জামাআত

প্রশ্ন : প্রথম তলায় জামাআত শেষ হলে পরবর্তীতে ই'তিকাফকারীগণ তৃতীয় তলায় দ্বিতীয় জামাআত পড়তে পারবে কি না? কিছু বৃদ্ধ লোকও আছে তাদের দৈনিক ৫ ওয়াক্ত নামায নিচতলায় গিয়ে পড়তে কষ্ট হয়। এমতাবস্থায় কী করণীয়?

উত্তর : যদি মসজিদের ইমাম-মুয়াজ্জিন নির্ধারিত থাকে এবং নির্ধারিত সময়ে জামাআত অনুষ্ঠিত হয় তাহলে মসজিদের দ্বিতীয় তলায় পৃথক জামাআতে নামায পড়া মাকরূহ বলে গণ্য হবে। উক্ত বৃদ্ধ ই'তিকাফকারীগণ যদি ইমামের অবস্থা সঠিকভাবে জানতে পারে তাহলে তাদের জন্য সেখানে থেকে ইমামের ইক্তিদা করা বৈধ হবে। (১৫/৪২০/৬০৮৪)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ / ٥٥٢ : يكره تكرار الجماعة في مسجد محلة بأذان وإقامة، إلا إذا صلى بهما فيه أولا غير أهله، لو أهله لكن بمخافتة الأذان.

📖 فتاوى قاضيخان (أشرفيه) ١/ ٤٦ : ولو قام على سطح المسجد واقتدى بإمام فى المسجد فهو على هذا التفصيل أيضا إن كان للسطح باب فى المسجد ولا يشتبه عليه حال الإمام صح الاقتداء فى قولهم.

দুই খুঁটির মধ্যবর্তী স্থানে দাঁড়ানো

প্রশ্ন : بين الساريتين দ্বারা কী উদ্দেশ্য এবং بين الساريتين নামায পড়া মাকরূহ কেন?

উত্তর : দুই খুঁটির মাঝখানের জায়গায় নামায পড়ার জন্য কাতার করার ব্যাপারে মতানৈক্য আছে। যেহেতু দুই খুঁটির মাঝখানে কাতার করার দ্বারা কাতারের সংযোগ বিচ্ছিন্ন হয়, তাই বিনা প্রয়োজনে কাতার করবে না। (১৪/৩৬২/৫৬৩২)

📖 رد المحتار (سعيد) ١ / ٥٦٨ : والأصح ما روي عن أبي حنيفة أنه قال: أكره أن يقوم بين الساريتين أو في زاوية أو في ناحية المسجد أو إلى سارية لأنه خلاف عمل الأمة. قال - عليه الصلاة والسلام - «توسطوا الإمام وسدوا الخلل».

📖 مسند أحمد (مؤسسة الرسالة) ٩/ ٣٢٦ (٥٤٤٩) : عن عبد الله بن أبي مليكة، أن معاوية قدم مكة فدخل الكعبة، فبعث إلى ابن عمر أين صلى رسول الله صلى الله عليه وسلم؟ فقال: «صلى بين الساريتين بحيال الباب» -

Scanned by CamScanner

নামায মাকরূহ হলে ক্ষতি কী

প্রশ্ন : মাকরূহ কাকে বলে, মাকরূহ হলে নামাযের ক্ষতি কতটুকু ? জানালে ভালো হবে।
উত্তর : অকাট্য দলিল দ্বারা নিষেধ প্রমাণিত বস্তুকে মাকরূহ বলা হয়, যা অবলম্বন করা গোনাহ। তবে হারামের মতো নয়। (১৩/৫০২/৫৩১১)

📖 التعريفات الفقهية مع قواعد الفقه (أشرفى بكڈپو) ص ٥٠٣ :
المكروه ما هو راجح الترك فإن كان إلى الحرام أقرب تكون كراهة تحريمية وإن كان إلى الحل أقرب تكون تنزيهية ومعنى القرب إلى الحرمة انه يستحق فاعله العتاب ومعنى القرب الى الحل انه لا يستحق فاعله العتاب، بل يستحق تاركه أدنى الثواب -

খোলা মাঠে কাতার সংযোগের বিধান

প্রশ্ন :

১. কয়েকজন লোক ইমামের ইক্তিদা করেছে, কিন্তু তাদের সাথে ইমামের জামাআতের সাথে কোনো সংযোগ নেই, অর্থাৎ সামনে দুই-তিন কাতার খালি এবং পার্শ্বে ১০-২০ হাত ফাঁকা। এমতাবস্থায় এই মুক্তাদীগণের নামায হবে কি না? যদি না হয় তবে ইজতেমার ময়দানে এমন হয়ে থাকে, তার সমাধান কী?

২. এমতাবস্থায় যদি জানাযা পড়া হয় তবে এ জানাযাকে গায়েবী জানাযা বলে গণ্য করা হবে কি না? যদি গায়েবী জানাযা না হয় তবে এদের জানাযা আদায় হবে কি না?

উত্তর : জামাআতে নামায আদায় করার সময় সামনের কাতারে ফাঁকা থাকা অবস্থায় পেছনে দাঁড়ানো মাকরূহ। তবে ইক্তিদা সহীহ হওয়ার জন্য ইমাম সাহেব এবং মুক্তাদীগণের জায়গা এক হওয়া শর্ত। অতএব যদি কোনো মসজিদ অথবা ঈদগাহে অথবা জানাযা পড়ার স্থানে জামাআত অনুষ্ঠিত হয় এবং বিশাল জামাআতের কাতারের মাঝে দুই বা ততোধিক কাতারের পরিমাণ জায়গা খালি থাকে তবুও ইক্তিদা সহীহ বলে গণ্য করা হবে। যেহেতু ইজতেমার ময়দান ইজতেমা চলাকালীন পুরোটাই নামাযের জন্য নির্ধারিত তাই তা মসজিদের হুকুমে হওয়ায় নামাযের কোনো ক্ষতি হবে না এবং এমতাবস্থায় যদি কোনো জানাযার নামায আদায় করা হয় তা গায়েবী জানাযা হিসেবেও

Scanned by CamScanner

গণ্য হবে না। কেননা গায়েবী জানাযা ধর্তব্য হবে মৃত লাশ ইমামের সামনে অনুপস্থিত থাকলে। (১৩/৮১৬/৫৪২০)

📖 سنن ابى داود (دار الحديث) ١/ ٣١٣ (٦٧١) : عن أنس بن مالك، أن رسول الله صلى الله عليه وسلم قال: «أتموا الصف المقدم، ثم الذي يليه، فما كان من نقص فليكن في الصف المؤخر» .

📖 فتاوى قاضيخان (أشرفيه) ١ / ٤٦ : ولو صلى بالناس فى الجبانة صلوٰة العيد جازت صلاتهم وان كان بين الصفوف فضاء واتساع؛ لأن الجبانة عند أداء الصلاة لها حكم المسجد.

📖 رد المحتار (سعيد) ١ / ٥٨٥ : في القهستاني: البيت كالصحراء. والأصح أنه كالمسجد ولهذا يجوز الاقتداء فيه بلا اتصال الصفوف كما في المنية -

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٨٨ : والمسجد وإن كبر لا يمنع الفاصل فيه. كذا في الوجيز للكردري.

📖 احسن الفتاوى (سعيد) ٣ / ٣٠٦ : احاطۂ عیدگاہ کے اندر صفوں کے درمیان فاصلہ صحت اقتداء سے مانع نہیں، خواہ کتنا ہی زیادہ ہو، مگر بلاضرورت درمیان میں خلاء چھوڑنا مکروہ تحریمی ہے۔

যৌক্তিক কারণে মাহরাম মহিলাদের নিয়ে ঘরে জামাআত করা

প্রশ্ন : কোনো কারণবশত যদি মসজিদে না যেতে পারে, যেমন ইমাম অশুদ্ধ কিরাত পড়ে ইত্যাদি। এমতাবস্থায় মহিলা-পুরুষ, মাহরাম-গায়রে মাহরাম মিলে বাড়িতে জামাআতের সাথে নামায আদায় করা কতটুকু বৈধ? তারা কি জামাআতে নামায পড়ার সাওয়াব পাবে? বিস্তারিত দলিলসহ জানতে চাই।

উত্তর : যদি কোনো ব্যক্তি শরয়ী কারণবশত মসজিদে যেতে না পারে তাহলে তার ঘরের মাহরাম মহিলাদেরকে সাথে নিয়ে জামাআতের সহিত নামায পড়া জায়েয হবে এবং সকলেই জামাআতের সাওয়াব পাবে, কিন্তু গায়রে মাহরাম মহিলাদেরকে সাথে নিয়ে জামাআতে নামায পড়া সমীচীন নয়। (১১/৯৩২/৩৭৫৬)

Scanned by CamScanner

📖 خلاصة الفتاوى (أشرفيه) ١ / ٢٢٨ : رجل فاتته الجماعة فى مسجده إن ذهب الى مسجد آخر يصلى فيه بالجماعة فهو حسن، وإن صلى فى مسجد حيه وحده فحسن وإن دخل منزله فصلى بأهله فحسن۔

📖 آپ کے مسائل اوران کا حل (امدادیہ) ٢ / ٢٢٧ : ج: اپنی بیوی اور محرم عورت کے ساتھ جماعت جائز ہے وہ پیچھے کھڑی ہو جائے، محرم عورت کو پردہ میں کھڑے ہونے کی ضرورت نہیں۔

স্বামী-স্ত্রীর জামাআতের বিধান ও পদ্ধতি

প্রশ্ন : বাড়িতে স্বামী-স্ত্রী মিলে জামাআতে নামায আদায় করতে পারবে কি না? যদি পারে তাহলে স্ত্রী কতটুকু পেছনে দাঁড়াতে হবে? যদি স্বামীর পেছনের কাতারে দাঁড়ায় তাহলে একা মুক্তাদী হওয়াতে কোনো অসুবিধা হবে কি না? আর যদি স্বামীর ডানপাশে একটু পেছনে সরে দাঁড়ায় তাহলে নামায হবে কি না?

উত্তর : স্বামী-স্ত্রী উভয়ে জামাআতে নামায আদায় করতে পারবে। তবে স্ত্রী স্বামীর সঙ্গে সংলগ্ন না দাঁড়িয়ে পেছনের সারিতে একা দাঁড়াবে। অপারগতায় ডানপাশে একটু পেছনে সরে দাঁড়ালেও নামায হয়ে যাবে। তবে স্ত্রী স্বামীর সাথে মিলে দাঁড়াবে না, কারণ এতে উভয়ের নামায নষ্ট হয়ে যাবে। (৬/৪৩৬/১২৭৩)

📖 رد المحتار (سعيد) ١ / ٥٧٢ : المرأة إذا صلت مع زوجها في البيت، إن كان قدمها بحذاء قدم الزوج لا تجوز صلاتهما بالجماعة، وإن كان قدماها خلف قدم الزوج إلا أنها طويلة تقع رأس المرأة في السجود قبل رأس الزوج جازت صلاتهما لأن العبرة للقدم.

Scanned by CamScanner

স্বামী-স্ত্রীর জামাআত ও তার পদ্ধতি

প্রশ্ন : স্বামী-স্ত্রী কি জামাআতে নামায পড়তে পারে? স্বামী-স্ত্রীর জামাআতের পদ্ধতি কিরূপ? স্ত্রী একাধিক হলে স্বামী কোথায় দাঁড়াবে? আর স্ত্রী একজন হলে স্বামীর কোন পার্শ্বে দাঁড়াবে?

উত্তর : পুরুষের জন্য যেমন মসজিদে গিয়ে জামাআতের সাথে নামায পড়া জরুরি, মহিলাদের জন্য তেমনি ঘরে একা নামায পড়াই শরীয়তের নির্দেশ। সাধারণ জামাআতের নামাযে মহিলাদের শরীক হওয়ার অনুমতি নেই। তবে স্বীয় স্বামীর সাথে প্রয়োজনে জামাআতে নামায পড়তে পারবে। এমতাবস্থায় স্ত্রী একজন হোক বা একাধিক, সর্বাবস্থায় পেছনের সারিতেই দাঁড়াবে। (৮/৪৮৫/২২২২)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٥٦٦ : (ويقف الواحد) ولو صبيا، أما الواحدة فتتأخر (محاذيا) أي مساويا (ليمين إمامه).

📖 رد المحتار (سعيد) ١ / ٥٦٦ : (قوله أما الواحدة فتتأخر) فلو كان معه رجل أيضا يقيمه عن يمينه والمرأة خلفهما ولو رجلان يقيمهما خلفه والمرأة خلفهما.

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۲۹۹ : بچہ امام کے دائیں جانب کھڑا ہو اور عورت امام کے پیچھے، عورت محرم ہو یا غیر محرم دونوں کا یہی حکم ہے.

স্বামী-স্ত্রী পাশাপাশি নিজ নিজ নামায আদায় করা

প্রশ্ন : স্বামী-স্ত্রী পাশাপাশি নামায পড়তে কোনো সমস্যা আছে কি?

উত্তর : স্বামী-স্ত্রী প্রত্যেকে ব্যক্তিগত নামায পড়াবস্থায় পাশাপাশি দাঁড়িয়ে নামায পড়তে কোনো সমস্যা নেই। তবে উভয়ে মিলে জামাআতে নামায পড়লে তখন স্ত্রী পেছনের কাতারে দাঁড়াতে হবে, পাশাপাশি দাঁড়াতে পারবে না। (৬/৬৯/১০৭৩)

📖 رد المحتار (سعيد) ١ /٥٧٢ : المرأة إذا صلت مع زوجها في البيت، إن كان قدمها بحذاء قدم الزوج لا تجوز صلاتهما بالجماعة، وإن

Scanned by CamScanner

كان قدماها خلف قدم الزوج إلا أنها طويلة تقع رأس المرأة في السجود قبل رأس الزوج جازت صلاتهما لأن العبرة للقدم -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۲ /۲۲۸ : سوال- کیا عورت اپنے شوہر کے ساتھ نماز ادا کر سکتی ہے؟ نیز اگر میاں بیوی ایک وقت میں اپنے اپنے مصلی پر الگ نماز پڑھیں تو جائز ہو گا یا نہیں؟

الجواب- اگر دونوں الگ الگ اپنی نمازیں پڑھیں تو کوئی مضائقہ نہیں لیکن اگر جماعت کرنی ہو تو عورت برابر کھڑی نہ ہو بلکہ اس کو الگ صف میں پیچھے کھڑا ہونا چاہیے-

হানাফী মসজিদ না থাকায় লা-মাযহাবীদের মসজিদে নামায

প্রশ্ন : আমি একজন দোকানদার, আমার আশপাশে হানাফী মসজিদ নেই, লা-মাযহাবীদের মসজিদ আছে। এখন হানাফী মসজিদে জামাআতের সাথে নামায আদায় করতে হলে অনেক দূরে যেতে হবে, দোকান ছেড়ে মসজিদে যাওয়া আমার জন্য কষ্টকর। এমতাবস্থায় আমি লা-মাযহাবীদের মসজিদে জামাআতের সাথে নামায আদায় করব নাকি জামাআত ছেড়ে একাকী আদায় করব?

উত্তর : যে সমস্ত লা-মাযহাবীরা মাযহাবের ইমামগণকে গালাগাল করে, মাযহাব মানাকে বিদ'আত বা শিরক বলে, তাদের পেছনে নামায পড়া জায়েয না হওয়ায় এরূপ ইমামের পেছনে নামায পড়বে না। স্মর্তব্য যে, মসজিদ বেশি দূরে না হলে জামাআত ছাড়া যায় না। তাই দূরবর্তী হানাফী মসজিদে জামাআতের সাথে নামায পড়ার চেষ্টা করবে, এতে দ্বিগুণ সাওয়াব ও বরকত পাওয়া যাবে। (১০/৪৯০/৩১৯৬)

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ١ / ٦٦٢ : وأما بيان من تجب عليه الجماعة: فالجماعة إنما تجب على الرجال، العاقلين، الأحرار، القادرين عليها من غير حرج.

📖 تبيين الحقائق (امداديه) ١/ ١٣٣ : وفي الغاية قال عامة مشايخنا: إنها واجبة وفي المفيد الجماعة واجبة وتسميتها سنة لوجوبها بالسنة، وفي البدائع تجب على الرجال العقلاء البالغين الأحرار القادرين على الصلاة بالجماعة من غير حرج -

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (زکریا) ۹ / ۶۲ : جواہل حدیث تقلید کو شرک کہتا ہے اور ائمہ مجتہدین وسلف صالحین پر سب وشتم کرتا ہے اس کے پیچھے نماز درست نہیں اس کو امام بنانا ہی جائز نہیں۔

মুক্তাদী দুইয়ের অধিক হলে ইমামের সামনে দাঁড়ানো ওয়াজিব

প্রশ্ন : বেহেশতী জেওর কিতাবের বাংলা অনুবাদে উল্লেখ আছে যে মুক্তাদী দুজনের অধিক হলে তখন ইমাম সম্মুখে দাঁড়ানো ওয়াজিব। যার কপি নিম্নে দেওয়া হলো। এই ওয়াজিব হওয়ার ব্যাপারে কি কোনো দলিল পাওয়া যায়?

"মাসআলা ১২ : আর যদি একাধিক মুক্তাদী হয় তবে ইমামের পেছনে সারিবদ্ধ হয়ে দাঁড়ানো কর্তব্য। যদি ইমামের ডান দিকে দাঁড়িয়ে যান এবং মুক্তাদী দুজন হয় তবে মাকরূহ তানযীহী হবে এবং তিন বা ততোধিক হলে মাকরূহে তাহরীমী হবে। কেননা মুক্তাদী দুজনের অধিক হলে তখন ইমাম সম্মুখে দাঁড়ানো ওয়াজিব।" (১১/৪)

উত্তর : নিম্নোক্ত দলিলের আলোকে বেহেস্তী জেওরে লিখিত উক্ত (মাসআলা ১২) মাসআলাটি নিঃসন্দেহে সঠিক। উল্লেখ্য, উপরোক্ত হুকুম কোনো ওজর ছাড়া স্বাভাবিক অবস্থায় প্রযোজ্য। (৮/৪৮০/২২২৯)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٥٦٧ : (والزائد) يقف (خلفه) فلو توسط اثنين كره تنزيها وتحريما لو أكثر.

📖 رد المحتار (سعيد) ١ / ٥٦٧ : (قوله وتحريما لو أكثر) أفاد أن تقدم الإمام أمام الصف واجب كما أفاده في الهداية والفتح.

📖 حاشية الطحطاوى على المراقي (قديمى كتبخانه) ص ٣٠٦ : وان كثر القوم كره قيام الإمام وسطهم تحريما لترك الواجب.

নির্দিষ্ট সময়ের আগে মসজিদে মুসাফিরের জামাআত

প্রশ্ন : আমরা যখন তাবলীগে যাই তখন বিভিন্ন সময় সফরের কারণে জামাআত নিয়ে সমস্যায় পড়ি। অনেক সময় বাস থেকে নেমে দেখা যায় জামাআত হয়ে গেছে, আবার

Scanned by CamScanner

অনেক সময় দেখা যায় আগে নামায পড়ে বাসে উঠতে হয়। এ অবস্থায় জামাআত কিভাবে করা যায়? বর্তমানে তো বারান্দাগুলো আলাদাভাবে করা হয় না, পুরোটাই মসজিদের অংশ হিসেবে থাকে, আর ইমাম-মুয়াজ্জিন তো নির্দিষ্ট থাকেই। তাই এর সমাধান জানালে উপকৃত হব।

উত্তর : প্রয়োজনে মুসাফিরদের জন্য জামাআতের নির্ধারিত সময়ের পূর্বে মসজিদের বারান্দা বা কোনো এক পাশে জামাআত আদায় করার অনুমতি আছে। এতে স্থায়ী মুসল্লিদের নির্ধারিত সময়ের জামাআতের কোনো প্রকার অসুবিধা সৃষ্টি হয় না। তবে নির্ধারিত সময়ের জামাআত শেষ হয়ে গেলে মুসাফিরগণ ভিন্ন কোনো জায়গায় জামাআতের সাথে নামায আদায় করে নেওয়াই শ্রেয়। ভিন্ন কোনো জায়গা পাওয়া না গেলে একাকী পড়ে নেবে। (৮/৫৬৯/২২৪৪)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲ / ۴۳۲ : سوال- جماعت تیار ہے یا ہو رہی ہے اور مجھے فوراً نماز پڑھکر بس لیکر روڈ پر جانا ہے تو جماعت چھوڑ کر اس مسجد میں تنہا نماز پڑھ سکتا ہوں؟ کیونکہ نماز جماعت میں دیر لگنے کا سوال ہے اور مجھے جلدی ہے۔
جواب- تنہا بھی پڑھنے سے ادا ہو جائیگی، ایک دو آدمی مسافر وغیرہ کو لے کر جماعت کر لیا کریں، جماعت چھوڑنا بڑی محرومی ہے۔

মসজিদের ছাদে দাঁড়িয়ে নিচে দাঁড়ানো ইমামের ইক্তিদা

প্রশ্ন : আমাদের এলাকার মসজিদে প্রায় সময় বিশেষ করে ঈদ ও জুমু'আর জামাআতে নিচতলায় জায়গা সংকুলান না হওয়ায় কিছু মুসল্লি মসজিদের ছাদের ওপর গিয়ে জামাআতে শরীক হয়। উল্লেখ্য, ছাদে এমন কোনো ছিদ্র ইত্যাদি নেই, যা দ্বারা ওপরের মুসল্লিগণ নিচতলার মুসল্লি অথবা ইমাম সাহেবের অবস্থা দেখে, তবে ছাদে একটি মাইক রাখে, যা দ্বারা তাকবীর ইত্যাদি শোনা যায়। একবার এমন হয়েছে যে চার রাক'আতবিশিষ্ট নামাযে ইমাম সাহেব ও নিচতলার মুসল্লিগণ ভুলে দ্বিতীয় রাক'আতের পর না বসে দাঁড়িয়ে গেলে ওপরের মুসল্লিগণ বসে থাকে। পরে তৃতীয় রাক'আতে ইমাম সাহেব রুকুতে গেলে ওপরের মুসল্লিগণ তৃতীয় রাক'আতের জন্য দাঁড়ায়। এভাবে দ্বিতীয় রাক'আতের পর ইমাম সাহেব ও ওপরের মুসল্লিদের নামাযের বাকি আরকান আদায়ে বৈপরীত্য হয়ে যায়। এ অবস্থায় ওপরে জামাআতের সহিত নামায আদায় করা শরীয়তের দৃষ্টিতে কতটুকু বৈধ? অনুগ্রহ করে জানানোর আবেদন করছি।

Scanned by CamScanner

উত্তর : প্রয়োজনে ছাদে নামায পড়তে কোনো অসুবিধা নেই। তবে ছাদে ইক্তিদা করা হলে মুসল্লি নিচে ইমামের অবস্থাদি দেখে বা আওয়াজের মাধ্যমে যেকোনো উপায়ে অবগত হলেই ইক্তিদা সহীহ হয়ে যাবে।

সুতরাং যে অসুবিধার কথা উল্লেখ হয়েছে এ ধরনের ঘটনা যেহেতু স্বাভাবিক অবস্থায় ঘটে না বরং ইমামের ভুলের কারণেই ঘটেছে, তাই নিচে মুসল্লিদের সংকুলান না হওয়ার ওজর থাকায় এ অস্বাভাবিক ঘটনার কারণে ছাদে ইক্তিদা করা মাকরূহ বলা যাবে না। (৭/৫৩)

📖 فتاوى قاضى خان (أشرفيه) ١ / ٤٦ : ولو قام على سطح المسجد واقتدى بإمام فى المسجد فهو على هذا التفصيل أيضا، إن كان للسطح باب فى المسجد ولا يشتبه عليه حال الإمام صح الاقتداء فى قولهم وإن لم يكن له باب فى المسجد ولكن لا يشتبه عليه حال الإمام صح الاقتداء أيضا، وإن اشتبه عليه حال الإمام لا يصح.

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٤١٨ : ولو صلى رجل في مثل هذا المنزل مقتدياً بإمام في المسجد وهو يسمع التكبير من الإمام أو من المكبّر تجوز صلاته، فالقيام على السطح يكون كذلك .

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٥٨٨ : أن الصحيح اعتبار الاشتباه فقط. قلت: وفي الأشباه وزواهر الجواهر ومفتاح السعادة أنه الأصح. وفي النهر عن الزاد أنه اختيار جماعة من المتأخرين.

📖 فتاوى محموديه (زكريا) ١٠ / ٢٠١ : الجواب—اصل مسجد نیچے کا حصہ ہے اور چھت تابع، مسجد کی چھت پر بلا ضرورت چڑھنا مکروہ ہے، اصل مسجد چھوڑ کر چھت پر نماز پڑھنا خلاف سنت ہے، البتہ اگر جگہ کی قلت ہو تو چھت پر کھڑے ہونے میں مضائقہ نہیں، اور جب گرمی نا قابل برداشت ہو تب بھی چھت پر کھڑے ہونے کی گنجائش ہے محراب کا نہ ہونا مضر نہیں۔

Scanned by CamScanner

কারণবশত পুনরায় অনুষ্ঠিত জামাআতে নতুন ব্যক্তির অংশগ্রহণ

প্রশ্ন : প্রথম জামাআতে ওয়াজিব ছুটে যাওয়ার কারণে পুনরায় নামায জামাআতের সাথে আদায় করা হয়। প্রশ্ন হলো, ওই জামাআতে নতুন কোনো ব্যক্তি অংশগ্রহণ করলে তার নামায সঠিক হবে কি না? তার নামায আদায় হবে কি না? দলিলসহ জানিয়ে বাধিত করবেন।

উত্তর : যে নামাযে সিজদা সাহু করা প্রয়োজন হয়, আর সিজদা না করে নামায শেষ করলে ওই নামায আবার পড়তে হয়। এমতাবস্থায় নতুন নামাযী ওই নামাযে শরীক হবে না। না জেনে শরীক হয়ে গেলে নামায শেষে জানলে ওই নামায পুনরায় পড়ে নেবে। (৭/৮৩৭/১৯০৮)

📖 رد المحتار (سعيد) ٢/ ٦٤ : وقال في شرح التحرير: وهل تكون الإعادة واجبة، فصرح غير واحد من شراح أصول فخر الإسلام بأنها ليست بواجبة. وأنه بالأول يخرج عن العهدة وإن كان على وجه الكراهة على الأصح، وأن الثاني بمنزلة الجبر. والأوجه الوجوب كما أشار إليه في الهداية؛ وصرح به النسفي في شرح المنار، وهو موافق لما عن السرخسي وأبي اليسر: من ترك الاعتدال تلزمه الإعادة. زاد أبو اليسر: ويكون الفرض هو الثاني. وقال شيخنا المصنف: يعني ابن الهمام: لا إشكال في وجوب الإعادة إذ هو الحكم في كل صلاة أديت مع كراهة التحريم، ويكون جابرا للأول لأن الفرض لا يتكرر، وجعله الثاني يقتضي عدم سقوطه بالأول، وفيه أنه لازم ترك الركن لا الواجب، إلا أن يقال المراد أن ذلك امتنان من الله تعالى، إذ يحتسب الكامل وإن تأخر عن الفرض لما علم سبحانه أنه سيوقعه انتهى. ومن هذا يظهر أنا إذا قلنا الفرض هو الأول فالإعادة قسم آخر غير الأداء والقضاء، وإن قلنا الثاني فهي أحدهما. اهـ

أقول: فتلخص من هذا كله أن الأرجح وجوب الإعادة، وقد علمت أنها عند البعض خاصة بالوقت، وهو ما مشى عليه في

Scanned by CamScanner

التحرير، وعليه فوجوبها في الوقت ولا تسمى بعده إعادة، وعليه يحمل ما مر عن القنية عن الوبري، وأما على القول بأنها تكون في الوقت وبعده كما قدمناه عن شرح التحرير وشرح البزدوي، فإنها تكون واجبة في الوقت وبعده أيضا على القول بوجوبها. وأما على القول باستحبابها الذي هو المرجوح تكون مستحبة فيهما، وعليه يحمل ما مر عن القنية عن الترجماني. وأما كونها واجبة في الوقت مندوبة بعده كما فهمه في البحر وتبعه الشارح فلا دليل عليه. وقد نقل الخير الرملي في حاشية البحر عن خط العلامة المقدسي أن ما ذكره في البحر يجب أن لا يعتمد عليه لإطلاق قولهم: كل صلاة أديت مع الكراهة سبيلها الإعادة. اهـ

📖 حاشية الطحطاوى على المراقى (قديمى كتبخانه) صـ ۲٤۸ : والمختار أن المعادة لترك واجب نفل جابر والفرض سقط بالأولى لأن الفرض لا يتكرر كما في الدر وغيره ويندب إعادتها لترك السنة.

📖 فتاوی محمودیہ (زکریا) ۹ / ۴۳۲ : اور اگر ترک واجب کی وجہ سے اعادہ ہوا ہے تو نئے آدمی کی شرکت درست نہیں کیونکہ فرض پہلی نماز ادا کر چکا اور یہ صرف تکمیل ہے۔

📖 امداد الاحکام (مکتبہ دار العلوم کراچی) ۱ / ۵۶۴ : ... اس مسئلہ میں اختلاف ہے راجح یہی ہے کہ نو وارد جماعت میں شریک نہ ہو۔

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۳۵۲ : صلوۃ معادہ میں شریک ہونے والے کی نماز کی صحت کا قول ارجح واوسع ہے اور قول عدم صحت احوط، کثرت جماعت کی حالت میں نووارد مقتدیوں کے لئے یہ علم حاصل کرنا متعسر ہے کہ یہ جماعت اولی ہے یا معادہ، لہذا ایسی صورت میں قول عدم صحت میں تنگی اور حرج ظاہر ہے، البتہ کسی مقتدی کو اس کا علم ہو جائے تو اس کے لئے عمل بالاحوط اولی ہے۔

Scanned by CamScanner

অনুচ্চস্বরে জেহরী নামায আদায়কারীর পেছনে কেউ ইক্তিদা করলে ইমামের করণীয়

প্রশ্ন : এক ব্যক্তি ফজরের নামায একাকী পড়ছে, কিছু কিরাত আস্তে পড়ার পর এক ব্যক্তি তার পেছনে এসে ইক্তিদা করল। এমতাবস্থায় ইমাম সাহেবের করণীয় কী? বাকি কিরাত জোরে পড়বে? নাকি শুরু থেকে কিরাত পুনরায় পড়বে?

উত্তর : ফজর, মাগরিব ও এশার ফরয নামায একাকী আদায়কারীর পেছনে কেউ এসে ইক্তিদা করলে ইমাম সাহেব প্রথম থেকে পুনরায় উচ্চস্বরে পড়বে না, বরং যতটুকু পড়ে ফেলেছে তারপর হতে উচ্চস্বরে পড়াটাই সঠিক। (৭/৮৮৮/১৯২৮)

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٥٣٢ : إن الإمام لو خافت ببعض الفاتحة أو كلها أو المنفرد ثم اقتدى به رجل أعادها جهرا كما في الخلاصة، وقيل لم يعد وجهر فيما بقي من بعض الفاتحة أو السورة كلها أو بعضها كما في المنية، وعزا في القنية القول الثاني إلى القاضي عبد الجبار وفتاوى السعدي، ولعل وجهه أن فيه التحرز عن تكرار الفاتحة في ركعة وتأخير الواجب عن محله، وهو موجب لسجود السهو فكان مكروها.

📖 امداد الفتاوی (زکریا) ١ / ٥٣٧ : جواب— ... ... اقرب الی الفقہ عدم وجوب اعادہ۔

📖 احسن الفتاوی (سعید) ٣ / ٨٣ : منفرد جہری نماز سرا پڑھ رہا تھا، سورۂ فاتحہ کی قراءۃ کے درمیان کسی نے اس سے اقتداء کر لی اور اس نے بھی امامت کی نیت کر لی، تو اب سورۂ فاتحہ شروع سے دوبارہ جہرا پڑھے یا کہ وہیں سے آگے جہرا پڑھنا شروع کر دے؟
الجواب—اس میں اختلاف ہے، بعض وجوب اعادہ کے قائل ہیں اور بعض وجوب عدم اعادہ کے، قول ثانی راجح ہے، لہذا اعادہ نہ کرے۔

ইমাম বাসার ছাদে আর মুসল্লি মসজিদে দাঁড়ালে ইক্তিদা সহীহ হবে কি না

প্রশ্ন : মসজিদের মেহরাবসংলগ্ন নিচের তলায় ইমাম সাহেবের বাসা, দ্বিতীয় তলায় ছেলেদের মাদ্রাসা (ভাড়া) করা হয়েছে। জুমু'আ অথবা ঈদে ইমাম সাহেব ওই বাসার

Scanned by CamScanner

ওপর দাঁড়িয়ে নামায পড়ালে দ্বিতীয় তলা ও নিচতলার মুসল্লিদের ইক্তিদা দুরস্ত হবে কি না? জানানোর অনুরোধ করছি।

উত্তর : মেহরাবসংলগ্ন ইমাম সাহেবের বাসা বরাবর তৃতীয় তলা মসজিদের অন্তর্ভুক্ত নয়। তাই ইমাম সাহেব বাসা বরাবর তৃতীয় তলায় দাঁড়িয়ে ইমামতি করলে নিচতলা ও দোতলার মুক্তাদীদের ইক্তিদা শুদ্ধ হলেও এ ক্ষেত্রে ইমাম সাহেবের মসজিদে দাঁড়িয়ে ইমামতি করা হবে না। তবে নিচতলার মেহরাব বরাবর তৃতীয় তলায় দাঁড়িয়ে ইমাম সাহেব নামায পড়ালে তা মসজিদের ভেতরে বলে গণ্য হবে। দ্বিতীয়ত, একাধিক তলাবিশিষ্ট মসজিদে ইমাম সাহেবের নিচতলায় দাঁড়িয়ে ইমামতি করা শরীয়তের আসল বিধান। বিনা প্রয়োজনে ওপরের তলায় দাঁড়ানো মাকরূহ, যা পরিহারযোগ্য। (৯/২০০/২৫৬২)

📖 رد المحتار (سعيد) ١ / ٥٨٧ : أما في البيت مع المسجد لم يتخلل إلا الحائط ولم يختلف المكان، وعند اتحاد المكان يصح الاقتداء إلا إذا اشتبه عليه حال الإمام.

📖 رد المحتار (سعيد) ١ / ٦٥٦ : أما الوطء فوقه بالقدم فغير مكروه إلا في الكعبة لغير عذر، لقولهم بكراهة الصلاة فوقها. ثم رأيت القهستاني نقل عن المفيد كراهة الصعود على سطح المسجد اهـ ويلزمه كراهة الصلاة أيضا فوقه فليتأمل (قوله لأنه مسجد) علة لكراهة ما ذكر فوقه. قال الزيلعي: ولهذا يصح اقتداء من على سطح المسجد بمن فيه إذا لم يتقدم على الإمام. ولا يبطل الاعتكاف بالصعود إليه ولا يحل للجنب والحائض والنفساء الوقوف عليه؛ ولو حلف لا يدخل هذه الدار فوقف على سطحها يحنث (قوله إلى عنان السماء) بفتح العين، وكذا إلى تحت الثرى كما في البيري عن الإسبيجابي. بقي لو جعل الواقف تحته بيتا للخلاء هل يجوز كما في مسجد محلة الشحم في دمشق؟ لم أره صريحا، نعم سيأتي متنا في كتاب الوقف أنه لو جعل تحته سردابا بالمصالحة جاز تأمل (قوله واتخاذه طريقا) في التعبير بالاتخاذ إيماء إلى أنه لا يفسق بمرة أو مرتين، ولذا عبر في القنية بالاعتياد نهر. وفي القنية: دخل المسجد فلما توسطه ندم، قيل يخرج من باب

Scanned by CamScanner

غير الذي قصده، وقيل يصلي ثم يتخير في الخروج، وقيل إن كان محدثا يخرج من حيث دخل إعداما لما جنى. (قوله بغير عذر) فلو بعذر جاز-

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٨٩ : وينبغي للإمام أن يقف بإزاء الوسط فإن وقف في ميمنة الوسط أو في ميسرته فقد أساء لمخالفة السنة. هكذا في التبيين وينبغي أن يكون بحذاء الإمام من هو أفضل. كذا في شرح الطحاوي والقيام في الصف الأول أفضل من الثاني وفي الثاني أفضل من الثالث وإن وجد في الصف الأول فرجة دون الصف الثاني يخرق الصف الثاني. كذا في القنية.

📖 آپ کے مسائل اوران کا حل (امدادیہ) ٢ / ٢٣٨ : سوال—اگر مسجد میں ایک سے زائد منزل ہوں تو کیا امام اوپر والی منزل سے امامت کر سکتے ہیں یا نچلی منزل میں امامت کرنا ہی ضروری ہے؟
جواب—اوپر کی منزل میں بھی امامت کر سکتے ہیں لیکن بہتر مناسب اور متوارث یہ ہے کہ امام نچلی منزل میں رہے۔

জামাআতে অংশগ্রহণ না করে জুতা পাহারা দেওয়া

প্রশ্ন : মসজিদে মুসল্লিদের জুতা পাহারা দেওয়ার জন্য জামাআত ছাড়া জায়েয আছে কি? উল্লেখ্য, মসজিদটি বড় মসজিদ। আর সাধারণত মাসবুকদের জুতাই বেশি চুরি হয়। তাই আগত মুসল্লিদের জুতার নিরাপত্তায় নিয়োজিত পাহারাদারের জন্য জামাআত ছাড়া জায়েয হবে?

উত্তর : জামাআতে নামায পড়া পুরুষদের জন্য ওয়াজিব। শরীয়তকর্তৃক বর্ণিত বিশেষ কারণ ছাড়া জামাআত ছাড়ার অনুমতি নেই। প্রশ্নে বর্ণিত মুসল্লিদের জুতার হেফাজতের কাজে লিপ্ত থাকা জামাআত ছাড়ার শরীয়ত স্বীকৃত কারণ নয়, আর তা কর্তৃপক্ষের দায়িত্বও নয়। বরং প্রত্যেকেই নিজ নিজ জুতার হেফাজত করা বাঞ্ছনীয়। তবে জামাআত ব্যতীত জুতা হেফাজতের বিকল্প কোনো ব্যবস্থা করা প্রশংসনীয় কাজ, যেমন এ কাজে কোনো অমুসলিমকে নিয়োগ দেওয়ার পরামর্শ ফাতওয়ার কিতাবে দেওয়া

Scanned by CamScanner

হয়েছে। অতএব উল্লিখিত মাসআলায় মুসলিম লোককে জুতা হেফাজতের জন্য জামাআত ছাড়ার অনুমতি দেওয়া যায় না। (৯/৩৪৩/২৬৪৭)

📖 امداد الاحکام (مکتبہ دار العلوم کراچی) ۳ / ۱۹۷ : یہ دربان جو نمازیوں کی جوتیوں وغیرہ حفاظت کرتا ہے، مصالح مسجد میں سے نہیں ہے، ورنہ پھر نمازیوں کو پنکھا جھلنے والا بھی مصالح مسجد میں داخل ہو جائے گا.... ... پھر مسلمان کو ایسی ملازمت جائز نہیں جس میں باجود قرب مسجد کے ترک جماعت لابدی ہو اور اگر اس کو ایسی ملازمت مل سکے جس میں جماعت کا ترک لازم نہ ہو تو ترک جماعت سے گناہ ہوگا۔

লাহেকের বিধান

প্রশ্ন : জামাআতে নামায হওয়া অবস্থায় বাইরে খুব শোরগোল অথবা মেঘের বিকট আওয়াজের কারণে ইমামের আওয়াজ পুরোপুরি বোঝা যায় না। এমতাবস্থায় ইমাম সিজদা করেন এবং সকল মুক্তাদীরাও প্রথম সিজদা করে। কিন্তু দ্বিতীয় সিজদার সময় আওয়াজ না শোনার কারণে কিছু মুক্তাদী মনে করল যে ইমাম এখনো দ্বিতীয় সিজদা করেনি, তাই অপেক্ষায় আছে। এদিকে ইমাম সিজদা করে উঠে যান। এখন এই মুক্তাদীরা কী করবে? যদি তারাও দ্বিতীয় সিজদা না করে ইমামের সাথে দাঁড়িয়ে যায় তাহলে তাদের নামাযের হুকুম কী?

উত্তর : ইমামের সাথে ইক্তিদা করার পর যদি সিজদা বা রাক'আত ছুটে যায় তাহলে শরয়ী মাসআলা হলো উক্ত সিজদা বা রাক'আত আদায় করে ইমামের অনুসরণ করা। তাই প্রশ্নে বর্ণিত অবস্থায় মুক্তাদীদের কর্তব্য ছিল উক্ত সিজদা আদায় করে ইমাম সাহেবের অনুসরণ করা। আর যদি ইমাম সাহেবের সাথে দাঁড়িয়ে যায় তাহলে ইমামের সালাম ফেরানোর পর উক্ত সিজদা আদায় করে দ্বিতীয়বার তাশাহ্হুদ পড়ে সালাম ফেরানোর দ্বারা নামায সহীহ হয়ে যাবে। (৯/৬৪১/২৭৯৯)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٥٩٤ : واللاحق من فاتته) الركعات (كلها أو بعضها) لكن (بعد اقتدائه) بعذر كغفلة وزحمة وسبق حدث وصلاة خوف ومقيم ائتم بمسافر، وكذا بلا عذر؛ بأن سبق إمامه في ركوع وسجود فإنه يقضي ركعة.

Scanned by CamScanner

والمسبوق عكس المسبوق ويبدأ بقضاء ما فاته عكس المسبوق

📖 رد المحتار (سعيد) ١ / ٥٩٥ : ويبدأ بقضاء ما فاته عكس المسبوق ثم يتابع إمامه إن أمكنه إدراكه وإلا تابعه، ثم صلى ما نام فيه بلا قراءة.

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۳۷۵ : یہ شخص لاحق ہے، اس پر واجب تھا کہ آنکھ کھلنے کے بعد دوسرا سجدہ کرکے امام کا اتباع کرتا، اس وقت سجدہ نہیں کیا تو امام کے سلام پھیرنے کے بعد ایک سجدہ کرکے تشہد دوبارہ پڑھکر سلام پھیرنے سے نماز صحیح ہوجائیگی، مگر ترک واجب سے گنہگار ہوگا سجدہ سہو واجب نہیں، کیونکہ مقتدی کے ترک واجب سے سجدۂ سہو یا اعادہ واجب نہیں ہوتا۔

মসজিদের পরিচ্ছন্নতা রক্ষায় বাইরে জামাআত করা

প্রশ্ন : মসজিদের ভেতরের অংশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ওয়াক্তিয়া নামায বারান্দায় আদায় করা হয় এভাবে যে ইমাম সাহেব মসজিদের ভেতরের অংশে এবং মুসল্লিগণ বাইরের অংশে তথা বারান্দায় দাঁড়ান, এ নামায শরীয়তসম্মত হবে কি না?

উত্তর : মসজিদের বারান্দা মসজিদেরই অন্তর্ভুক্ত। সে হিসেবে মসজিদের বারান্দায় নামাযের জামাআত করাও শরীয়তসম্মত। কিন্তু বিহিত কারণ (যথা অতিরিক্ত গরম ইত্যাদি) ছাড়া মসজিদের ভেতরের অংশ খালি রেখে মসজিদের বারান্দায় জামাআত করা মসজিদ নির্মাণের লক্ষ্য ও সম্মানের পরিপন্থী এবং শুধু ইমাম সাহেব মসজিদের ভেতরের অংশে ও মুক্তাদীগণ বারান্দায় দাঁড়িয়ে জামাআত করা মাকরূহ।
অতএব মুসল্লিদেরকে মসজিদের ভেতরে নামায পড়ার সুযোগ দেওয়া দায়িত্বশীল ব্যক্তিদের কর্তব্য। শুধু পরিষ্কার-পরিচ্ছন্নতার বাহানায় ভেতরের অংশ খালি রেখে বারান্দায় জামাআত করা সমর্থনযোগ্য নয়। (৯/৮৬২/২৯০৫)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٤١٨ : فناء المسجد له حكم المسجد حتى لو قام في فناء المسجد، واقتدى بالإمام صح اقتداؤه، وإن لم تكن الصفوف متصلة ولا المسجد ملأنا وإليه أشار محمد في باب صلاة الجمعة، فقال يصح الاقتداء في الطاقات بالكوفة، وإن لم تكن الصفوف متصلة.

Scanned by CamScanner

📖 امدادالفتاوی (زکریا) ۲ / ۶۳۷ : یہ صحیح ہے کہ صحن مسجد داخل مسجد ہے اور اس پر مسجد کے احکام جاری ہیں اور یہی کتب فقہ احناف کا حکم ہے، یہ صحیح نہیں کہ فقہاء حنفیہ اس کے خلاف کے قائل ہیں یا ان کی معتبر کتابوں میں اس کے خلاف حکم ہے یا فقہ حنفی صحن مسجد کو خارج مسجد بتاتا ہے۔

📖 فتاوی دارالعلوم (مکتبہ دارالعلوم) ۳ / ۳۶۳ : الجواب—... ... پس اگر امام در میں اس طرح کھڑا ہو کہ قدم بھی اندر ہوں اور مقتدیاں فرش پر ہوں تو یہ مکروہ ہے، جیسا کہ محراب کے اندر کھڑا ہونا امام کا مکروہ ہے، اور اگر قدم باہر فرش پر ہوں تو کراہت مرتفع ہے، اور یہ صحیح ہے کہ مسجد مسقف اور غیر مسقف یعنی فرش مسجد یہ سب مسجد ہے، اور امام اگر محاذی محراب فرش غیر مسقف میں کھڑا ہو اور مقتدی بھی فرش پر کھڑے ہوں تو اس میں کچھ کراہت نہیں ہے۔

মুক্তাদী একজন হলেও জামাআতের সাওয়াব হবে

প্রশ্ন : এক ব্যক্তিকে সাথে নিয়ে জামাআত করলে জামাআতের সাওয়াব পাওয়া যাবে কি না?

উত্তর : মুক্তাদী একজন হলেও জামাআতের সাওয়াব পাওয়া যাবে। (৯/৯৮৬/২৯৫৭)

📖 فتاوی دارالعلوم (مکتبہ دارالعلوم) ۳ / ۳۷ : سوال- جماعت کا ثواب کتنے شخصوں سے حاصل ہوگا اگر ایک شخص ہی امام کے ساتھ ہو تب بھی ثواب ہوگا یا نہیں؟

الجواب—ایک مقتدی بھی اگر امام کے ساتھ ہو جماعت ہو جائیگی اور ثواب جماعت کامل ہو جاوے گا.

মা'যুরের সহিত ঘরে নামায পড়া

প্রশ্ন : মসজিদে যেতে অসুবিধা হয় এবং ছেলে/চাকররাও মসজিদে নিয়ে যেতে পারে না। এমতাবস্থায় নিজে ইমামতি করে ঘরে নামায পড়তে পারবে কি না?

Scanned by CamScanner

উত্তর : হাদীস শরীফের বর্ণনানুযায়ী শরীয়তসম্মত কোনো ওজর বা অসুবিধা না থাকলে পুরুষদের জন্য মসজিদে জামাআতের সহিত নামায আদায় করতে হয়। মসজিদে না গিয়ে ঘরে জামাআতের সহিত নামায আদায় করলে নামায আদায় হয়ে গেলেও মসজিদের সাওয়াব থেকে বঞ্চিত হবে। তাই যথাসম্ভব মসজিদে জামাআতের সহিত নামায আদায় করার চেষ্টা করবে। তবে বাস্তব ওজরের কারণে যেতে না পারলে জামাআতের সাওয়াব পাবে। (৬/৩৬/১০৬৯)

📖 رد المحتار (سعيد) ١ / ٣٩٦ : أن الأصح أنه لو جمع بأهله لا يكره وينال فضيلة الجماعة لكن جماعة المسجد أفضل.

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٨٣ : وتسقط الجماعة بالأعذار حتى لا تجب على المريض والمقعد والزمن ومقطوع اليد والرجل من خلاف ومقطوع الرجل والمفلوج الذي لا يستطيع المشي والشيخ الكبير العاجز والأعمى عند أبي حنيفة - رحمه الله تعالى.

📖 فتاوى محموديه (زكريا) ١٢ / ٤٠٩ : معذوری کی وجہ سے آپ مسجد نہیں جاسکتے اور مکان پر ایک دو آدمی کو ساتھ لیکر جماعت سے نماز پڑھ لیتے ہیں تو آپ کے لئے اس کی گنجائش ہے۔

নামায অবস্থায় সরে গিয়ে অন্যকে জায়গা করে দেওয়া

প্রশ্ন : জামাআতে নামাযরত অবস্থায় একই কাতারের দুই ব্যক্তি দুই পার্শ্বে কিছু সরে দাঁড়িয়ে তৃতীয় ব্যক্তিকে জায়গা দিলে উভয় নামাযীর নামাযের কোনো ক্ষতি হবে কি না?

উত্তর : জামাআতে নামাযরত অবস্থায় যদি কোনো ব্যক্তি কাতারে দাঁড়ানো দুই ব্যক্তির মধ্যখানে দাঁড়াতে চায়, আর তারা দুই পার্শ্বে কিছু সরে গিয়ে ওই ব্যক্তিকে জায়গা করে দেয়, তাহলে তাদের কারো নামাযের কোনো ক্ষতি হবে না। (৫/৩১৩/৯৩৩)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٦٢٢ : حتى لو امتثل أمر غيره فقيل له تقدم فتقدم أو دخل فرجة الصف أحد فوسع له فسدت، بل يمكث ساعة ثم يتقدم برأيه قهستاني معزيا للزاهدي.

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ / ٦٢٢ : (قوله أو دخل فرجة إلخ) المعتمد فيه عدم الفساد ط (قوله ومر) أي في باب الإمامة عند قوله ويصف الرجال وقدمنا عن الشرنبلالي عدم الفساد.

অযোগ্য ইমামের ইক্তিদা না করে স্ত্রীর সাথে ঘরে জামাআত

প্রশ্ন : এলাকার মসজিদের ইমাম বিদ'আতী অথবা তার কিরাত সহীহ নেই। এ কারণে জামাআত ছেড়ে নিজের বিবির সঙ্গে জামাআতে নামায পড়া জায়েয আছে কি না? দলিলসহ জানতে চাই।

উত্তর : ইমাম সাহেবের বিদ'আত কুফর পর্যায়ের না হলে এবং নামায সহীহ হওয়ার পর্যায়ের কিরাত পড়লে তার পেছনে ইক্তিদা করা যায়। ভালো ইমামের ব্যবস্থা করা না গেলে বাড়িতে নামায না পড়ে তার পেছনে ইক্তিদা করবে। কোনো কারণে স্ত্রীর সাথে জামাআত করলে স্ত্রী স্বামীর পেছনে সরে দাঁড়াবে। (৪/২৮১/৭০২)

📖 البحر الرائق (دار الكتاب الإسلامي) ١/ ٣٧٠ : وأطلق المصنف في المبتدع فشمل كل مبتدع هو من أهل قبلتنا وقيده في المحيط والخلاصة والمجتبى وغيرها بأن لا تكون بدعته تكفره، فإن كانت تكفره فالصلاة خلفه لا تجوز وعبارة الخلاصة هكذا۔

📖 الجوهرة النيرة (المطبعة الخيرية) ١/ ٥٩ : ولو صلى في بيته بزوجته أو جاريته أو ولده فقد أتى بفضيلة الجماعة۔

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١ / ٥٧٢ : وقال: المرأة إذا صلت مع زوجها في البيت، إن كان قدمها بحذاء قدم الزوج لا تجوز صلاتهما بالجماعة، وإن كان قدماها خلف قدم الزوج إلا أنها طويلة تقع رأس المرأة في السجود قبل رأس الزوج جازت صلاتهما لأن العبرة للقدم.

Scanned by CamScanner

📖 فتاوی رشیدیہ (زکریا) ۱/۳۵۱ : جواب- ہر مسلمان کے پیچھے جس کے معاصی کفر تک نہ پہنچے ہوں، نماز ہو جاتی ہے، مگر اجر و ثواب بہت کم ہوتا ہے اور جس کی نوبت کفر تک پہنچ گئی ہو، اس کے پیچھے نماز نہیں ہوتی۔

প্রথম রাক'আতের প্রথম সিজদা না পেলে করণীয়

প্রশ্ন : এক ব্যক্তি ইমামের সাথে চার রাক'আত ফরয নামাযের নিয়্যাত করেছে। ইতিমধ্যে প্রথম রাক'আতের প্রথম সিজদায় ইমামকে পায়নি, অর্থাৎ সে সিজদার নিকটতম অবস্থায় ইমাম তাকবীর বলে মাথা উঠিয়ে ফেলেছে, পরে দ্বিতীয় সিজদা ঠিকমতোই পেয়েছে। এমতাবস্থায় তার নামায হবে কি না? জনৈক আলেম বলেছেন, নামায মোটেই হয়নি, পুনরায় পৃথকভাবে নামায পড়ে নিতে হবে। এর সমাধান কী?

উত্তর : মুক্তাদী যদি ইমামের সাথে রুকু পায় তখন তার ওই রাক'আত গণ্য হবে। আর যদি রুকু না পায় তখনও ইমামের সাথে শরীক হবে তবে ওই রাক'আত গণ্য হবে না। প্রশ্নে বর্ণিত মুক্তাদী যদি ইমামের সাথে দ্বিতীয় সিজদায় শরীক হয়ে থাকে আর ইমামের সাথে সালাম ফিরিয়ে নামায শেষ করে, তখন ওই মুক্তাদীর জন্য নামায পুনরায় আদায় করতে হবে।

আর যদি রুকু পাওয়ার পর সিজদা একটি করেছে অন্যটি করেনি, এমতাবস্থায় নামাযে থাকাকালীন দ্বিতীয় সিজদা করে ইমামের সাথে শরীক হয়ে যেত তবে তার নামায হয়ে যেত কিন্তু তা না করে নামায শেষ করে ফেলার কারণে ওই নামায পুনরায় পড়তে হবে। কেননা উভয় সিজদা, যার একটি ফরয ছুটে গেছে। (২/২০৫/৪০৯)

📖 البحر الرائق (ايج ايم سعيد) ۲/ ۷٦ : (قوله وإن أدرك إمامه راكعا فكبر ووقف حتى رفع رأسه لم يدرك الركعة) خلافا لزفر هو يقول أدرك الإمام فيما له حكم القيام ولنا أن الشرط هو المشاركة في أفعال الصلاة ولم يوجد لا في القيام ولا في الركوع وذكر قاضي خان أن ثمرة الخلاف تظهر في أن هذا عنده لاحق في هذه الركعة حتى يأتي بها قبل فراغ الإمام وعندنا هو مسبوق بها حتى يأتي بها بعد فراغ الإمام وأجمعوا أنه لو انتهى إلى الإمام وهو قائم فكبر ولم يركع مع الإمام حتى ركع الإمام ثم ركع أنه يصير مدركا لتلك

Scanned by CamScanner

الركعة وأجمعوا أنه لو اقتدى به في قومة الركوع لم يصر مدركا لتلك الركعة.

📖 فيه أيضا ١/ ٣٩٣ : والمراد من السجود: السجدتان فأصله ثابت بالكتاب والسنة والإجماع وكونه مثنى في كل ركعة بالسنة والإجماع، وهو أمر تعبدي لم يعقل له معنى على قول أكثر مشايخنا تحقيقا للابتداء.

📖 الدر المختار مع الرد (سعيد) ١ / ٤٤٧ : وتكراره تعبد ثابت بالسنة كعدد الركعات.

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ٣ / ٢٧٥ : الجواب- امام کے ساتھ سجدہ میں شریک ہونا چاہئے، یہ صرف سجدہ ہی کی خصوصیت نہیں بلکہ امام جس حالت میں بھی ہو اسی میں شامل ہو جائے بلاوجہ تاخیر گناہ ہے۔

حى على الصلاة বলার সময় দাঁড়ানোকে বাধ্যতামূলক মনে করা

প্রশ্ন : একটি মসজিদে সকল মুসল্লি ইকামতে حى على الصلاة বলার সময় কাতার সোজা করে। কেউ এর পূর্বে দাঁড়ালে তাকে ভালো-মন্দ বলা হয়। দেরিতে দাঁড়ানোর ফলে কাতার ভালোভাবে সোজা হয় না। প্রশ্ন হলো, কোনো মসজিদে উক্ত সময়ে দাঁড়ানোকে বাধ্যতামূলক করে নেওয়া শরীয়তসম্মত কি না? 'মারাক্বিল ফালাহ' পৃ : ১০২-তে উক্ত সময়ে দাঁড়ানোর কথা রয়েছে, তা সুন্নাত না মুস্তাহাব? বিস্তারিত জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : নামাযে মুসল্লিদের আসল দায়িত্ব কাতার সোজা করা, যা অত্যন্ত জরুরি বিষয়, তাই সকল সাহাবা ও তাবেঈনের আমল এরূপ ছিল যে তাঁরা ইকামতের শুরুতেই কাতার সোজা করে নিতেন। পূর্ব থেকে কাতার সোজা থাকাবস্থায় এবং ইমাম মেহরাবে থাকাবস্থায় حى على الصلاة পর্যন্ত কেউ বসে থাকতেন না বরং সবাই দাঁড়িয়ে যেতেন, এটাই শরয়ী নিয়ম। যেসব কিতাবে حى على الصلاة বলার সময় দাঁড়ানোর কথা উল্লেখ আছে তার সঠিক মর্ম এই যে, এর পরও বসে থাকা অনুচিত। যারা حى على الصلاة এর পূর্বে দাঁড়ায় তাদের গালমন্দ করা অজ্ঞতার পরিচায়ক। তবে যেহেতু আগে-পরে দাঁড়ানো শুধুমাত্র মুস্তাহাবের বিষয়, তাই এ ব্যাপারে ভুল বুঝে ঝগড়া করা মোটেই

Scanned by CamScanner

উচিত নয়। বরং সঠিক মাসআলা জেনে নিজে আমল করা অন্যদেরকে বুঝিয়ে আমল করানো উলামায়ে কেরাম ও ইমামদের কর্তব্য। (৯/৩৭৩/২৬৬৪)

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٢/ ٤٧ (٢٤٣٩) : عن ابن عمر قال: «كان عمر لا يكبر حتى تعتدل الصفوف، يوكل بذلك رجالا»-

📖 فتح البارى (دارالريان) ٢ / ٩٥ : ويشهد له ما رواه عبد الرزاق عن بن جريج عن بن شهاب أن الناس كانوا ساعة يقول المؤذن الله أكبر يقومون إلى الصلاة فلا يأتي النبي صلى الله عليه وسلم مقامه حتى تعتدل الصفوف-

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٤٧٩ : (والقيام) لإمام ومؤتم (حين قيل حي على الفلاح) خلافا لزفر؛ فعنده عند حي على الصلاة ابن كمال (إن كان الإمام بقرب المحراب وإلا فيقوم كل صف ينتهي إليه الإمام على الأظهر وإن) دخل من قدام حين يقع بصرهم عليه إلا إذا أقام الإمام بنفسه في مسجد فلا يقفوا حتى يتم إقامته ظهيرية، وإن خارجه قام كل صف ينتهي إليه بحر (وشروع الإمام) في الصلاة (مذ قيل قد قامت الصلاة) ولو أخر حتى أتمها لا بأس به إجماعا، وهو قول الثاني والثلاثة؛ وهو أعدل المذاهب كما في شرح المجمع لمصنفه.

وفي القهستاني معزيا للخلاصة أنه الأصح.

📖 جواہر الفقہ (مکتبہ تفسیر القرآن) ١ /٣٢١ : دوسرے یہ کہ باجماع صحابہ وتابعین واتفاق ائمہ اربعہ صفوں کی تعدیل ودرستی واجب ہے جو نماز شروع ہونے سے پہلے مکمل ہو جانا چاہئے اور یہ اس صورت میں ہو سکتی ہے جب کہ عام آدمی شروع اقامت سے کھڑے ہو جائیں، بقول امام مالک کوئی کمزور وضعیف بعد میں بھی کھڑا ہو تو مضائقہ نہیں۔

Scanned by CamScanner

পেছনের কাতারে একা নামাযীর করণীয়

প্রশ্ন : একটি বইয়ে কাতারবন্দি সম্পর্কে কিছু লেখা দেখে মুসল্লিদের মধ্যে বিভেদ দেখা দিয়েছে। লেখাটি এই যে আগের কাতার পুরো না করে পেছনের কাতারে দাঁড়ালে নামায হবে না। আগের কাতার পূর্ণ হয়ে গেছে, তবে সামনের কাতার থেকে একজনকে টেনে নিয়ে পেছনের কাতারে দুজনেই দাঁড়াবে, যদি তা সম্ভব না হয় তবে চলে যাবে তবুও একা দাঁড়ানো যাবে না, দাঁড়ালে নামায হবে না, এমতাবস্থায় নামায পড়লে আবার পড়বে। মুহাল্লা চতুর্থ খণ্ড, পৃ. ৫২

প্রশ্ন হলো, হানাফী মাযহাব অনুযায়ী লেখাটি সঠিক কি না? না হলে উক্ত ব্যক্তি সম্পর্কে হানাফী মাযহাবের ফয়সালা কী? এবং প্রশ্নে বর্ণিত 'মুহাল্লা' নামক কিতাবটির গ্রহণযোগ্যতা কতটুকু ও কোন মাযহাবের? জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : প্রশ্নপত্রে 'মুহাল্লা' নামক কিতাবের উদ্ধৃতি দিয়ে কাতারবন্দি সম্পর্কে যে মাসআলা উল্লেখ হয়েছে হানাফী মাযহাব অনুযায়ী মাসআলাটি সঠিক নয়। উক্ত কিতাবের লেখক ইবনে হাযম যাহেরী (রহ.)। প্রথম যুগে শাফেয়ী মাযহাবের অনুসারী থাকলেও পরবর্তীতে যাহেরী মাযহাবের অন্তর্ভুক্ত হয়ে গেছেন। এ মাসআলায় হাদীসের আলোকে হানাফী মাযহাবের মত হচ্ছে, সামনের কাতারে জায়গা খালি থাকাবস্থায় নামাযী পেছনের কাতারে না দাঁড়িয়ে সামনের কাতারে দাঁড়াবে। এতদসত্ত্বেও সামনের কাতার পূর্ণ না করে পেছনের কাতারে দাঁড়িয়ে নামায পড়লে নামায নষ্ট হবে না, যদিও এ রকম করা মাকরূহ। আর সামনের কাতার পূর্ণ হয়ে গেলে রুকুর আগ পর্যন্ত অন্য নামাযী আসার অপেক্ষা করবে। অন্য নামাযী না এলে মাসআলা সম্পর্কে অবগত কোনো ব্যক্তিকে সামনের কাতার হতে টেনে নিয়ে পেছনের কাতারে নিয়ে দাঁড়াবে। সামনের কাতার হতে টানার ব্যাপারে ভুল বোঝাবুঝির আশংকা থাকলে একাকী পেছনের কাতারে দাঁড়াবে। এ ক্ষেত্রে নামায সহীহ হয়ে যাবে, মাকরূহও হবে না। (৯/৫১৭/২৭০৮)

📖 رد المحتار (سعيد) ١ /٥٦٨ : وإن وجد في الصف فرجة سدها وإلا انتظر حتى يجيء آخر فيقفان خلفه، وإن لم يجئ حتى ركع الإمام يختار أعلم الناس بهذه المسألة فيجذبه ويقفان خلفه، ولو لم يجد عالما يقف خلف الصف بحذاء الإمام للضرورة، ولو وقف منفردا بغير عذر تصح صلاته عندنا خلافا لأحمد.

📖 الفتاوى الهندية (زكريا) ١ /١٠٧ : وكذا للمقتدي أن يقوم خلف الصفوف وحده إذا وجد فرجة في الصفوف وإن لم يجد فرجة في الصفوف روى محمد بن شجاع وحسن بن زياد عن أبي حنيفة –

Scanned by CamScanner

رحمه الله تعالى - أنه لا يكره فإن جر أحدا من الصف إلى نفسه وقام معه فذلك أولى. كذا في المحيط وينبغي أن يكون عالما حتى لا تفسد الصلاة على نفسه. كذا في خزانة الفتاوى.

সালামের পর কারো সম্মানার্থে পেছনে সরে বসা

প্রশ্ন : মসজিদে নামাযের কাতারে জামাআতের শেষে সালাম ফেরানোর পর ছাত্রগণ শিক্ষকের পাশ হতে, অফিসের কর্মচারী তার অফিসারের পাশ হতে সম্মানার্থে কিছুটা পেছনে সরে আসে, এতে অবশ্যম্ভাবী রূপে তার সোজা পেছনে পরের কাতারের লোকের কিছুটা অসম্মান করা হয়। কেননা পেছনে সরে এলে দ্বিতীয় ব্যক্তির (পরের কাতারের) একেবারে সম্মুখে (সরে আসা ব্যক্তির পেছন দিক) অবস্থান হয়ে যায়, যা দেখতেও একেবারে দৃষ্টিকটু লাগে। আর পেছনের ওই ব্যক্তি ভালো করেই জানে যে সামনের লোকের সম্মানার্থে (আমাকে কিছু মনে না করে) সরে সামনে এসে বসা হচ্ছে। অনেক সময় এমন বিব্রতকর পরিস্থিতিরও সম্মুখীন হতে হয় যে পাশে বসা একজনের সম্মানার্থে সরে এসে পেছনের কাতারে এমন আরেকজনের সামনে বসা হয়েছে যে ব্যক্তি প্রথম ব্যক্তির তুলনায় অধিক সম্মানের যোগ্য। এ ব্যাপারে শরীয়তের বিধান কী?

উত্তর : ওস্তাদের সামনে বসে থাকা যে পরিবেশে আদব পরিপন্থী মনে করা হয়, সে পরিবেশে একটু সরে বসাতে আপত্তি নেই। তবে একজনের আদব রক্ষা করতে গিয়ে অন্যের ক্ষতি বা বেআদবী যেন না হয় সেদিকে লক্ষ রাখতে হবে। (৮/১১১/১৯৭২)

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٩٧ (١٩١٩) : عن زربي، قال: سمعت أنس بن مالك يقول: جاء شيخ يريد النبي صلى الله عليه وسلم فأبطأ القوم عنه أن يوسعوا له، فقال النبي صلى الله عليه وسلم: «ليس منا من لم يرحم صغيرنا ويوقر كبيرنا» -

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ١/ ٧٩ : واعلم أن اعتبار العادة والعرف يرجع إليه في الفقه في مسائل كثيرة حتى جعلوا ذلك أصلا -

Scanned by CamScanner

কাতারের এক পাশ ছোট হওয়া

প্রশ্ন : নামাযের জামাআতে কাতারের ডান পাশ ছোট হলে কোনো অসুবিধা আছে কি?

উত্তর : সব নামাযে ইমামের জন্য কাতারের মধ্যভাগে দাঁড়ানো সুন্নাত। (৪/৩৮৬/৭৪০)

📖 تبيين الحقائق (المطبعة الكبرى) ١/ ١٣٦ : وينبغي للإمام أن يقف بإزاء الوسط فإن وقف في ميمنة الصف أو ميسرته فقد أساء لمخالفته السنة ألا ترى أن المحاريب لم تنصب إلا في الوسط وهي معينة لمقام الإمام.

মসজিদ চত্বরে দুই কাতারের মাঝে ১২-১৪ হাত দূরত্ব

প্রশ্ন : আমাদের এলাকার মসজিদের বারান্দা সংস্কারের কাজ চলছে। কিছুদিন পূর্বে জুমু'আর নামায পড়ার সময় যে সমস্যা সৃষ্টি হয়েছে, তা হলো বারান্দার দোতলা করতে গিয়ে নিচে পিলারের জন্য গর্ত করা হয়েছে, বালি ও মাটিও ফেলা হয়েছে জায়গা ভরাটের জন্য। সেখানে নামাযের কাতার করার কোনো সুযোগ ছিল না। মুসল্লিদের সংখ্যা বেশি হওয়ায় মসজিদ থেকে ১২-১৪ হাত ফাঁকা রেখে প্রায় দুই শতাধিক মুসল্লিকে মসজিদের সামনে খোলা চত্বরে কাতার বেঁধে দাঁড়াতে হয়। কাতারের মধ্যখানে এত বিরাট ফাঁকা থাকার ফলে অনেক মুসল্লির মনে সংশয়ের সৃষ্টি হয়। উক্ত পরিস্থিতিতে যাঁরা এভাবে নামায পড়লেন তাঁদের জুমু'আর নামায সহীহ হয়েছে কি না? জানালে উপকৃত হব।

উত্তর : মসজিদের সামনে খোলা চত্বর যেখানে জুমু'আ অথবা ঈদের সময় মুসল্লিদের সংখ্যা বেড়ে গেলে নামাযের কাতার বাঁধা হয় তা ইক্তিদার ব্যাপারে মসজিদের হুকুমের অন্তর্ভুক্ত। তাই যদিও কাতার পরস্পর মিলিত থাকাই উত্তম, কিন্তু অসুবিধা বা অপারগতায় জায়গা ফাঁকা রেখে ইক্তিদা করলেও নামায সহীহ হয়ে যাবে। (৫/৪৩৩/৯৭৯)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٤١٨ : فناء المسجد له حكم المسجد حتى لو قام في فناء المسجد، واقتدى بالإمام صح اقتداؤه، وإن لم تكن الصفوف متصلة ولا المسجد ملأنا وإليه أشار محمد في باب صلاة الجمعة، فقال يصح الاقتداء في الطاقات

Scanned by CamScanner

الصفوف متصلة فلا يصح في دار بالكوفة، وإن لم تكن الصفوف متصلة؛ لأن الطاقات بالكوفة الصيارفة، إلا إذا كانت الصفوف متصلة؛ لأن الطاقات بالكوفة متصلة بالمسجد ليس بينها وبين المسجد طريق، فلا يشترط فيها اتصال الصفوف، فأما دار الصيارفة، فمنفصلة عن المسجد بينها وبين المسجد طريق، فيشترط فيها اتصال الصفوف، فعلى هذا يصح الاقتداء لمن قام على الدكان الذي يكون على باب المسجد؛ لأنها من فناء المسجد متصلة بالمسجد.

📖 رد المحتار (ايج ايم سعيد) ۱ / ۵۸۵ : وذكر في البحر عن المجتبى أن فناء المسجد له حكم المسجد، ثم قال: وبه علم أن الاقتداء من صحن الخانقاه الشيخونية بالإمام في المحراب صحيح وإن لم تتصل الصفوف لأن الصحن فناء المسجد، وكذا اقتداء من بالخلاوي السفلية صحيح لأن أبوابها في فناء المسجد إلخ، ويأتي تمام عبارته. وفي الخزائن: فناء المسجد هو ما اتصل به وليس بينه وبينه طريق.

📖 غمز عيون البصائر (دار الكتب العلمية) ۲ / ۳۷ : قوله: فناء المسجد كالمسجد إلخ. فناء كل شيء ما أعد لمصالحه.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۴/ ۳۳۹ : صحت اقتداء کے لئے امام و مقتدی کے مکان کا متحد ہونا شرط ہے خواہ حقیقتا متحد ہو یا حکما، مسجد شتوی (جماعت خانہ) اور مسجد صیفی (صحن داخل مسجد) اور فناء مسجد (مصالح مسجد کی کھلی جگہ) یہ تمام جگہ باب اقتداء میں متحد ہے، بناء علیہ امام اور مقتدی اور دوسری صفوں کے درمیان دو صفوں سے زائد خلاء اور فاصلہ ہو تب بھی مانع اقتداء نہیں ہے، یعنی زیادہ فاصلہ اور خلاء ہوتے ہوئے بھی اقتداء صحیح ہو جاتی ہے۔

Scanned by CamScanner

বড়দের কাতারে নাবালেগ দাঁড়ালে নামায হবে

প্রশ্ন : কাতারের মাঝখানে নাবালেগ ছেলে রাখলে বড়দের নামায হবে কি না? হানাফী মাযহাব মতে, মাসআলাটি জানাবেন।

উত্তর : একেবারে ছোট শিশুদের মসজিদে আনার অনুমতি নেই। বুঝ হয়েছে এমন নাবালেগ ছেলেদের ব্যাপারে হানাফী মাযহাব অনুযায়ী একজন হলে বড়দের কাতারে দাঁড় করাবে, একাধিক হলে সাবালকদের পেছনে পৃথক কাতারে দাঁড় করানো সুন্নাত। তবে হারিয়ে যাওয়া বা দুষ্টুমি করার আশংকা থাকলে বড়দের কাতারেও দাঁড়াতে পারবে। এ ক্ষেত্রে বড়দের নামাযের কোনো অসুবিধা হবে না। (৮/৮২১/২৩৯০)

📖 البحر الرائق (دار الكتب العلمية) ١ / ٦١٨ : ويقتضي أيضا أن الصبي الواحد لا يكون منفردا عن صف الرجال بل يدخل في صفهم.

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٥٧١ : (ويصف) أي يصفهم الإمام بأن يأمرهم بذلك. قال الشمني: وينبغي أن يأمرهم بأن يتراصوا ويسدوا الخلل ويسووا مناكبهم ويقف وسطا، وخير صفوف الرجال أولها لكن نقل المصنف وغيره عن القنية وغيرها ما يخالفه، ثم نقل تصحيح عدم الفساد في مسألة من جذب من الصف فتأخر، فهل ثم فرق؟ فليحرر (الرجال) ظاهره يعم العبد (ثم الصبيان) ظاهره تعددهم، فلو واحدا دخل الصف.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۱ / ۱۹۰ : جواب—ایک سے زاید بچے ہوں تو ان کی علیحدہ صف بنائی جائے، بالغوں کی صف میں کھڑا رہنا مکروہ ہے، اگر ایک ہی لڑکا ہو تو پیچھے تنہا کھڑا نہ رہے مردوں کے ساتھ شامل ہو جائے۔

Scanned by CamScanner

জামাআতে বসে নামায পড়লে কাতার সোজাকরণের বিধান

প্রশ্ন : জামাআতে বসে নামায পড়লে কাতার তার কাঁধ সমান করবে না পা সমান করবে? যদি পা সমান করে বসে তাহলে তাকে কাতারের পেছনে বসে পা সামনে রাখতে হবে, তাতে তার দ্বারা অন্য কাতারে বিঘ্ন ঘটে ও দেখতে ভালো দেখায় না। আর যদি কাঁধ সমান করে তাহলে পুরো নামায বসে পড়লেই তা পালন করা সম্ভব, নচেৎ কিয়ামের সময় দাঁড়ালে তাকে কাতারের মাঝ বরাবর দাঁড়াতে হয় তাতে ওয়াজিব বাদ পড়ে। কেননা ওই সময় না কাঁধ সমান হয়, না পা সমান।

উত্তর : জামাআতে নামায আদায়ের সময় কাতার সোজা করা কি সুন্নাত না মুস্তাহাব–এ ব্যাপারে উলামায়ে কেরামের দ্বিমত রয়েছে। তবে তা সুস্থ ব্যক্তির বেলায় প্রযোজ্য। প্রশ্নে বর্ণিত ব্যক্তি মাজুর হওয়ায় উক্ত হুকুম তার বেলায় প্রযোজ্য নয়, সে তার সুবিধায় করতে পারবে। তবে পেছনের কাতারের ব্যাঘাত যাতে না ঘটে সেদিকে খেয়াল রাখবে। (১৭/৯৮/৬৯২৮)

📖 فتح الباری (دارالريان) ٢/ ٢٤٥ : واستدل ابن حزم بقوله إقامة الصلاة على وجوب تسوية الصفوف قال لأن إقامة الصلاة واجبة وكل شيء من الواجب واجب ولا يخفى ما فيه ولا سيما وقد بينا أن الرواة لم يتفقوا على هذه العبارة وتمسك ابن بطال بظاهر لفظ حديث أبي هريرة فاستدل به على أن التسوية سنة قال لأن حسن الشيء زيادة على تمامه وأورد عليه رواية من تمام الصلاة وأجاب ابن دقيق العيد فقال قد يؤخذ من قوله تمام الصلاة الاستحباب لأن تمام الشيء في العرف أمر زائد على حقيقته التي لا يتحقق إلا بها وإن كان يطلق بحسب الوضع على بعض ما لا تتم الحقيقة إلا به كذا قال وهذا الأخذ بعيد لأن لفظ الشارع لا يحمل إلا على ما دل عليه الوضع في اللسان العربي وإنما يحمل على العرف إذا ثبت أنه عرف الشارع لا العرف الحادث.

📖 البحرالرائق (ايچ ايم سعيد) ١/ ٣٥٣ : وينبغي للقوم إذا قاموا إلى الصلاة أن يتراصوا ويسدوا الخلل ويسووا بين مناكبهم في الصفوف.

Scanned by CamScanner

মুক্তাদীদের থেকে কতটুকু ওপরে ইমাম দাঁড়াতে পারবেন

প্রশ্ন : নামাযের মধ্যে ইমাম মুক্তাদীদের থেকে কতটুকু ওপরে দাঁড়াতে পারবেন এবং ঈদের নামাযের ক্ষেত্রে বিশেষ কোনো ছাড় আছে কি না? জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : সকল নামাযের ক্ষেত্রে ইমামের জন্য এক হাতের কম উঁচুতে দাঁড়ানোর অবকাশ আছে। তাই ঈদের নামাযের ক্ষেত্রেও হুকুম অভিন্ন। (১৯/৪৯৪/৮৩০০)

প্রশ্ন : ইমাম সাহেব নামায পূর্ণ করে সালাম ফিরালে একজন মুক্তাদী তৃতীয় রাক'আত মনে করে লোকমা দেয়। প্রশ্ন হলো, ভুলে লোকমা দেওয়ার কারণে কি তার নামায নষ্ট হয়ে গেছে? একজন আলেম বলেছেন, তার নামায পুনরায় পড়তে হবে, তার কথা কতটুকু সত্য? এ ব্যাপারে শরীয়তের সঠিক সমাধান কী? এবং জেনে বা ভুলে লোকমা দিলে তার হুকুম কী? এবং কোন স্থানে লোকমা দিতে হয়, ওই স্থানগুলো কী?

উত্তর : মুক্তাদীকর্তৃক স্বীয় ইমামকে লোকমা দেওয়া চাই ভুলবশত হোক বা ইচ্ছাকৃত হোক, নির্ভরযোগ্য মতানুযায়ী কোনো অবস্থাতেই কারো নামায নষ্ট হবে না। তবে ইমাম যদি তিন আয়াত পরিমাণ তেলাওয়াত করে ফেলে তাহলে লোকমার অপেক্ষা করবে না বরং রুকুতে চলে যাবে। আর যদি নামায সহীহ হওয়া পরিমাণ কিরাত না পড়ে থাকে তাহলে অন্য কোনো স্থান থেকে পড়া শুরু করে দেবে। উল্লেখ্য, ইমামের জন্য মুক্তাদীকে লোকমা দেওয়ার ওপর বাধ্য করা এবং মুক্তাদীও ইমামকে লোকমা দেওয়ার দ্রুত চেষ্টা করা উভয়টিই মাকরূহ। (১২/৯৯৪/৫০১০)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ /٦٢٢ : (وفتحه على غير إمامه) إلا إذا أراد التلاوة وكذا الأخذ، إلا إذا تذكر فتلا قبل تمام الفتح

Scanned by CamScanner

(بخلاف فتحه على إمامه) فإنه لا يفسد (مطلقا) لفاتح وآخذ بكل حال، إلا إذا سمعه المؤتم من غير مصل ففتح به تفسد صلاة الكل، وينوي الفتح لا القراءة.

📖 رد المحتار (سعيد) ١ /٦٢٢ : (قوله مطلقا) فسره بما بعده (قوله بكل حال) أي سواء قرأ الإمام قدر ما تجوز به الصلاة أم لا، انتقل إلى آية أخرى أم لا تكرر الفتح أم لا، هو الأصح نهر

📖 فيه أيضا (سعيد) ١ /٦٢٣ : يكره أن يفتح من ساعته كما يكره للإمام أن يلجئه إليه، بل ينتقل إلى آية أخرى لا يلزم من وصلها ما يفسد الصلاة أو إلى سورة أخرى أو يركع إذا قرأ قدر الفرض كما جزم به الزيلعي وغيره وفي رواية قدر المستحب كما رجحه الكمال بأنه الظاهر من الدليل، وأقره في البحر والنهر، ونازعه في شرح المنية ورجح قدر الواجب لشدة تأكده .

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٩٩ : والصحيح أنها لا تفسد صلاة الفاتح بكل حال ولا صلاة الإمام لو أخذ منه على الصحيح. هكذا في الكافي.

📖 امدادالفتاوی (زکریا) ۱ / ۴۲۱ : الجواب- فوراً بتلادینا امام کو منتظر رہنا کہ مجھ کو کوئی بتلادے تو بہتر تو نہیں ہے بلکہ بہتر یہ ہے کہ دوسری جگہ سے پڑھنا شروع کردے یا اگر بقدر کافی پڑھ چکا ہو تو رکوع کردے لیکن پھر بھی اگر مقتدی نے بتلادیا اور امام نے لے لیا تو نماز میں کسی کی خلل نہیں۔

📖 عزیزالفتاوی (دارالاشاعت) صـ ۲۴۵ : الجواب- اپنے امام کو لقمہ دینا مطلقا درست ہے یعنی اس سے کسی کی نماز فاسد نہیں ہوتی خواہ امام مقدار فرض پڑھ چکا ہو یا نہ پڑھ چکا ہو بخلاف فتحہ علی امامہ..... یعنی مقتدی کو مکروہ ہے کہ فوراً لقمہ دے بلکہ کچھ انتظار کرے کہ امام خود نکال لے یا دوسری جگہ سے پڑھنے لگے اور اسی طرح امام کو یہ مکروہ ہے کہ وہ بارہا اس آیت کو لوٹا کر مقتدی لو لقمہ دینے پر مجبور کرے بلکہ اس کو چاہئے کہ دوسری آیت کی طرف منتقل ہو جاوے۔

Scanned by CamScanner

কুমন্ত্রণা দূর করতে দু'আ পড়লে নামায নষ্ট হয়ে যায়

প্রশ্ন : আমি নামাযে দাঁড়ালে একটি মেয়ের কথা বারবার মনে পড়ে, তখন আমি নামাযের মধ্যেই أستغفرالله এবং آمنت بالله ورسوله এবং لاحول ولا قوة إلا بالله পড়ি, এতে করে আমার মন থেকে তার কথা চলে যায়। আবার অনেক সময় যায় না। জানার বিষয় হলো, যখন যায় না তখন নামাযের হুকুম কী এবং এ দু'আ পাঠ করার দ্বারা নামাযের কোনো ক্ষতি হবে কি না?

উত্তর : নামাযে কল্পনা আসা বিবেচ্য নয়, ইচ্ছা করে নিয়ে আসা খারাপ। কিন্তু এর দ্বারা নামায নষ্ট হয় না। আপনি সূরা-কিরাতের প্রতি ধ্যান নিবদ্ধ রাখার চেষ্টা করবেন। উল্লিখিত দু'আসমূহ মুখে উচ্চারণ করে পড়লে নামায ভেঙে যাবে। (১৯/৮৭২/৮৫০৪)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ /٦٢١ : ولو حوقل لدفع الوسوسة إن لأمور الدنيا تفسد لا لأمور الآخرة، ولو سقط شيء من السطح فبسمل أو دعا لأحد أو عليه فقال آمين تفسد ولا يفسد الكل عند الثاني. والصحيح قولهما عملا بقصد المتكلم -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٢/ ٣١٨ : جواب- نماز میں از خود خیالات کا لانا برا ہے بغیر اختیار کے ان کا آنا برا نہیں، بلکہ خیالات آئیں اور آپ نماز کی طرف متوجہ رہنے کی کوشش کریں اور دھیان نماز کی سورتوں اور دعاؤں پر جمانے کی کوشش کریں تو آپ کو مجاھدے کا ثواب ملے گا لهذا نماز میں خیالات کے آنے سے پریشان ہونے کی ضرورت نہیں ورنہ شیطان خوش ہوگا... ... ... اس لئے اپ کا سوال کہ خیالات آنے سے نماز ہوگی یا نہیں اس کا جواب یہ ہے کہ ہوگی اور انشاء اللہ بالکل صحیح ہوگی خواہ لاکھ وسوسے آئیں (مگر خیالات خود نہ لائے جائیں)۔

Scanned by CamScanner

দোহরানো নামাযে আগন্তুক শরীক হতে পারবে কি না

প্রশ্ন : যদি কোনো ব্যক্তি মসজিদে এমন সময় উপস্থিত হয় যে ইমাম মাত্রই সালাম ফিরিয়েছে, পরে কোনো কারণে নামায পুনরায় পড়তে হচ্ছে। তাহলে ওই ব্যক্তি নামাযে শরীক হতে পারবে কি না?

উত্তর : উল্লিখিত অবস্থায় দেখতে হবে যে কী কারণে নামায দোহরানো হচ্ছে, যদি কোনো ওয়াজিব বা সাহু সিজদা ছুটে যাওয়ার কারণে নামায পুনরায় পড়া হয়, তবে নতুন কেউ তাতে শরীক হতে পারবে না। আর যদি কোনো ফরয ছুটে যাওয়ার কারণে হয়, তবে আগন্তুক ব্যক্তিও শরীক হতে পারবে। (১৮/৭৮২/৭৮৬৫)

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) صـ ٢٤٨ : والمختار أن المعادة لترك واجب نفل جابر والفرض سقط بالأولى لأن الفرض لا يتكرر كما في الدر وغيره ويندب إعادتها لترك السنة.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٠/ ٢٦٨ : اگر فرض ترک ہونے کی بناء پر اعادہ ہوا ہے تو اس میں شریک ہونا نئے آدمی کا درست ہے کیونکہ پہلی نماز باطل ہوگی اور اگر ترک واجب کی وجہ سے اعادہ ہوا ہے تو نئے آدمی کی شرکت درست نہیں کیونکہ فرض پہلی نماز ادا ہو چکا اور یہ صرف تکمیل ہے۔

নামাযে মহিলাদের উচ্চ আওয়াজে তেলাওয়াত

প্রশ্ন : মহিলাদের জন্য নামাযের মধ্যে নিজ কানে শোনার মতো উঁচু আওয়াজে (যা খুব নিকটবর্তী দু-একজন শুনতে পায়) কোরআন তেলাওয়াত করলে নামায হবে কি না?

উত্তর : খুব কাছে দু-একজন শোনে এমন আওয়াজে কোরআন তেলাওয়াত করলেও নামায হয়ে যাবে। তবে এর চেয়ে যদি সামান্যও বেশি হয় নামায নষ্ট হয়ে যাওয়ার প্রবল আশঙ্কা রয়েছে। (১৬/২১৯/৬৪৫০)

Scanned by CamScanner

📖 الدر المختار (ايج ايم سعيد) ١ / ٥٣٤ : (و) أدنى (الجهر إسماع غيره و) أدنى (المخافتة إسماع نفسه) ومن بقربه؛ فلو سمع رجل أو رجلان فليس بجهر، والجهر أن يسمع الكل خلاصة.

📖 الموسوعة الفقهية الكويتية ١٦ / ١٩٠ : ويؤخذ من عبارات فقهاء الحنفية - وهو وجه عند الشافعية وقول آخر عند الحنابلة - أن المرأة تسر مطلقا. قال ابن الهمام: لو قيل إذا جهرت بالقراءة في الصلاة فسدت كان متجها.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۳ / ۱۵۲ : صرف عورتوں کی مستقل جماعت مکروہ تحریمی ہے اس کے باوجود بھی اگر عورتیں باجماعت نماز پڑھنا چاہیں تو امامت کرنے والی عورت درمیان میں کھڑی ہوگی، مردوں کی طرح صف کے آگے نہیں رہے گی، اور اگر عورت مرد امام کی طرح صف کے آگے کھڑی ہوگی تو یہ گناہ ہے، تاہم علامہ عینی، ابن الہمام، اور شیخ عبدالحی صاحب وغیرہ کی تحقیق کے مطابق جماعت النساء خلاف اولی ہے۔

কারো নির্দেশে নামাযী মুকাব্বির হওয়া

প্রশ্ন : এক জায়গায় এক বড় জামাআত কায়েম হয় মুকাব্বির ছাড়া। যখন ইমাম সাহেব তাকবীরে তাহরীমা বেঁধেছে, তখন আমিও তাহরীমা বাঁধি। এর পরে পেছন থেকে একজন আমার নাম ধরে বলে যে তুমি মুকাব্বির হবে। এখন আমি রুকুর তাকবীর থেকে তাকবীর দেওয়া শুরু করি। এখন আমার নামায হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত সুরতে আপনার নামায সহীহ হয়েছে। কোনো সমস্যা নেই। (১৩/৬৮/৫১৭০)

📖 الدر المختار مع الرد (سعيد) ١ /٦٢٢ : حتى لو امتثل أمر غيره فقيل له تقدم فتقدم أو دخل فرجة الصف أحد فوسع له فسدت، بل يمكث ساعة ثم يتقدم برأيه قهستاني معزيا للزاهدي .

Scanned by CamScanner

باب مكروهات الصلاة

পরিচ্ছেদ : নামাযে মাকরূহ বিষয়াদি

নামাযী বাচ্চার সামনে দিয়ে অতিক্রম করা

প্রশ্ন : নামাযীর সামনে দিয়ে অপ্রাপ্তবয়স্ক বাচ্চা যাওয়ার হুকুম কী? আর নাবালেগ বাচ্চাদের নামায অবস্থায় তাদের সামনে দিয়ে যাওয়া যাবে কি? জানালে বাধিত হব।

উত্তর : নামাযীর সামনে দিয়ে চলাচলে নামাযীর একাগ্রতায় বিঘ্ন ঘটে, তাই তা গোনাহ। তবে আবুঝ ছেলের গোনাহ হবে না। বিশেষ প্রয়োজনে নাবালেগ নামাযীর সামনে যাওয়াও আপত্তিকর নয়। (১৩/১৭২/৫২১০)

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۲ / ۲۹۲ : جواب—کوئی گناہ نہیں، البتہ بچے سمجھدار ہوں تو ان کو سمجھایا جائے کہ نمازی کے آگے سے گزرنا بہت بری بات ہے۔

ওড়নার পাল্লায় সিজদা করা

প্রশ্ন : আমি ফিতা লাগানো গোল ওড়না পরে নামায পড়ি, ফিতার কারণে ওড়নার কপালের কাছের অংশ ৫-৬ পাল্লা কাপড়ে হয়। যেহেতু মেয়েদের চুল বের হয়ে গেলে নামায হয় না, তাই আমি ওড়নাটা চুলের গোড়ায় কিছু নিচে থেকে পরি, যে কারণে ফিতার অংশটা কপালের ওপরে পড়ে এবং সিজদার সময় ৫-৬ পাল্লাবিশিষ্ট ফিতার অংশের ওপর সিজদা দিই। সিজদার সময় যদি ৫-৬ পাল্লাবিশিষ্ট কাপড় দিয়ে কপাল ঢাকা থাকে তাহলে কি সিজদা আদায় হবে?

উত্তর : সিজদা করার সুন্নাত তরীকা হলো, সিজদার সময় কপাল এবং নাক আবরণমুক্ত রাখা, বিনা ওজরে কপালে কাপড় থাকাবস্থায় সিজদা করা মাকরূহে তানযীহী তথা অনুচিত। সুতরাং প্রশ্নোল্লিখিত পদ্ধতিতে এভাবে ওড়না পরা ওজর হিসেবে গণ্য নয়, তাই এ প্রথা বর্জনীয়। এমনভাবে ওড়না পরবে, যাতে কপাল আবরণমুক্ত থাকে। (১২/৫৫৫)

Scanned by CamScanner

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٣٧٩ : ويكره أن يسجد على كور عمامته-

📖 بدائع الصنائع (ايچ ايم سعيد) ١/ ٢١٠ : ولو سجد على كور العمامة ووجد صلابة الأرض جاز عندنا كذا ذكر محمد في الآثار-

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١ / ٥٠٠ : (كما يكره تنزيها بكور عمامته) إلا بعذر (وإن صح) عندنا (بشرط كونه على جبهته) كلها أو بعضها كما مر. (أما إذا كان) الكور (على رأسه فقط وسجد عليه مقتصرا) أي ولم تصب الأرض جبهته ولا أنفه على القول به (لا) يصح لعدم السجود على محله.

📖 احسن الفتاوی (سعید) ٣ / ٤٣٠ : الجواب- پیشانی ڈھکی رہنے سے سجدہ ادا ہو جائیگا مگر ایسا کرنا مکروہ تنزیہی ہے البتہ اگر عمامہ کا وہ حصہ زمین سے لگا جو پیشانی سے اوپر سر پر ہے پیشانی زمین سے نہیں لگی تو سجدہ نہیں ہوا۔

হাফ শার্ট, গেঞ্জি পরিধান করে নামায পড়া

প্রশ্ন : হাফ শার্ট বা হাফ গেঞ্জি গায়ে দিয়ে নামায হবে কি না? কোন পোশাক পরিধান করে নামায পড়া উত্তম? শরীয়তের আলোকে জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : সুন্নাতী পোশাক অর্থাৎ পাঞ্জাবি, লুঙ্গি-পায়জামা, টুপি-পাগড়ি পরিধান করে নামায পড়া উত্তম। হাফ শার্ট বা হাফ গেঞ্জি পরে নামায পড়লে নামায শুদ্ধ হয়ে যাবে। আর এমন পোশাক, যা গায়ে দিয়ে সম্মানিত মজলিসে যেতে লজ্জাবোধ হয়, তা পরে নামায পড়া মাকরূহে তানযীহী। (১৭/৩০৪/৭০৫১)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٦٤٠ : (وصلاته في ثياب بذلة) يلبسها في بيته (ومهنة) أي خدمة، إن له غيرها وإلا لا -

📖 رد المحتار (سعيد) ١/ ٦٤١ : قال في البحر، وفسرها في شرح الوقاية بما يلبسه في بيته ولا يذهب به إلى الأكابر والظاهر أن الكراهة تنزيهية.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۳/ ۴۰۸ : الجواب- آدھی آستین والا کرتہ پہن کر نماز پڑھنے میں کوئی کراہت نہیں، البتہ اگر اس کو ثیاب بذلہ میں شمار کیا جاتا ہو اور اس کو عام مجلس میں پہننا معیوب سمجھا جاتا ہو تو مکروہ ہے۔

কনুই খোলা রেখে নামায পড়া

প্রশ্ন : জনৈক ব্যক্তি সর্বদা দুই হাতের কনুই বের করে নামায পড়েন। অনেকে বলেন, কনুই বের করে নামায পড়া মাকরূহে তাহরীমী। একাধিকবার মাকরূহে তাহরীমী হারাম। এর সমাধান সবিস্তারে জানতে চাই।

উত্তর : জামার হাতা ওপরে উঠিয়ে কনুই খোলা রেখে নামায পড়া মাকরূহ। ঘটনাক্রমে যদি কেউ এ অবস্থায় নামায আরম্ভ করে দেয়, তাহলে হালকা নড়াচড়ার মাধ্যমে খুলে দেবে, যাতে আমলে কাসীর না হয়। (১১/৮৪৬)

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ١ / ٦٤٠ : (و) كره (كفه) أي رفعه ولو لتراب كمشمر كم أو ذيل.

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٦٤٠ : (قوله كمشمر كم أو ذيل) أي كما لو دخل في الصلاة وهو مشمر كمه أو ذيله، وأشار بذلك إلى أن الكراهة لا تختص بالكف وهو في الصلاة كما أفاده في شرح المنية، لكن قال في القنية: واختلف فيمن صلى وقد شمر كميه لعمل كان يعمله قبل الصلاة أو هيئته ذلك اهومثله ما لو شمر للوضوء ثم عجل لإدراك الركعة مع الإمام. وإذا دخل في الصلاة كذلك وقلنا بالكراهة فهل الأفضل إرخاء كميه فيها بعمل قليل أو تركهما؟ لم أره: والأظهر الأول بدليل قوله الآتي.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۰ / ۲۶۲ : الجواب- آستین کہنی سے اتارا کہ اطمینان سے نماز میں شرکت کی جائے اگر آستین کہنی تک چڑھی رہے تو نماز مکروہ ہوگی، اگر اسی طرح نماز میں شرکت کرلی تو آہستہ ہلکی حرکت سے آستین اتارلے۔

Scanned by CamScanner

হাফ হাতার শার্ট-গেঞ্জি পরে নামায পড়া

প্রশ্ন : হাফ শার্ট ও গেঞ্জি পরে নামায পড়া যায় কি না?

উত্তর : যে সমস্ত কাপড় পরিধান করে কোনো মহতি মাহফিলে যেতে সংকোচ বোধ হয় ওই সমস্ত কাপড় পরিধান করে নামায পড়া মাকরূহ। তবে কারো কাছে হাফ শার্ট বা গেঞ্জি থেকে ভালো কাপড় না থাকলে সে ওই শার্ট দিয়ে নামায পড়ে নেবে, তার জন্য মাকরূহ হবে না। (৬/৫২/১০৬৮)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴ / ۲۰۰ : حضرت نبی اکرم صلی اللہ علیہ وسلم سے نصف آستین کی قمیص پہننا منقول نہیں ہے، ایسی قمیص خلاف سنت ہے اس کو پہن کر نماز پڑھنا بھی خلاف سنت ہے۔

কবজি ও কনুইয়ের মাঝামাঝি আস্তিন গুটিয়ে নামায আদায়

প্রশ্ন : কোনো লোক যদি জামার হাতা কবজির ওপরে কনুইয়ের নিচে রাখাবস্থায় নামায পড়ে তাহলে মাকরূহ হবে কি? আর মাকরূহ হলে কোন ধরনের মাকরূহ হবে? আস্তিন কতটুকু উঠানো জায়েয? বিস্তারিত জানালে খুশি হব।

উত্তর : বিনা প্রয়োজনে জামার হাতা কবজির ওপরে চড়ানো অবস্থায় নামায আরম্ভ করা মাকরূহ। তবে কনুই পর্যন্ত চড়ানো হলে তা মাকরূহ তাহরীমী। সুতরাং এ কাজ থেকে বেঁচে থাকা অতীব প্রয়োজন। তাই সর্বাবস্থায় 'আমলে ক্বালীল' তথা অল্প নড়াচড়ার মাধ্যমে ঢেকে নেবে। (৬/৩১৮/১২১১)

📖 رد المحتار (سعيد) ۱ / ٦٤٠ : ومثله ما لو شمر للوضوء ثم عجل لإدراك الركعة مع الإمام. وإذا دخل في الصلاة كذلك وقلنا بالكراهة فهل الأفضل إرخاء كميه فيها بعمل قليل أو تركهما؟ لم أره: والأظهر الأول بدليل قوله الآتي ولو سقطت قلنسوته فإعادتها أفضل تأمل. هذا، وقيد الكراهة في الخلاصة والمنية بأن يكون رافعا كميه إلى المرفقين. وظاهره أنه لا يكره إلى ما دونهما. قال

Scanned by CamScanner

في البحر: والظاهر الإطلاق لصدق كف الثوب على الكل اهـ ونحوه في الحلية، وكذا قال في شرح المنية الكبير: إن التقييد بالمرفقين اتفاقي. قال: وهذا لو شمرهما خارج الصلاة ثم شرع فيها كذلك، أما لو شمر وهو فيها تفسد لأنه عمل كثير.

📖 حلبی کبیر (سهیل اکیڈیمی) صـ ۳۵۷ : (و) يكره أيضا (أن يرفع كمه) أى يشمره (إلى المرفقين) وهذا قيد اتفاق فإنه لو شمر الى مادون المرفق يكره أيضا؛ لأنه كف للثوب وهو منهى عنه فى الصلوٰة-

📖 كفايت المفتى (امداديه) ۳ / ۳۸۲ : حالت صلوۃ میں اگر آستین چڑھی ہوئی ہو تو نماز مکروہ ہوگی۔

রুমাল ঝুলিয়ে রাখা মাকরূহ

প্রশ্ন : নামাযে রুকু অবস্থায় মাথার রুমাল ঝুলে থাকার শরয়ী হুকুম কী?

উত্তর : ঠিকমতো না বেঁধে মাথায় কাঁধের ওপর রুমাল বা চাদর রেখে দুই পাশে ঝুলিয়ে দেওয়াকে 'সাদাল' বলা হয়, যার কারণে নামাযে একাগ্রতার ব্যাঘাত হওয়ায় শরীয়তের দৃষ্টিতে তা মাকরূহ। (১৪/৯৪৩/৫৭৮৪)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ۱ / ٦٣٩ : (سدل) تحريما للنهي (ثوبه) أي إرساله بلا لبس معتاد، وكذا لقباء بكم إلى وراء. ذكره الحلبي؛ كشد ومنديل يرسله من كتفيه، فلو من أحدهما لم يكره كحالة عذر وخارج صلاته في الأصح.

Scanned by CamScanner

প্রাণীর ছবি সামনে নিয়ে নামায পড়া

প্রশ্ন : যেকোনো প্রাণীর ছবি যদি নামাযীর সামনে থাকে, তাহলে নামায মাকরূহ হয়? নাকি তা শিরকের পর্যায়ে চলে যায়?

উত্তর : প্রাণীর ছবি সামনে রেখে নামায পড়া মাকরূহে তাহরীমী, যা হারামের কাছাকাছি। (৫/৩৫২/৬৪৩)

📖 تبيين الحقائق (إمداديه) ١/ ١٦٦ : (وأن يكون فوق رأسه أو بين يديه أو بحذائه صورة) لقوله - صلى الله عليه وسلم - لا تدخل الملائكة بيتا فيه كلب ولا صورة؛ ولأنه يشبه عبادتها فيكره وأشدها كراهة أن تكون أمام المصلي ثم فوق رأسه، ثم على يمينه، ثم على يساره، ثم خلفه وفي الغاية إن كان التمثال في مؤخر الظهر والقبلة لا يكره؛ لأنه لا يشبه عبادته، وفي الجامع الصغير أطلق الكراهة.

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ١٠٧ : ويكره أن يصلي وبين يديه أو فوق رأسه أو على يمينه أو على يساره أو في ثوبه تصاوير-

কতটুকু আলোতে নামায পড়া উত্তম

প্রশ্ন : রাতের অন্ধকারে কতটুকু আলোতে নামায পড়া উচিত? একেবারে অন্ধকারে নামায পড়া ঠিক কি না? জানালে উপকৃত হব।

উত্তর : নামায সহীহ হওয়ার জন্য নামাযের স্থান আলোকিত হওয়া জরুরি নয়। বরং নামাযের শর্তসমূহ যথা কিবলা ঠিক রাখা ইত্যাদি আদায়ের সঙ্গে অন্ধকারে নামায পড়লেও নামায সহীহ হয়ে যাবে। তবে সিজদার স্থান ইত্যাদি দৃশ্যমান হওয়ার মতো আলোতে নামায পড়া উত্তম। (১১/৮৬৯/৩৫৮৬)

📖 فتاوی محمودیہ (زکریا) ۲ / ۲۰۸ : یہ مسئلہ شرعی نہیں بتی بجھا کر اندھیرے میں نماز پڑھنے کی کوئی تاکید نہیں بوقت ضرورت بقدر ضرورت روشنی کرنا ضروری اور اس میں

Scanned by CamScanner

نماز پڑھنا بلا کراہت درست اور ثابت ہے بلا ضرورت اور ضرورت سے زائد روشنی کرنا اسراف میں داخل اور ممنوع ہے۔

📖 فیہ ایضا ۱۰ / ۲۵۷ : الجواب—اگر قبلہ کا رخ صحیح ہو تو اندھیرے میں نماز پڑھنا منع نہیں۔

মসজিদের সামনের গ্লাসে নিজের প্রতিচ্ছবি দেখা

প্রশ্ন : মসজিদের সামনের দেয়ালে গ্লাসের মধ্যে নামাযের সময় নিজের ছায়া দেখা যায়, এতে নামাযের কোনো ক্ষতি হবে কি না?

উত্তর : গ্লাস লাগানোসহ যেসব কাজে একাগ্রতা বিনষ্ট হয় এ ধরনের কাজ বিশেষ করে কিবলার দেয়ালে ও মেহরাবে করা অনুচিত। (৮/৯৬৭/২৪২৪)

📖 رد المحتار (سعيد) ١ / ٦٥٤ : بقي في المكروهات أشياء أخر ذكرها في المنية ونور الإيضاح وغيرهما: منها الصلاة بحضرة ما يشغل البال ويخل بالخشوع كزينة ولهو ولعب، ولذلك كرهت بحضرة طعام تميل إليه نفسه.

📖 مراقی الفلاح صـ ۱۹۸

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۴۱۳ : اگر نماز میں اس کی طرف توجہ جاتی ہو اور یکسوئی میں مخل ہو تو ایسا شیشہ لگانا مکروہ ہے ورنہ فی نفسہ اس میں کوئی کراہت نہیں جیسا کہ مصلی کا سایہ بحالت نماز سامنے پڑنا موجب کراہت نہیں۔

জায়নামাযে নামায আদায়ের ফজীলত ও হুকুম

প্রশ্ন : জায়নামাযে নামায পড়ার হুকুম কী? এমন নকশাওয়ালা জায়নামায যার দিকে নামাযের মধ্যেও চেয়ে থাকতে ইচ্ছে হয় নামায পড়লে নামাযের কোনো ক্ষতি হবে কি? আমাদের এলাকার এক মৌলভী সাহেব মানিকগঞ্জের হুজুরের মুরীদ, তিনি বলেছেন, জায়নামাযে নামায পড়া সুন্নাত এবং জায়নামাযবিহীন নামাযের চেয়ে ৭০ গুণ সাওয়াব

Scanned by CamScanner

বেশি। দলিল হিসেবে তিনি মানিকগঞ্জের পীর সাহেবের কথা পেশ করেছেন। প্রশ্ন হলো, মৌলভী সাহেবের কথা কি শরীয়তসম্মত?

উত্তর : জায়নামাযে নামায পড়ার অনুমতি আছে। তবে নামায অবস্থায় কোনো মুসল্লির একাগ্রতা বিনষ্ট হয় অতি আকর্ষণীয় এমন নকশাওয়ালা জায়নামাযে নামায পড়া মাকরূহ। তাই জায়নামায সাদাসিধা হওয়াই শ্রেয়। উক্ত মৌলভী সাহেবের উক্তি "জায়নামাযে নামায পড়া সুন্নাত এবং জায়নামাযবিহীন নামায পড়ার চেয়ে ৭০ গুণ সাওয়াব বেশি" অমূলক ও অবান্তর। এমন অমূলক বিভ্রান্তিকর কথা থেকে বিরত থাকা একান্ত জরুরি। (৭/৩৩৭/১৬৪৬)

📖 البناية (دارالفكر) ٢ / ٥٦٣ : ثم اختلفوا في كيفية التزيين، فقيل: ولا ينبغي التكلف لدقائق النقش، وقيل: إن كان بحيث يشتغل به المصلي يكره، وإلا فلا.

📖 خیر الفتاوی (زکریا) ٢ / ٢٣٥ : اصل تو یہ ہے کہ جائے نماز بالکل سادہ ہو اس پر کسی طرح کے بھی نقش و نگار نہ ہوں تاکہ دل ان کی طرف مائل نہ ہوں۔

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ٦ / ٢٧٣ : اور بہتر تو یہ ہے کہ ایسے مصلی (جائے نماز) پر نماز نہ پڑھی جائے کہ خشوع و خضوع میں خلل ہوگا، اور نماز کی روح خشوع و خضوع ہے بغیر اس کے نماز بے جان ہے نمازی کے سامنے نقش و نگار کا ہونا نمازی کی توجہ اور خیال کو اپنی طرف متوجہ کرے گا کھینچتا رہیگا۔

ধূমপায়ীর দুর্গন্ধযুক্ত মুখে নামায আদায়

প্রশ্ন : ধূমপান করে মুখে দুর্গন্ধ অবস্থায় নামাযে দাঁড়ালে নামাযের হুকুম কী? এবং ধূমপানের শরয়ী বিধান জানালে উপকৃত হব।

উত্তর : স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন জিনিসের ব্যবহার শরীয়তে নিষিদ্ধ। ধূমপানও তার অন্তর্ভুক্ত হওয়ায় ধূমপান নিষেধ। তদুপরি দুর্গন্ধযুক্ত মুখ নিয়ে মসজিদে প্রবেশ করার অনুমতি নেই। তাতে ফেরেশতা ও মুসল্লি সবার কষ্ট হয়। সুতরাং শরীয়তের নিষেধাজ্ঞা সত্ত্বেও যদি কেউ ধূমপান করে থাকে, তাহলে মুখ খুব পরিষ্কার করে মসজিদে আসবে, অন্যথায় মুসল্লি এবং ফেরেশতাদের কষ্ট দেওয়ার কারণে গোনাহগার হবে। (৭/৯৩৪/১৯৫১)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ١ / ٦٦١ : (قوله وأكل نحو ثوم) أي كبصل ونحوه مما له رائحة كريهة للحديث الصحيح في النهي عن قربان آكل الثوم والبصل المسجد. قال الإمام العيني في شرحه على صحيح البخاري قلت : علة النهي أذى الملائكة وأذى المسلمين ولا يختص بمسجده - عليه الصلاة والسلام -، بل الكل سواء لرواية مساجدنا بالجمع، خلافا لمن شذ ويلحق بما نص عليه في الحديث كل ما له رائحة كريهة.

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٨ / ٢٨٠ : بندہ کے نزدیک عام حالات میں سگریٹ مکروہ تحریمی ہے۔

নামায অবস্থায় ঘড়ি দেখা

প্রশ্ন : আমরা মসজিদের মিম্বরের ওপরে সময় দেখার জন্য দেয়াল ঘড়ি টানিয়ে রাখি, নিয়্যাত বাধার পর নামাযী ঘড়ির দিকে তাকালে তার নামাযের কী অবস্থা হবে? ওই ঘড়িটা মসজিদের ডানে-বামে টানালে কোনো ক্ষতি হবে কি?

উত্তর : সামনে দেয়াল ঘড়ির দিকে নামাযী ইচ্ছাকৃত তাকানো উচিত নয়, অনিচ্ছায় ঘড়ির দিকে নজর পড়লে নামাযের কোনো ক্ষতি হবে না। কিবলার দিকে ঘড়ি ইত্যাদি না টানিয়ে ডানে-বামে টানানো ভালো। (৫/৩৫২/৯৪৩১)

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ١/ ٣١٢ : ولو نظر إلى مكتوب في المحراب ينوي القرآن وماثل وفهم قيل: على قياس قول أبي يوسف: لا تفسد صلاته، وعلى قياس قول محمد: تفسد -

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ١٠١ : إذا كان المكتوب على المحراب غير القرآن فنظر المصلي إلى ذلك وتأمل وفهم فعلى قول أبي يوسف - رحمه الله تعالى - لا تفسد وبه أخذ مشايخنا.

Scanned by CamScanner

কী পরিমাণ সম্পদ বাঁচাতে নামায ছাড়া যায়

প্রশ্ন : বিভিন্ন কিতাবে আমরা এ মাসআলাটি দেখতে পাই যে সামান্য সম্পদ তথা তিন-চার আনা বা দিরহাম পরিমাণ সম্পদ নষ্টের আশঙ্কায়ও নামায ছেড়ে দেওয়া যায়। বেহেশতী জেওর, শামী ইত্যাদিতে এমনই উল্লেখ করা হয়েছে। আর বর্তমান বাজারে তিন-চার আনা কিংবা দিরহামের মূল্যমান হচ্ছে ৩.৪০২ গ্রাম রৌপ্য, (আহসান/আপকে মাসায়েল) উক্ত ৩.৪০২ গ্রাম রৌপ্যের বাজার মূল্য হচ্ছে আনুমানিক ৬০-৬৫ টাকা। তাহলে ফলাফল এই দাঁড়ায় যে এক দিরহাম = ৬০-৬৫ টাকার সম্পদ নষ্ট হওয়ার আশঙ্কায় নামায ছেড়ে দেওয়া যায়। প্রশ্ন হচ্ছে, বিভিন্ন কিতাবে উল্লিখিত দিরহাম কিংবা তিন-চার আনার মূল উৎস কী? কোন উসুলের ভিত্তিতে এখানে দিরহাম বলা হয়েছে। আর দিরহামের বর্তমান বাজার মূল্য যদি সত্যিই ৬০-৬৫ টাকা হয়ে থাকে তাহলে এটা তো পরিমাণের দিক থেকে অনেক বেশি সম্পদ বলে প্রতীয়মান হয়। কারণ এ দেশের খেটে খাওয়া মানুষের কাছে তো ১৫ টাকা এক কেজি চালের মূল্যই তো অনেক বেশি। তারা এ পরিমাণ সম্পদ নষ্ট হয়ে যাওয়া সহ্য করতে পারে না। সে ক্ষেত্রে ৬০-৬৫ টাকা তো অনেক বেশি। এখন জানতে চাই, এ দিরহামের প্রকৃত পরিমাণ কী? এবং এ ক্ষেত্রে ফতওয়া কী?

উত্তর : নামায পড়া অবস্থায় উল্লেখযোগ্য সম্পদ চুরি বা নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা হলে নামায ভেঙে সম্পদের হেফাজত করার অনুমতি আছে। উক্ত সম্পদের পরিমাণ সম্পর্কে ফাতওয়ার কিতাবসমূহে যেমন এক দিরহামের কথা উল্লেখ আছে, তেমনি এক-ষষ্ঠমাংশের কথাও উল্লেখ রয়েছে। সুতরাং স্থান, কাল, পাত্রবিশেষ ফাতওয়া দিতে হবে। যদি কোনো স্থানে বা কেউ দিরহামের ষষ্ঠমাংশের যথা দেশের প্রচলিত মুদ্রায় (১০) দশ টাকার পরিমাণ সম্পদকে উল্লেখযোগ্য মনে করে। সে ব্যক্তি ওই পরিমাণের জন্য নামায ভাঙতে পারবে। আর কোনো স্থানে বা কেউ ওই পরিমাণ সম্পদকে উল্লেখযোগ্য মনে না করে, তার জন্য এক দিরহামের হিসাব হবে। (৮/৮৮৯/২৩৯৯)

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ١٠٩ : رجل قام إلى الصلاة فسرق منه شيء قيمته درهم له أن يقطع الصلاة ويطلب السارق سواء كانت فريضة أو تطوعا؛ لأن الدرهم مال.

📖 رد المحتار (ايج ايم سعيد) ٢/ ٥١ : (قوله أو خاف ضياع درهم من ماله) قال في الظهيرية: لم يفصل في الكتاب بين المال القليل والكثير، وعامة المشايخ قدروه بدرهم. قال شمس الأئمة السرخسي هذا حسن لولا ما ذكر في كتاب الحوالة والكفالة أن

Scanned by CamScanner

للطالب حبس غريمه بالدانق فما فوقه، فإذا جاز حبس المسلم بالدانق فجواز قطع الصلاة مع تمكنه من قضائها أولى. والصحيح أنه لا فصل بين ماله ومال غيره اهـ

📖 مراق الفلاح (المكتبة العصرية) صـ ١٣٨ : "يجوز قطعها" ولو كانت فرضا "بسرقة" تخشى على "ما يساوي درهما" لأنه مال وقال عليه السلام: "قاتل دون مالك" وكذا فيما دونه في الأصح لأنه يحبس في دانق وكذا لو فارت قدرها.

📖 لسان العرب (دار صادر) ١٠ / ١٠٥ : الدانق، بفتح النون وكسرها: هو سدس الدينار والدرهم.

📖 خير الفتاوى (زكريا) ٢ / ٣٦٨

Scanned by CamScanner

باب الحدث فى الصلاة

পরিচ্ছেদ : নামাযে ওজু নষ্ট হয়ে যাওয়া

ওজু ছুটে যাওয়ার পর নামায চালিয়ে যাওয়া

প্রশ্ন : নামাযে ইমামতি অবস্থায় ইমাম সাহেবের ওজু ভেঙে যায়, কিন্তু ইমাম সাহেব ওজু করা ছাড়াই বাকি নামায রুকু-সিজদাসহ পুরা আদায় করে ফেলেন। অথবা ওজু ভেঙে যাওয়ার পর ইমাম সাহেব নামাযের নিয়্যাত ছেড়ে দিয়ে ওজু না করেই শুধু দৃশ্যত রুকু-সিজদা আদায় করে নামায শেষ করেন এবং পরে মুক্তাদীগণকে নামায পুনরায় পড়ার নির্দেশ দেন। উভয় সুরতে নামাযের হুকুম কী? এবং শরীয়তের দৃষ্টিতে ইমাম সাহেবের ওপর কী হুকুম বর্তায়?

উত্তর : ইমাম সাহেবের ওজু ভেঙে গেলে নামায ভেঙে দিয়ে অথবা পেছনের কাতার থেকে কাউকে ইমাম বানিয়ে ওজুর জন্য চলে যাওয়াই শরয়ী বিধান। এরূপ না করে ওজুবিহীন নামাযের আরকান আদায় করে যাওয়া মানে শরয়ী বিধানের লঙ্ঘন করা। জেনে বুঝে এরূপ শরীয়তের হুকুম অমান্য করা নিঃসন্দেহে গোনাহ, নামাযের নিয়্যাত ছাড়া হোক বা নিয়্যাতে অবশ্যই এরূপ করা মারাত্মক গোনাহ। যা খালেছ তাওবা ছাড়া মাফ হবে না। আর উভয় পদ্ধতিতে ইমামের ইক্তিদায় শরীক মুক্তাদীগণের নামায পুনরায় পড়ার জন্য ইমামের এলান করা জরুরি। (৯/৩০৪/২৬২৯)

📖 البحر الرائق (سعيد) ١ /٣٦٩ : من سبقه حدث وكان إماما فإنه يستخلف رجلا مكانه يأخذ بثوب رجل إلى المحراب أو يشير إليه

📖 وفيه ايضا ١ /٣٦٦ وفي المجتبى، ولو أم قوما محدث أو جنب، ثم علم بعد التفرق يجب الإخبار بقدر الممكن بلسانه أو كتاب أو رسول على الأصح۔

Scanned by CamScanner

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۲/ ۳۲۶ : اگر امام صاحب کا وضوء ٹوٹ جائے تو صف میں سے کسی کو آگے کردے اور خود وضو کرکے مقتدیوں کی صف میں شریک ہو جائے بے وضوء نماز پڑھتے رہنا جائز نہیں، بلکہ سخت گناہ ہے، بعض علماء فرماتے ہیں کہ اس سے اندیشہ کفر ہے۔

ওজু ছুটে যাওয়ার পর লজ্জায় নামায না ছাড়া গোনাহ

প্রশ্ন : নামাযের মধ্যে ওজু ভেঙে গেলে লজ্জায় নামায ত্যাগ না করলে কোন ধরনের গোনাহ হয়? এ গোনাহ ও লজ্জা থেকে বাঁচার জন্য শরীয়তে কোনো পন্থা আছে কি না?

উত্তর : নামাযের মধ্যে ওজু ভেঙে গেলে নামায ত্যাগ না করলে বড় ধরনের গোনাহ হয়। বহু উলামায়ে কেরাম বিনা ওজুতে নামায পড়লে ঈমান চলে যাওয়ার আশঙ্কা ব্যক্ত করেছেন। তাই এমতাবস্থায় নামায ছেড়ে দেবে। গোনাহ ও লজ্জা থেকে বাঁচার জন্য বেশি মুসল্লিদের কষ্ট না দিয়ে বের হওয়া সম্ভবপর হলে মানুষ যেন না বোঝে এমন কোনো বাহানা করে যথা নাকে বা মুখে হাত দিয়ে বের হয়ে ওজু করে পুনরায় নামাযে শামিল হবে, আর নামায শেষ হয়ে গেলে একাকী নামায পড়ে নেবে। বের হওয়া সম্ভব না হলে নামায ছেড়ে দিয়ে নিজ জায়গায় বসে থাকবে। (১০/৭৫৮/৩৩২৫)

📖 الهداية (مكتبة البشرى) ١/ ٢٤٩ : "ومن سبقه الحدث في الصلاة انصرف فإن كان إماما استخلف وتوضأ وبنى " والقياس أن يستقبل وهو قول الشافعي رحمه الله تعالى لأن الحدث ينافيها والمشي والانحراف يفسدانها فأشبه الحدث العمد .

ولنا قوله عليه الصلاة والسلام " من قاء أو رعف أو أمذى في صلاته فلينصرف وليتوضأ وليبن على صلاته مالم يتكلم".

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۲/ ۳۲۶ : سوال-دوران نماز اگر وضو ٹوٹ جائے تو بقیہ نماز کس طرح ادا کرنی چاہئے؟

الجواب- نماز کو وہیں چھوڑ کر چپ چاپ وضو کر آئے، کسی سے بات چیت نہ کرے اور جہاں سے نماز چھوڑ ی تھی واپس آکر وہاں سے دوبارہ شروع کرلے۔

Scanned by CamScanner

📖 فيه ایضا۲/ ۳۲۷ : اور اگر کسی طرح نکلنا ممکن ہی نہ ہو، تو نماز توڑ کر نماز سے خارج ہو جائے۔ (یعنی اپنی جگہ پر بیٹھا رہے) ۔

ইমামের হদস হলে খলীফা কিভাবে নামায পুরা করবে

প্রশ্ন : ইমাম সাহেব যখন সিজদায় যান তখন তাঁর 'হদস' হয়, এরপর পেছন থেকে যাকে ইমাম বানাল সে প্রথম সিজদা করবে কি না? যদি ইমাম সাহেবের কিরাত পড়া অবস্থায় হদস হয়, তাহলে দ্বিতীয় ইমাম নিয়্যাত বাধা অবস্থায় সামনে যাবেন, না ছেড়ে দিয়ে যাবেন? যদি ছেড়ে দিয়ে যান, তাহলে নামাযের কোনো ক্ষতি হবে কি না? আর প্রথম ইমাম সাহেব কিরাত যেখান থেকে ছেড়ে দিয়েছেন, ইমাম হওয়ার পর দ্বিতীয় ইমাম সাহেব কি সেখান থেকে পড়বেন নাকি শুরু থেকে পড়বেন?

উত্তর : হ্যাঁ, যে সিজদার মধ্যে হদস হয়েছে সে সিজদা পুনরায় আদায় করতে হবে। প্রথম ইমাম হাত কপালে রেখে ইশারা করবেন। দ্বিতীয় ইমাম নিয়্যাত বাধা (তথা হাত বাঁধা) অবস্থায় সামনে যাবে, তবে হাত ছেড়ে দিলেও অসুবিধা নেই। প্রথম ইমামের যদি ওয়াজিব পরিমাণ কিরাত আদায় হয়ে যায় তাহলে দ্বিতীয় ইমাম রুকুতে চলে যাবে, অন্যথায় প্রথম ইমামের রেখে যাওয়া স্থান থেকে পড়বে। (১৬/৯৭৯/৬৮৮৪)

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ٢ / ١١٠ : فإذا صح استخلافه يتم الصلاة من الموضع الذي وصل إليه الإمام؛ لأنه قائم مقامه.

📖 مجمع الأنهر (دار إحياء التراث) ١/ ١١٧ : (ومن سبقه الحدث في ركوع أو سجود أعادهما) بعد التوضؤ (حتما) إن بنى لأن تمام الركن بالانتقال ومع الحدث لا يتحقق فلا بد من الإعادة.

Scanned by CamScanner

খলীফা যোগ্য ব্যক্তিকে বানাতে হবে সে কাতারের যেখানেই থাকুক

প্রশ্ন : ইমাম সাহেবের হদস হলো (ওযু ভেঙে গেল), কিন্তু তাঁর বরাবর পেছনে মুসাফির ব্যক্তি রয়েছে, তাই এমতাবস্থায় মুসাফিরকে খলিফা না বানিয়ে ডানে-বামের যোগ্য কোনো মুকীম ব্যক্তিকে খলিফা বানানো ঠিক হবে কি?

উত্তর : মুকীম ইমামের ওজু ভেঙে গেলে সে তাঁর বরাবর পেছনে, ডানে, বামের যেকোনো উপযুক্ত ব্যক্তিকে খলীফা বানাতে পারবেন, মুকীম হোক বা মুসাফির। এ ক্ষেত্রে মুসাফির খলীফা চার রাক'আতবিশিষ্ট নামাযে পূর্ণ নামাযই আদায় করবে। তবে মুসল্লিদেরকে বিভ্রান্তি থেকে বাঁচানোর জন্য ইমাম সাহেব নামায ভেঙে পুনরায় আদায় করাই উত্তম। (৬/২০০/১০৫৭)

📖 البحر الرائق (سعيد) ١/ ٣٨٠ : أما لو نوى الإمام الأول الإقامة قبل الاستخلاف، ثم استخلف فإنه يتم الخليفة صلاة المقيمين -

📖 رد المحتار (سعيد) ١/ ٦٠٣ : (قوله واستئنافه أفضل) أي بأن يعمل عملا يقطع الصلاة ثم يشرع بعد الوضوء شرنبلالية عن الكافي -

Scanned by CamScanner

باب المسبوق واللاحق

পরিচ্ছেদ : মাসবুক ও লাহেকের বিধান

সালাম ফেরানোর আগেই মাসবুকের দাঁড়িয়ে যাওয়ার হুকুম

প্রশ্ন : আমি আসরের নামাযে মাসবুক হই, কিন্তু তাশাহহুদ শেষ করেই দাঁড়িয়ে বাকি নামায আদায় করতে থাকি, অথচ ইমাম সাহেব তখনো নামাযেই আছেন, অর্থাৎ সালাম ফেরাননি। নামায শেষে ইমাম সাহেবকে এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি বলেন, আপনার নামায হয়নি, কারণ ইমামের সালামের আগেই আপনি দাঁড়িয়ে গেছেন। কিন্তু আমাদের মাদ্রাসার একজন হুজুর বলেন নামায হয়ে গেছে। প্রশ্ন হলো, কার কথা সঠিক এবং আমার করণীয় কী?

উত্তর : মাসবুক ব্যক্তি ইমাম সাহেব সালাম ফেরানোর পর দাঁড়িয়ে বাকি নামায আদায় করবে। যদি সে ইমাম সাহেব তাশাহহুদ পড়া পরিমাণ বসার পর সালাম ফেরানোর পূর্বেই দাঁড়িয়ে বাকি নামায আদায় করে তাহলে নামায আদায় হয়ে যাবে বটে, কিন্তু ইমামের সালাম ফেরানোর পূর্বে দাঁড়ানোর কারণে গোনাহগার হবে। সুতরাং আপনার নামায আদায় হয়ে গেলেও নামাযের শেষ পর্যন্ত ইমামের অনুকরণ না করার কারণে গোনাহগার হয়েছেন। (১৪/৬৪৭/৫৭৭৮)

📖 البحر الرائق (سعيد) ١/ ٣٧٨ : ومن أحكامه أنه لا يقوم المسبوق قبل السلام بعد قدر التشهد إلا في مواضع إذا خاف وهو ماسح تمام المدة لو انتظر سلام الإمام أو خاف المسبوق في الجمعة والعيدين والفجر أو المعذور خروج الوقت أو خاف أن يبتدره الحدث أو أن تمر الناس بين يديه،

ولو قام في غيرها بعد قدر التشهد صح ويكره تحريما؛ لأن المتابعة واجبة بالنص قال - عليه السلام - «إنما جعل الإمام ليؤتم به فلا تختلفوا عليه» وهذه مخالفة له إلى غير ذلك من الأحاديث المفيدة للوجوب، ولو قام قبله قال في النوازل إن قرأ بعد فراغ الإمام من التشهد ما تجوز به الصلاة جاز وإلا فلا. هذا في المسبوق بركعة أو ركعتين، فإن كان بثلاث فإن وجد منه قيام بعد

Scanned by CamScanner

تشهد الإمام جاز وإن لم يقرأ؛ لأنه سيقرأ في الباقيتين والقراءة فرض في كل الركعتين، ولو قام حيث يصح وفرغ قبل سلام الإمام وتابعه في السلام قيل تفسد والفتوى على أن لا تفسد، وإن كان اقتداؤه بعد المفارقة مفسدا؛ لأن هذا مفسد بعد الفراغ فهو كتعمد الحدث في هذه الحالة۔

📖 احسن الفتاوی (سعید) ۳/ ۳۷۷ : الجواب-امام کے بقدر تشہد بیٹھنے سے قبل مسبوق نے جو قراءت اور قیام وغیرہ ارکان ادا کئے وہ معتبر نہیں، قدر تشہد سے امام کی تشہد سے فراغت مراد نہیں، بلکہ اتنا وقت مراد ہے جس میں جلدی سے جلدی تشہد پڑھا جاسکتا ہے اگر ایک یا دو رکعتوں میں مسبوق ہو اور اس نے امام کے بقدر تشہد بیٹھنے کے بعد قدر ما تجوز بہ الصلاۃ تلاوت کی ہو تو اس کی نماز ہو جائے گی، ورنہ نہیں، اور اگر تین یا چار رکعات میں مسبوق ہے تو اس کی نماز کی صحت کے لئے یہ شرط نہیں، البتہ یہ ضروری ہے کہ امام کے بقدر تشہد بیٹھنے کے بعد بھی مسبوق کے قیام کا کچھ حصہ پایا جائے اگرچہ اس میں قدر ما تجوز بہ الصلوۃ قراءت نہ کی ہو بشرطیکہ اس کے بعد دو رکعتوں میں فاتحہ اور سورت پڑھ لے بصورت عمد عدم متابعت امام کا گناہ ہوگا ایسا کرنا مکروہ تحریمی ہے، سجدۂ سہو بہر صورت واجب نہیں اس لئے کہ مقتدی کا ترک واجب موجب سجدۂ سہو نہیں۔

মুক্তাদী রুকু পেয়েছে গণ্য করা হবে কখন

প্রশ্ন : আমি একজন আলেমের নিকট শুনেছি, কোনো ব্যক্তি যদি ইমামকে রুকু থেকে ওঠার সময় পায় অর্থাৎ ইমামের হাত হাঁটুর নিকট থাকাবস্থায় মুক্তাদী পরিপূর্ণভাবে রুকুতে পৌছে যায় তাহলে তার ওই রাক'আত গণ্য হবে, কথাটি সঠিক কি না? যদি কেউ উক্ত অবস্থায় রুকু করার পরও সন্দেহ করে ইমামের সালামের পর উক্ত রাক'আত পড়ে নেয় বা মাসআলা না জানার কারণে পড়ে নেয় তাহলে তার নামাযে কোনো সমস্যা হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নোক্ত আলেমের কথাটি সঠিক। কেউ যদি উক্ত রাক'আত পাওয়ার পরও ইমামের সালামের পর ওই রাক'আত দ্বিতীয়বার পড়ে তাহলে তার নামায নষ্ট হয়ে যাবে, তাই নামায দোহরাতে হবে। (১৭/৪২১/৭০৪৪)

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ١٢٠ : ذكر الجلابي في صلاته أدرك الإمام في الركوع فكبر قائما ثم شرع في الانحطاط وشرع الإمام في الرفع الأصح أن يعتد بها إذا وجدت المشاركة قبل أن يستقيم قائما وإن قل، هكذا في معراج الدراية.

মাসবুক ভুলে ইমামের সাথে সালাম ফেরালে করণীয়

প্রশ্ন : মাসবুক ব্যক্তি ভুলে ইমামের সাথে সালাম ফেরানোর পর কোনো কথাও বলেনি, এমতাবস্থায় স্মরণ হলো যে সে মাসবুক, পরে বাকি নামায শেষ করল। এমতাবস্থায় সিজদায়ে সাহু দিতে হবে কি না? এ ক্ষেত্রে বাকি নামায পড়ার হুকুম কী? কোরআন-হাদীসের আলোকে সঠিক সমাধান চাই।

উত্তর : প্রশ্নে উল্লিখিত ব্যক্তি তার নামায পূর্ণ করে নেবে এবং যদি ইমামের সাথে সাথে অথবা তার আগে সালাম ফিরায় তাহলে সিজদায়ে সাহু দিতে হবে না, ইমামের পরে হলে দিতে হবে। (১১/৯৬৫)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١ / ٥٩٩ : ولو سلم ساهيا إن بعد إمامه لزمه السهو وإلا لا.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١ / ٥٩٩ : (قوله ولو سلم ساهيا) قيد به لأنه لو سلم مع الإمام على ظن أنه - عليه السلام - معه فهو سلام عمد فتفسد كما في البحر عن الظهيرية (قوله لزمه السهو) لأنه منفرد في هذه الحالة ح.

(قوله وإلا لا) أي وإن سلم معه أو قبله لا يلزمه لأنه مقتد في هاتين الحالتين. وفي شرح المنية عن المحيط إن سلم في الأولى مقارنا لسلامه فلا سهو عليه لأنه مقتد به، وبعده يلزم لأنه منفرد.

Scanned by CamScanner

ইমামের সাথে মাসবুক সালাম ফিরালে সিজদায়ে সাহুর বিধান

প্রশ্ন : মাসবুক যদি ইমাম সাহেবের সাথে সাথেই সালাম ফিরায় এবং পরক্ষণে উঠে দাঁড়িয়ে বাকি নামায শেষ করে, তাহলে কি তার সিজদায়ে সাহু করতে হবে?

উত্তর : মাসবুক ইমামের সালামের সঙ্গে সালাম ফিরাবে না। ইচ্ছা করে সালাম ফিরালে নামায নতুনভাবে পড়তে হবে। ভুলবশত ফিরালে সাহু সিজদা দিতে হবে। (৮/৩০১)

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٢/ ٨٢ : (قوله والمسبوق يسجد مع إمامه) قيد بالسجود لأنه لا يتابعه في السلام، بل يسجد معه ويتشهد فإذا سلم الإمام قام إلى القضاء، فإن سلم فإن كان عامدا فسدت وإلا لا، ولا سجود عليه إن سلم سهوا قبل الإمام أو معه؛ وإن سلم بعده لزمه لكونه منفردا حينئذ بحر، وأراد بالمعية المقارنة وهو نادر الوقوع كما في شرح المنية. وفيه: ولو سلم على ظن أن عليه أن يسلم فهو سلام عمد يمنع البناء.

মাসবুক কোন সূরা পড়ে নামায পূর্ণ করবে

প্রশ্ন : ইমাম সাহেব যদি ফরয নামাযের প্রথম দুই রাক'আতে সূরা নাস ও ফালাক পড়ে এবং মুক্তাদী যদি প্রথম বা দ্বিতীয় রাক'আত না পায় তাহলে কোন সূরা পড়ে বাকি নামায শেষ করবে?

উত্তর : মাসবুক তার ছুটে যাওয়া রাক'আতগুলো যেকোনো সূরা দ্বারা পড়তে পারবে। (৮/৮৫৮/২৩৯৮)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١ / ٥٩٦ : (والمسبوق من سبقه الإمام بها أو ببعضها وهو منفرد) حتى يثني ويتعوذ ويقرأ، وإن قرأ مع الإمام لعدم الاعتداد بها لكراهتها مفتاح السعادة (فيما يقضيه)

Scanned by CamScanner

أي بعد متابعته لإمامه... ويقضي أول صلاته في حق قراءة، وآخرها في حق تشهد.

📖 رد ا لمحتار (ايج ايم سعيد) ١ / ٥٩٦: فيأتي بالثناء والتعوذ لأنه للقراءة.

বৈঠকে শরীক হলে মাসবুকের ওপর তাশাহহুদ পড়া ওয়াজিব

প্রশ্ন : জনৈক মুক্তাদী ইমাম সাহেবকে তাশাহহুদ পড়াবস্থায় পেয়ে ইমাম সাহেবের পেছনে ইক্তিদা করে বসে পড়েন। উক্ত মুক্তাদীর ওপর এমতাবস্থায় তাশাহহুদ পড়া ওয়াজিব নাকি মুস্তাহাব?

উত্তর : উক্ত মুক্তাদীর ওপর ইমামের অনুসরণে তাশাহহুদ পড়া ওয়াজিব। (৫/৩২৮/৯৭০)

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٤٧٠ : والحاصل أن متابعة الإمام في الفرائض والواجبات من غير تأخير واجبة...

📖 فيه ايضا ١ / ٤٩٦ : وشمل بإطلاقه ما لو اقتدى به في أثناء التشهد الأول أو الأخير.

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ٣ / ٣٧٥ : امام کی متابعت میں مسبوق پر بھی تشہد واجب ہے چھوڑنے سے گناہ ہوگا، مگر نماز ہو جائے گی۔

ইমামের সাথে মাসবুক সিজদায়ে সাহু করবে কি না?

প্রশ্ন : একজন মুফতী সাহেব থেকে শুনেছি, "মাসবুক ব্যক্তি ইমাম সাহেবের সাথে সিজদায়ে সাহু করবে না, যদি করে তাহলে মাসবুকের নামায সহীহ হবে না।" উক্তিটি সঠিক কি না?

উত্তর : মাসবুক ব্যক্তির জন্য শুধুমাত্র সালাম ছাড়া সিজদায়ে সাহুসহ প্রত্যেক কাজে ইমামের অনুসরণ করা জরুরি। সুতরাং মাসবুক ইমামের সাথে সালাম ফিরানো ব্যতীত সিজদায়ে সাহু করলে নামায নষ্ট হবে না। (১৫/৮২০/৬২৯৪)

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (ايچ ايم سعيد) ١ / ١٧٦ : ثم المسبوق إنما يتابع الإمام في السهو دون السلام، بل ينتظر الإمام حتى يسلم فيسجد فيتابعه في سجود السهو لا في سلامه.

وإن سلم فإن كان عامدا تفسد صلاته، وإن كان ساهيا لا تفسد، ولا سهو عليه؛ لأنه مقتد، وسهو المقتدي باطل، فإذا سجد الإمام للسهو يتابعه في السجود ويتابعه في التشهد، ولا يسلم إذا سلم الإمام؛ لأن هذا السلام للخروج عن الصلاة وقد بقي عليه أركان الصلاة.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٢ / ٨٣ : (قوله والمقيم إلخ) ذكر في البحر أن المقيم المقتدي بالمسافر كالمسبوق في أنه يتابع الإمام في سجود السهو ثم يشتغل بالإتمام.

শেষ বৈঠকে তাশাহহুদের পর মাসবুক কী পড়বে?

প্রশ্ন : মাসবুক ব্যক্তি শেষ বৈঠকে তাশাহহুদের পর ইমাম সাহেব নামায শেষ করা পর্যন্ত দরূদ শরীফ ইত্যাদি পড়ার বিধান কী? আমাদের এলাকার একজন মুহাদ্দিস সাহেব বলেন, কোনো কিছু না পড়া মাকরূহ। উক্ত মাসআলার সমাধান কী?

উত্তর : মাসবুক ইমামের শেষ বৈঠকে শুধু তাশাহহুদ পড়বে, দরূদ শরীফ ও দু'আয়ে মাসূরা পড়বে না। তাশাহহুদের পর চুপ থাকা মাকরূহ নয়। তবে উত্তম পদ্ধতি হলো, তাশাহহুদ ধীরে ধীরে পড়া যেন পড়তে পড়তে ইমাম সালাম পর্যন্ত পৌঁছে যায়। আর যদি ইমামের সালামের পূর্বে তাশাহহুদ শেষ হয়ে যায়, ইচ্ছা হলে তাশাহহুদের শেষাংশ কালেমায়ে শাহাদাত বারবার পড়তে পারে। (৯/৮৮৪/২৯২৯)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١/ ٥١١ : وأما المسبوق فيترسل ليفرغ عند سلام إمامه، وقيل يتم، وقيل يكرر كلمة الشهادة.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٥١١ : أي يتمهل، وهذا ما صححه في الخانية وشرح المنية في بحث المسبوق من باب السهو وباقي الأقوال مصحح أيضا.

Scanned by CamScanner

قال في البحر وينبغي الإفتاء بما في الخانية كما لا يخفى.

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٩١ : أن المسبوق ببعض الركعات يتابع الإمام في التشهد الأخير وإذا أتم التشهد لا يشتغل بما بعده من الدعوات ثم ماذا يفعل تكلموا فيه وعن ابن شجاع أنه يكرر التشهد أي قوله: أشهد أن لا إله إلا الله وهو المختار. كذا في الغياثية والصحيح أن المسبوق يترسل في التشهد حتى يفرغ عند سلام الإمام. كذا في الوجيز للكردري وفتاوى قاضي خان وهكذا في الخلاصة وفتح القدير -

তিন রাক'আত না পেলে শেষ বৈঠকে মাসবুক কী পড়বে?

প্রশ্ন : কোনো ব্যক্তি যদি চার রাক'আতবিশিষ্ট ফরয নামাযের জামাআতে শুধু এক রাক'আত পায় আর তিন রাক'আত ছুটে যায় তাহলে সে ইমামের সাথে থাকা শেষ বৈঠকে কী করবে? তাশাহহুদ পড়বে কি না? পড়লে তা মুস্তাহাব, সুন্নাত, নাকি ওয়াজিব?

উত্তর : নামাযের ফরয ও ওয়াজিবের বেলায় ইমামের অনুসরণ করা মুক্তাদী ও মাসবুক সকলের জন্য জরুরি। আর শেষ বৈঠকে তাশাহহুদ পড়া নামাযের গুরুত্বপূর্ণ ওয়াজিবসমূহের অন্যতম। অতএব ফিকাহবিদদের নির্ভরযোগ্য মতানুসারে প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে মাসবুক ব্যক্তি শেষ বৈঠকে ইমামের সালাম ফিরানো পর্যন্ত ধীরে ধীরে শুধু তাশাহহুদ পড়বে। দরূদ ও অন্য কোনো দু'আ পড়বে না। মাসবুকের জন্য তাশাহহুদ ওয়াজিব হওয়ার মতটিই দলিল-প্রমাণের ভিত্তিতে গ্রহণযোগ্য। (৭/২৬৭/১৬২৪)

📖 البحر الرائق (ايج ايم سعيد) ٢ / ٩٩ : فأما المسبوق فقد التزم بالاقتداء به متابعة بقدر ما هو صلاة الإمام وقد أدرك هذا القدر فيتابعه فيه ثم ينفرد-

📖 فتاوی محمودیہ (زکریا) ١٢ / ٢٩٦ : مسبوق پر امام کے تابع ہو کر تشہد واجب ہے کیونکہ وہ بھی مقتدی ہے۔

Scanned by CamScanner

মাসবুক মুকাব্বির হলে ইমামের সাথে সালাম ফিরাবে কি না

প্রশ্ন : নামাযের জামাআতে দুই রাক'আত বা এক রাক'আত চলে যাওয়ার পর আরো কিছু মুসল্লি জামাআতে শামিল হওয়ার জন্য এল। কিন্তু নিচতলায় জায়গা না হওয়ায় মুসল্লি দ্বিতীয় তলায় চলে যায় এবং নিচতলার ইমামের ইক্তিদা করে। এখানে দ্বিতীয় তলায় মুসল্লি বেড়ে যাওয়ায় অনেকেই ইমামের আওয়াজ শুনছে না এবং বিকল্প ব্যবস্থাও নেই। এ সমস্যা অনুভব করে সামনের এক ব্যক্তি মুকাব্বির হলো। এখন প্রশ্ন হচ্ছে, ইমাম যখন সালাম ফিরাবে, তখন মুকাব্বির কী করবে? তার তো কয়েক রাক'আত ছুটে গেছে। ইমামের সাথে সে যদি সালাম না ফিরায় তাহলে পেছনের মুক্তাদীদের কী উপায়? তারা তো জানে না ইমাম কত রাক'আত পড়ল, সালাম কখন ফিরাবে? আর যদি মুকাব্বির সালাম ফিরায় তখন পেছনের মুসল্লিরা তাদের বাকি নামায আদায় করতে সহজ হবে। এখন এই সমস্যা ও প্রয়োজনের ক্ষেত্রে মুকাব্বিরের করণীয় কী?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় যে মাসবুক ব্যক্তি মুকাব্বির হয়েছিল সে ইমামের সাথে স্বেচ্ছায় সালাম ফিরালে তার নামায ফাসেদ হয়ে যাবে। প্রয়োজনে এরূপ করলেও ফাসেদ হবে। অন্য মাসবুকগণ যেকোনোভাবে হোক ইমাম সাহেবের সালাম ফিরিয়েছে জানতে পারার পর বিনা বিলম্বে দাঁড়িয়ে বাকি নামায আদায় করলে নামায সহীহ হয়ে যাবে। (৯/৯৪৫/২৯১৯)

📖 رد المحتار (ايج ايم سعيد) ٢ / ٨٢ : (قوله والمسبوق يسجد مع إمامه) قيد بالسجود لأنه لا يتابعه في السلام، بل يسجد معه ويتشهد فإذا سلم الإمام قام إلى القضاء، فإن سلم فإن كان عامدا فسدت وإلا لا.

📖 خیر الفتاوی (زکریا) ٢ / ٤٠٢ : اگر مسبوق نے یہ جانتے ہوئے بھی کہ میرے ذمہ نماز باقی ہے جان بوجھ کر سلام پھیرا ہے تو نماز فاسد ہوگئی اعادہ لازم ہے اور اگر سہوا پھیرا ہے تو نماز فاسد نہیں ہوگی اور اس سہو کی وجہ سے سجدۂ سہو بھی واجب نہیں ہوگا.

কত রাক'আত ছুটে গেছে জানা না গেলে লাহেকের করণীয়

প্রশ্ন : লাহেক ব্যক্তি ওজু করতে গিয়ে কত রাক'আত ছুটে গেছে তা জানা নেই, কিন্তু ইমাম সাহেব এখনো নামাযে তাহলে সে কিভাবে নামায পড়বে?

Scanned by CamScanner

উত্তর : এমতাবস্থায় সে ওজু করে এসে ইমামকে নামাযে পেলে ইমামের সাথে শরীক হয়ে যাবে। ইমামের সালামের পর মধ্যখানে ছুটে যাওয়া রাক'আতগুলো পূর্ণ করে নেবে। (৯/৭৭৩/২৮৫১)

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ٩٢ : اللاحق إذا عاد بعد الوضوء ينبغي له أن يشتغل أولا بقضاء ما سبقه الإمام بغير قراءة يقوم مقدار قيام الإمام... ...ولو لم يشتغل بقضاء ما سبقه الإمام ولكن يتابع الإمام أولا ثم قضى ما سبقه الإمام بعد تسليم الإمام جازت صلاته عندنا.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٤٦٣ : وأما اللاحق فالواجب عليه الترتيب بعكس المسبوق: وعند زفر الترتيب فرض عليه، فإذا أدرك بعض صلاة الإمام فنام فعليه أن يصلي أولا ما نام فيه بلا قراءة ثم يتابع الإمام، فلو تابعه أولا ثم صلى ما نام فيه بعد سلام الإمام جاز عندنا وأثم لتركه الواجب.

তাশাহহুদ না পড়েই মাসবুকের দাঁড়িয়ে যাওয়া

প্রশ্ন : ২, ৩, ৪ রাক'আতবিশিষ্ট নামাযে প্রথম বৈঠক বা শেষ বৈঠকে নামাযের নিয়্যাত করে বসার পর আত্তাহিয়্যাতু পড়ার আগেই ইমাম সাহেব উঠে যান বা সালাম ফিরিয়ে ফেলেন। আর মাসবুকও সালামের সাথে সাথে দাঁড়িয়ে বাকি নামায সম্পন্ন করে, এমতাবস্থায় নামায শুদ্ধ হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় মাসবুক আত্তাহিয়্যাতু শেষ করে দাঁড়াবে, যদি কোনো ব্যক্তি আত্তাহিয়্যাতু না পড়ে দাঁড়িয়ে যায় এবং বাকি নামায সম্পন্ন করে ফেলে তাহলেও নামায মাকরূহের সহিত শুদ্ধ হয়ে যাবে। (১৭/৯৮৫/৭৪১২)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١ /٤٩٦ : أو قيامه لثالثة (قبل تمام المؤتم التشهد) فإنه لا يتابعه بل يتمه لوجوبه، ولو لم

Scanned by CamScanner

يتم جاز؛ ولو سلم والمؤتم في أدعية التشهد تابعه لأنه سنة والناس عنه غافلون.

📖 رد المحتار (ايج ايم سعيد) (ايج ايم سعيد) ١ /٤٩٦ : (قوله ولو لم يتم جاز) أي صح مع كراهة التحريم كما أفاده ح، ونازعه ط والرحمتي، وهو مفاد ما في شرح المنية حيث قال: والحاصل أن متابعة الإمام في الفرائض والواجبات من غير تأخير واجبة فإن عارضها واجب لا ينبغي أن يفوته بل يأتي به ثم يتابعه لأن الإتيان به لا يفوت المتابعة بالكلية وإنما يؤخرها، والمتابعة مع قطعه تفوته بالكلية، فكان تأخير أحد الواجبين مع الإتيان بهما أولى من ترك أحدهما بالكلية، بخلاف ما إذا عارضتها سنة لأن ترك السنة أولى من تأخير الواجب. اهـ

أقول: ظاهره أن إتمام التشهد أولى لا واجب، لكن لقائل أن يقول إن المتابعة الواجبة هنا معناها عدم التأخير فيلزم من إتمام التشهد تركها بالكلية، فينبغي التعليل بأن المتابعة المذكورة إنما تجب إذا لم يعارضها واجب، كما أن رد السلام واجب، ويسقط إذا عارضه وجوب استماع الخطبة، ومقتضى هذا أنه يجب إتمام التشهد، لكن قد يدعي عكس التعليل فيقال إتمام التشهد واجب إذا لم يعارضه وجوب المتابعة نعم قولهم لا يتابعه يدل على بقاء وجوب الإتمام وسقوط المتابعة لتأكد ما شرع فيه على ما يعرض بعده، وكذا ما قدمناه عن الظهيرية، وحينئذ فقولهم ولو لم يتم جاز معناه صح مع الكراهة التحريمية، ويدل عليه أيضا تعليلهم بوجوب التشهد إذ لو كانت المتابعة واجبة أيضا لم يصح التعليل كما قدمناه فتدبر-

📖 احسن الفتاوى (ایچ ایم سعید) ۳/ ۳۷٦ : الجواب- اس صورت میں مسبوق تشہد پورا کر کے اٹھے بدون تشہد پورا کئے امام کا اتباع مکروہ تحریمی ہے، مگر نماز ہو

Scanned by CamScanner

باب إدراك الفريضة

পরিচ্ছেদ : জামাআত চলাকালীন সুন্নাত আদায়

সুন্নাতের প্রথম বা দ্বিতীয় রাক'আত চলাকালে জামাআত শুরু হলে করণীয়

প্রশ্ন : জোহরের সুন্নাত এক রাক'আত অথবা দুই রাক'আত হলে জামাআত দাঁড়িয়ে যায়, এমতাবস্থায় শরীয়তের হুকুম কী?

উত্তর : সুন্নাত নামায এক-দুই রাক'আত পড়া অবস্থায় জামাআত দাঁড়িয়ে গেলে দুই রাক'আত শেষ করে সালাম ফিরিয়ে জামাআতে শরীক হয়ে যাবে এবং জামাত শেষ হওয়ার পর প্রথমে পরের সুন্নাত পড়বে, অতঃপর জোহরের পূর্বের চার রাক'আত সুন্নাত কাযা করে নিবে। (১১/২৬/৩৪১৮)

📖 الهداية (مكتبة البشرى) ١/ ٣١٣ : ولو كان في السنة قبل الظهر والجمعة فأقيم أو خطب يقطع على رأس الركعتين يروى ذلك عن أبي يوسف رحمه الله وقد قيل يتمها" -

📖 فتح القدير (حبيبيه) ١/ ٤١١ : (قوله يروى ذلك عن أبي يوسف) وعن أبي حنيفة أيضا.

وحكي عن السغدي: كنت أفتي أنه يتم سنة الظهر أربعا بخلاف التطوع حتى رأيت في النوادر عن أبي حنيفة إذا شرع في سنة الجمعة ثم خرج الإمام قال: إن كان صلى ركعة أضاف إليها أخرى ويسلم فرجعت وإليه مال السرخسي والبقالي. وقيل يتمها، وإليه أشار في الأصل أنها صلاة واحدة، والأول أوجه لأنه متمكن من قضائها بعد الفرض، ولا إبطال في التسليم على رأس الركعتين فلا يفوت فرض الاستماع والأداء على الوجه الأكمل بلا سبب -

📖 مراقي الفلاح (المكتبة العصرية) ص ١٧٤ : "وإن كان" قد شرع "في سنة الجمعة فخرج الخطيب أو" شرع "في سنة الظهر فأقيمت"

Scanned by CamScanner

الجماعة "سلم" بعد الجلوس "على رأس ركعتين" كما روي عن أبي يوسف والإمام "وهو الأوجه" لجمعه بين المصلحتين "ثم قضى السنة" أربعا لتمكنه منه "بعد" أداء "الفرض" مع ما بعده فلا يفوت فرض الاستماع والأداء على وجه أكمل ولا إبطال وإليه مال شمس الأئمة السرخسي والبقالي.

📖 احسن الفتاوی (سعید) ۳ / ۲۵۷ :الجواب- اس میں یہ تفصیل ہے کہ جماعت شروع ہونے کے بعد نوافل یا سنن میں شروع ہونا اس شرط سے جائز ہے کہ رکعت اولی فوت ہونے کا خوف نہ ہو الا سنن الفجر، اگر قیام جماعت سے پہلے نوافل یا سنن شروع کر چکا ہے تو ایک قول پر تقیید بسجدہ سے قبل یہ نماز قطع کر کے جماعت کے ساتھ شامل ہو جائے، مگر صحیح یہ ہے کہ تقیید بسجدہ کی ہو یا نہیں بہر حال دوگانہ پورا کر کے شامل ہو، اگر ظہر کی چار سنتیں پڑھ رہا ہو تو ایک قول پر چار رکعتیں کامل کرے مگر صحیح یہ ہے کہ دو رکعتوں پر سلام پھیر کر جماعت میں شریک ہو۔

সুন্নাতের দ্বিতীয় রাক'আতে জামাআত শুরু হলে করণীয়

প্রশ্ন : জোহরের সুন্নাত নামাযের এক রাক'আত অথবা দুই রাক'আত হয়েছে, এমতাবস্থায় জামাআত দাঁড়িয়ে গেছে। এ ক্ষেত্রে কী করণীয়?

উত্তর : সুন্নাত নামায এক-দুই রাক'আত পড়া অবস্থায় জামাআত দাঁড়িয়ে গেলে দুই রাক'আত শেষ করে সালাম ফিরিয়ে জামাআতে শরীক হয়ে যাবে। (৬/২৬)

📖 مراقی الفلاح (المكتبة العصرية)صـ ١٧٥ : "وإن كان" قد شرع "في سنة الجمعة فخرج الخطيب أو" شرع "في سنة الظهر فأقيمت" الجماعة "سلم" بعد الجلوس "على رأس ركعتين" كما روي عن أبي يوسف والإمام "وهو الأوجه".

📖 الفتاوى الهندية (زكريا) ١ / ١٢٠ : ولو كان في السنة قبل الظهر والجمعة فأقيم أو خطب يقطع على رأس الركعتين يروى ذلك عن أبي يوسف - رحمه الله تعالى - وقد قيل: يتمها.

Scanned by CamScanner

লাল বাতি জ্বালিয়ে সুন্নাতের নিয়্যাত থেকে বারণ করা

প্রশ্ন : ইদানীং দেশের বিভিন্ন মসজিদের মেহরাবের ওপরে "লাল বাতি জ্বলাকালীন সুন্নাত ও নফল পড়া বন্ধ রাখুন" এমন বাক্য লেখা থাকে এবং জামাআত শুরু হওয়ার দু-এক মিনিট পূর্বে লাল বাতি জ্বালিয়ে দেওয়া হয়, যাতে মুসল্লিগণ বুঝতে পারেন যে এখন আর জামাআতের পূর্বে সুন্নাত ও নফল পড়ার সময় নেই। প্রশ্ন হলো, এ রকম বাক্য লেখা ও লাল বাতি জ্বালানো জায়েয কি না?

উত্তর : এ সমস্ত কাজ শরীয়তের দৃষ্টিতে প্রয়োজনীয় নয়, তা সত্ত্বেও মসজিদের মুসল্লিদের সুবিধার্থে জামাআত আরম্ভ হওয়ার সময় নিকটবর্তী বোঝানোর জন্য যেকোনো চিহ্ন ব্যবহার করা যাবে। (৩/৮০/৪৭৩)

📖 امدادالفتاوی (زکریا) ۱ /۱۵۶ : الجواب- یہ انتظام بمصلحت سہولت نمازیوں کے ہے اور غیر ممنوع ہے، انتظام ممنوع وہ ہے جو دین بکسر دال اور دین بفتح دال کے طور پر ہو۔

📖 فیہ ایضا ۱/ ۱۵۷ : الجواب- فی نفسہ مباح اور معین طاعت بننے کی نیت سے موجب اجر ہے۔

Scanned by CamScanner

Scanned by CamScanner

مَنْ يُرِدِ اللّٰهُ بِهٖ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّيْنِ

فتاوى فقيه الملة

ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত

তত্ত্বাবধান ও দিকনির্দেশনায়

ফকীহুল মিল্লাত মুফতী আব্দুর রহমান (রহ.)

প্রতিষ্ঠাতা : মারকাযুল ফিকরিল ইসলামী বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

৩

প্রকাশনায়

ফকীহুল মিল্লাত ফাউন্ডেশন বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

Scanned by CamScanner